মরা ২ জপিতে পাবে নারায়ন ॥
এইক্ষনে বসি তুমি জপ নিরন্তর ।
এখনি বিদাই হই আমী মুনির কোঙর ॥
বিদায় হয়্যা মুনির ঠাই চলিলা নারায়ন ॥
অন্তরজিঞা এড়িতে গেলা মুনির নন্দন ॥
কথোক দুরে বিদায় তারে করিলা নারায়ন ।
গরুড় বাহনে চাপীয়া গেলা বৈকণ্ঠ ভুবন ॥

---

25. রামায়ণ-আদিকাণ্ড

RĀMĀYAṆA, ĀDIKAṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper ; 12¼ × 4 inches. Folia 30-41 marked by two sets of figures. Lines 8-9 on a page. Date 1017 B.S. (1610 A.D.). Appearance, writing effaced in part. Incomplete. Place of find,...Bankura.

Beginning :

সোম সেন রাজার কন্ন্যা সব্যা নাম ধরে ।
সম্বত্স্র নহেন কন্ন্যা আছেন বাপের ঘরে ।
আরাধিয়া নিত্য পুজেন ভবানি সঙ্কর ।
হরিশ্চন্দ্র মহারাজা হোকু মোকে বর ॥
হরগৌরি আরাধিঞা আছেন বাপের ঘরে ।
সোম রাজার মঙ্কুচ আইল অজোধ্যা নগ[ে]র ॥
শুনিঞা হরসিত হরিশ্চন্দ্র নৃপবর ।
অনেকে পয়োজনে আইলা সোমরাজার ঘর ॥
বর কন্ন্যা অধিবাস করিল মুনিগন ।
রজনি প্রভাতে হইল রবির কিরন ॥
স্নান সন্ধ্যা নান্দিমুখ করিল মহারাজা ।
দেবার্চন করিল রাজা নারায়ণের পুজা ।
গোধুলি লগ্ন হইল তবে শুভক্ষন বেলা ।
বাহির হইল সব্যা হাথে পুষ্পের মালা ॥
গলে পুষ্পমালা দিয়া হইলা নমস্কার ।
দেবগনে মুনিগনে উঠে জয় ২ কার ॥

End :

রোহিতাস্ব কোঙর জিল হরিস দেবগন ।
রাজার মাথায় কৈল পুষ্প বরিসন ॥
সকল দেবগনে রোহিতাস্বে দিল দণ্ড ।
ব্রহ্মার বোলে কৌসিকমুনি ছাড়িয়া দিল রাজাখণ্ড ॥
সুর্য্যবংসে মহারাজা হৈলা রোহিতাস্ব ।
পাত্র মিত্র লয়্যা রাজা গেলা স্বর্গবাস ॥

রথখান আইলা রাজাকে বিচিত্র নির্ম্মান।
নব্য রাণি সঙ্গে তাকে করিলা পয়ান॥
সকল পুরি লঞা রাজা চাপিলা গিঞা রথে।
পুরিখান লইয়া রাজা চলিলা স্বর্গপথে॥
রথের উপর চড়িল রাজা সকল সৈন্য বল।
হস্তি ঘোড়া পাইক রাউত পাত্রির বিস্থল॥
সকল দেবগণ গেলা আপনার স্থান।
স্বর্গ ভুবন গেলা চাপিয়া বিমান॥
হরিশ্চন্দ্র সম রাজা না হইব আর।
জাহার কিত্তি রহিল সকল সংসার॥
স্বর্গ ভুবন গেলা তবে সকল দেবগনে।
স্বর্গ জাইতে না পাইল রহিল গগনে॥

Colophon :

যথা দৃষ্টমিত্যাদি। মল্লবংসে সক সন ১০১৭ সাল তারিখ ২১ ভাদ্র বৃহস্পতি বার সষ্টী। বেলা অর্দ্ধ দণ্ডে পালা সাঙ্গী হৈল।

---

26. রামায়ণ-আদিকাণ্ড

RĀMĀYAṆA, ĀDIKAṆḌA

ভরতের পিতৃশ্রাদ্ধ।

BHARATER PITṚŚRĀDDHA.

BY

DVIJA KAVICANDRA.

Substance—country-made paper ; $14\frac{3}{4} \times 4\frac{3}{4}$ inches ; folia, 2-6 ; marked by two sets of numerals ; lines 14 on a page ; appearance, 100 years old. Incomplete.

Begins with :

গহরাজে জায় ভরথ রথে নাই চড়ে।
শোকেতে আকুল অঙ্গ আছাড়িয়া পড়ে॥
বেলি অবসানে গেলা শ্রীগিরে নগরে।
সত্রুঘ্ন বলেন রহিব এই পুরে॥
শুকিত হইল ভাই জত সেনাগন।
উষাকালে উঠি সবে করিব গমন॥
গোহা চণ্ডালের পুরে সে দিন রহিল।
লোক মুখে * * বারতা পাইল॥
দুত করে সুন গোসাঞি প্রমাদ হইল।
লইতে তোমার পুরি কোন রাজা আল্য।
সৈন্যগন লয়্যা আল্য পুরির ভিতরে।
নিশ্চিন্ত হইয়া তুমী বস্যা আছ ঘরে॥
সুনিয়া এ কথা গোহা কোপেতে জলিল।
ঘাটে ২ নিজোজিয়া লোক রাখাইল॥
স্বজাতি বাছিয়া সৈন্য নিল অস্ত্রধারি।
স্থানে ২ রাখাইল একসত তরি॥
নগরে ২ গোহা চৌকি রাখাইল।
ভরথের স্থানে পুন দুত পাঠাইল॥
বারতা জানিয়া দুত পুন গিয়া কৈল।
শ্রীরামের ভাই বল্যা লোকেতে বলিল॥
ভরথ সত্রুঘ্ন দোহে কৈকৈ নন্দনে।
গুহা বলে সৈন্য লয়্যা এথা আল্য কেনে।
উহার জননি রামে বনবাষ দিল।
লইতে আমার রাজ্য এথা প্রায় আল্য॥

End :

একান্ত রামের নাম ভাবে রাত্রি দিনে।
কতদিনে আসিবেন রাজীবলোচনে॥
চিত্রকুট পর্ব্বতে আছেন শ্রীরাম লক্ষ্মন।
নিতি ২ তথাকারে জায় প্রজাগন॥
গতায়াত দেখি রাম লক্ষ্মনে বলিল।
এখানে বসতি মোরে নাই হৈল ভাল॥
চিত্রকুট তেজি রাম প্রবেসিলা বনে।
গোবিন্দ মঙ্গল দ্বিজ কবিচন্দ্র ভনে॥

Colophon :

ইতি যথাদৃষ্টমিত্যাদি—

শ্রীরাম তনুজস্য পুস্তক শ্রীপঞ্চানন মণ্ডল সাকিম আঙ্গরোল গ্রামে বসিয়া লিখিয়াছিলাম। ছেয়াসি সালে ইজারা করিয়াছিলাম সে গ্রামে টৌটা পড়ীয়াছিল সেই টৌটার দায়ে পালাতক হইয়া আঙ্গরোল গ্রামে থিয়াছিলাম তাহাতে এই পুথি বসিয়া লেখিয়াছিলাম ইতি ভরথের পিতৃশ্রাদ্ধ সামাপ্ত॥

BCU 3656

27. রামায়ণ-আদিকাণ্ড।

RAMĀYANA, ĀDIKĀṆḌA

তাড়কাবধ, রামের বিবাহ।

TĀḌAKĀBBADHA, RAMER BIVAHA

BY

LAKṢMAṆA.

Substance—country-made paper; 13 × 4¼ inches. Folia 2-20; lines 12 on a page. appearance, about 175 years old; discoloured, and writing effaced in part. Incomplete.

Begins with:

এত লোক্ত কিসের তরে।
রাম বৈ অন্ত মারিতে নারিব নিশাচরে॥
রাজা বলে মুনি তবে আমি না বাঁচিব।
ক্ষেমা কর রামধনকে পাঠাতে নারিব॥
এত শুনি তব তুমার হয়াছে গোসাঞি।
আজ্ঞা কর আপনি তুমার সঙ্গে জাই॥
এত শুনি ক্রোধে মুনি অগ্নি হেন জলে।
সাপে ভস্ম করিব আমার রাম নাঞি দিলে॥
শুনিঞা কাতর রাজা পড়ে মুনির পায়।
ক্ষেমা কর রামধনকে এত্রাদি তুমায়॥
বিস্তর স্তবেতে তুষ্ট করা৷ মুনিবরে।
প্রবেস করিল রাজা নিজ অন্তঃপুরে॥
কৌসল্যা কেকৈ আর সুমীত্রা রমনি।
তিন জনার কাছে রাজা বলে প্রিয় বানি॥
দসরথ বলে আজি সর্ব্বনাশ হলা।
আমার প্রান রামকে নিতে বিশ্বামীত্র এলা॥*
কি করি উপায় আমি নাঞি দিব রাম।
রাম গেলে না বাচিবেক আমার পরান॥
এক ছুক্তি বলি শুন আমার বচন।
সাজন করিয়া দেহ ভরথ সত্রঘ্ন॥

End:

পুত্র বধু উলখ্যা নেই বাদিভাগ আসি।
আনন্দ সাগরে ভাসে অজধ্যা নিবাসি॥
রামের বিবাহ কথা জেই জন শুনে।
শুক্ল মুক্ত জ্ঞান বুদ্ধি বিদ্ধ সেই জনে॥
বিপ্র জনা শুনে জদি জ্ঞান বুদ্ধি হয়।
ক্ষেত্রিয়ে শুনিলে হুজে সদাই বিজয়॥
ধন সত্ত বিদ্ধি হয় বৈশ্য জানা শুনে।
শুদ্রের মহত্ত্ব পদ প্রাপ্তি দিনে২॥
অযাত্যো শ্রীরাম লিলা আদিকাণ্ড সায়।
রাম পদ রজ বাঞ্ছি শ্রীলক্ষ্মণ গায়॥

ইতি সমাপ্ত।

———

28. রামায়ণ-আদিকাণ্ড।

RĀMĀYAṆA, ĀDIKĀṆḌA

BY

LAKṢMAṆA.

Substance—country-made paper; 13¾ × 4¼ inches. Folia 1-12; marked by two sets of figures. Lines 11 on a page; appearance, about 200 years old; writing effaced and much injured. Incomplete.

Beginning;

॥৭শ্রী শ্রীদুর্গা ॥৭শ্রী শ্রীকৃষ্ণ॥ শ্রী শ্রীরঘুনন্দনায় নম॥
নেমিশারণ্য ভাগে আনন্দো হৃদয়ে।
সৌনকাদি জিজ্ঞাসয়ে সুত মহাসয়ে॥
অপার মহিমা রাম নাম অবতার।
কে পাঠালা? মর্ত্ত লোকে কেমন প্রচার॥
গোসাঞি মোদের পিতি সদয় হইয়া।
মর্ম্ম কথা মহাসয় মুক্ত কর কয়া॥
ন যোধায় সুধা-ত্রিষ্ণা শ্রীবনে আস্বাদ।
শ্রবন করিলে ঘুচে চিত্তের প্রমাদ॥
সুত কহে শুন সৌনকাদি তোমাদিকে।
কহায়া রামের নাম মুক্ত কৈলে লোকে॥
জে কহে শ্রীবন করে জে জন কহায়।
রাম-আজ্ঞা তিনি দিব্যগতি পিয়া পায়॥
জিজ্ঞাসিলে ভাল কাহু শুন সর্ব্বজনে।

Gs 3911

অবনিতে রাম নাম ব্রহ্মার প্রাথনে ॥
য়েক দিন বিরিঞ্চি বসিয়া নিজ লোকে।
অমরাদি মুনিগন বেড়্যা চারিদিকে ॥
শ্যাম রিক অথর্ব্ব জযু চারি বেদ সাথে।
সারদা সমুখে বস্যা বিনা বেহ্ম হাথে ॥
দৈবাত নারদ রিসী উপনিত তথা।
প্রণমে ব্রহ্মার পদ লোটাইয়া মাথা ॥
পুত্র দেখি পদ্মজোনি পিত বড় মনে।
বসাইল আদরে আপন সন্নিধানে ॥
মুখ দেখি কারন গমন জিজ্ঞাসেন।
বুঝ্যা রিষ্ট মনেতিষ্ট নারদ বলেন ॥
চারি বদনে স্তব যে ত মুক্ত হয়।
করাছি অপূর্ব্ব য়েক অন্তরে আসয় ॥
তোমা হৈতে সিদ্ধ হব বাঞ্ছি আছে দূর।
করো মরে সর্ব্ব কাল কৃপায় প্রচুর ॥

End:

শ্রীরাম বলেন মিত্র তুমি প্রানধিক।
তোমা হেন বন্ধু মোর নাহিক অধিক ॥
প্রিভু বোলে পুত্র রাম তুসিলেন তারে।
বিদায় হইল গুহ্য প্রনমি সভারে ॥
অজুধ্যা আইল রাজা নিজগন সাথে।
প্রজাগায় মন্ত্রি গেল আপন গ্রিহেতে ॥
অন্তপুরে গেল রাজা চারি পুত্র লয়্যা।
কৌসল্যা কেকই যে সুমিত্রা আইল ধায়্যা ॥
আথালিয়া কোলে করে যে জার বাছন।
দধি খির ঘৃত ছেনা করায্যা ভোজন ॥
কেকৈই মন্দিরে রাজা আপনি কিছু খায়।
শ্রীগুরু লক্ষন সব সাথে রাম পায় ॥
স্থিতি যেন হয় অরে চরণ মাধরি।
কত্তে মির্থ্যু নহে যেন অনায়াসে মরি ॥
দেখা মুক্তা ভয় অয়ে মৌলা ভাল।
কি কাজ করিয়ু এতো ভ্রম্য ধর্ম্ম গেল ॥

---

29. রামায়ণ আদিকাণ্ড

RĀMĀYANA-ĀDIKĀṆḌA

BY

LAKṢMAṆA.

Substance—country-made paper; 13¾ × 4½ inches. Folia 8-9; lines 10 on a page. Appearance, about 200 years old; discoloured. Incomplete.

Begins with:

আজি এক মূর্ত্তি দেখি দিনের আন।
কার তুল্য বাড়িল উপমা কি দিব।
ত্রিভুবনে নাহি দেখি কোন খান বহ্নিব ॥
ভাবা ভাব সম্ভবে না তার তুল্য তিনি।
কোটি সূর্য্য জিনীঞা স্নি অঙ্গের সোভা খানি ॥
নব দূর্ব্বাদল শ্যাম বর্ণ অনুপাম।
বসিষ্ঠে আনাইল রাজা রাখিবারে নাম ॥
বিচিত্র আসন আনি বসায় সাদরে।
কৃতাঞ্জলি নিবেদন করেন গোচরে ॥
আমাপ্রতি আসীর্ব্বাদ পূর্ব্ব ভাবে ছিল।
তা বলিলে তাই ব্রহ্ম চারি পুত্র হল ॥
বুঝ্যা জন্ম কোষ্ঠী দেখ রাখ আখ্যান।
মুনি বলে চারি পুত্র আন বিদ্যমান ॥
দাসীগনে ডাকীয়া বলেন দশরথ।
আজ্ঞা পায়া অনেক দৈঞা আনে চারি সুত ॥
বসিষ্ঠ সম্মুখে দেখ্যা মুনির মন মহে।
কৌশল্যা নন্দন পানে ঘন ২ চাহে ॥
মনে ২ ভাবে মুনি ভাবে অচেতন।
সেই সত্য বটেন ইনী পূর্ণ নারায়ন ॥
চারি জনার নাম শুঞাছি পিতৃমুখে।
ভাবয়া দশরথে বলে মনের কৌতুকে ॥
নক্ষত্র দিন তিথি দণ্ডে করন।
থাক্তি বিচারিয়া মুনি কন্যা লক্ষণন ॥

End:

তিলক সাজায়া দেন চন্দন কস্তুরি।
কেশে বান্ধা লোলে ভালে রতন ঝুমঝুমি ॥

গঙ্গ জুটি ঝাপ দিয়া চাচর চুলে বান্ধা ।
গাগ দুগ্ধ খায় রানি গলা ধর্যা হেন্দা ॥
এই রূপে লক্ষ্মণ আসেন রাম কাছে ।
করতালি দেই রানি রঘুমুনি নাচে ॥
মহরাগ দুহার মন কত প্রেম করে ।
রাজকার্জ্জ পরিহরি রাজা থাকে ঘরে ॥
চাহিয়া লক্ষ্মণ পানে কহেন রাজন ।
বানের পাএর পানে চায় বাছাধন ॥
অমন কর্যা নাচ যদি খাতে দিব খিরি ।
রাজার বোলে লক্ষ্মণ নাচেন ধীরি ২ ॥
আকাড়ি কর্যা কোলে করি রাজা ।
খাওান অতি যত্ন করে খির দুগ্ধ খাজা ॥
কেকৈয়ের কাছেতে ভরথ সত্রুঘন ।
বেশ বাস করিয়া খেলান দুইজন ॥

---

30. রামায়ণ-আদিকাণ্ড

RĀMĀYAṆA, ĀDIKĀṆḌA

BY

LAKṢMAṆA

Substance, country-made paper; 14×5 inches. Folia 18-34; marked by two sets of figures. Lines 9-10 on a page. Date 1243 B.S. (1837 A.D). Incomplete. Place of find, *Baukura.*

Beginning:

সৌনকাদি বলে কহ সুত মহাসয় ।
তারপর কি করিলা রাম দয়াময় ॥
সুত কহে পরে সুন অপূর্ব্ব কাহিনি ।
তপবনে জজ্ঞ করে বিশ্বামিত্র মুনি ॥
মারিচ নামে রাক্ষস রাবন অনুচর ।
একা সেই অদ্ভুত হস্তির সক্তিধর ॥
তাড়কাদি তিন কোটী সেনা তার সনে ।
জজ্ঞারম্ভ মুনিগ্যা আইসে তপবনে ॥
হুঙ্কার চিত্কার সব্দ কর্যা আইসে বৃষ্টি ।
পালায় ব্রাহ্মন সব ত্রিয়া যত পড়ি ॥

তখন করিয়া সব অধাস্থানে জায় ।
জজ্ঞ সিদ্ধ নহে মুনি ধ্যান বড় পায় ॥
অনেক ভাবিয়া মোনে সার কৈল জুক্তি ।
এ ভএ করএ পার নাই হেন বিক্তি ॥
রঘুনাথ বিনা আর না দেখি উপায় ।
এত ভাবি অজোধ্যা নগর মুনি জায় ॥
পুত্র সভা দসরথ বসাছে যেখানে ।
মহামুনি আসিয়া দাণ্ডায় বিদ্যমানে ॥
সিংহাসন ছাড়ি রাজা উঠিল সত্বর ।
গলে বস্ত্র প্রনমি পড়িল মহিপর ॥
পাদ্য অর্ঘ্য আসন বসিতে দিল আনি ।
প্রএজন পুটাঞ্জলি পুছে নৃপমনি ॥

End:

বেন্ত্র বাসি কাসি সানি পাখোয়াজ কাহাল ।
ঢাক ঢোল আর্দ্ধা ডিমক করতাল ॥
ঘোর সঙ্গে বাদ্য বাজে কম্পীত ধরনী ।
কৌতুক দেখিতে কত আল্যা ত্রিদীমুনি ॥
ভিক্ষুক মাগন্ধা আস্যা ধরে দসরথে ।
কত ধন দেই রাজা উলসিত চিত্তে ॥
মুঠা কর্যা টাকা কারে দেই দিয়া ঘোড়া ।
কারে দেই পাএর খসায়্যা খাসা জোড়া ॥
সয় রজত কথগুলি দেই দান ।
কারে কত ধন দেই কারে গ্রামদান ॥
দুত পাঠাইল আগে অজোধ্যা নগরে ।
অন্তপুরে মঙ্গল সংবাদ কহিবারে ॥
তুরা গেল দুত দসরথের কথায় ।
অন্দরে জাইঞা আগে সংবাদ জানায় ॥

Colophon:

যথাদৃষ্টমিত্যাদি । লিখিতং শ্রীরামনন্দ গুপ্ত সা'
মোঙ্গলপুর পাঠক শ্রী জাহা ইছা তাহা ... ...
জে এই পুথি চুরি করিবে সে বোবা হইবে
ইতি তারিখ ২৮ মাঘ ১২৪৩ সাল ।

---

31. রামায়ন-অযোধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, AYODHYĀKĀṆḌA

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×4½ inches. Folia, 13-14, 16, 18-19, 84, 120, lines 7-8 on a page. Appearance about 225 years old. Incomplete. Handwriting very old.

Fol 14, obv. begins with

শুনিয়া লক্ষন বিরে গেল আগুয়ান।
সকল ধ[ন] আনিঞা দিল রামের বিদ্যমান॥
অনেক ব্রাহ্মন আইলা রাম বিদ্যমানে।
তিন কোটী সের সুবর্ণ করে দানে॥
যতেক দারিদ্র আছে ভিক্ষা করি খায়।
সভাকারে ধন দিল জেবা জত চায়॥
রাম [ক]নি শুন বলি জত প্রজাগন।
আমা দেখিঞা ভরথ ভাই করিহ পালন॥
কোনি গুন নাই ভাই ভরতের সিবিরে।
বড় সুখ পাইবে তোমরা ভরতের অধিকারে॥
নানা রত্ন দিঞা রাম করেন পরিহার।
দানে সঙ্গ করিল রাম ভণ্ডে[র] ভাণ্ডার॥
সকল ভাণ্ডার সঙ্গ হৈল আর নাহি ধন।
হেন কালে রাজা পাইল দারিদ্র ব্রাহ্মন॥
অতিবিদ্ধ ব্রাহ্মন দুই কটী ধরে।
শুনিয়া দানে[র] নাম দ্বিজ ছটফট করে॥
চলিতে না পারে দ্বিজ অতি ভঙ্গবেস।
হেনকালে ব্রাহ্মনি তার করে উপদেস॥
দারিদ্র ঠাকুর কইল পাইয়া রামে[র] ধন।
তুমি আমি বুড়া বুড়ি বরিব দুইজন।
তুমি বুড়া আমি বুড়ি ভর্থ আমার।
কেবা পোশে কোন মতে দেখিল আহার॥

End:

এক ব্রাহ্মন দারিদ্র ছিল তাহার ভই চগ ধন।
মহা দারিদ্র সে তারে না দেখে হয়॥
সত্য কইল ব্রাহ্মন সিবি রাজার স্থানে
আপন চক্ষু রাজা ব্রাহ্মনে দিল দানে॥
আপনে অন্ধ হৈল রাজা চক্ষে নাহি দেখী।
সত্য পালিয়া রাজা গেল স্বর্গবাসে॥
ইক্ষাকু মহারাজা থাছিল সূর্জ্যবংসে।
ইক্ষ্বকুর বংশ বলিঞা সর্ব্বলোকে ঘোসে॥
বাপের সত্য ইক্ষাকু করিল পালন।
কনেষ্ঠ ভাইর তরে দিল ছত্রদণ্ড॥

---

32. রামায়ন-অযোধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, AYODHYĀKĀṆḌA

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-26 marked by two sets of figures. Lines 11-12 on a page. Date, 1690 Śaka (1768 A. D.). Appearance, injured in part. Complete.

Beginning:

৭শ্রীশ্রীরাম॥
দ্বিতিয়কাণ্ডে অজোধ্যা শুন সর্ব্বজন।
কেকই হুরন্ত বাক্যে রাম জান বন॥
অজোধ্যা নগরে দসরথ মহারাজা।
দেবলোকে নরলোকে করে জার পুজা॥
শুক্ল বস্ত্র পরে রাজা শুক্ল উত্তরি।
চন্দনে ভুসিত রাজা শুক্ল বস্ত্রধারি॥
বুড়া বয়েস দশরথের পাকা মাথার কেস।
শুক্ল মালা পরে রাজা শুক্ল সকল বেস॥
রাজকার্য্য করে রাজা বসিয়া সিংহাসনে।
চতুর্দিগের রাজা আইল রাজ সম্ভাসনে॥
হস্তি ঘোড়া রত্ন × × নানা আভরন।
সিভার কৌতুক রামে দিলা রাজাগন।

রাজা নমস্করি সভে জোড় করিল হাথ।
মহারাজা দসরথ তুমি সভার নাথ॥
এক দান মাগি রাজা কহিতে ভয় বাসি।
রাম রাজা করহ নির্ভয় হৈয়া বসি॥
তেরো বৎসরের রাম অজর গতি ধরে।
তাড়কা রাক্ষসি মৈল শ্রীরামের সরে॥

End :

সাক্ষির বোল বলেন শ্রীরাম বিজমানে।
দারিদ্র বলেন রাম কর অবধান॥
তিন সাক্ষি জেবা বলে সেই সে প্রমান।
এক সাক্ষি নহে গোসাই সাস্তের সমান॥
এতেক শুনিঞা রাম মুনির বচন।
শ্রাদ্ধ করিবারে রাম করিলা গমন॥
ফল্গুনদির তিরে গেলা রাম কমললোচন।
শ্রাদ্ধ করিয়া দান ধ্যান করিলা তখন॥
সভে তুষ্ট হইলা শ্রীরামের দানে।
সভা করিয়া বসিলেন ভগবানে॥
কির্ত্তিবাস গাইলা কবিত্ত মধুর।
অযোধ্যা কাণ্ড সাঙ্গ গাইলা এতদুর॥

Colophon. সকব্দা ১৬৯০। সন ১০৭৪ (মল্লাব্দ) ১৮ বৈসাখ। লিখিতং শ্রীব্রজহরি দেবশর্ম্মা।

---

33. রামায়ণ-অযোধ্যাকাণ্ড।

RĀMĀYAṆA AYODHYĀKAṆḌA

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-33 marked by two sets of figures. Lines 10 on a page, leaving a blank space of about an inch in the middle of each page. Date] 1008 B. S. (1601 A. D.) Date seems to be doubtful. This Ms. can not be more than 150 years old. Complete. Place of find, *Bankura*.

Begins with :

শ্রীশ্রীরামঃ॥
রামায় রামচন্দ্রায় ইত্যাদি। অযোধ্যা কাণ্ড লিক্ষতে॥
সুখে রাজ্য করেন রাজা অজের নন্দন।
চারি পুত্র শ্রীরাম লক্ষন ভরথ শত্রুঘন॥
হরসিতে রাজ্য করে অজের নন্দন।
গর্গ মুনি কয়া কিছু শুনহ বচন॥
ভরত শত্রুঘন জায়েন মাতামহ দেশে।
তবে রামচন্দ্রকে পাঠায় বোনবাসে॥
এতেক যুক্তি করিলা যতেক দেবগন।
কৈকই লইয়া কিছু শুনহ বচন॥
দশরথের ঘরেতে জন্মিলা নারায়ন।
রামেরে আনিতে পাঠায় এক ব্রাহ্মন॥
অনেক স্তুতি পাঠাইলা দসরথের তরে।
রামেরে আনিতে পাঠায় এক দ্বিজবরে॥
আমার বাশিষ্ঠরে আনহ রাজার তরে।
পাঠাইয়া দিলে রামচন্দ্র বসিয়া দেখি ঘরে॥
রাজার আদেশে চলিলা দ্বিজবরে।
উত্তরিল গিয়া রাজ্য-অযোধ্যা নগরে॥
শঙ্কা কয়্যা বস্যাছেন অজের নন্দন।
হেন কালে আইল তথা দুইটী ব্রাহ্মন॥
জিজ্ঞাসা করেন তারে অজের কোঙর।
কোথা হই[তে আই]লে বিপ্র কোথা তোমার ঘর॥

End :

বউবৃক্ষ কহে শুন কমললোচন।
মিথ্যা সাক্ষি ইহারা দিলেক সর্ব্বজন॥
বালির পিণ্ড সিতা লয়াছিল দক্ষিন হাথে।
আপনি লইল তাহা রাজা দশরথে॥
পিণ্ডদান করি মোনে ভাবেন চন্দ্রামুখি।
বারেং সভাকারে করাছেন সাক্ষি॥
তুষ্ট হইঞা বানি তোমারে দিল বর।
সিতকালে উষ্ণ হঞা গৃস্মে সিতল॥
এ কথা শুনিঞা সিতা তারে দিল বর।
একালে পল্লব তোমার বাড়িব বিস্তর॥
পর্ব্বত উপরে তাঁরা রাম লক্ষন সিতা।
এখন কহিব কিছু অরণ্যের কথা॥
কিত্তিবাস পণ্ডিত কহিল অদ্ভুতের কাণ্ড।
এতদুরে শমাপ্ত হইল অজোদ্ধা কাণ্ড॥

Colophon :

ইতি অজোদ্ধাকাণ্ড সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি—
ইতি সন ১০০৮ সাল তারিখ ২৪ আশ্বিন
লিপিতং শ্রীরামদেব সর্ম্মা। পাঠক।শ্রীরামদাস
বন্দোপাধ্যা॥ * * * ॥

34. রামায়ণ-অযোধ্যাকাণ্ড।

RĀMĀYAṆA, AYODHYĀKĀṆḌA

BY

KRTTIVASA.

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia 1-27 marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 100 years old. Complete. Place of find, *Bankura*.

Beginning :

॥শ্রীশ্রীহরি শ্রীশ্রীঅজদ্ধা কাণ্ড লিখ্যতে॥
জানকি অরন্যে আনি প্রভু রঘুবর।
আনন্দেতে রামচন্দ্র রহিলা বাশর॥
একত্তেরে জানকি সহ প্রভু রঘুনাথ।
অরন্যে বেড়ান ধরি জানকির হাথ॥
কিবা শে দোহাঁর শোভা নবিন জোউবন।
নব দুর্ব্বাদল জিনি উজ্জ্বল কিরন॥
করপদ কোকনদ রাম রক্তাউক্ত।
খঞ্জনা জিনিঞ নেত্র ঈষৎ রক্ত॥
পক্ক বিম্ব ভন জিনি সুন্দর অধর।
গড়ুর জিনিঞ নাশা অতি মোনহর॥
সুমেরুর শৃঙ্গ জিনি বক্ষ পরিস্বর।
কেশরি জিনিঞ কটি নাভি স্বরবর॥
বাম দিগে কিবা শোভা জনক কিঝারি।
নব জলধরে জেন পড়িছে বিজুরি॥
নিল বস্ত্র পরিধান নানা আভরন।
কটাক্ষে হেরিঞা হরে হেরে শ্রীরামের মন
জতেক রামের মা ভরতার পথে।
আনন্দে পুরিত হঞ হেরে রঘুনাথে॥
[সর্ব্ব কাতর হয় শ্রীরামে হেরিয়া।]
দেখিল রামের রূপ আনন্দে পুরিঞা॥
তিল আধ রাজা নাহি রাম দেখি বাচে।
শারা দি[ন] রাম চন্দ্রে রাখে নিজ কাছে॥
অবন্দি নগরে হেথা কেকুই রাজন।
শুনিল রামের কিত্তি শম্বুক ভঞ্জন॥

End :

জাত্রা কৈলেন সর্ব্বজন রাখি রঘুনাথে।
প্রবেষ করিল শত্রে পুরি অজুদ্ধাতে॥
রাজ সিঙ্গাষন তরে ভরথ বসিঞা।
পাদুকাকে রাজা করেন প্রজাগন লঞা॥
শেতছত্র ধরে শেই পাদুকা উপর।
প্রজাগন প্রনমিল দিঞা রাজকর॥
পাদুকাকে রাজা করি অজুদ্ধা ভুবনে।
ভরথ করিল বাষ নন্দিগ্রামের বোনে॥
বাকল পরিল আর জটা ধরে সিরে।
আসন সয়ন হইল মিত্তিকা উপরে॥
বোনচারি হঞ রহে ভরথ শত্রুঘন।
নন্দিগ্রাম হইতে করে প্রজার পালন॥
অজুদ্ধা কাণ্ডের কথা কিত্তিবাষ গায়।
হরিদ্ধনি কর শত্রে পুস্তক হল সায়॥

Colophon :

ইতি। লিখিতং শ্রীরামচন্দ্র মুখোপাধ্যায
শকং পুস্তং মিদং।

---

5. রামায়ণ-অযোধ্যাকাণ্ড।

RĀMĀYAṆA, AYODHYĀKĀṆḌA

By

KṚTTIVASA.

Substance, country-made paper: 14×5 inches. Folia 1-5. Lines 10 on a page. Appearance about 100 years old. Incomplete. Place of find, *Bankura*.

Beginning :

৺৭শ্রীশ্রীরামকৃষ্ণ॥
রামায় রামচন্দ্রায় ইত্যাদি।
জানকি অজোধ্যা আসি আনন্দিত মনে।
বেহার করেন রাম জানকির শনে॥
নানামতে শুবেশেতে জনকদুমারি।
বিভোল রামের শঙ্গে বিবশশরীরি॥
শিংহাসনে বশাইএ রঘুবংশধর।
অগোর চন্দন দেন অঙ্গের উপর॥
শতং শখি শঙ্গে হাশ পরিহাশে।
তাম্বুল জোগান শিতা বশি রাম পাশে॥
কখন কৌতুক করি রঘুবংশনাথে।
আঙ্গনে ভমেন ধরি জানকির হাথে॥
রাম অঙ্গে হেলা দিএ জনক নন্দিনী।
মস্তরেং পর ফেলেন জননি॥
রামের জননী জত পবাক্ষের পথে।
নানান জুক্তার সব হেরি রঘুনাথে॥
প্রভাতে উঠিএ রাম বির বেশ হএ।
শভা মধ্যে জান রাম অনুজ লইয়া॥
বির দাড়ি পাএ রামের পিছে শাক্ষা জুন।
শাক্ষির নমুক পরে আরোপিএ জন॥
সভা মধ্যে পুর্ণচন্দ্র চারি সহোদর।
দেখি দশরথ কত আনন্দ অন্তর॥
অবস্থি নগরে হেথা কেকয় রাজন।
শুনিল রামের কির্তি নমুক ভঞ্জন॥
নিজ পুত্রে মহারাজা কহিছে ডাকিয়া।
শ্রীরামে আনথা তুমি বহুতা আইয়া॥
শ্রীরাম লক্ষন আর ভরথ শত্রুঘন।
অজোধ্যা জাইএ তুমি আন চারিজন॥
পত্র লেখে দশরথে করিয়া জতনে।
কল্যান করিএ পত্র লেখে সাবধানে॥

End :

প্রভাতে পাইব কালি রাজ সিংহাসন।
এই হেতু হএছে না আনন্দীত মন।
শুনিএ শুমিত্রার কত হইল উল্লাশ।
জেন ভুমে হতো হস্তে করি পাইল আকাস॥
জেন ভাগ্য আমাদের হবেক রঘুমনী।
লোকেত বলীবে কিরে রাজার জননী॥
জেই কালে রামচন্দ্র পাবি সিংহাসন।
কিন্তু এক কথা রাম করিস পালন॥
জননি বলীএ মোরে আর ডেক তুমি।
মনেতে বাখিবি ইহা রাম গুনমনী॥
হাসিং বিদায় হইলা রঘুবর।
কৈশল্যার কাছে আসি দাণ্ডাইলা সত্বর॥
লক্ষন হাসিএ কহে করিএ প্রনাম।
শুনেছ আনন্দ কালি রাজা হবেন রাম॥
শুভক্ষন হএছে কালি দশদণ্ড দিনে।
দিব্যাদিব্য প্রজাগন গেছে আউলনে॥
কৌশল্যার আনন্দের কথা কহনে না জায়।
গগনবিধু হস্তে করি পাইলেন প্রায়॥
হেনকালে শ্রীরাম গেলেন সেই স্থানে।
তুজনার আনন্দ কত কে কহে বর্নি নে।
বিদায় হইআ রাম কৈশল্যার কাছে।
জনক নন্দীনি সিতা জেখানে রএছে॥

---

36. রামায়ণ-অযোধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, AYODHYĀKĀṆḌA

রঘুনাথের গয়াপালা।

RAGHUNĀTHER GAYĀPALĀ.

BY

KṚITTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 5$ inches. Folia, 1-11; marked by two sets of figures. Lines 11 on a page. Date 1236 B. S. (1829 A. D.) Complete. Place of find...*Birbhum.*

Beginning:

৺৭শ্রীশ্রীরাধাকৃষ্ণঃ॥
রামং লক্ষ্মণ পূর্ব্বজ মিত্যাদি—
অথো রঘুনাথ জিএর গয়া পালা লিক্ষতে॥
এক দিন কৈলাশেতে পার্ব্বতি সঙ্কর।
আনন্দে বসীলা সীংহাসনের ওপর॥
দুই পুত্র বসীলা কার্ত্তিক লম্বোদর।
ধ্যন ভুত প্রেত বসীলা নিশাচর॥
জোড় হাত হঞা দুর্গা বলএ বচন।
কৃপা করি আমারে সুনাহ রামায়ন॥
সকল পুরান সুনিয়াছি তোমার ঠাঞী।
রামায়ণ কির্ত্তন কখুন সুনি নাই॥
সিব বলেন অপুর্ব্ব জে সুন রামায়ন।
কোন পুণ্য সুনিতে আছএ তব মোন॥
পার্ব্বতি বলএ নাথ নিবেদন করি।
রঘুনাথের গয়াকির্ত্তি সুনাহ ত্রিপুরারি॥
রামায়ণ গায়নে শীব হইলা ওঙ্কাঁশ।
বাল্মিক বন্দিএ গীত গাইলা কিত্তীবাশ॥ ● । ●
পাদুকা মাথায় করি ভরথ গেলা দেসে।
সীতারামলক্ষন চলিলা বোনবাসে॥
পিতার মরন সুনি প্রভু নারায়ণ।
দেশ টু মাথা করিয়া কান্দেন সীতারাম॥
দুই চক্ষু ছল ২ ভ্রিদয়ে শেল্যা বাধা।
বিশাদ ভাবিয়া রাম লক্ষনে কন কথা॥
শ্রীরাম বলেন ভাই প্রানের লক্ষন।
বড় অপজশ রহিল এ তিন ভুবন॥
চারি পুত্র থাকীতে অগ্রেতে গেল বাপ।
ভাবিএ ভ্রিদএ ভাই বড় পাই তাপ॥
আপনে পীতার পুত্র জন্ম নিতে জায়।
চারি পুত্র থাকিতে পীতা অগ্নি নাহি পাই॥
কোন লাজে লোক মাঝে দেখাইব মুখ।
জনম ভরিঞা বড় রহে গেল দুখ॥

End:

গয়ায় পীণ্ডী দিলে পীত্রি লোকের হয় পার।
জননির সহস্র আর দুহেতা জে খায়॥
এই কথা শুনে জেবা করিএ ভকতি।
তার পীত্রিবি লোকে রাম করেন মুকুতি॥
পীতিরি গয়া চলিলা দেব রঘুনাথে।
তিন জন চলি জান অপুর্ব্ব দেখিতে॥
আগে রাম মদ্ধে সিতা পশ্চাতে লক্ষন।
পীত্রি লোকে প্রা[ন] করি চলিলা ভগবান॥
বোনে ২ তিন বেক্তি জান বাটে ২।
দেওরিয়া তিন বেক্তী গেলা চিত্রকুটে॥
তথাএ বৈকুণ্ঠ জথা থাকেন নারায়ন।
চিত্রকুট গীরি জেন বৈকুণ্ঠ সমান॥
শুনিলে গয়াতির্থের কথা পাপ বিমোচন।
অযুদ্ধা কাণ্ড রচিলা কিত্তীবাস বিচক্ষন॥

Colophon:

'ইতি শ্রীঅযুদ্ধা কাণ্ড শ্রী৺রঘুনাথ জিএর গয়া কির্ত্তী সমাপ্ত।

যথাদৃষ্টমিত্যাদি শ্লোক—

লিখিতং শ্রীযুত ব্রজনাথ শর্ম্মা ঘোশাল সাং ডামরা তালুক মল্লারপুর থানা লোকেশ্বর। শ্রীযুৎ ঘোশাল মহাসএর উত্ত[র] দ্বারি ঘরের পীড়াতে লেখা সাঙ্গ হইল পাঠক শ্রীবদনচন্দ্র মণ্ডল। সাং ঐ তালুক ও থানা সাবীক ইতি সন ১২৩৬ সাল তাং ৩ শ্রাবণ রোজ শুক্রবার বেলা তিতিয় প্রহর তিথি পুর্ন্নিমা আর কত লেখব আমার

শাধ্য নয় আমি পারিব না। কিন্তু পুথী লেখা হলনা পুথির এ অক্ষর নয় তাহাও লিখিলাম।

---

37. রামায়ণ-অযোধ্যাকাণ্ড।

RAMĀYAṆA AYODHYĀKAṆḌA

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; $13\frac{1}{2} \times 4\frac{1}{4}$ inches. Folia 1-31 marked by two sets of figures. Lines 10 on a page. Date, 1265 B. S. (1858 A. D.). Complete. Place of find *Baukura*. Last four lines added by Dvija Darpanārāyaṇa.

Beginning :

শ্রীশ্রীকৃষ্ণ ॥ অথ অযুদ্ধাকাণ্ড লিক্ষতে ॥
জানকি অযুদ্ধার আনী প্রভুবর।
আনন্দিতে রামচন্দ্র বঞ্চেন বাসর ॥
একত্রেতে সিতা সহ প্রভু রঘুনাথ।
অঙ্গনে বেড়ান ধরি জানকির হাথ ॥
কিবা রামের রূপ সহ নবিন যৌবন।
নব দুর্ব্বাদল জিনি উর্জ্জল কিরন ॥
করপদ কোকনদ রাম বক্ষ উর।
গঞ্জন জিনিয়া নির্ত্ত * ধনু জিনি ভুরু ॥
পক্ক বিম্ব ফল জিনি শ্রুগঙ্গ অধর।
সুমেরুর সিংগ জিনি বক্ষ মনহর ॥
খোগচঞ্চু জিনিয়া নাসা অতি মনহর।
কেসরি জিনিয়া কোটী নাভি সরবর ॥
বামদিগে কিবা শোভা জনক কুমারি।
নব জলধরে যেন পশ্চিছে বিজুরি ॥
নিল বস্ত্র পরিধানে নানা অভরন।
কটাক্ষে হেরিয়া হরিল শ্রীরামের মন ॥
হেনকে রামের মাতা উরকার † পথে।
আনন্দে পুরীত হয়্যা হেরে রঘুনাথে ॥
সর্ব্ব করতল হয় শ্রীরামে হেরিয়া।
দেখিল রামের রূপ আনন্দে পুরিয়া ॥
তিন আর রাজা নাহি রামে দেখি বাচে।
সারাদিন রামচন্দ্রে রাখে নিজ কাছে ॥
অবস্থি নগরে হেথা কৈকৈ রাজন।
শুনিল রামের কিত্তি মঙ্গল ভজন ॥
দেখিতে বড়ই ইর্ষ্যা হইল অন্তরে।
ডাকিয়া আনিল রাজা আপন কুমা[রে]র ॥

End.

সেত ছত্র ধরে সেই পাদুকা উপরে।
প্রণাগন প্রনমীল দিয়া রাজকরে ॥
পাদুকাকে রাজা করি অযুদ্ধা ভুবনে।
ভরথ করিল বাস গিয়া নন্দিগ্রামে ॥
বাকল পরিল আর জটাভার সিরে।
আসন সয়ন হৈল মৃত্তিকা উপরে ॥
বনচারি হয়্যা রহে ভরথ সত্রুঘন।
নন্দিগ্রাম হৈতে করেন প্রজার পালন ॥
অযুদ্ধাকাণ্ড সমাপ্ত কিত্তিবাস গায়।
হরিধ্বনি কর সভে কাণ্ড হৈল সায় ॥ ॥ ॥
শুন ২ সর্ব্বজন হয়্যা একমন।
সর্ব্বলোক যত্ন শুনিলে রামায়ন।
ইহা বোই সংসারেতে সুখ নাই আর।
দ্বিজ দর্পনারায়ন বলে করিঞা বিচার ॥

Colophon.

ইতি অজোধ্যাকাণ্ড সমাপ্ত—যথা দৃষ্টমিত্যাদি। লিখিতং পাঠানাথ শ্রীরামচন্দ্র দেবশর্ম্মন ও শ্রীনাথ দেবশর্ম্মন ও দয়ানন্দ দেবশর্ম্মন সর্ব্ব সাকিম হরিষ পুস্করি পরগনে বিষ্ণুপুর চৌকি রাধানগর জেলা বর্দ্ধমান। ইতি সন ১২৬৫ সাল তারিখ ২৯ অগ্রহায়ণ বুধবার তিথী অষ্টমী।

---

* নেত্র † অরকার

38. রামায়ণ-অযোধ্যাকাণ্ড ।

RAMĀYAṆA AYODHYĀKĀṆḌA

By

KṚTTIVĀS.

Substance, country-made paper; 14 × 3¼ inches. Folia, 1-42; marked by two sets of figures. Lines 9 on a page. Date 1266 B. S. (1859 A. D.). Appearance, worm-eaten in part. Complete. Place of find, *Bankura*.

Beginning:

৺শ্রীশ্রীহরি সহায় অজুধ্যাকাণ্ড লিখ্যতে ॥
জানকি অজুধ্যায় আনি প্রভু রোঘবর ।
আনন্দেতে রামচন্দ্র বঞ্চিল বাসর ॥
একত্তেতে সিতারাম প্রভু রোঘনাথ ।
অন্তরে বেড়ান ধরি জানকির হাথ ॥
কিবা রামের রূপ নব দুর্ব্বাদল জিনি ।
রামের রূপেতে আল করিছে মেদিনি ॥
করপদ কোকনদ রাম বক্ষ উর ।
গর্জ্জিন জিনীয়া দেয় ইন্দ্রধনু ভুরু ॥
নাস (ক) নিম্ব ফল জিনি সুরঙ্গ অধর ।
থোড়া জিনিয়া নাসা অতি মনহর ॥
সুমেরু শিখ জিনি বক্ষ মনহর ।
কেশরি জিনিয়া কোটি নাভী সরবর ॥
বামদিগে কিবা সোভে জনককুমারি ।
নব জলধর যেন পড়িছে বিজোরি ॥
নিলবস্ত্র পরিধানা নানা অভরন ।
কটাক্ষে হেরিয়া হরেন শ্রীরামের মন ॥
তেতেক রামের মাতা অন্তঃকার পথে ।
আনন্দে পুরিত হয়্যা হেরেন রঘুনাথে ॥
সর্ব্ব করতল হন শ্রীরাম হেরিয়া ।
দেখেন রামের রূপ আনন্দ হইয়া ॥
তিন আদি রাজা নাহি রামে দেখি বাচে ।
সারাদিন রামচন্দ্রে রাখে নিজ কাছে ॥
অবশ্যি নগরে কেহ্যা কোই ২ বাজন ।
শুনিল রামের কিত্তি কমুক ভজানি (কমুক ভজন) ॥

End:

জাত্রা কৈলা সর্ব্বজন রাখি রোঘুনাথে ।
প্রবেস করিল সভে পুরি অজুধ্যাতে ॥
রাজসিংহাসন-তবে ভরথ আনিয়া ।
পাদুকাকে রাজা করেন প্রেজাগন লয়্যা ॥
সেত ছত্র ধরে সেই পাদুকা উপর ।
প্রেজাগন প্রনমিল দিয়া রাজকর ।
পাদুকাকে রাজা করি অজুধ্যা ভুবনে ।
ভরথ করিলেন বাস নন্দিগ্রাম বনে ॥
বাকল পরিল আর জটা ধরি সিরে ।
আসন সয়ন কৈলা মিত্তিকা উপরে ॥
বনচারি হয়্যা রহে ভরথ সোজন ।
নন্দিগ্রাম হইতে করেন প্রজার পালন ॥
অজুধ্যাকাণ্ড সমাপ্ত কথা কিত্তিবাস গায় ।
হরিধ্বনি কর সভে অজুধ্যা কাণ্ড হইলা সায় ॥

Colophon: ইতি সন ১২৬৬ সাল তারিখ ১২ সাবন সনিবার বেলা আন্দাজি এক পহরের সময় সমপ্ত হইলা । লিপিকার শ্রীপ্রেমচাঁদ রায় সাং মোকুন্দপুর পাঠক শ্রীমানিক রায় সাকিম মোকুন্দপুর ।

---

39. রামায়ণ-অযোধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, AYODHYĀKĀṆḌA

By

KAVICANDRA.

Substance, country-made paper; 13¼ × 4½ inches. Folia 1-16, 18-19. Lines 9 on a page, leaving a blank space of about an inch square in the middle of each page. Date, 1150 B. S. (1743 A. D.) Incomplete.

Beginning:

৭শ্রীশ্রীকৃষ্ণঃ ॥
খট্টাঙ্গ রাজার পুত্র দির্ঘবাহু হলা ।
দির্ঘবাহুর তনয় দিল্লিপ জন্মি'ল ॥
দিল্লিপের সুত অজ অসিম মহত্ব ।
অজের তনয় তবে হৈল দশরথ ॥

তার পুত্র ভগবান ব্রহ্মময় হরি।
আসাগরে জন্মিল রাম রূপের মাধুরি ॥
জেষ্ট সুত রঘুনাথ অপর ভরথ।
লক্ষ্ম[ণ] শত্রুঘ্ন কৈল তুমি গুনযুত ॥
চারি পুত্র দেখি রাজা আনন্দিত মন।
প্রান তুল্য দশরথের রাজিব লোচন ॥
শুক কহে নিবেদয়ে শুনহ রাজন।
বাল্মিকে (বাল্মিকে ?) রামের লিলা বহুত বর্নন।
তথাপি রামের লিলা গড়ি পুনর্ব্বার।
রাম নামে দ্রবে চিত্ত বাসনা আমার ॥
পিতৃ বাক্য রামচন্দ্র শুনিঞা শ্রবনে।
পদ্ম জিনি পাদপদ্ম ভ্রমিলা গহনে ॥
সিতার কমল হাথ রাজে তার পায়।
যেন পদ পদে ২ ভুসিত ধুলায় ॥
প্রভু রাম লক্ষন সুগ্রিব চুড়ে সাথে।
পদরজ ত্রিজিত করিলা রঘুনাথে ॥
সুপ্রসন্ন সনে সিতা বিভাব কৈল।
পিয়ার বিরহে গুপ্ত সমুদ্র বান্ধিল ॥
রাবন রাজাকে রাম যেন দাবানল।
ভকতে করুন সদা ভকত বৎসল ॥

End.

কৌসল্যা কান্দিয়া বলে ওহো আমি জিয়া।
কোথা রাখ্য আইলে বাছা বনবাস দিয়া ॥
রাম বনে পাঠাইয়া আমি সুত ছি।
আমা অধমেরে রাম বলিবেন কি ॥
মহারাজে কয় সুতে বলি করপুটে।
ভরথে করিহ রাজা অযোধ্যার পাটে ॥
সুমিত্রা সহিত কয় কৌসল্যা মাতায়।
পুত্র হেতু কটু কথা না কয়া পিতায় ॥ একত্রঃ ।
এই পুথি লিখি আমি করিয়া বিশ্বাস।
এইবার কৃপাকর ভাবি শ্রীনিবাস ॥

Colophon.

ইতি পুস্তকস লিখ্যতে। সার হইল বেলা চারিদণ্ডে সংপুর্ণ। লিখিতং শ্রীগনেশদাস সাং গাজিরিপাড়া। পঠনার্থে শ্রীগোপাল কুম্ভকার সাং নিজ ভিঃ। সন ১১৫০ সাল।

---

40. রামায়ণ-অযোধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, AYODHYĀKĀṆḌA

BY

ŚANKAR KAVICANDRA.

Substance, county-made paper; 13×4¼ inches. Folia 1-32, 35-36. Lines 11-12 on a page. Appearance, about 200 years old, wornout. Incomplete.

Beginning:

আদ্যকাণ্ডে বিভা করিয়া আইলেন শ্রীরাম।
অযোধ্যাকাণ্ডে বনবাস বিধি হইল রাম ॥
নানা সুখে দশরথ করে রাজ্যরাজ্য।
পাত্র মিত্র আনন্দিত হর্ষ সর্ব্ব প্রজা ॥
রাম ছাড়া রাণী যতেক আর নাহি মন।
রাম নাম সর্ব্বজন মুখে সর্ব্বক্ষন ॥
প্রজাগন সভে মেলি করে অনুমান।
যুক্তি করিয়া সভে চলিল রাজার স্থান ॥
সব প্রজাগন গেল রাজার দুয়ারে।
দশরথ রাজা আছেন অন্দর ভিতরে।
সুমন্ত্রকে বলে সভে শুনহ বচন।
রাজাকে জানাহ তুমি আমাদের গমন ॥
প্রজাগণের কথা শুনা সুমন্ত্র সারথি।
রাজার সম্মুখে তবে চলে শীঘ্র গতি।
রাজা বলেন সুমন্ত্র আইলে কি কারন।
সুমন্ত্র বলেন দ্বারে আইল প্রজাগন।
এত শুনি মহারাজা চলিল সত্বর।
শীঘ্রগতি গেলেন রাজা প্রজার বরাবর।
রাজাকে দেখিয়া প্রজা কৈল নমস্কার।
রাজা বারম্বারে মাথা ঝুকার তিনবার।
বসিলেন প্রজাগণ রাজার সভায়।
রাজা বলেন কি লাগিয়া আইলে এথায়।
প্রজাগন বলেন শুন দশরথ রাজন।
বৃদ্ধকালে হইল কুমার চারিটি নন্দন।

End :—

প্রজা পাত্র মন্ত্রিগন লইয়া সাদরে।
রামের পাদুকা শির অভিষেক করে॥
অভিষেক করিয়া বসাল্য সিংহাসনে।
তাহাতে ধরিল ছত্রদণ্ড দুই জনে॥
নন্দিগ্রামে রামের পাদুকা হলা রাজা।
বিধি মতে দুই ভাই করে তার পূজা॥
তপসির বেসে অনাহারি দুইজন।
পাদুকা পুজিয়া কিছু করিল ভক্ষন॥
প্রভাত হইল ভরথ উঠে প্রাতঃকালে।
চোদ্দ বৎসরের একদিন গেল বলে॥
এইরূপে প্রিত্যাবদি করিল গননা।
রাজকার্য্য করে স্থির হইয়া উন্মনা॥
বন্দিয়া বাল্মিকি সুত সৌনক চরন।
শঙ্কর রচিল রাম লিলা উপাক্ষান॥
ইতি অজোধ্যাকাণ্ড সমাপ্ত।

---

41. রামায়ণ-অযোধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, AYODHYĀKĀṆḌA

BY

LAKṢMAN.

Substance, country-made paper; 14×4½ inches. Folia, 36-60. Lines 9 on a page. Appearance, about 75 years old; worm-eaten in part. Incomplete.

Begins with:

* * নানাবিধ অন্নব্যঞ্জন ভুঞ্জাইল॥
আচমন করি দোঁহে তাম্বুল কর্পুরে।
সয়ন করিলা স্বর্ণ পালঙ্ক উপরে॥
রাত্রি প্রভাত হইল উঠিউ সংকালে।
নিত্য কৃত্য সমাপিয়া সুমন্ত্রেরে বলে॥
জানিলে সকল তত্ত্ব বিদায় হয় তবে।
সম্প্রতি সকল ভাল এই বার্ত্তা কবে॥
দিবস কথক মোরা এথা রহিলাঙ কয়্যা।
মন্ত্রি বলে রাজা ভাল হল্যা মেনে জায়া[।]॥
একথা বলিয়া মন্ত্রি হইল বিদায়।
রথে চা[পে]প্যা অযোধ্যার পথে চলি জায়॥
দ্রুত গতি চলিলা বিশ্রাম নাহি মাগে।
উত্তরিলা অযোধ্যা নগরে বাড়ি বেগে॥
নৃপতির সংবাদ কহিলা সভাতলে।
মঙ্গল কাহিনি জায়্যা কৈকেয়ীরে বলে॥
শুন্যা কথ স্বাস্থি হইল কৈকেয়ীর মন।
শ্রীযুত লক্ষণ বলে ব্যাসের বচন॥

রামরূপে পিতা সাথ বিহরয়ে রমানাথ
আনন্দ কৌতুকে জায় দিন।
অযোধ্যাধিকারি জত সাধু শুদ্ধ সভাসত
সর্ব্বলোক রোগ সোক হিন॥
নগর নিবাসি প্রজা সদানন্দ রসে মজা
নিরখিয়া শ্রীরামের তনু।
দুর্ব্বাদল শ্যামাকার জে দেখ্যাছে একবার
তাই মনে পড়ে পুনঃ পুনঃ॥
অনঙ্গ সারঙ্গ জিনি ভুবন ভঙ্গিমাখানি
মুখ চন্দ্রে মধুরিমহাস।
লখিতে পুলকে গা বাহুড়িলা ফিরে তা
অমিয়া বরিখে মৃদুভাস॥
নগরের লোকজনে কত কথা অনুমানে
ধন্য কর্যা আপনাকে কয়।
রামচন্দ্র হইয়া রাজা পালুন অযোধ্যা প্রজা
সেই দিন অজোধ্যাভাগ্য হয়॥
এই রূপে অনুভবে কথোদিন জায় তবে
দশরথ বসিয়া দেয়ানে।
যাবতেক পাত্র মন্ত্রি কথো গুনিগন তন্ত্রি
বেষ্টিত করিয়া মুনিগনে॥

End :

কেমন সংবাদ প্রভু তুমি একমত।
অযোধ্যার রাজা নাকি হবেন ভরত॥
চোদ্দ বৎসরের তরে তুমি জাবে বনে।
ভরথ লিয়া রাজা থাবেন কেকই মাএর মনে।

অজোধ্যা করিব দগ্ধ এমন জদি হয়।
ঘরে বহ্নি দিয়া সব পোড়াইয়া মারিব॥
মামার ঘর জায় ভরং করয়া এই নাট।
কইতে আলাহু জাই আগে তারি উপর হাট॥
এত বল্যা লক্ষান বির লন ধনুশর।
মামা মূর্চ্ছা তাকে আজি নিব জমঘর॥
রামের কাছে লক্ষান কন পরাক্রম করি।
কৌসল্যা বলেন বাছার বালাই লয়া মরি।
রাম বলেন লক্ষান আমার প্রিয় হয়।
এই ভয়ে অবিধানেতে এহা কয়॥
এত বল্যা শ্রিরাম লক্ষন নিলা কোলে।
এই ক্ষেনে কন্তে পার জে কথা বলিলে॥
এক বানে পিত্থিবি ভেদিতে পার ভাই।
তোমার শক্তি ভাই নাকি আমি জানি নাই॥
কিন্তু উপজুক্ত নহে এমন কালেই।
জ্ঞান কথা মোন কর কিছু নিবেদি॥

*   *   *

---

42. রামায়ণ-অরণ্যকাণ্ড

RAMĀYAṆA, ARAṆYAKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 5$ inches. Folia 2-4,11-35 marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 175 years old; discoloured. Incomplete.

Begins with :

*   *   রূপ সোভা নবিন জৌবনে।
নব দুর্ব্বাদল জিনি উর্জ্জল কিরনে॥
মুনির সঙ্গে থাকেন রাম বনে নিরন্তরে।
নানা সাস্ত্র কথা রাম পুছেন মুনিবরে॥
মুনি পত্নীর সঙ্গে সিতা বসিয়া কৌতুকে।
নানা কথা কহে লক্ষ্মি [মুনি-] পত্নীদিকে॥

মুনি পত্নী বলে সিতা করো অবোধান।
কোন বংসে জন্ম তোমার বাপের কিবা নাম॥
কেমন প্রকারে রাম তোমারে বিভা কৈলা।
সেই কথা আমাদিগে বিবরিয়া বল॥
সিতা কহে কহি আমি তোমাদের স্থানে।
আপনার কথা কহি তোমাদের চরনে॥
চন্দ্র বংসে জন্ম মোর পিতা জনক রাজা।
প্রজার পালন করে বলে মহাতেজা॥
আবিকাতে ছিল আমি পিতার জে ঘরে।
জেনকালে ভৃগুমুনি আইলা তোথাকারে॥
মোরে দেখিয়ে মোর বাপে বলিল বচন।
এমত কন্যা তোমার জিনি তুমি ভাগ্যবান॥
শ্বশুর কথা শুনি পিতা বলিল তখন।
তুমি বিভা করো আমি কন্যা দিব দান॥

End :

কবন্ধ বলিছে কথা শুন রঘুবরে।
বালি ভয়ে সুগ্রীব আছে ঋষ্যমূকপরে॥
ঋষ্যমুখে না আইসে বালি এই সে কারন।
মুনির সাপ আছে আইলে অবিশ্য মরন।
এতেক বলিয়া রাক্ষস তেজিল জিবন॥
দিব্য রথে চাপি গেল বৈকণ্ঠ ভুবন॥
শ্রীরাম লক্ষন গেলা ঋষ্যমুখ গিরি।
পক্ষ পারে বসি কথা সুগ্রিব অধিকারি॥
রামের রূপ দেখি তাদের ভুলিল নয়ন।
তাহাকে জিজ্ঞাসিল সিতার বিবরণ॥
তোমরা কেহকি দেখিয়াছ রোহে কপিগন॥

---

43. রামায়ণ, অরণ্যকাণ্ড

RAMAYAṆA-ARAṆYAKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-30. Lines 10 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find ......*Bankura*.

Beginning :

৶৭শ্রীশ্রীরামচন্দ্রায় নমো ॥
রাজ্য খণ্ড লয়া দেসে যাইলা ভরত।
তিনজনে রহিলা রাম মাহেন্দ্র পর্ব্বত ॥
মাহেন্দ্র পর্ব্বতে অনেক মুনি বৈসে।
সেইখানে রহিলা রাম মুনি সভার পাসে ॥
সক[ল] মুনি বেড়িয়া করেন কানাকানি।
বিস্মিত হইয়া রাম পুছেন আপুনি ॥
বৃদ্ধ মুনি তুমি গোসাঞি সকল মুনির পতি।
আমা বাহির করি কেনো করিছ যুগতি ॥
কোন দোস করিল মুঞি কোন বেবহার।
লক্ষন ভাই করিল তবে কোন অনাচার ॥
কোন দোস করিল মোর সীতা সুন্দরী।
আমা বাহির করি কেন কর যাত্রি ভাবি ॥
রামের বাক্যে মুনি সব পড়িলেন লাজে।
বৃদ্ধ মুনি উত্তর করেন রাম সমাজে ॥
বৃদ্ধ মুনি বলেন রাম তুমি সভার পতি।
আপুনি লক্ষন তোমার সীতা রূপবতি ॥
কোন দোসের দোসি নন ঠাকুর লক্ষন।
মুনি ২ কানাকানি শুন বিবরন ॥
খর নামে রাবনের ভাই বৈসে এই দেসে।
নিত্য উৎপাত করে অনেক রাক্ষসে ॥
সেই হইতে রাম তুমি আইলে এই দেসে।
সেই হৈতে রাক্ষস অধিক বড় হিংসে ॥
কুচ্ছিত বোল বলে দাণ্ডায় নিকটে।
তপস্যা না করিতে পাই বেড়াই বাটে ২ ॥

End :

সকল পাপেতে মুক্ত খণ্ডিবেক ক্লেস।
দরসনে অগ্নি তুমি করিহ প্রবেস ॥
সুরেন্দ্র নারেন্দ্র দিলা মধুর সুস্বাদ।
ফল মুল ভক্ষনে ঘুচিল অবসাদ ॥
এতেক রামের আগে কহিয়া বিসেষ।
সিদ্ধগতি তার অগ্নি করিতে প্রবেস ॥
রামের সাক্ষাতে কন্ধা অগ্নিকুণ্ড কাটে।
অগ্নি তুলিল তখন ঘসি কাঠে ২ ॥
প্রনাম করিলা কন্ধা রামের চরনে।
কন্ধার সাহস দেখি রাম ভাবেন মনে ॥
কন্ধার সাহস রাম দেখেন কৌতুকে।
রাম ২ বলিয়া অগ্নির ভিতর ঢুকে ॥
অগ্নি প্রবেস করে কন্ধা রামে চমৎকার।
অগ্নিতে পুড়িয়া স্বরির হৈল অঙ্গার ॥
কন্ধার সাহস দেখি দুই ভাই হাসে।
রাম দেখি মুক্ত হয়া গেল স্বর্গবাসে ॥
কীর্ত্তিবাস পণ্ডিৎ অমৃতের ভাণ্ড।
এতদুরে সাঙ্গ হইল আরন্যকাণ্ড ॥

Colophon : ⁂ লিখিতং শ্রীজয়হরি দেবশর্ম্মা ⁂

---

44. রামায়ণ-অরণ্যকাণ্ড

RĀMĀYAṆA, ARAṆYAKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-36; marked by two sets of figures. Lines 12 on a page. Appearance, about 125 years old; discoloured. Complete. Place of find.........*Bankura*.

Beginning :

৶৭শ্রীশ্রীহরি শ্রীআরণ্যকাণ্ড লিখতে ॥
ভরথে বিদায় দিএ রাজিবলোচন।
চিত্রকুট পর্ব্বতে রহিলা তিনজন ॥
প্রথম চৈত্রমাশ বসন্ত সময়।
সুখ বিলসন সব নবিন পল্লব হয় ॥

নানা জাতি পুষ্প ফোটে গন্ধে আমদিত ।
ককিল কোতরে অলিগন গায় গিত ॥
ভ্রমর ঝংকারে শব পুষ্পের উপরে ।
সুগন্ধি মলয় বাউ বোনের ভিতরে ॥
দেখিএ বোনের শোভা হরশিত মনে ।
বেহার করেন রাম জানকির সনে ॥
কভু বিল্বমুলে কভু পর্ব্বত গভরে ।
কভু শৈলতটে কভু শ্রীঙ্গের উপরে ॥
কখন শাখির হাথে লঞা রঘুনাথ ।
ভ্রমন করেন ধরি জানকির হাথ ॥
সন্ধাকালে বিল্বমুলে এল্যা ত্রর্ব্বাদল ।
লক্ষন আনেন বোনে বিবিধ পক্কফল ॥
সেই ফল তিন ভাগ্য করিলেন নারায়ন ।
এক অংশে তুমি ফল ধরহে লক্ষন ॥
হস্ত পাতি ফল নেন যে আজ্ঞা বলিএ ।
দণ্ড চারি রামের মুখ রহিল চাহিঞা ॥
খায় বলি আজ্ঞা না করিলেন নারায়ন ।
তুনের ভিতরে ফল রাখিলা লক্ষন ॥

End :

এত শুনি হনুমান সিঘ্রগতি চলে ।
লম্ফ দিয়া পড়ে হনু পম্প[া]নদির জলে ॥
স্নান করি হনুমান এল্যা সিঘ্রতর ।
মুহুর্ত্তেকে এল্যা যথা বসি রঘুবর ॥
দাণ্ডাল অঞ্জনা-সুত রাম কাছে গিয়া ।
রাম কহে বস বাছা পুর্ব্বমুখ হয়্যা ॥
পুর্ব্বমুখে হনু বসে উত্তর মুখে রাম ।
তারক ব্রহ্ম মন্ত্র দেন দুর্ব্বাদল শ্যাম ॥
পাইয়া তারক মন্ত্র পবন নন্দন ।
জপ করে হনুমান মুদিয়া নয়ন ॥
হৃদয় মন্দিরে হনু দেখে রঘুবর ।
ব্রহ্মপদ ওই দেখে পবন কোঙর ॥
সহস্রদল দীয়া পূজে রামের চরন ।
রামকে করিছে স্তুতি অঞ্জনানন্দন ॥
হনুমানের মন্ত্রগুন শুনে যেই জন ।
অন্তকালে পায় সে রামের চরন ॥

কিত্তিবাস পণ্ডিতের অর্থ মুক্তমনে ।
জাহার প্র[সাদে] লোক রামায়ন বোলে ॥
আরন্য কাণ্ড সমাপ্ত । ইতি তারিখ ২০ অগ্রাহায়ন ।

---

45. রামায়ন-অরণ্যকাণ্ড

RĀMĀYAṆA, ARAṆYAKĀṆḌA

BY

BHIKHANA ŚUKLADĀSA (?)

Substance, country-made paper ; 18×6 inches. Folia, 1-14. Lines 11 on a page, leaving a blank space of about an inch square in the middle of several pages. Date, 1206 B. S. (1799 A. D.). Appearance, discoloured. Complete.

Beginning:

নমো গনেসায় । নম সরস্বতি দেবি নম । শ্রীদুর্গা নম গনেসায় । লিখিতং শ্রীভিকন সুক্ল দাসস্য ওগসে শ্রীক্ষেপারাম সুক্ল দাসস্য সুবজন মিদং

দসরথে[র] যাদেসে নৃপতি রঘুপতি ।
বনেতে চলিল সিতা লক্ষন সংগতি ॥
তুর্ন বাকল পরিধান ছাড়িয়া বসন ।
মস্তকে বান্ধিল জটা তপসি লৈক্ষন ॥
হস্তে কমণ্ডলু লোটে অঙ্গেতে বিভুতি ।
বাম পায়ে লক্ষন যে দৈক্ষে সিতা-পতি ॥
অযোধ্যাতে জথ ছিল ব্রাহ্মন সর্জ্জন ।
নিজ কাম ছাড়ি সব করিল গমন ॥
নগরের মৈদ্ধে হইল ক্রন্দনের রোল ।
রাজপুর মৈদ্ধে হইল মহা কলরল ॥
মুর্চ্ছিত গেল কান্দি দিন দসরথ ।
বসিষ্ট আশ্রমে রাম করিল প্রবেশ ॥
এক রাত্রি তথাতে থাকিল রঘুপতি ।
বনেতে চলিল সিতা লক্ষন সংগতি ॥

পথ মৈধ্যে রামচন্দ্র বহু পরিশ্রম।
কথদুর যাইয়া পাইল চণ্ডাল যা শ্রম॥
চাণ্ডালে দেখিল যদি রাম ভগবান।
দুর্ব্বা জল তুলসি চরনে দিল তান॥
সুগন্ধি চন্দন জল করাইল স্নান।
সর্ব্বদায়ে ফল দিল তান বিদ্যমান॥
শ্রমদূরে গেল তবে তুষ্ট রঘুপতি।
মিত্রতা করিল রামে তাহার সংগতি॥
এক রাত্রি তথাতে থাকিল ভগবান।
বনেতে চলিয়া গেল রজনি বেহান॥
যদি রাম রাজা গেল গহিন বনেত।
তবে সে ভরথ যাইল আপন গৃহেত॥
দেশে থাকি দেখিলেক বহু মনোহর।
লোকাকোলি দেখিলেক মনির্ষ সকল॥
কার্য্য ধর্ম্ম কুতুহল নাহি নির্ব্বাপিত।
নগরে ২ দেখি বহু বিপরিত॥

End:

রাক্ষস যে নিসাচর প্রধান যে ধনুর্দ্ধর
মুই হইলুম সভানের কাল।
উদ্ধিলে রাবনের দেখা ধরিয়া মারিমু যেথা
মারিমু যে বনের শুকর।
ইন্দ্রজিত বির মারি সংগ্রামে সকল ধরি
জানকিরে করিমু উর্দ্ধার।
কহিছে বসিষ্ঠ মুনি শুনিয়াছি নারদবানি
কর্ম্মভোগ ভোগিলে সে কারে।
এ সকল কথা শুনি উঠিলেক রঘুমনি
কহিতে লাগিল ফিরে ফিরে।
কুলের যতন জন চন্দ্র সূর্য্য নহে সম
একে একে করিব সংহার।
প্রভাত সময় গেল প্রচণ্ড রবির তেজ
শুখাইছে রাঘবের মুখ।
প্রচণ্ড ধনুক হাতে বনপথ বিচারিতে
সুগ্রিব সহিতে লক্ষন।

Colophon: এহি হইর্য়কাণ্ড পুস্তক রাত্রিতে শুভ জাইতে সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি............

লিখিতং শ্রীভিকন দত্ত দাসস্য ওলদে শ্রীকেশরাম দত্ত দাস যস্য এহি পুস্তকের মালিক শ্রীচুনিরাম পাল ৩০ তিথি তৃতিয়া রোজ বৃহস্পতিবার—ইতি সন ১২০৬ সালে ১৮ আশ্বিন।

---

46. রামায়ণ-অরণ্যকাণ্ড

RĀMĀYAṆA, ARAṆYAKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 13½ × 4½ inches. Folia 1—46. Lines 9 on a page. Date 1222 B. S. (1816 A. D.). Appearance, worm-eaten and injured, complete. Place of find.........*Bankura.*

Begins with :

অথ অরণ্যকাণ্ড লিখতে।
ভরথে বিদায় দিয়া কমল লোচন।
সত্য পালিবারে রাম রহিলা তপবন॥
মুনিসভার সঙ্গে রাম থাকেন কুতুহলে।
নানা শাস্ত্র কথা জিজ্ঞাসিল মুনিবরে॥
মুনি পত্নী সনে সীতা বসীলা কৌতুকে।
নানা কথায় বাত্রায় আছেন নানা সুখে॥
মুনি পত্নি বলে সীতা কর অবধান।
কোন বংশে জন্ম তোমার বাপের কীবা নাম॥
কেমন প্রকারে রাম তোমা বিভা কৈল।
রাজা ছাড়ি রাজা কেন বনে পাঠাইল।
সীতা বলে ঠাকুরানি শুন সাবধানে।
আপনার কথা কহি তোমার চরনে॥
চন্দ্র বংশে জন্ম মোর বাপ জনক রাজা।
প্রজার পালনে করে দেব ধর্ম্ম পুজা॥
শিশু কালে আছি আমি মা বাপের ঘরে।
হেন কালে ভৃগুরাম আইল তথাকারে॥

CENTRAL LIBRARY

আমারে দেখিয়া আমার বাপেরে কহিল।
তোমার এই কন্যা আমি বিবাহ করিব ॥
রাজা বলে মোর শম নাহি ভাগ্যবান।
তুমি বিভা কর আমি করি কন্যাদান॥
দণ্ডরাম বলে কন্যা বয়েশে ছাওাল।
তবে বিভা করিব আমি পূর্ণ হইলো কাল॥
তপশ্যা করিতে আমি জাই তপবন।
তবে আশি কন্যা তোর করিব গৃহন॥

End :

নলনিল আছে আর বির হনুমান।
বুদ্ধেতে আগল আছে মন্ত্রি জাম্বুবান॥
পর্ব্বত বান্ধিতে হইল রঘুনাথের আস।
অরণ্যকাণ্ড গাইল পণ্ডিত কীর্ত্তিবাশ॥
এক মনে শুন নর শ্রীরাম কীর্ত্তন।
ইহাতে শুনিলে শর্ব্বর মঙ্গল॥
শুন ২ ওরে ভাই না করিহ হেলা।
ভব শীন্ধু পার হইতে রাম নাম ভেলা॥
বিধবা শুনিলে হয় মোক্ষ মুকতি।
পুরুশ শুনিলে হয় শর্গেতে বশতি॥
শধবা শুনিলে ভাই হয় পুত্রবতি।
এক মনে করে যদি শ্রীরামে ভকতি॥
রামায়ন শুনিলে না হয় শর্গে বাশ।
অরণ্যকাণ্ড গাইল পণ্ডিত কীর্ত্তিবাশ॥

Colophon :

অরণ্যকাণ্ড শমাপ্ত। (এই খানে শ্রীরামাষ্টকস্তোত্র।) ইতি শ্রীবাল্মীক রচিত শ্রীরাম অষ্টক শমাপ্ত। লিখিতং শ্রীরাম শঙ্কর ঘোষ সাং বশন্তপুর পরগনে জাহানাবাদ সন ১২২২ সাল তারিখ ১৮ ফাল্গুন রোজ বুধবার।

---

47. রামায়ন-অরণ্যকাণ্ড

RAMĀYĀṆA, ARAṆYAKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13½ × 4½ inches. Folia 1-38 marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 100 years old. Incomplete.

Begins with :

৭শ্রীশ্রীরামায়নমঃ॥ অথ অরণ্যকাণ্ড লিখ্যতে।
আদি কাণ্ডে রামের জন্ম সিতা দেবীর বিভা।
অজুদ্ধাতে বনবাস ভরথে রাজ্য দিয়া॥
হরে ২ বল ভাই শুন বন্ধুজন।
অরণ্যকাণ্ডে অমৃতকাণ্ডে করহ শ্রবন॥
অপুত্রের পুত্র হয় নির্দ্ধনার ধন।
শ্রবনে পরমানন্দ পাপ বিমোচন॥
রবির কিরন হইলে পোহাল রজনি।
রাম লক্ষন আইল সিতা সঙ্গে করি॥
মুনির আগে বিদায় মাগেন দুটি ভাই।
আশীর্ব্বাদ কর আমরা বনবাসে জাই॥
সোকেতে মরিয়াছে পিতা দশরথ।
প্রবোধ করিয়া তবে পাঠালাম ভরথ॥
তেবারের মোক্ষে পিতার দিব পিণ্ডদান।
মুনিকে শধায় পথ জিজ্ঞাসেন রাম॥
মুনি বলেন জারে রাম তার নাহি পার।
নিবেদন রঘুনাথ করি তব পায়॥
গোলক ছাড়িয়া রাম হইলে অবতার।
তোমা হইতে নিস্তার হব সকল সংসার॥
রাক্ষ কুলুক বনে আছয়ে পাথার।
জানকিকে না করিহ রাম চক্ষুর আড়॥
ভ্রমন না করিহ রাম অনেক দেশ।
সঙ্গেতে সুকমল সিতা পাবেন অনেক ক্লেশ।

End :

এত দুখ বিধাতা আমার লিখিল কপালে।
আপন খায়্যা দিশ চেয়া তুমার হারাইলাম হেলে॥

কথাকার রাক্ষস মোরে লৈয়া যায় হর্যা।
আমাকে না দেখিয়া প্রাণ রাখিবে কেমন করে॥
রথ আন বল্যা রাজার পড়িল হাকার।
রথ লয়্যা রাবনের রথাক্ষ রথকার॥
রাজার সম্মুখে রথ আনাক সারথী।
সিতা লয়্যা রথে উঠে লঙ্কার অধিপতি॥
বসন না সম্বরে সীতা কেশ নাহি বান্ধে।
রাম সোকে জানকী ফুকিরীয়া কান্দে॥
ব্যাকুলি হইয়া সীতা পড়্যা কান্দে রথে।
রোদনের কলে কিছু না পান দেখীতে॥
কি করিব কথা যাব কি হবে উপায়॥

---

48. রামায়ন-অরণ্যকাণ্ড।

RAMĀYAṆA, ARAṆYAKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper, 13¼ × 4¼ inches. Folia, 1-47; 10 lines on a page. Date, 1244 B. S. Sakābda 1759, (1837 A. D.). Appearance worm-eaten, writing effaced in part. Complete. Place of find.........*Bankura*.

Begins with :

৺৭শ্রীশ্রীরামচন্দ্রায় নমঃ॥ অথ অরণ্য কাণ্ড লিক্ষতে।
আদিকাণ্ডে রামের জন্ম সিতাদেবির বিভা।
অযোধ্যাতে বনবাশ অবশে আর্জা দিয়া॥
হরিবল ভাই বলনে সকল বন্ধুজন।
অরণ্য কাণ্ড অমৃত ভাণ্ডার করহ শ্রবন॥
অপুত্রের পুত্র হয় নির্দ্ধনের ধন।
শ্রবনে পরমানন্দ পাপ বিমোচন॥
রবির কিরন হৈল পোহাইল সর্ব্বরি।
শ্রীরাম লক্ষন আইলা সিতা সঙ্গে করি॥
মুনির আগেতে বিদায় মাগেন দুই ভাই।
আশির্ব্বাদ কর আমরাকে বনবাসে জাই॥

শোকেতে মরিয়া আছেন পিতা দসরথ॥
প্রবোধ করিয়া মোসে পাঠাইল ভরথ॥
তেকারনে পিতারে দেঞা দিব পিণ্ডদান।
মুনিকে পথের পথ জিজ্ঞাসেন রাম।
মুনি বলেন যাবে রাম তার নাঞি দায়।
নিবেদন রঘুনাথ করি তব পায়॥
লৌকিক ছাড়িয়া প্রভু হৈলা অবতার।
তোমা হৈতে নিস্তার হব সকল সংসার॥
বাঘা ভলুক বনে আছএ গাণ্ডার। * .
জানকি রাম না করিহ চক্ষু আড়॥
ভমন নাহিক রাম করো অনেক দেশ।
পক্ষেতে কেমন পিতা পাবেন অনে[ক] ক্লেস॥

End :

লক্ষন সহিত উঠেন গাণ্ডিবান হাথে।
উঠিলা জানকি নাথ রিস্যমুখ পর্ব্বতে॥
পর্ব্বতের আনন্দ কথা কে বলিতে পারে।
ত্রর্ব্বরি বাঞ্চিত পদ তাহার উপরে॥
পর্ব্বতে উপরে প্রভু হাথে গাণ্ডিবান।
পথ শ্রান্তে পর্ব্বতে দাণ্ডালা প্রভু রাম॥
অঙ্গের বরন জেন ইন্দ্রনিলমনি।
কঞ্চন নির্ম্মিত রাঙ্গা চরন দুখানি॥
দুবর্ম্মিত মৃনাল জিনিয়া ভুজদণ্ড।
দক্ষিনে অর্দ্ধ তুন বামেতে কোদণ্ড॥
সিংহ পৃষ্ঠ জিনি উর্দ্ধ মধ্যদেস সোভা।
কত কোটী চন্দ্র জিনি বদনের আভা॥
রিস্যমুখ দেখিয়া প্রভু রামের উল্লাস।
অরণ্য কাণ্ড গাইল পণ্ডিত কিত্তিবাস॥
কিত্তিবাসের কথা কেবল অমৃত ভাণ্ড।
এতদুরে সমাপ্ত হইল অরণ্য কাণ্ড॥

Colophon : ইতি সন ১২৪৪ সাল তারিখ ৫ কার্ত্তিক বেলা দুই দণ্ড থিতে সমাপ্ত হইল॥ পুস্তক লিখিতং * * * । যথাদৃষ্টমিত্যাদি। শুভমস্তু শকাব্দা ১৭৫৯ ॥৮॥৪॥২॥২৮॥২॥৩০

---

49. রামায়ণ-গয়াপালা (অরণ্যকাণ্ড)

RĀMĀYAṆA, GAYĀPĀLĀ, ARAṆYAKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper ; 13¼ × 4¼ inches. Folia, 1-15. Lines 9 on a page. Date, 1224 B. S. (1817 A. D.). Appearance, mouse-eaten in part. Complete. Place of find............*Bankura.*

Beginning.

রামা লক্ষন পূর্ব্বজং রঘুবরং ইত্যাদি শ্লোক—
একদিন কৈলাসেতে পার্ব্বতি শঙ্কর।
আনন্দে বসিলা সিংহাসনের উপর॥
দুই পুত্র বসিলা কার্ত্তিক লম্বোদর।
ভক্ত ভুত পিচাস বসিলা সহোদর॥
জোড় হস্ত করি দুর্গা করে নিবেদন।
কৃপা করি আমারে শুনাহ রামায়ন॥
সকল পুরান শুনিয়াছি তোমার ঠাঞি।
রামায়ন কির্ত্তন কথন শুনি নাঞী॥
সিব বলেন ও প্রিয়া শুন রামায়ন।
কোন প্রসঙ্গ শুনিতে সাধ আছে তব মন॥
পার্ব্বতি বলেন নাথ নিবেদন করি।
রঘুনাথের গয়াকির্ত্তি শুনাহ ত্রিপুরারি॥
রামায়ন কহিতে সিব হৃদএ উল্লাস।
বাল্মিকি বন্দিয়া গিত গাইল কির্ত্তিবাস॥ * ॥
পাদুকা মাথায় করি ভরথ গেলা দেসে।
সিতারাম লক্ষন রহিলা বনবাসে॥

End:

চারিদিগ হৈতে ভক্ত আসিবে লোকজন।
সবাকে করাবে তুমি শ্রাদ্ধ তর্পন॥
ভক্ত ২ বংস হব তোমাদের ঘরে।
জুগে ২ সদ্ধে জেন এই কর্ম্ম করে॥
এত শুনি দ্বিজবর বিদায় হইলা।
সিতা রাম লক্ষন তিন জনাতে চলিলা॥
গয়াতির্থ প্রকাসিয়া দিলা রঘুপতি।
জুগে ২ রহিল গয়াতির্থের খেয়াতি॥
গয়ায় পিণ্ড দিলে পিত্রিলোকে হয় পার।
জননির দোষ হয় দুরের একধার॥
এই কথা শুনি জেবা করএ ভকতি।
তার পিত্রিলোকে স্নান করেন মুকতি॥
বাপের গয়া করিয়া চলিলা রঘুনাথে।
তিনজনা চলি যান অপুর্ব্ব দেখিতে॥
আগে রামচন্দ্র মধ্যে সিতা পশ্চাতে লক্ষন।
পিত্রিলোকে স্নান করি চলে তিনজন॥
বনে ২ তিন বেকি জান বাটে ২।
লেউটিয়া তিন জনা চলে চিত্রকোটে॥
তথা বৈকুণ্ঠ যথা থাকেন ভগবান।
চিত্রকোটি পর্ব্বত জেনা বৈকুণ্ঠ সমান॥
শুনিতে গয়াতির্থ কথা পাপ বিমোচন।
অরণ্যকাণ্ড গান কির্ত্তিবাস বিচক্ষন॥

Colophon : ইতি শ্রীকির্ত্তিবাস বিরচিতং শ্রীরামের গয়াকির্ত্তি কথা সমাপ্ত। গয়ার পালা সমাপ্ত।

লিখিতং শ্রীগুরুচরন দর্ত্ত সাং পাত্রসাএর এ পুস্তক শ্রীনন্দলাল দত্ত অস্তবা[ড়] সাং নিজগ্রাম করপাড়া সন ১২২৪ সাল। তারিখ ১৮ বৈসাখ রোজ সোম্মবার নিজবাটী মোকামে সমাপ্ত করিলাম।

Post Colophon : যত সব দেবতা কৃপা করিয়াছে এখেনে চাঁদেরি বর চকিল পড়িল পাই আর কী প্রকার হয়।

---

50. রামায়ণ-গয়াকীর্ত্তি

RĀMĀYAṆA GAYĀKĪRTTI

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $14\frac{1}{2} \times 5$ inches. Folia 1-18 marked by two sets of figures. Lines 8 on a page. Date 1232 B. S. (1826 A. D.). Complete. Place of find. ......*Bankura.*

Beginning:

রামায় রামভদ্রায় ইত্যাদি।
একদিন কৈলাসেতে প্রার্বতি সঙ্কর।
আনন্দে বসিলা সিংহাসনের উপর॥
দুই পুত্র বসিলা কার্ত্তিক গনেসের।
ভখ্য ভক্ষ্য ভুত প্রেত বসিলা সহোচর॥
জোড় হাথ করি দুর্গা করে নিবেদন।
কৃপা করি আমারে শুনাহ রামায়ন॥
সকল পুরান শুনিআছি তোমার ঠাঞি।
রামায়ন কির্ত্তন কখন শুনি নাঞি॥
সিব বলেন শিবো গো শুন রামায়ন।
কোন প্রসঙ্গ শুনিতে সাধ আছে তব মোন॥
পার্ব্বতি বলেন নাথ নিবেদন করি।
রঘুনাথের গয়াকির্ত্তি শুনাহ ত্রিপুরারি॥
রামায়ন কহিতে সিবের হিলওে উল্লাস।
বাল্মিক বন্দিয়া গিত গাইল কিত্তিবাস॥
রাম ২ সত্য ২ আর সর্ব্ব মিথ্যা।
সর্ব্ব ধর্ম্ম কর্ম্ম সিত্যা নাথ বিনে বেৃথা॥
পাদুকা মাথায় করি ভরথ গেলা দেসে।
সিতা রাম লক্ষন রহিলা বোনবাসে॥
বাপের মরন শুনি প্রভু নারায়ন।
হেটমাথা করি রাম করেন ক্রন্দন॥

End:

শুনিলে গয়াকির্ত্তি কথা পাপ বিমোচন।
অরন্ন্যকাণ্ডে গাইল কিত্তিবাস বিচক্ষন॥
রাম ২ সত্য ২ আর সর্ব্ব মিথ্যা।
সর্ব্ব ধর্ম্ম কর্ম্ম সিতানাথ বিনে বৃথা॥
রামকথার স্থানে জেবা অন্য কথা বলে।
মোনে পরে কৃত হয়্যা থাকে ২ ভুলে॥
সপ্ত জন্ম হয় তার নরকে গমন।
একথা অন্যথা নয় ব্যাসের বচন॥
রাম নাম জপে সিবের কানে ধুতুরার ফুল।
রাম নামে মত্ত সিব দুই আখি ঢুল ২।
রাম নাম জপ্যা ভিক্ষা মাগে ঘরে ২।
এই নাম সদা জপ শুন কলির নরে॥
আর কি মানব জন্ম হব তার আসে দেহ ছাই।
অতেব বলি রামকে ডাক উপায় বলি ভাই॥

Colophon:

লিখিতং শ্রীরাজারাম বন্দোপাধ্যায় সাং ভাঙ্গামড়া পরগণে হাবিলি সন ১২৩২ সাল ইতি তাং ১৪ চৈত্র্য ত্রসপতিবার বেলা দুই দণ্ডের সময় সমাপ্ত। এই পুস্তক শ্রীমুক্তারাম বন্দোপাধ্যায়। সাং ভাঙ্গামড়া মদনমো[হ]ন পুর পরগনে হাবিলি।

---

51. রামায়ণ-গয়াপালা

RĀMĀYAṆA GAYĀPĀLĀ

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{2} \times 4\frac{3}{4}$ inches. Folia 1-10 marked by two sets of figures, lines 10-11 on a page. Date 1236 B. S. (1830 A. D.). Appearance, worm-eaten in part. Complete.

Beginning:

রামং লক্ষ্মণ পূর্ব্বজমিত্যাদি।
এক দিন কৈলাশেতে পার্ব্বতি সঙ্কর।
অনন্দে বসিলা শিংহাশনের উপর॥
দুই পুর্ত্র বসিলা কার্ত্তিক গনেষর।
ভক্ষ ভুত প্রেত আদি জত সহোচর॥

CENTRAL LIBRARY

জোড় হাথে করি দুর্গা করে নিবেদন।
কৃপা করি আমারে শুনাহ রামায়ন॥
সকল পুরান শুনিআছি তব ঠাঞী।
বেদ রামায়ন আমি কভু শুনি নাঞী॥
সিব বলে দুর্গা তুমি শুন রামায়ন।
কোন পুরান শুনিতে তব সাধ আছে মন॥
পার্ব্বতি বলেন নাথ নিবেদন করি।
রঘুনাথের গয়াকির্ত্তী শুন ত্রিপুরারি॥
রামায়ন কহিতে সিব হিদএ উল্লাস।
বাল্মিক বন্দিয়া গিত গান কিত্তিবাস॥

End :

বাপের গয়া করিয়া চলিল রঘুনাথে।
তিন জনে চলি জান অপুর্ব্ব দেখিতে॥
আগে রাম মধ্যে সিতা পাছেতে লক্ষন।
পিতৃ লোক স্নান করি চলে তিন জন॥
বনের ভিতরে তিনে জান পথে ২।
নেউটিঞা তিন জন জান চিত্রকোটে॥
তোথাএ বৈকণ্ঠ জোথা আছে ভগবান।
চিত্রতে গঠন গীরি জেন বৈকণ্ঠ সমান॥
শুনিলে গয়ার তির্থির কথা পাপ বিমচন।
অজদ্ধাকাণ্ড * গান কিত্তিবাস বিচক্ষন॥ * । *
জে বা পড়ে জে বা শুনে গয়াপালার কথা।
বৈকণ্ঠকে জাম্ব রথে চড়িঞা সর্ব্বথা॥

Colophon :

যথাদৃষ্ট মিত্যাদি। ইতি সন ১২৩৬ সাল তাং ২২ মাঘ।

* অরণ্যকাণ্ড

52. রামায়ণ—গয়াতীর্থ পালা

RĀMĀYANA, GAYĀTĪRTHA PĀLA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14 × 5 inches. Folia, 2, 10-11 marked by two sets of figures. Lines 10-11 on a page. Appearance about 75 years old. Incomplete. Place of find *Bankura*.

Begins with :

আমা তিন জনে পিতা পাঠাইলে বন।
আমাদের সোকে বাপা তেজিলা জিবন॥
বাপ সম গুরু নাই এতিন ভুবনে।
মহাগুরু হন বাপা শুনেছি পুরানে॥
জেই পুত্র করে পিতার সর্ব্বের পালন।
সেই পুত্র করে পিতার নরকে তারন॥
জেষ্ট পুত্র বাপের আমি রাম নাম ধরি।
জেষ্ট পুত্র হঞা বাপের কিছুই না করি॥
অগ্নি নাহি দিলাম বাপকে না কৈলাম পিণ্ডদান।
ধর্ম্ম কর্ম্ম না করিলাম অপজস বাখান॥
অকারনে মৈল পিতা না কৈলাম পালন।
অকারনে হৈলাম বাপের জেষ্ট জে নন্দন॥
পালিতে পিতার সর্ত্ত বনে আগুসার।
আমার সোকে মৈল পিতা করিব উদ্ধার॥
জেষ্ট পুত্র বাপের আমি রাম নাম ধরি।
গয়ায় পিণ্ডদান করি পিতৃলোক তারি॥
উঠহে লক্ষন ভাই জনক নন্দিনি।
এতো বোল বলিয়া উঠিল রঘুমনি॥
আগু রামচন্দ্র জান হাথে গান্ডিবান।
মধ্যে সিতা দেবি জান পাছুতে লক্ষন॥
চিত্র কোটি হইতে চলিলা রঘুনাথে।
তিন জনা চলি জান অপুর্ব্ব দেখিতে॥

End:

চারিদিগ হইতে কত আসিব লোকজন।
সভাকে করাবে তুমি শ্রাদ্ধ তর্পন ॥
কত ২ বংশ হব বলি তোমার্দের ঘরে।
যুগে ২ সভে যেন এই কথা করে ॥
এতশুনি দ্বিজ[বী]র বিদায় হইল।
সিতা রাম লক্ষন তিনজনা চলিল ॥
গয়াতির্থ প্রকাসিয়ে দিলা রঘুপতি।
যুগে ২ রহিল গয়াতির্থের খেয়াতি ॥
গয়ায় পিণ্ড দিলে পিত্রিলোক তত্ত্ব পায়।
জননির লোম হয় দুগ্ধের একবার ॥
এই কথা শুনে যেবা করেন ভকতি।
তার পিত্রিলোক যায় করেন মুকতি ॥
বাপের গয়া করিয়া চলিলা রঘুনাথে।
তিন জনা চলি জায় অপূর্ব্ব দেখিতে ॥
আগু রাম মধ্যে সিতা পস্ছাতে লক্ষন।
পিত্রিলোক ত্রান করি চলে তিন জন ॥
বনে ২ তিন জন জান ঘাটে ২।
তিন জনা চলি জান চিত্রকোটে ॥
শুনিলা গয়াতির্থ কথা পাপ বিমোচন।
আরনি কাণ্ড গান কিত্তিবাস বিচখন ॥

Colophon:

ইতি—শ্রীশ্রীকিত্তিবাস বিরচিতং শ্রীরামের গয়া সমাপ্ত।
ইতি সমাপ্ত তবয়া চটিতে হইল ॥

---

53. রামায়ণ—রামচন্দ্রের গয়াপালা

RĀMĀYAṆA, RĀMCANDRER GAYĀPĀLĀ

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 13¼ × 4¾ inches. Folia 1-14 marked by two sets of figures. Lines 9 on a page. Date 1267 B. S. (1861 A.D.). Complete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীকৃষ্ণ। গয়া পালা লিক্ষ্যতে ॥

রামং লক্ষন পুর্ব্বজ মিত্যাদি।
একদিন কৈলাসেতে পার্ব্বতি সংঙ্কর।
আনন্দে বসীল সীংহাসনের উপর ॥
দুই পুত্র বসীল কাত্তিক লম্বোদর।
ভোগ ভুত পিচাষ বসীলা সহচর ॥
জোড় হস্তে করি দুর্গা কহে নিবেদন।
কৃপা করি আমারে সুনাহ রামায়ন ॥
সকল পুরান সুনিআছি তুমার ঠাঞী।
রামায়ন কিন্তু ন কখন সুনি নাঞী ॥
সিব বলে শুন প্রীআ সুনহ রামায়ন।
কোন প্রসঙ্গ সুনিতে সাধ তুমার মন ॥
পার্ব্বতি বলেন নাথ নিবেদন করি।
রোঘুনাথের গয়াকিত্তি সুনাহ ত্রিপুরারি ॥
রামায়ন কহিতে সিবের হৃদয় উল্লাস।
বাল্মীক বর্ক্কিয়া গীত গাইল কিত্তিবাস ॥ * * ।
পাদুকা মাথায় করি ভরত গেল দেসে।
সিতা রাম লক্ষন রোহিলা বনবাসে ॥
বাপের মরন সুনি প্রভু নারায়ন।
হেট মাথা করি প্রভু করেন রোদন ॥
দুই চক্ষু জল ২ ভিজে পেস্থে রেখা।
বিসাদ ভাবিয়া রাম লক্ষনে কন কথা ॥
শ্রীরাম বলেন ভাই প্রানের লক্ষন।
বড় অগখন হইল এ তিন ভূবন ॥

চারি পুত্র থাকিতে অনাথীতে গেল বাপ।
ভাবিতে অন্তরে তাই পাই মনস্তাপ॥

End :

জত ২ বংস হব তোমা সভাকার ঘরে।
জুগে ২ গজে জেন এই কথ্য করে॥
এত শুনি দ্বিজবর বিদায় হইল।
সিতা রাম লক্ষন তিন জনা চলিল॥
গয়াতির্থ প্রকাশীয়া দিল রঘুপতি।
জুগে ২ রোহিল গয়াতির্থের খেয়াতি॥
গয়ায় পিণ্ড দিলে পিতৃলোক হয় পার।
জননির রোব হয় দুষ্কের একবার॥
এই কথা শুনি জেবা করয়ে ভকতি।
তার পিতৃলোকে রাম করেন মুকতি॥
বাপের গয়া করিয়া চলিল রঘুনাথ।
তিন জনা চলি জায় অপুর্ব্ব দেখিতে॥
আগু রাম মোদ্ধে সীতা পর্শ্চাতে লক্ষন।
পিত্রিলোক ত্রান করি চলে তিন জন॥
বনে ২ তিন জনা জান বাটে ২।
দেখিতে ২ সব জান পথে ২॥
শুনিলে গয়াতির্থ কথা পাপ বিমোচন।
অরন্নকাণ্ড গান কিত্রিবাস বিচক্ষন॥

Colophon :

ইতি—শ্রীরাম চন্দ্রের গয়া সমাপ্ত। লিখিতং শ্রীপ্রান কৃষ্ণ নন্দী লেখিয়া থরেখতি। পরগনেতে বিষ্ণুপুর মাক্কাম বশতি॥ পটনাপে শ্রীপীআরি দাস বাবাজী ইতি সন ১২৬৭ সাল তা, ১২ চেইত্রী। (কায়েথী অক্ষরে) নীগীজ শ্রীপরান কৃষ্ণদাস নন্দী সাকীম মাঙ্গা—সাং সোভন গ্রাম।

---

54. রামায়ণ—অরণ্যকাণ্ড, গয়াপালা।

RAMAYANA, ARAṆYAKAṆḌA

GAYAPALA.

BY

KṚTTIVASA.

Substance, country-made paper 13×4¼ inches. Folia 1-10 Lines 12 on a page. Date, 1271 B. S. (1864 A. D.) Appearance, discoloured. Complete. Place of find, *Bankura*.

Fol. 5 obv.

ত্রিপদি।

ফাল্গু নদির কুলে : অক্ষয় বটের তলে :
বসিলা জানকি দেবি সিতা।
হাতেতে করিঞা বালি : খেলিছেন চক্রাবলি :
শুন ২ অদ্ভুত যে কথা॥
মনেতে ভাবনা করে : পুর্ব্ব কথা স্মরে :
বিনিদ্রতে হইল নৈরাস।
প্রভু রাজকুমার : জল সন নাই তার :
কোন স্রোতে রৈল কোন বাস॥
জত ত্রিবিধির রাজা : তার করে সেবা পূজা :
নানা ধনে ছিল ধনবান।
জেন সব উপহার : নৈবিদ্ধ যে সত তার :
ফল মুলে দিবেন পিণ্ডদান॥
থাকিঞা বনজপথে : খেলিছেন দশরথে :
জোড়হস্ত করি রাজা যায়।
হইঞাছ মুক্তিমান : মাগে রাজা পিণ্ডদান :
কৃত্রিবাস ঐ রস গান॥

Colophon :

লিখিতং শ্রীনবিন চন্দ্র দাস। সাং কেন্দু।
ইতি সন ১২৭১ সাল তাঃ ২৭ আশিন।

---

55. রামায়ন—রঘুনাথের গয়াপালা।

RĀMĀYANA, RAGHUNĀTHER GAYĀPĀLĀ.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 9¼ × 3¾ inches. Folia 1-6 marked by two sets of figures. Lines, 6-7 on a page. Appearance, about 50 years old; worm-eaten in part. Incomplete. Place of find *Bankura*.

Fol. 4 obv.

গয়াতির্থ সিতারাম করিলা প্রকাস।
আজি দসরথ রাজা জানে সর্ব্ব বাস॥
রাম বলে সন ভাই অপুর্ব্ব কথন।
গয়াতে করিব সিতার চার্ষ্ঘ জে তর্প্পন॥
লক্ষন বলেন প্রভু সুন রঘুমনি।
বোনের উপরে বোন দিতে ভয় মানি॥
স্থানে ২ তির্থ আছে পিথিবি ভুবনে।
তথা পিণ্ড দিলে কেন না হয় তারনে॥
গয়ার মাহিত্য কিসে এতেক বাখান।
পঞ্চম নরকে সেই হয় পরিত্রান।
কিসে বা মাহিত্য হইল সুন ভগবান।
লক্ষনসিতাথ কথা শ্রীরামে বুঝান॥
রাম বলে সন সিতা জনকনন্দিনি।
সুন হে লক্ষন ভাই অপুর্ব্ব কাহিনি॥

---

56. রামায়ন—অরণ্যকাণ্ড, সীতাহরণ।

RĀMĀYANA, ARAṆYAKĀṆḌA SĪTĀHARAṆ

BY

KṚTTIVASA

Substance, country-made paper, 14 × 5 inches. Folia, 1-6 marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, *Bankura*

Beginning:

১ শ্রীশ্রীহরি॥ সিতাহরন লিক্ষতে॥

রামেরে বন্দিল আসি সিতা ও লক্ষন।
সিতালক্ষন করিল রামে চরণ বন্দন॥
লক্ষন বলেন রাম তুমি নিষ্ঠুর আপনি।
রাক্ষস মারিআ প্রভু রাখিলে জত মুনি॥
সিতা লক্ষন রামের গাএর রক্ত পাখালি।
স্নান করিআ ঘরে জান রাম মহাবলি॥
সিতার তরে কহেন রাম জুর্দ্ধের কাহিনি।
কৌতুকে সিতা লইআ পোহাল্যা রজনি॥
রামের বিক্রম এত সুর্পনখা দেখে।
সাগর পা[র] হয়া রাখি জায় রক্তপিলে॥
রাবনকে কহিতে জায় সাগরের পার।
নাক নাঞী কান নাঞী বিকট আকার॥
জার কাছে জায় রাখি সেই ভয় করে।
ঘর দুয়ার পাইআ জায় রাবন যাইবারে॥
রাজা খণ্ড লইআ রাবন আছে পরিচ্ছেদে।
কস্তুরি কুম ২ রাজার সোভে মুখমদে॥
পাত্র মিত্র বসিয়া রাছে সকল রাক্ষসগন।
সুর্য্যের তেজ জেন নিকলে কিরন॥
ব্রহ্মার বরে রাবন রাজা কারে নাঞী গুনে।
চন্দ্র সুর্য্যের স্তুতি করে রাজা দর্শ[ ]নে॥

End:

অগ্নির তেজেতে আমি সংসার জিনি।
দেব অবতার আমি মানুস নাঞী গনি॥

হেন রাজা ঘরে আইলে গৌরব না করি।
মাস্থ বেটার গৌরব করিল যামার বরাবরি॥
বাপে ঘুচাইল রামের রাজ্য অধিকারী।
তোমারে কাটীলে রাম কি করিতে পারি॥
কনিষ্ঠ ভাই ভরথ রাজা কোথা ব্যবহার।
তাড়াইআ দিল রামে করিয়া প্রহার॥
অতি অল্প বুদ্ধি রামে অল্প বিক্রম।
ভোকে লোকে বেড়ান করি পরিশ্রম॥
বুদ্ধি-হিন রাম সহজে মানুস জাতি।
রাক্ষস হইআ তোরা থুইলি অখ্যাতি॥
ইন্দ্র যদি করিয়া আদি নিসেধ দেবগন।
তবু সিতাও আনিবেক অবস্থ মরন॥
রামে ভাণ্ডাইয়া * * ।

End :

হের আস্ত হনুমান পাত ভুইকর।
মানিক অঙ্গুরি দিবে সিতার গোচর॥
দেখিলে অঙ্গুরি সিতা আনন্দ হইব।
তবে সে প্রানের সিতা প্রত্যয় জাইব॥
অঙ্গুরি লইয়া হনু করিল পয়ান।
এতদুরে পালাসাঙ্গ কবিচন্দ্র গান॥

Colophon : ইতি সিতাহরন সামাপ্ত। লিখিতং শ্রীগঙ্গারাম দাসাস্ত। সা° মদনমোহনপুর পরগনে বালিগড়ি পাঠনার্থে শ্রীরাম জয় দাস পালস্য সা° মদনমোহন পুর পরগনে বালিগড়ি। সন ১১৯৭।

তা° ৭ পৌউস—মোঙ্গলবার বেলা এক পোহ থাকিতে হইল।

---

57. রামায়ণ-অরণ্যকাণ্ড সীতাহরণ।

RĀMĀYAṆA, ARAṆYAKĀṆḌA, SĪTĀHARAṆA.

BY

KAVICANDRA.

Substance, country-made paper; 10 × 3¼ inches. Folia 1-10; marked by two sets of figures. Lines 7 on a page. Date 1197 B.S. (1791 A. D.). Appearance, discoloured. Complete. Place of find, *Bankura*.

Beginning :

৺ ৭ শ্রীশ্রীহরি॥
রাম ২ প্রভুরাম কমল লোচন।
সিতার প্রান রঘুনাথ লোকের জিবন॥
এরূপে রহে রাম অঘোর কাননে।
বনালা বিচিত্র কুড়্যা ভাই দুইজনে॥
সেই কুড়্যা ঘরে রহে সিতাঠাকুরানি।
হাথে গণ্ডি করি লক্ষন জাগেন আপুনি॥

58. রামায়ণ-অরণ্যকাণ্ড সীতাহরণ পালা।

RĀMĀYAṆA, ARAṆYAKĀṆḌA, SĪTĀHARAṆA PĀLĀ.

BY

KAVICANDRA.

Substance—country-made paper; 13 × 4¼ inches. Folia 1-4; marked by two sets of figures. Lines 10 on a page. Date, 1216 B. S. (1810 A. D.). Appearance, worn-out and injured. Complete. Place of find, *Bankura*.

Fol. 2 obv.

পালিতে সিতার সত্য ভাই দুইজন।
সিতা লক্ষন সহিত শ্রীরাম আলা বন॥
তার নারি সিতা দেবী লক্ষীর সমান।
নইলে তাহার নাম হারাবে পরান॥
এত শুনি রাবনের রক্ত জলা গেল।
পাকল নয়ানে কিছু ভঙ্গিতে লাগিল॥
কোন তুচ্ছ রাম লক্ষন দশরথের নন্দন।
দেবাসুর তিন লোকেতে কেবা সহে রন॥

শুনিয়া রাবন রাজা উনমত্ত হইল।
কামে মদ ২ রাজা পাপে মন দিল॥
হেন কালে কালনিমা কহিছে বচন।
মোর বাক্য শুন রাজা কহি লহ মন॥
ধরিয়া মৃগের বেস করিবে গমন।
সন্নাসির বেসে জাহ ভিক্ষার কারন॥
শুনিয়া রাবন রাজা আনন্দ হইল।
কে জাবে আমার সঙ্গে সত্য করি বল॥
ভবিশ্ব নামেতে এক রাক্ষসি আছিল।
আমি সঙ্গে জাব বলি রথ সজাইল॥
চালিলেন দুহেঁ রথে হরসিত মনে।
উপনিত হৈল গিয়া কুঞ্জ্যা সন্নিধানে॥
একবার দেখা দিয়া আরবার লুকায়।
দুরে হৈতে রামচন্দ্র দেখিবারে পায়॥

End :

শ্রীরাম বলেন আস্ত পবননন্দন।
একে বিলম্ব বাপু হৈলা কি কারন॥
হনুমান বলে প্রভু নিবেদি চরনে।
প্রতায় না জাবে সিতা আমার বচনে॥
এত শুনি রাম চন্দ্র কহেন তখন।
আমার অঙ্গুরি তুমি লহ নিদর্শন॥
কহিও এসব কথা পবননন্দন।
তোমা হৈতে বাচে জেন আমার জিবন॥
প্রনাম করিয়া হনু বিদায় হইল।
বানর সকল রাম জয় ২ শব্দ কৈল॥
পবনের ভরে চলে পবননন্দন।
শ্রীরাম মঙ্গল দ্বিজ কবিচন্দ্র গান॥
শ্রীরাম মঙ্গল দ্বিজ কবিচন্দ্র গায়।
এতদুরে সিতা হরন পালা হৈল সায়॥
শুনিতে কৌতুক বড় রাম অবতার।
কত জত্নে ব্রহ্মা আদি করিল প্রচার॥

Colophon : ইতি সিতাহরন পালা সম্পুর্ন। যথাদৃষ্ট মিত্যাদি। ইতি সন ১২১৬ সাল তারিখ ১৭ পৌষ রোজ শুক্রবার বেলা চারিদণ্ড থাকিতে সংপুর্ন।

---

59. রামায়ণ-অরণ্যকাণ্ড, সীতাহরণ পালা।

RĀMĀYAṆA-ARAṆYAKĀṆḌA

SĪTĀHARAṆ PĀLĀ

By

KAVICANDRA

One piece of country-made paper ; appearance, about 100 years old.

Beginning :

শুক কহে শুন রাজা করহ শ্রবন।
এক চিত্তে শুন রাজা সিতার হরন॥
এইরূপে রহেন রাম অঘোর কাননে।
বনাইল দিব্য কুঞ্জ্যা ভাই দুইজনে॥
সেই কুঞ্জ্যা ঘরে থাকে সিতা ঠাকুরানি।
রাতে গণ্ডিবান করি জাগেন আপনি॥
নিদ্রাকে লক্ষন জে মাগিয়া নিল বর।
নিদ্রা না হবির তুমি এ চৌদ্দ বৎ[স]র॥
জদবদি রামচন্দ্র দেসে নাই জায়।
তদবধি নিদ্রা তুমী না ধর্ম্মা আমায়॥
বিদায় হইআ নিদ্রা অন্তরে জায়।
জোড় হস্ত করি নিদ্রা হইল বিদায়॥

End :

প্রথমে রাবন মৃগ ছিতিয়ে দর্পন।
ত্রিতিয়ে জানকী মৃগ চোতুর্থে রাবউন॥
এই কাজ্য কর বাপু পবননন্দন।
শ্রীরামের কাজ্য কর বুঝ্যা সুলক্ষন।
এতু বলি হনুমান করিল গমন।
এতদুরে সাঙ্গ হইল সিতার হরন॥
রামায়ন পুরান দ্বিজ কোবি চন্দ্র গায়।
লোক জোগ দুরে জায় জে জন গাবায়॥

Colophon :

শ্রীশ্রীরামচন্দ্রায় নম। সিতা হরন পালা সমাপ্ত। যথা দৃষ্ট মিত্যাদি। এই পুস্তক শ্রীজগন্নাথ দাস।

60. রামায়ণ-অরণ্যকাণ্ড, সীতাহরণ।

RĀMĀYAṆA, ARAṆYAKAṆḌA SĪTĀHARAṆ

BY

KAVICANDRA.

Substance, country-made paper; 14×5 inches. Folia. 1-9, marked by two sets of figures. Lines 8 on a page. Date 1232 B. S. (1825 A. D.). Complete. Place of find, Burdwan.

Beginning:

রাম ২ পুত্তুরাম কমল লোচন।
সিত্যার প্রাননাথ লোকের জিবন॥
এইরূপে রহে রাম অঘোর কাননে।
বনাল বিচিত্র কুড়্যা ভাই দুই জোনে॥
সেই কুড়্যা ঘরে রহে সিত্যা ঠাকুরানি।
হাথে গাণ্ডি করি লক্ষন জাগেন আপনি॥
নিদ্রারে লক্ষন বির মাগিছেন বর।
নিদ্রা না আইস মোরে এ চৌদ্ধ বৎসর॥
জদবধি রামচন্দ্র দেশে নাঞী জায়।
তদবধি নিদ্রা তুমি না ধর আমায়॥
লক্ষন বচনে নিদ্রা হইল বিদায়।
বিদায় হইয়া নিদ্রা স্থানান্তরে জায়॥
হাথে গাণ্ডি এইরূপে জাগেন লক্ষন।
খণ্ডেন না জায় ভাই বিধির লিখন॥
খণ্ডেমা রাক্ষসি এক বানরের চর।
চারিধারে গেল সেই বোনের ভিতর॥
আচম্বিতে সিত্যাদেবির রূপ দেখা গেল।
সিত্যার রূপ দেখি পাপি মূর্চ্ছিত হইল॥
চেতন পাইয়া পুন্থ চতুর্দিগে চায়।
দুইগোটা বির বৈসে দেখিবারে পায়॥
ত্রাস পায়্যা রাক্ষসিটা পালায় সত্বর।
উপনিত হইল গিয়া রাবনগোচর॥
রাক্ষসি বলেন রাজা নিবেদন চরনে।
বোন মাঝে কুড়ে এক বদ্ধ বিচক্ষনে॥

End:

হের আইল হনুমান গাত তুলি কর।
মানিক অঙ্গুরি দিবে সিত্যার গোচর॥
দেখিলে অঙ্গুরি সিত্যা আনন্দ হইব।
তবে সে প্রানের সিত্যা প্রত্যয় হইব॥
অঙ্গুরি লইয়া হনু করিল পয়ান।
এতদূরে পালা হইল সায় কবিচন্দ্র গান॥

Colophon: ইতি সিতাহরন পালা সমাপ্ত। লিখিতং শ্রীরাজারাম বন্দোপাধ্যায় সা° আকাণ্ডা মদনমোহনপুর। এই পুস্তক শ্রীমুক্তারাম বন্দোপাধ্যায় সা° আকাণ্ডা সন ১২৩২ সাল তা ৮ ভাদ্র রোজ ২ সমবার বেলা দুই দণ্ডের সময়ে সমাপ্ত॥

---

61. রামায়ণ অরণ্যকাণ্ড, সীতাহরণ পালা।

RĀMĀYAṆA, ARAṆYAKĀṆḌA SĪTĀHARAṆ PĀLĀ.

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia 1-7; marked by two sets of figures. Lines 9 on a page. Date, 1248 B. S. (1841 A. D.) Appearance, worm-eaten in part. Complete.

Beginning:

৺শ্রী শ্রীশ্রীরাধাকৃষ্ণ। অথ সিতাহরন লিক্ষতে॥
রাম বলেন শুন ভাই প্রানের লক্ষন।
আমায় ছেড়ে কোথাছিলে সুমিত্রানন্দন॥
কে আছে কোথা আর করি নিবেদন।
সকল ছেড়ি সার করেছী জানকি চরন॥
এস একবার কোলে করি প্রানের লক্ষন।
তোমা কোলে করো আমার জুড়াক জিবন॥
কোলে কাঞা নাঞি পুন্থ নজ্জানকোনে চাঅ।
লক্ষা করে রাজাগন মাথায় তুলে দায়।
রাম বলেন শুন ভাই প্রানের লক্ষন।
বোনমধ্যে আজি কিছু করায় ভোজন॥

ফল তুলিবারে জান সুমিত্রানন্দন।
আজি আমার ভোজন করিবেন নারায়ন॥
আজি আমার সদয় হইবে দারুন বিধি।
ভোজন করিবেন আমার রাম গুননিধি॥
আমলা হত্তুকী ফল তুলিয়া জতনে।
আনন্দেতে ফল তুলেন সুমিত্রানন্দন॥
আনন্দেতে ফল খাবেন রাজিবলোচন।
আমারে বলিবেন ফল খাহরে লক্ষন॥
ফল আনি দিলা লক্ষন শ্রীরামের স্থানে।
তিন অর্দ্ধ * ফল রাম করিলা ভোজন॥
জানকির হাথে ফল দিলা নারায়ন।
আর এক অর্দ্ধ ফল ধরেন লক্ষন॥
ধরিতে বলিলা ফল ধরিলা লক্ষন।
অন্তরে রোদন করে সুমীত্রানন্দন॥

End:

ছইজনে কেন্দে ২ করে অন্নাসন।
কোনখানে সিতার না পাই অন্নাসন॥
জোড় করি বসে তখন বিনতানন্দন।
জোড় কর করে বলে সুন নারায়ন॥
সিতা হরে লয়ে গেল লঙ্কার রাবন।
রাম বলে সুন ভাই প্রানের লক্ষন॥
সক্ষেত্র সংবন্ধ কর সুমিত্রানন্দন।
আমার বচন সুন রাজিবলোচন॥
বিনতানন্দন তবে বলে জোড় করে।
এইবার সেই জেন জাই সপ্ত পরে॥
সংবাদ পাইল তবে রাজীবলোচন।
লক্ষন লইঞা রাম করেন বিধান॥

Colophon: ইতি সিতাহরন সমাপ্ত। লিখিতং শ্রীমুক্তারাম বাড়ুজ্যা। শুক্রবার তিব্রদশি রাত্রি এক পরে। সিতাহরন সমাপ্ত হইল এতদূরে॥ সন ১২৪৮ সাল তাং ১১ কার্ত্তিক।

* অর্দ্ধ

---

62. রামায়ণ—অরণ্যকাণ্ড।

RAMAYANA, ARANYAKANDA

By

RAGHUNANDANA

Substance, country-made paper: 14×5 inches. Folia 4-66. Lines 12 on a page. Appearance about 100 years old; worm-eaten, writing effaced in part. Incomplete. Place of find, *Bankura*.

Begins with:

বিষ্ণু কহিছেন তুমী ভুমির ভিতর।
প্রবেস করহ তুমী চাহি এই বর॥
তথাস্ত বলিয়া পুন্ন গয়াসুর কয়।
কিছু বর তোমারেও মোরে দিতে হয়॥
মোর সিরে দাও তুমি স্রাপন চরন।
সেই ভরে আমি করি ভুমে প্রবেসন॥
* * সিরে চরন সমর্পন।
জেন তারা চিহ্ন ** সুশোভন॥
তাহাতে করিবে জারে পিণ্ড বিতরন।
পাপমুক্ত হএ জাবে স্বর্গে সেইজন॥
জে দিবসে [পা]পি পাপে মুক্ত না হইব।
সেই দিনে ** ভুমী হইতে উঠিব॥
তথাস্ত বলিয়া তবে দিলা গদাধর।
দক্ষীন চরন তার সিরের উপর॥
সেই ত অসুররাজ কিবা ভাগ্যবান।
জার সিরে পদদান কৌলা নারায়ন॥
জে চরন দেখিতে না পায় জোগীগন।
অর্চ্চন করএ জারে বিধি পঞ্চানন॥
তবে প্রবেসীলা সেই অসুর প্রবর।
বিস্তর পদভরে ভুমির ভিতর॥
তার দেহ বিস্তারিতে পাচ [ক্রোশ] ছিল।
তাবৎ প্রমান স্থান [পবিত্র] হইল॥
এখানেতে স্নান দান পিণ্ড সমর্পন।
জপ জোজ্ঞ আদী ক্রিয়া পরম পাবন॥

আছিল তাহার সির ক্রোদেক বিস্তার।
হস্তিসম পবিত্র তা হৈলা তে তাহার॥

End: Fol. 66 obv.

এইরূপে দেখাইয়া সকল কানন।
সবরী আশ্রমে আসি রামচন্দ্রে কন॥
দেখিলেন আপুনি মুনির তপোবনে।
আজ্ঞা দাও এবে মোরে প্রবেসি দহনে॥
আপুনিহ কিতার্থ করিয়া এদাসীরে।
জাইবেন ঋষ্যমুখ নাম সিখরেতে।
সেখানে সুগ্রিব সঙ্গে করিয়া সমিতা।
অনায়াসে উদ্ধারিবে আপন বনিতা॥
এত কহি শ্রীরামচন্দ্রর আজ্ঞা নিয়া।
চিতা বিরচিলা স্বর্গে গ্রিন কাষ্ঠ দিয়া॥
তাহে ঝম্প দিয়া রামে করিলা প্রনতি।
কৃতাঞ্জলি হয়া স্তুতি করেন সুমতি॥

---

63. রামায়ণ কিস্কিন্ধ্যাকাণ্ড।

RĀMĀYAṆA, KIṢKINDHYĀ-KĀṆḌA

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 13¼ × 4½ inches. Folia 22 by counting. Lines 9 on a page. Appearance, about 225 years old; worm-eaten and injured. Incomplete. Place of find, *Bankura*.

Beginning:

তোমরা দুই বানরের দেসে আইলে কোন কাজে।
জানিতে পাঠাইল মোরে সুগ্রিব বানররাজে॥
সুগ্রীব বানররাজ সভাতে গোচর।
সুগ্রিবের পাত্র আমি হনুমান বানর॥
রাজা[র] হনুমতি লঞা আইলাঙ তোমার পাস।
তোমা সনে মিত করিতে সুগ্রিবের অভিলাস॥

হনুমানের বচনে রাম হরসিত।
শ্রীরাম বলেন ভাগ্যে পাইল সুগ্রিব হেন মিত॥
শ্রীরাম বলেন আহ লক্ষন হনুমানের বচনে।
সু[গ্রি]বের পাত্র সনে কর সম্ভাসনে॥
লক্ষন বলেন দসরথ রাজা হইল সুর্য্যবংসে।
তার জেষ্ঠ পুত্র রাম লোকেত প্রসংসে॥
লক্ষন নাম সভাই ভাই রামের অনুচর।
সিতা নামে রামের [ভার্য্যা] নিলেক নিসাচর॥
কবন্ধ দানব হৈতে পাইল উদ্দেস।
সুগ্রিব বানর হৈতে গুচিবেক ক্লেস॥
* * * সুগ্রিবের দেসে।
রাজ গোচর করিঞা দেহ সুগ্রিবের পাসে॥

End:

সৌতন দুই পাখা হইল পাখির দেখিতে ২।
সুন্দর পাখা দেখিঞা সব বানর হরসিতে॥
অঙ্গদ যুবরাজ আর মন্ত্রি জাম্বুবান।
নল নিল হরসিত বির হনুমান॥
গয় গবয় গবাক্ষ সরভ গন্ধমাদন।
বানর সব খুসি হইল পাখা দরসন॥
সকল বানর মিলিঞা শ্রীরামে বাখানি।
সম্পাতির পাখা হইল সভে তা শুনি॥
জয় ২ শব্দ হইল সকল বানরগনে।
রাম বিনে গতি নাই এ তিন ভুবনে॥
সম্পাতির দুই পাখা দেখিতে সুন্দর।
সম্পাতির পাখা দেখি সকল বানর।

CENTRAL LIBRARY

64. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড।

RĀMĀYAṆA, KIṢKINDHYĀ-KĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia 1, 2 rev, 7-28 marked by two sets of figures. Lines 12 on a page. Appearance about 225 years old; injured; writing effaced in part. Incomplete. Place of find, *Bankura*.

Fol. 7 obv.

রামের চরনে স্থগ্রিব স্বঞাজিঞা মাথা।
রিসিমুখ পর্ব্বতে স্থগ্রিব কহে কথা ॥
স্থগ্রিব বলে তুমার বিক্রম ত্রিভুবনে পুজে।
ত্রিভুবন জিনিতে পার আপনার তেজে ॥
সুর্য্যের তেজে অগ্নির তেজে পুড়োএ সংসার।
রাম বলেন তোমারে ২ কেনে বিসাদ ॥
কন কাজে পড়িল এতেক প্রমাদ।
স্থগ্রিব বলেন রাম কহি বিবার নাই জানি।
দুই ভাএর বিবাদের সুনহ কাহিনি ॥
দুন্দুবি নামে অসুর বাড়িল সংসার ধরে।
এক সহস্র মর্ত্ত হস্তির তেজ একা ধরে ॥
বিক্রমে দুর্জ্জয় অসুর কাহা নাই চিনে।
সমুদ্রে হাঁকারে গিঞা যুঝিবার মনে ॥
সমুদ্র বলেন তোমার সনে যুদ্ধ নাই আইসে।
হিমাল পর্ব্বত জাহ যুদ্ধের উদ্দেসে ॥
হিমালয় পর্ব্বত মহাদেবের সোশ্বর।
তোথা গেলে তোমার দর্প হবেক চুর ॥
ধনুকের টানে জেন সিয় ছুটে বান।
শ্রীঙ্গে উজলি পর্ব্বত করে খান ২ ॥
পর্ব্বত বলে দুন্দুবি তুমি বলে মহবলি।
আমার উপর অস্ত্র ফেলাসি উজালি ॥

End: Fol. 28 rev.

প্রবোধ পাইল রাম স্থগ্রিবের আস্বাসে।
কিচ্কিন্ধ্যা কাণ্ড গাইল পণ্ডিত কিত্তিবাসে ॥ ** ॥
পশ্চিমদিগে সুসেন বাহি করিয়া প্রয়াস।
সিতা চাহিতে প্রবর্ত্তে গেল একমাস ॥
সর্ব্ব প্রানি বর্জ্জিত অতি দুর্গম দেশ।
তথির ভিতর বানর করিল প্রবেস ॥
নিজম দিন বহিয়া গেল রাজাকে হইল ডর।
জিবনের আসা ছাড়েন সকল বানর ॥
ফল মূল বর্জ্জিত গাছ দেখিল বনস্থলি।
হস্তি সিংহ নাই পাখি পাখিআলি ॥
আহার পানি কিছু নাঞি কিউ রহিব কিসে।
মরনের ডর ছাড়িঞা হেন বন পৈসে ॥
দস বৎসরের ব্রাহ্মন পরম সুন্দর
বন জন্ত খাইল তারে বনের ভিতর ॥
বস্তু নামে মুনি পুত্রের পাইল তাপ।
পুত্রশোকে মুনি বনেরে দিল সাঁপ ॥

---

65. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড।

RĀMĀYAṆA, KIṢKINDHYA-KĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 13×5 inches. Folia 6-9, 12-14, 17-18, 20-24, 26-28, 33-38, 40-43, marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 200 years old; discoloured and injured in part. Incomplete. Place of find Bankura.

Begins with:

মধু পানে মত্ত হঞা লোহিত লোচন।
মর্ত্তজন মারিয়া মোর কোন প্রয়োজন॥

প্রাণ দান দিল তোরে আজিকার তরে।
আজি রাত্রি বঞ্চ গিঞা সুখ সঞ্চারে॥
রাত্রি প্রভাতে কালি প্রভুস বেহানে।
রনদর্প চুর করিঞা মারিব পরানে॥
চন্দ্রাতি বলে লোকে পেলি মর্ত্তজান।
মর্ত্তজনের ঠাকি আজি হারাবে পরান॥
ঘুমাইলে নাই তুমি নিন্দাইলে নাহি মারি।
সুখ রাত্রি বঞ্চ গিয়া লইয়া বানরি॥
হাসিল বালি রাজা শুনিঞা শ্রবনে।
কালিকাকে না ধুইব লইমু পরানে॥
সেনানি দিয়া শ্রীগনে পাঠাইল অন্তঃপুর।
সিংহনাদ ছাড়িয়া বলে শুনরে মহিনাসুর॥
পরের বল না জানসি রথার পাঞা বরে।
এখন প্রান ছাড়িবে তুমি আমার প্রহারে॥
রনে ভঙ্গ না দিহ তুমি হইহ সুস্থির।
দুই শৃঙ্গ উপাড়িয়া চুর করিব সে শির॥
সিংহনাদ পরে বালি ভেড়িয়া কাকালে।
এক গুন বজ্রমালা দ্বিগুন করি দিল গলে॥

End :

ফল ফুল খাবার তরে গন্ধর্ব্ব সব আইসে।
তাহার হাথে পড়িলে তুমার জিবন কিসে॥
কুপিলে গন্ধর্ব্ব হএ অগ্নিমুরতি।
ফল মূল ছিঁড়িলে তাহার নাঞি অব্যাহতি॥
সিন্ধু নদির ফল মূল না খাইহ কোপের তাপে।
গন্ধর্ব্ব পাইলে তোমা মারিবেক কোপে॥
সিন্ধু এড়িঞা জাবে পশ্চিম সাগর।
চক্রনামে পর্ব্বত দেখিবে সাগর ভিতর॥
কোটি সাগর ডিঞা জা * *

---

66. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, KIṢKINDHYĀ KĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13½ × 4½ inches. Folia 1-4, 22-26, 29-31, 33; marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 150 years old; discoloured. Incomplete. Place of find, *Bankura*.

শ্রীশ্রীরামায় নমঃ॥

সাবধান হইয়া শুন কিস্কিন্ধা পাঁচালি।
শ্রীরাম সুগ্রীবে জাথে মিত্র মিতালি॥
দুই ভাই উঠিলা জাথে পর্ব্বতশিখরে।
বড় ভয় পাইল সুগ্রীব পঞ্চ জে বানরে॥
সুগ্রিব বলে হনুমান দেখ দুই তপসি।
তপসি হয়া ধনু ধরে বড় ভয় বাসি॥
তপসির বেসে আইল দুই ধনুধর।
আমাকে মারবে পাছে বালি জে বানর॥
বুদ্ধির সাগর বড় বালি মহারাজে।
আমা মারিতে দু তপসি আনাইলা পাছে॥
সুগ্রিবের বোলে বানর স্থির নাঞি বাঁধে।
লাফ দিঞা উঠে জায় ডাগর গাছের গাছে॥
কোন গাছ সহিতে নারে বানরের হাফাল।
ফল মূল সহিতে পড়ে সাল জে পেয়াল॥
গাছের ডালে ডালে পালায় পঞ্চ বানর।
নায় মহিল পালায় গাণ্ডার সুন্দর॥
লাফে ২ সিংহ পালায় ছাড়ি সিংহনাদ।
রাম লক্ষ্মণ[প]হল্যা লোক গুনিছে প্রমাদ॥

End :

রাম্ম মহিল সিংহ গণ্ডার ভল্লুকে।
জার জেই জাগো ছুব সুক করেন সভাকে॥
চলিতে না পারি তোমা গেলাম মহী হুথে।
দুরে বসিঞা রহিলাম দেখি ডাকে কি না ডাকে॥

দেখিল যেখানে তুমি আমার দুর্গতি।
এত এত পঙ্গু রঘুর এতহ সম্পাতি ॥
না কান্দ ২ পক্ষ প্রাণ কর রক্ষা।
হারাইল বল বিজ্ঞ পারে দুই পাখা ॥
পঙ্গু নন্দন তোমার নাম যে সম্পাতি।
পাপ নাশি যাএ তোমার সর্ব্বাঙ্গে দুর্গতি।
সকল জানিল তুমি না কান্দহ এত।
অতিরেকে দুষ্ট তোমার শুন হরিষেত।
রাম নামে হয় দশরথের নন্দন।
বাপের সত্য পালিতে শ্রীরাম আসিবে বোন ॥
রাম বনে মোহো জান রাক্ষস নিশাচরি।
রাম জিনিতে না পারি রাবন সিতা করিব চুরি॥

---

67. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড

RAMĀYAṆA, KIṢKINDHYĀ KĀṆḌA

BY

KṚTTIVASA

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-34. Lines 10 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find, Bankura.

Beginning:

৺ শ্রীশ্রীরামচন্দ্রায় নমঃ ॥
নমো বন্দো নমো বন্দো বাল্মিকি চরন।
স্লোক ছন্দে সপ্ত কাণ্ড রচিলা রা[মা]য়ন ॥
বাল্মিকের প্রসাদে রামায়ন প্রচার।
কিত্তিবাস পণ্ডিতা শিশু বুঝান সংসার ॥
ভক্তি ভাবে রামায়ন শুনে জেই জনে।
তাহাকে বর দেন রাম নারায়নে ॥
সংসারের সার রাম দেব চক্রপানি।
জাহার নাম স্মরনেতে দুষ্ট পাপি জিনি ॥
আনন্দিতে শুন কিত্তিবাসের পাঁচালি।
রাম সুধিবে বদন নিত দিতারনি ॥

হাতা দণ্ড হারাইলা রাম অযোধ্যাকাণ্ডে।
অরণ্যকে সিতা হরি নিল দশমুণ্ডে ॥
কাণ্ডে কাণ্ডে রাম চন্দ্র পাইয়া অপচয়।
কিস্কিন্ধ্যাতে দৈবদাত কটক সঞ্চয় ॥
অনাথ হইয়া রাম বেড়ান দণ্ডকে।
সহায় হয়্যা মিলিবেক বানর কটকে ॥
বানরের চাপ সহিতে নারিব লঙ্কেশ্বর।
কিস্কিন্ধ্যা কাণ্ড শুনিলে রামের পাই বর ॥
দুই ভাই উঠৈলা গিয়া পর্ব্বতশিখরে।
বড় ভয় মানিল তবে পঞ্চ বানরে ॥
পঞ্চ বানর উঠিল গিয়া পর্ব্বত উপরে।
সিংহ নাদ মহিস পাসান খুপরে।
সুগ্রীব বলে হেথা হইতে আন পর্ব্বত যাই।
তপস্বীর বেসে বালি আইলে তাহাকে ডরাই ॥
তপস্বীর বেস ধরে দুই সহদর।
আমা মারিতে পাঠাইল বালি বানর ॥

End:

সম্পাতির পাখা হৈল দেখিতে সুন্দর।
সত্য বচন বলিল ব্রাহ্মণ নিশাকর ॥
উড়িয়া জাইতে পারি গগনমণ্ডলে।
যৌবনের তেন হৈল বিক্রম বলে ॥
এত দিনে সিদ্ধ হৈল মোনের বাসনা।
রাম নামে পাখা হৈল কে জানিব সিমা ॥
এক ক্রোস গেলে দেখিবে দক্ষিন সাগর।
লঙ্কাএ দেখিবে সীতা রাক্ষসিভিতর ॥
সকল বানর মেলি মোরে দাও মেলানি।
হিমালয় পর্ব্বতে গিয়া দেখিমুই গিরিনী ॥
হিমালয় পর্ব্বতে মোর বন্ধুবান্ধব বৈসে।
যে কারনে জাব আমি তার সম্ভাসে ॥
বাপে পোএ পক্ষরাজ গগনেতে উড়ে।
বানর কটক লয়্যা অঙ্গদ দক্ষিন সাগর মড়ে ॥
রামের বরে পাখা পাইল পক্ষ সম্পাতি।
অধমের ধন পুত্র স্বর্গেতে বসতি ॥
অপুত্রক পুত্র পায় স্ত্রি পায় উত্তম পতি।
দুই লোক তরিতে রাম বই নাহি গতি ॥

কিস্কিন্ধ্যা কাণ্ড সাঙ্গ হৈল কীর্ত্তিবাসের গিতে।
শ্রীরাম কল্যান কর‍্য এ হেন সভাতে॥

Colophon :

কিস্কিন্ধ্যাকাণ্ড সমাপ্ত। ইতি। শ্রীরঘুহরিদেবশর্ম্মঃ।

---

68. রামায়ণ-কিস্কিন্ধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, KIṢKINDHYĀ KĀṆDA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-28 of which fol. 1, 2 and 27 are wanting. lines 9 on a page. Date 1224 B. S. (1817 A. D.). Appearance, much injured. Incomplete. Place of find, Bankura.

Fol. 3. obv.

জোড় হাথে রহে সুগ্রীব তপস্বীর আগে।
বালীরাজা ক্ষয় হউক এই বর মাগে॥
শ্রীরাম বলেন তখন শুনহ বানর।
বালিরে মারিয়া দিব কীষ্কিন্ধ্যা নগর॥
বালিরে মারিয়া রাজা করিব তোমারে।
প্রীতিজ্ঞা করিনু আমী তোমার গোচরে॥
এত শুনি বলিলেন রঘুর নন্দন।
জোড় হাথ করি বলে সুগ্রিব রাজন।
তব পিতা গোসাই আমি করিব উদ্ধার।
এই আমি তব আগে কৈনু অঙ্গীকার॥
এত শুনি বলিল সুগ্রীব মহাবলি।
শ্রীরাম বলেন আইস করিব মিতালি॥
মিতালি করিব আইস শুনহ রাজন।
উভএতে কাথা এখন করিব দুইজন।
এতেক বুঝিয়া সুগ্রীব হইল হরসিত।
মিতালি করিলা দুহে হয়্যা হরসিত॥

অগ্নীসাক্ষি করি দুহে করিল মিতালি।
আনন্দিত হয়্যা দুহে মিত ২ বলি॥
ভুবন পুজীত রাম এই মর্ত্ত্যাভুপালি।
বনের বানর সহ্য রামের মিতালি॥
কির্ত্তীবাস পণ্ডীতের কথা সুভক্ষনে।
জাহার প্রসাদে লোক রাম কথা শুনে॥

End :

অঙ্গদ বলে পক্ষ আমী আর কুড়ী বলি।
এক বানর আরা পিতার বাপ্য জাম্বুক সকলি॥
দেব দানবের পুত্র মোরা দেব অবতার।
কোন কার্জ্জে আমরা তোমারে দিব ভার॥
সম্পাতি বলেন আমি রামের কার্য্য করি।
রাম ২ বলিতে পাখা উঠে দুই সারি।
নৌতুন হইল পাখা দেখিতে সুন্দর।
রাম জয় করি বানর করিছে উত্তর॥
রাম বলিতে পাখা উঠে বানরে চমৎকার।
রাম ২ বল্য মোরা সাগর হব পার॥
বানর সহানি পক্ষ উঠেল আকাসে।
দুই পাখা নারিয়া পক্ষ জায় নিজ দেসে॥
পিতা পুত্রে পক্ষরাজ গেলেন উত্তর।
কটক সহ্য রহে অঙ্গদ দক্ষীন সাগর॥
কির্ত্তীবাস রচিল গিত অমৃতের ভাণ্ড।
এতদুরে সমাপ্ত হৈল কীষ্কিন্ধ্যাকাণ্ড।

Colophon :

ইতি কিস্কিন্ধ্যাকাণ্ড পুস্তক সমাপ্ত। ইত্যাদি। সন ১২২৪ সাল তারিখ ১০ অগ্রহায়ন। এ পুস্তক শ্রীমাধব চন্দ্র বিস্বাস সাং পাত্রসাএর মোকাঃ রঘুনাথপুর বিস্বাস পাড়া ৮ কালি চরন ঘোসের বাটীর পুর্ব্ব বাহার উত্তর বিস্বাস বিস্বাসের বাটীর পশ্চীম সোনাতন ভাণ্ডারির বাটীর উত্তর সোনার গড়্যার দক্ষীন। এই চতুর্সীমা॥

---

69. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড ।

RĀMĀYAṆA, KIṢKINDHYĀ KĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia-16-20. Lines 13 on a page. Appearance, about 100 years old; Incomplete. Place of find, Bankura.

Fol. 16 obv.

রাজারে চিয়াতে বানর নহে বুদ্ধি রচি ।
রাজারে চিয়াতে করে শব্দ কিচকীচী ॥
কিচিমীচি শব্দ শুনি রাজা উঠিয়া বৈসে ।
পাত্র মিত্র মেলি সভে সভাসনে আইসে ॥
লক্ষন দেখিয়া সভে কম্পীত অন্তরে ।
না জানি লক্ষন বির কোন কর্ম্ম করে ॥
আছিলেন হনুমান বুদ্ধে বৃহস্পতি ।
রাজা সম্ভাসিয়া বলে উত্তম ভূপতি ॥
কে মন্ত্রনা বলি গোসাঞি শুন মহাশয় ।
রাজমন্ত্রনা গোসাঞি জিনে নাঞি ভয় ॥
সাম্ভুন বানরে সীতা অনেক অন্তর ।
শ্রীরামের সনে মিত্রা হইয়া বানর ॥
ছত্র দণ্ড পাইলে তুমী যে রামের তেজে ।
জাহার প্রসাদে তোমায় সর্ব্বলোকে পুজে ॥
হেন সীতার কেন না করিলে উপগার ।
এক লোকে পর লোকে নাহিক উদ্ধার ॥
বরসা গেল গোসাঞি কটক আনিবার বেলা ।
রামের কথায় না করিল রঙ্গ রসে ভোলা ॥
রাজ্য দিয়া আছ তুমী শ্রীরাম কৌতুকে ।
রাত্র দিন কান্দেন রাম জানকির শোকে ॥
কোপ করি লক্ষন এলেন তব আগে ।
অনেক বলেন লক্ষন সহিবারে নারে ॥
জাহার প্রশাদ প্রতাপ তোমার ত্রিভুবনজি[f]না ।
তোমার ছত্র খুচাইল রাম রঘুমনি ॥

End:

কত ২ কহিলাম অন্ত নাই কহি ।
সবরে চাহিয়া তোমারা সিতা তবে দেহি ॥
শ্রীরামের রাজা কর আমার পিরিতি ।
সত্যে পার করহ বানর তোমার সবাহতি ॥
হেমগিরি জাইতে আনীতে একমাশ ।
এক মাসে না আইলে করিব বিনাস ॥
সিতা দেখিয়া আসিবেক যে মাসেক ভিতরে ।
তার সনে রাজা স্বামী করিব সত্বরে ॥
এক মাসের ভিতরে যে জন নহি আইসে ।
বানর বলিয়া তার না থুইব বংশে ॥
আসি বলি বন্দে সভে রাজার চরণ ।
চলিল উত্তর দিগে জত কপিগন ॥
কহিল সুগ্রিব রাজা উত্তর প্রকাস ।
উত্তর পাচালি গাইল কিত্তিবাশ ।

অতপর সুর্য্যবংশের বংশাবলী ।

---

70. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড ।

RĀMĀYAṆA, KIṢKINDHYA KĀṆḌA.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-26 marked by two sets of figures, Lines 9-11 on a page. Appearance about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

৺ ৭ শ্রীশ্রীহরি শ্রীঃ ॥ রামচন্দ্রায় নম ॥
কিস্কীন্ধাকাণ্ড লিখ্যতে ॥
মন্ত্র পেঞা পেয়ে † পুলকিত হইল হনু ।
পুলকে পুরিত হইল বানরের তনু ॥
হরিছে * রামের আগে জুড়ি দুটি হাথ ।
ত্রিভুবনে এক তিক্ষা দেহ রঘুনাথ ॥

* কহিছে । † প্রেমে ।

আমারে জেমন কৃপা কৈলে রঘুবর।
মোর সঙ্গে আছে এক সুগ্রীব বানর॥
বালি রাজার ছোট ভাই সুর্য্যের নন্দন।
আজ্ঞা জদি কর তারে ডাকি নারায়ণ॥
শ্রীরাম বলেন শুন অঞ্জনা কুমার।
তুমি জা বলিবে আমার তাই অঙ্গিকার॥
হোথা পর্ব্বতের শৃঙ্গে সুগ্রিব বসিঞা।
বিস্ময় হএছে রাজা রাঘবে দেখিঞা॥
না জানিএ তত্ব দিএ উঠিলাম পর্ব্বতে।
কে জানে কি জুক্তি করে হনুমানের সাতে॥
এই চিন্তা করে তখন সুগ্রিব বানর।
নিকটে জাইয়া কয় [অ]ঞ্জনাকোঙর॥
নাম হে সুগ্রীব রাজা সুত দিন হল্য।
বিরিঞ্চি বাঞ্চএ জারে শেই ধন এল॥
সিতার সত্ব পালিবারে আসিআছে বোনে।
নির্ম্মরুখে আগমন তোমার ভার্য্যা গুনে॥
আমার পুর্ব্বের পুন্ন আছিল সঞ্চয়।
নেত্রভরি * দেখিলাম কৌসল্যা তনয়॥
সুগ্রিব [ব]লে মোর পিত্যয় না হয় মোনে।
নিক্ষ মুলে কি জুক্তি করিলে কানে কানে॥
লিয়রে দারুন বৌরি বালি মহাবল।
সাগরস্থ পিথিবিটা জার করতল॥

End :

নৈরাস সংবাদ দিলে পরান হারাইব।
কি করিএ সুগ্রিব আগে সমাচার দিব॥
কেহো বলে থাক দিকি হনুর বাট চেঞা।
অবশ্য আসিব সিতার সংবাদ লইঞা॥
হনু বলে শতে মেলি শেই সঙ্গে জাব।
সংবাদ পাইলে রাজা কে আর পুছিব॥
এই মত বাট চেএ আছে বানরগন।
রাম কাছে জাত্রা করে পবন নন্দন॥
আসিএ জানকিনাথে করিল প্রণাম।
সিতার সংবাদ পুছেন কোমল নয়ান॥
বসিছে অঞ্জনবির সুকোমল ভাষি।
বিন্ধ্যগিরি গুহাতে পড়ি এক পাখি॥

* নেত্র ভরি

কুশ সথ্য করি মোরা তেজিব জিবন।
শেইকথা দিল তবে সিতার অন্বাস্বন॥
লঙ্কার অসক বোনে আছে জনক ঝি।
পক্ষের বদনে এই তত্ত পাএছি॥
গড়ুর নন্দন শেই দিল চরিত্র *।
সমপাতি হাহার † নাম শুন দয়াময়॥
সুর্য্যের তেজেতে তাহার পাখা পড়ে গেছে।

---

71. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড।

RAMĀYAṆA, KIṢKINDHYĀ KĀṆḌA.

By

KṚTTIVASA

Substance, country-made paper ; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches Folia, 1-4, 6-11, 21-26 ; marked by two sets of figures. Lines 9 on a page. Date 1263 B. S. (1856 A. D.). Appearance, worm-eaten in part. Inomplete.

Beginning :

৭ শ্রীশ্রীহরিঃ॥ ইত্যাদি॥
মস্ত পেক্ষা প্রেমে পুলকিত হৈল হনু।
পুলকে পুর্ন্নিত হইলা বানরের তনু॥
করেন রামের আগে জুড়ি দুটি হাত।
এক কথা নিবেদন করি রঘুনাথ॥
আমারে যেমন ক্রিপা হইল রঘুবর।
মোর সঙ্গে আছে এক সুগ্রিব বানর॥
বালি রাজার ছোট ভাই সুর্জের নন্দন।
আজ্ঞা জদি কর তারে ডাকি নারায়ন॥
শ্রীরাম বলেন শুন অঞ্জনাকুমার।
তুমি জা কহিবে তাহা মোর অঙ্গিকার॥
হেথায় পর্ব্বতের শৃঙ্গে সুগ্রিব বসিয়া।
বিস্ময় হইয়াছে সেই রাঘবে দেখিয়া॥
না বুঝিয়া তত্ব দিয়া উঠিলাম পর্ব্বতে।
কে জানে কে জুক্তি করে হনুমানের সাথে॥

* পবিত্র † ইহার

এই চিন্তা করে রাজা সুগ্রিব বানর।
ডাকিছে অঞ্জনাসুত উর্দ্ধ করি কর॥
না মরে সুগ্রিব রাজা মৃতদিন হইলা।
বিরিঞ্চি বাঞ্ছয়ে কারে সে ধন আইল।
চরণে করেছে যেই অহল্যাতারণ।
বাল্মিক আদি ধ্যান করে যে দুটি চরণ॥
পালিতে পিতার সত্য আসিয়াছে বনে।
ঋষ্যমুখে আগমনে তোমার ভাগ্যগুণে॥
আমার পুত্রে'র পুত্র' আছিল সঙ্কট।
নয়ান ভরিয়া দেখ বিয়া কোসল্যা তনয়॥

End.

সম্পাতির স্তবে রামের হইল আনন্দ।
বাল্মাবনে * সরা সয়া বসিলা রামচন্দ্র।
বসিল বানর কত বেড়িয়া রাঘবেরে।
আনন্দে বানর সব কোলাহল করে॥
মন্ত্রিরে ডাকিয়া কহেন কমলনয়ান।
কে যাইবেন লঙ্কাপুরি কহত বিধান॥
এত শুনি জাম্বুবান কহে জোড় করে।
সাগর লংঘিতে পারে কেশার কুমারে॥
তারপর আছে তোমার পবন নন্দন।
এই নিবেদিলাম আমি রাজিবলোচন॥
কে জানে কেমন লঙ্কা বটে কত দূরে।
কিচকিন্ধ্যা কাণ্ডের কথা সাঙ্গ এত দূরে॥
কিত্তিবাস পণ্ডিতের কবিত্ত বিচক্ষণ।
কটক সঞ্চার কথা হইল সমর্পন॥

Colophon.

ইতি কিষ্কিন্ধা কাণ্ড সমাপ্ত। লিখিতং শ্রীরঘুনাথ রায় সাং ভালুকডাঙ্গি। ইতি সন ১২৭৭ সাল তারিখ ২২ জৈষ্ঠি সমাপ্ত হইল বেলা আড়াই প্রহরের সময় হইল সায়।

* মালাবনে

72. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড।

RĀMĀYAṆA, KIṢKINDHYĀ KĀṆḌA.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13×4½ inches. Folia 23-33; marked by two sets of figures. Lines 9 on a page, Date 1267 B. S. (1861 A. D.) Appearance mouse-eaten and decayed. Incomplete. Place of find, Bankura.

Beginning:

হেন বালি মারিলা রাঘব মহাবল।
হেন জনা ছাড়িয়ামি বসিয়াছি ঘরে।
*   *   *   *   *
দোষ মাগিলেন রাজা হবাহু সম্পুটে॥
সুগ্রিবের গুণেতে লক্ষণের ক্রোধ ওঠে।
* লক্ষন * বলেন * * *
[ক্ষ]মিবেন তব দোষ রাজিব লোচন॥
করিতে নারিব আমি তোমারে সম্মান।
শিঘ্রগতি চল রাজা শ্রীরামের স্থান॥

End:

কোপিগনে দিগবিদিগ খুজিলান বিস্তর।
কথা * * * * ॥
* * * * লঙ্কাতে।
অনুমানে বুঝিলাম না পেলাম দেখিতে॥
শুনি * * * * ।
অঙ্গদ হনুমান নল নিল জাম্বুবান॥
ফুকুরন বানি * * * ।
* * * * * ॥
কিত্তিবাস সাঙ্গ কৈল কিচকিন্ধ্যাকাণ্ডের কথা॥

Colphon,

যথাদৃষ্টংলিখিতাদি। ইতি সমাপ্ত। ১২৬৭ সাল তিতারিখ ৭ পৌষ। বিহস্পতিবার বেলা চারিদণ্ড থাকিতে সমাপ্ত।

শ্রীশ্রীদিনমই মেলাতে। লিখিতং শ্রীজিবনকৃষ্ণ সদাগর সাঃ জামকুন্ডী পাঠক শ্রীশ্রীশঙ্কর সিংহ বাবুর মোক্তিম পুত্র শ্রী ২ রাধানাথ সিংহ বাবু সাং জামকুন্ডীর কিতা ইতি সমাপ্ত।

---

73. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড

RAMAYAṆA, KIṢKINDHYA KAṆḌA

BY

ŚANKAR (KAVICANDRA.)

Substance, country-made paper; $12\frac{1}{2} \times 4\frac{1}{4}$ inches. Folium, 1, marked 20. Lines 11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, *Bankura*.

Begins with:

হনুর বচন শুনি সকল বানর।
মহেন্দ্র পর্ব্বতে সভে গেল তরাপর ॥
সিব সিবা সংবাদে অধ্যাত্ম রাম লিলা।
শত সত শ্লোক ব্যাসদেব বিরচিলা ॥
বন্দিয়া জানকী নাথ শ্রীসঙ্করে গায়।
কিষ্কিন্ধা কাণ্ডের কথা এত দুরে সায় ॥ * ॥
মহেন্দ্র পর্ব্বতে গিয়া মারুতি উঠিল।
হনুমানের ভরে গিরি কাঁপিতে লাগিল ॥
মন্ত্রি জাম্বুবানে হনুমান হৈল নত।
অঙ্গদ কুমারে কোল দিলা বাউসুত ॥

End:

বিক্রম করিয়া হনু হৈল জোজন আসি।
দৈ জোজন মুখ মেলি খাইল রাক্ষসি ॥
সতেক জোজন দেহ হৈলা হনুমান।
রাক্ষসির মুখ জোজন বিসাসয় * প্রমান ॥
বিসাসয় জোজন রাক্ষসি মুখ মেলে।
বদন ঠেকিল গিয়া গগন মণ্ডলে ॥
এড়াতে না পারে বির সুরেসার হাথে।
বিক্রমে না হলা কিছু লাগিল ভাবিতে ॥

* বিশেতাধিক শত

---

74. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড

RĀMĀYAṆA, KIṢKINDHYA KĀṆḌA

BY

BHABĀNI ŚANKAR

Substance, county-made paper; $12\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia 1-19. Lines 10 on a page. Appearance, about 150 years old; discoloured. Incomplete. Place of find, Bankura.

Beginning:

৬৭ শ্রীশ্রীরামঃ ॥ অর্থ কিস্কিন্ধাকাণ্ড লিখ্যতে ॥
জেন কালে মনে ২ চিন্তেন শ্রীরাম।
ভিকারি আমারে পাছে বলে হনুমান ॥
হনুকে দেখাব আজি আপন মুরতি।
ভাল মতে মোরে জেন জানায় মারুতি ॥
আপনার নিজ মুর্ত্তি হনুকে দেখাব।
ভিকারি বলিয়া আমায় মনে না ভাবিব ॥
হনুমানে রাম চন্দ্র কৃতার্থ করিতে।
চতুর্ভুজ হৈলা হরি হনুকে দেখাতে ॥
বসিলা কনক সিংহাসনে ভগবান।
জলদ বরন পিতাম্বর পরিধান ॥
শ্রীবৎস বোক্ষেতে বনমালা গলে দুলে।
মকর কুণ্ডল সোভা করে কর্ণমূলে ॥
সঙ্খ চক্র গদা পদ্ম চারি ২ হাথে।
কমলা আপনি বিরাজেন বামভিতে ॥
ইন্দ্র আদি দেবতা বেড়িয়া চতুর্দ্দিগে।
পদ্মজোনি জোড় হাথে দাণ্ডাইয়া আগে ॥
দেবতা গন্ধর্ব্ব নাগ অপ্সরগন।
জোড় হাথে রামে সভে করেন স্তবন ॥

Fol. 11 obv.

সাগর লিখার বন্ধ : রবি করি সর্ব্বানন্দ :

গোবিন্দ তনয় বিজয় রাম ।

তস্য পঞ্চ পুত্র দ্বিজ : ভবানি সন্বাত্রজ :

রচিল তাহার তর্কজ্ঞান ॥

End :

জাম্বুবান বলে তুমী বির অবতার ।
সংসারের মধ্যে নাহি অসাধ্য তুমার ।
জলধির লিতার তত্ত্ব আন হনুমান ।
পশ্চাৎ রাবন নষ্ট করিবেন রাম ।
হনুমান বলে তবে যে আজ্ঞা তুমার ।
চলিলাম তত্ত্ব আমি করিতে লিতার ॥
এথান হইতে নাহি পেরাব সাগর ।
মহেন্দ্র পর্ব্বতে চল সকল বানর ॥
এথান হইতে জদি জাই লম্ফ দিয়া ।
আর সাগরের জলে পাছে পড়ি গিয়া ॥
অতেব সকাই চল মহেন্দ্র পর্ব্বতে ।
পেরাব সাগর * * ।

---

75. রামায়ণ-কিষ্কিন্ধ্যাকাণ্ড

RĀMAYAṆA, KIṢKINDHYĀ KĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 13 × 4½ inches. Folia, 25-26. Lines 10 on a page. Date, 1190 B. S. (1783 A. D.). Appearance, worm-eaten and injured. Incomplete. Place of find, Bankura.

Begins with :

কহে হনুমান আমা পানে চায় ।
দেবের আজ্ঞা বটে আমাকে পাখা দান দায় ॥
পাখা দান দায় তুমি পবন কোঙর ।
পিঠে করি পার করিব সকল বানর ॥
হনু বলে শুন ভাই অপূর্ব্ব কাহিনী ।
সকল বানরে একবার দেহ জয় ধ্বনি ॥
সকল বানর তখন জয় ২ দিল ।
হনুমান জাঞা লক্ষ কোলেত করিল ॥

End :

ঢেউ দেখ্যা বানরের * * * ।
* চ স্বরে বলে বানর রক্ষা কর রাম ॥
রাম ২ মন্ত্র বানর ডাকে উচ্চস্বরে ।
সে আন * * সাগরের তিরে ।
অঙ্গদ বির দেয় বানরে আশ্বাস । *
কিষ্কিন্ধাকাণ্ড সংপূর্ন * * ॥

Colophon :

ইতি কিষ্কিন্ধাকাণ্ড সমাপ্ত । যথা দৃষ্টমিত্যাদি । লিখিতং শ্রীপুরুষোত্তম দেবশর্ম্মা । সোলস ছিবষ্টি । সন ১১৯০ সাল তারিখ ২৪ চব্বিস পোষ ॥

---

76. রামায়ণ-সুন্দরাকাণ্ড

RĀMĀYAṆA, SUNDARÂKAṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 13½ × 4½ inches. Folia 1, 16, 19, 22, rev., 25-72, 77 marked by two sets of figures. Lines 10 on a page. Date 1073 B. S. (1666 A. D.). Appearance, worm-eaten and injured. Incomplete. Place of find, *Bankura*.

Beginning : ৮৭ শ্রীশ্রীরামচন্দ্রায় নম ॥

চারি কাণ্ড গাইল পোথা রামায়ন ভিতর ।
পঞ্চ[ম] কাণ্ডে সুন্দরকাণ্ড শুনিতে সুন্দর ॥
বাপপোএ পক্ষরাজ গেলা দিগ উর্দ্ধ ।
বানর কটক লাঞা অঙ্গদ গেলা দক্ষিন সাগর ॥
তর্জ্জে গর্জ্জে বানর কটক ছাড়ে সিংহনাদ ।
সাগর পাথার দেখিয়া বানর গুনিল প্রমাদ ॥
দিগ বিদিগ নাহি জানি ভূমি আকাশমণ্ডল ।
কল্লোল হিল্লোল করে সাগরের জল ॥
জলজন্তু থল বল করে সাগরের পানি ।

ত্রিভুবনে ছায়া দেখি দৈব দাগুনি ॥
আকাসে উঠিঞা লাগে চেষ্ট পর্ব্বত প্রম[া]ণ।
সাগরের কুলে বসিঞা বানরের মেলান ॥
সাগরের বিক্রম দেখিঞা বানর নৈরাস।
মহাবির অঙ্গদ দিলেক আস্বাস ॥
বিসাদ না ভাবিহ বানর বিসাদ ভাবিলে মরি।
বিসাদ না চিন্তিবসে বানর সর্ব্বক্ষেত্রে তরি ॥
সুখে নিদ্রা জাহ বানর সাগরের কুলে।
সাগরস্তরিতে চিন্তা করিব কালি বিহান বেলে ॥

End :

বৈরি মারিলে হয় সভার কুসল।
তুহার হরিলে হয় অতি সুমঙ্গল ॥ •
রবিবারে [গাইল কবি] বাসের অবতার।
রাম চরিত্র সুনিঞা সুখি হউক সংসার ॥
বাড়া কুলে ঘর অস্মার বড় নামে পুরি।
দক্ষি[ণ] পশ্চিম চাপিয়া বহেন গঙ্গা সুরেশ্বরি ॥
ফুলিয়া নগর সর্ব্ব লোকেতে বিদিত।
জেখানে বসেন কিত্তিবাস পণ্ডিত ॥
রাম চরিত্র কথা জে পিউসের ভাণ্ড।
এতেক বিত্যান্তে সাঙ্গ হইল সুন্দরাকাণ্ড।

Colophon :

যথাদৃষ্টমিত্যাদি। ইতি সুন্দরাকাণ্ড সমাপ্ত হইল। ত ১০৭৩ সা° তা° ২৭ ভাদ্র তিথি সুক্লপোক্ষ। এ পুস্তকমিদং শ্রীকন্দর্প মর্ম্ম গাওসের ইতি। লিখিত নিজেই নিবাস মাল্লভূম। কাওস্তাকুল গ্রাম সাং স[া]কম সামন্তভূম বড়কুড্যাগ্রাম।

---

77. রামায়ণ-সুন্দরাকাণ্ড।

RAMĀYAṆA, SUNDARĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper ; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 2-7. Lines 9 on a page. Appearance, about 200 years old. Handwriting very old. Incomplete. Place of find, ...Bankura.

Begins with :

সতে মেলিঞা গেল জত সেনাপতি।
একে ২ বলিল বানর জুথাপতি ॥
কিত্তিবাষ পণ্ডিতের সুরস পাচালি।
সুন্দরাকাণ্ড গাইল প্রথম সিকুলি ॥
গবা নামে সেনাপতি জমের নন্দন।
সেহ বলে লজিব সাগরের দস দস জোজন ॥
তাহার সহোদর গবাক্ষ সেনাপতি।
কুড়ি জোজন ডেঙ্গাইতে আমার সকতি ॥
তাপরে কহে তখন গন্ধমাদন।
আমি সাগর ডেঙ্গাইব ত্রিস জোজন ॥
তাহার সহোদর বলে বানর জুথাপতি।
চল্লিস জোজন ডেঙ্গাইতে আমার সকতি।
অঞ্জুন বানর বলে মধুর বচন।
আমি সাগর ডেঙ্গাইব পঞ্চাস জোজন ॥
তাপরে কহে তখন সুষেনকোঙর।
তিঁহো বলেন যাটি জোজন ডেঙ্গাইব সাগর ॥
তাহার সহোদর দ্বিবিদ্দ দেব অবতার।
সত্তরি জোজন ডেঙ্গাইতে আমার অধিকার।
বিশ্বকর্ম্মার নন্দন নল মহাবেগ।
আমি জোজন ডেঙ্গাইব অক্ষন আসর ॥
বাউপায় কহে বাজার ভাণ্ডারি।
বিয়ানই জোজন সাগর ডেঙ্গাইতে পারি ॥
ব্রহ্মার নন্দন তর্ক জানে ব্রহ্মজ্ঞান।
হাসিঞা কহে মন্ত্রি জাম্বুবান ॥

অগ্নির তেজ জেন অগ্নি আহুতি।
বৃদ্ধা ভাম্লুক কহে স্তন একমতি॥
যৌবন কালের বল রহে অর্দ্ধেক বৃদ্ধকে।
জৌবন কালের কথা স্তন যোকে যেকে॥

End :

অতি রূপবতি কন্তা দেখে নানা বেসে।
স্বামির কোলে সকল নানা চিত্র বেসে॥
পরম স্থন্দরি কন্তাবড়ে বিচুসিত্যা।
হন্থ বলে এইত রামের প্রিআ সিতা॥
হাস পরিহাস নাজি বচন চাতুরি।
ইহার মাঝে নাজি সিত্যা জনক ঝিআরি॥
প্রসস্থ বিভিসনের আ ওাসে।
কোথাস না পাইল সিত্যার উর্দেসে॥
বিছাদীহা বিন্দুমালি এসকল মহাবলি।
এসকল দেখে হন্থ রাম ২ বলি॥
কনক লঙ্কা উতুটীল বানর চতুর।
আচম্বিতে গেলা জোথা রাবনের অন্তপুর॥
নানা বস্তু দেখে সকল পক্ষ পক্ষনি।
সিত্যা না দেখিঞা চিন্তে হন্থ মহাগুনি॥
ক্বিত্তিবাস পণ্ডিত রাজ পুজীৎ।
নানা বাস্ত স্তনিঞা বানর হরসিৎ॥
স্তঞা আছে রাবন রাজা স্তবর্ন্নের খাটে।
দসদিগ আলা করে মাথার মকুটে॥
দস মকুটে সোভে দস মুনি।
জাহার আলতে দিবা রাত্রি একুই না জানি॥

---

78. রামায়ণ-স্থন্দরাকাণ্ড।

RAMĀYAṆA, SUNDARĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14 × 5 inches. Folia 9-17. Lines 11 on a page. Appearance, about 200 years old; worm-eaten and injured. Incomplete. Place of find......... *Bankura.*

Begins with :

রাবনের প্রতাপে নির্ভয় লঙ্কাপুরি।
বানর কটকে ইহা কি করিতে পারি॥
জে দেখিল ** লঙ্কা পুরীর ঠান।
কি করিতে পারে ইহার বির হনুমান॥
দেবগন দানবগন লঙ্কা জিনিতে পারি।
আসিআ বানর জাব আপনার পুরি॥
এতদুর আসিতে পারে কাহার স[ক]তি।
এতদুর আসিতে পারে চারি বেকতি॥
সুগ্রীব রাজা আসিতে পারে বির অবতার।
অঙ্গদ জুবরাজ আসিতে পারে বালের কুমার॥
আর পার হইতে পারে নিল সোনপতি।
আর আমী পারি আনে গতি॥
তবে হেথা দেখিআ জাই সিতা।
এথা কেনে চিন্তা করিব দেসে দেসে চিন্তা॥
এতেক চিন্তে গুনে বির হনুমান।
বিস্বকর্ম্মার নির্ম্মান দেখে লঙ্কা পুরিগান॥
উ[গ্রচণ্ডা] নামে দেবি লঙ্কাপুরি রাখে।
অতি উর্দ্ধ হনুমান প্রাচিরের উপর দেখে॥
পাচিরে উঠিআ তবে পবননন্দন।
বিকট মুর্ত্তি ধরিআ দেবি দিল দরসন॥
হনুমানে দেখিআ কহিল উগ্রচণ্ডা।
বাম হাথে খর্পর ডানি হাথে খাণ্ডা॥

ব্যাঘ্র চর্ম্ম পরিধান রক্ত বসন।
ঘন জিহ্ব লাড়ে দেখি বিকট দশন॥
অষ্ট গোটা বাহু জেন একেক জোজন।
দশতাল জিনিঞা শরির দেখি কুলক্ষন॥

End :

দেব দানব জিনিলু মুঞি জক্ষ গন্ধর্ব্ব।
রাবনে ভজহ সিতা না করিহ গর্ব্ব॥
ত্রিভুবন জিনিঞা আমি পর্ব্বত তুলি।
তোমা রথে চড়াইয়া জেন ত্রিভুবন বুলি॥
এত [যদি] লঙ্কেশ্বর বলিল মধুর বানি।
কিত্তিবাস গাইঞা দিল সুন্দর কাণ্ডের কাহিনি॥
রাবনের বোল শুনিঞা সিতা কাপিলি অন্তরে।
কোপ করিঞা কিছু বলেন ধিরে ২॥
অধর্ম্ম না করি আমি রামের সুন্দরি।
জনক রাজার ঝি দসরথের বহুআরি।
রাবন পাছু করিয়া বস্তে রাবন নাহি গনে।
আপন ইচ্ছায় বিরূপ বলে জত আছে মনে॥
আপন স্ত্রি জেন সর্ব্বত্র রাখি।
পরস্ত্রি গর্ব্বিত জেন দেখি॥
আপন স্ত্রিকে তুসিতে নার পরস্ত্রিকে মন।
জেন রাজা কভু নহে রাজ্যের রক্ষন॥
পরস্ত্রি তুসি নাহি পাপে নাহি মন।
* * * * ॥

---

79. রামায়ণ—সুন্দরাকাণ্ড।

RAMĀYAṆA, SUNDARĀ KĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 13½ × 4½ nches. Folia 1-84 Lines 9 on a page. Appearance, about 175 years old ; mouse-eaten and injurned. Complete. Place of find, Bankura.

Beginning :

রামঃ লক্ষণ পূর্ব্বজমিত্যাদি।
রাম না জন্মিতে সাটী সহস্র বৎসর।
তখন হৈতে রচিলা বাল্মিক মুনিবর॥
রাম না জন্মিতে কৈলা রাম অবতার।
জেন মুনির চরনে মোর কোটী নমস্কার॥
অতঃপর শুন সভে বাল্মিকি পুরান।
শুনিলে দুঃখ নাস হয় অন্তে মুক্তিস্থান॥
বাপে পোএ পক্ষরাজ গেল ত উত্তরে।
কটক লৈয়া গেল অঙ্গদ দক্ষিন সাগরে॥
তর্জ্জে গর্জ্জে বানর কটক ছাড়ে সিংহনাদ।
সাগর পাথার দেখি গুনিল প্রমাদ॥
দিগ বিদিগ নাই জানি কিরন মণ্ডল।
কল্লোল হিল্লোল করে সাগরের জল॥
জল জন্তু কলবল সাগরের পানি।
ত্রিভুবনের ছায়া জেন দেখিএ আপুনি॥
বড় ২ ঢেউ আইসে পর্ব্বত প্রমান।
সাগরের কুল জুড়ি বানরের থান॥
পর্ব্বতসম ঢেউ আইসে জুড়িয়া আকাস।
মহাবির অঙ্গদ দেন সভারে আশ্বাস॥
বিসাদে বিক্রম টুটে বিসাদে সে মরি।
বিসাদে না দিলে মন সর্ব্ব কার্য্যে তরি॥
আজি নিদ্রা জাহ বানর সাগরের কুলে।
সাগর তরিবার চিন্তা করিব সকালে॥
আহার পানি বানর সব জায় জথা তথা।
আপন সৈন্তে আনি নিবর্ত্তিলা তথা॥

End :

অঙ্গদ বির পার হৈলা বালোর নন্দন।
একে ২ পার হৈলা জত বানরগন॥
রাম লক্ষন পার হৈলা জগতের পতি।
সুগ্রিব রাজা পার হৈলা রামের সংহতি॥
পক্ষ রাক্ষস লয়া পার হৈলা বিভিসন।
তবে পার হইলেন পবননন্দন॥
ধুম্র ধুম্রাক্ষ পার হৈল সুগ্রিবের সাগা।
রাজার কটক চলে গগনে লাগে ধুলা॥
সুসেন বির পার হৈলা রাজার সস্থর।
জাম্বুবান পার হৈলা ভল্লুক প্রচুর॥
একে ২ পার হৈলা জত বানরগন।
বেড়িলেন লঙ্কাপুরি শ্রীরাম লক্ষন॥

কিত্তিবাস পণ্ডিতের কবিত্ত সুসার।
এতদিনে রাবন রাজা হইল সংহার ॥
সুনিতে শ্রীরামের গুন অমৃতের ভাণ্ড।
এতদুরে সমাপ্ত হইল সুন্দরাকাণ্ড ॥

Colophon :

ইতি সুন্দরাকাণ্ড সমাপ্তঃ। লিখিতং শ্রীগোউর মোহন সরকার। সাং সুনিয়াকোল।
পঠনার্থে শ্রীরাম দে সাং নিজ।

---

80. রামায়ণ—সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDRĀKĀṆḌA.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper ; 13 × 4½ inches. Folia, 34-37, 42-44, 46, 48, 50, 51, 54-60, 67-70, 73, 74, marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 175 years old, worm-eatn in part. Place of find, *Bankura.*

Begins with :

কড়েতে ব্যাকুল জেন কদরে বাঙ্গুড়ি।
সিতার দুর্গতি করে রাবনের চেড়ি ॥
মারিতে কাটিতে চাহি সভাকার নাহি লেখা।
স্থির প্রানে কত সহে বিস্তর কান্দেন সিতা ॥
গাএ কাপড় না সম্বরে সিতা চুল নাহি বান্ধে।
সোকে পাগলি সিতা লোটাইআ কান্দে ॥
প্রভু বার্ত্তা না পাইল শ্রীরাম লক্ষ্মন।
রাবন মারুক তোমার রাম অবস্ত মরন ॥
রাক্ষসে মানুসে ভর্ক্ষ ভর্ক ব্যবহার।
কোথাঅ না সুনি মানুসের রাক্ষস ভাতার ॥
রাম কাটি তোরা সব তাকে নাহি ডর।
রাম ছাড়িআ আন মোর নহে প্রানেশ্বর ॥

কোথা আছ শ্রীরাম কমৌলোচন।
তেন প্রভু থাকিতে কষ্ট এথা জিবন ॥
পুনাঅ ধুলরি সিতা উঠিল সর্ত্তর।
গাছের গড়া ধরিআ দেবি কান্দেন বিস্তর ॥
হনুমান বির আছেন জেই গাছের ডালে।
ডাল ধরিআ কান্দেন সিতা সেই গাছের তলে ॥
কোথা গেলা প্রভু রাম কৌসল্যা গাস্তুড়ি।
নানা দুর্গতি করে রাবনের চেড়ি ॥
তাগাবন্ত লোক দেখে শ্রীরাম লক্ষন।
আমা অভাগি সনে আর নহিল দর্সন ॥
কত পাপ করিল পাপের নাহি অবসান।
তে কারনে চেড়ির হাথে পাইল অপমান ॥

End.

তোমার মহিমা : ত্রৈলক্ষে উপমা :
এক মুখে বলিতে নারি।
করিলে উপগার : সুনিতে নারি পার :
জল থুইলে তিন পুরি ॥
সিতা বিহনে : আন নাহি মনে :
সভ ঋতু বার মাষ।
সিতার হারনাসে : ঋিতুকাল সেসে :
সর্ব্বভোগে নৈরাস ॥
দিনার্দ্ধে নাহি সুখ : পাঙ বহু দুখ :
হাসিআ রাতি পোহাঙ।
দেখিলে চন্দ্রামুখি : প্রানে হই সুখি :
পাখি হই উড়ি জাঙ ॥
জোথা ২ বসি : সিতা ২ দুসি :
কল জ[ল] নাহি থোলে।
লাজে নাহি কান্দে : আপনাকে নিন্দে :
প্রান পোড়ে রাত্রি দিনে ॥
সিতা স্বঙরনে : বুলি বনে ২ :
উঠি বসি দণ্ডে ২।
কীর্ত্তিবাস ভোনে : রামের চরনে :
রাবন মরিলে দুখ খণ্ডে ॥

---

81. রামায়ণ—সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{4} \times 5$ inches. Folia 1, 3-8, 10-46, 48, 50, marked by two sets of figures. Lines 11 on a page. Appearance, about 150 years old; mouse-eaten. Incomplete. Place of find, *Bankura*.

Beginning:

কিচিকিন্ধ্যা হইতে জাত্রা করিলেন রাম।
মালাবানে থানা দিল দুর্ব্বাদল [শ্যাম]॥
পড়িল বানর দল পর্ব্বত বেরিআ।
বির দর্প করি বুলে রাম জয় দিআ॥
লাঙ্গুল ঠেকিল সব গগন উপরে।
কেসরি গর্জ্জিল জেন হুঙ্কার বানরে॥
হোথা সুগচমে বসি কোসল্যা নন্দন।
বামদিগে জাম্বুবান দক্ষিনে লক্ষন॥
করজোড়ে সুগ্রিব ডাণ্ডায় রামের আগে।
নল নিল কুমদ অঙ্গদ বির ভাগে॥
পিত্যা পুত্রে [পত্র] রাজ গেলেন উত্তর।
আর জত বির গেল দিগ দিগান্তর॥
সিত্যা অন্নাসনে গেল রাবনে বন্দিআ।
সুগ্রিব রাজার কাছে পিতিজ্ঞা করিআ॥
সপ্ত দ্বিপা সপ্ত দিনে করিব ভ্রমন।
স্বর্গ পাতাল সপ্ত সাগর এ চোদ্দ ভুবন॥
ইথিমধ্যে জানকিরে জেথানে পাইব।
তোমার পিতিজ্ঞা সিত্যার বার্ত্তা এন্না দিব॥
রাজা বলে স্বর্গ দিন জদি কর পার।
সবংসে মারিব সব নাহিক নিস্তার॥
গোলাতে পর্ব্বত গাজ্জি ডুবাব সাগরে।
এই বাক্য কহ্যা রাজা দিল সভাকারে॥
মনকে অধিক গতি ছুটিল বানরে।
পবন আস্বও জেন ছুটিল জলধরে॥
আকাস উপরে ডাকে রাম জয়ধ্বনি।
বরিসার কালে জেন ডাকে কাদম্বিনি॥

End:

হনুমান সহ রাম করেন আলিঙ্গন।
একে ২ কোল দিল জত কোপিগন॥
কহিছে শুগ্রিবে রাজা জুড়ি দুটি হাত।
বিলম্বনিত্র [কাজ] আর নাই রঘুনাথ॥
কোনও কবহ সংঙ্গে ভাই সংঙ্গে করি।
জাজ্ঞাসে ঢাপিআ জাত্রা কর জটাধারি॥
বিভিসনে ডাকিআ কহেন রঘুবর।
জাত্রা কর মিত্যা চল লংঙ্কার ভিতর॥
জে আজ্ঞা বলিআ রাক্ষস ছুটে—।

---

82. রামায়ণ-সুন্দরাকাণ্ড

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, Country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia 1-74; marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 150 years old; mouse-eaten in part. Incomplete.

Beginning:

রামঃ লক্ষণ পূর্ব্বজমিত্যাদি—
রামায় রামচন্দ্রায় রামভদ্রায় বেদশে।
রঘুনাথায় নাথায় সিতায় পতএ নম॥
হনুমান অঞ্জনা সুত বাউপুত্র মহাবল।
রাবনারি মহাজোধা নমামি ভক্তি লক্ষিকং॥

চারিকাণ্ড গাইল পুথি রামায়ন ভিতর।
পঞ্চকাণ্ড সুন্দরাকাণ্ড শুনিতে সুন্দর॥
অঙ্গদ হনুমান গেলা দক্ষিন সাগর।
সঙ্গেতে লইয়া গেল প্রধান বানর॥
গর্জিয়া বানরগন ছাড়ে সিংহনাদ।
সাগর পাথার দেখি গনিল প্রমাদ॥
দিগ বিদিগ নাহি আকাশ মণ্ডল।
* * কল্লোল করে সাগরের জল॥
জল জন্তু ঢেউ দেয় সাগরের পানি।
ত্রিভুবন ছায়া দেখি * * * *॥
* * উঠয়ে ঢেউ পর্ব্বত সমান।
তাহা দেখি বানরের মনেতে বিষান॥
সাগরের বিক্রম দেখি * * *।
* * * দেন সভারে আশ্বাষ॥
বিষাদ না ভাবিহ সবে বিষাদ ভাবিলে মরি।
* * * * *॥
সুখে নিদ্রা জায় বানর সাগরের কুলে।
সাগর তরিতে চিন্তা করিব সকালে॥
সুখেতে বানর কটক বঞ্চে এই রাতি।
প্রভাতেতে জড় হৈল সকল সেনাপতি॥
জোড় হাতে ডাণ্ডাইল অঙ্গদের আগে।
অঙ্গদ বির জত বলে সুন বির ভাগে॥
সাগর পার কোন বিরের হইব গমন।
কোন বির ঘুচাইব বানর বন্ধন॥
ব্রহ্মার হাথের অমৃত কেবা ছলে আনে।
ইন্দ্রের হাথের অস্ত্র কেবা লাই শুনে॥
অগ্নি জেন সুর্য্যের প্রতাপ কেবা হরে।
চন্দ্রের শিতল অগ্নি কে যানিতে পারে॥
এত কর্ম্ম করিতে পারে কাহার শকতি।
পিতা মাতা জানিয়া সে বাসুক খিয়াতি॥

End:

উত্তর দক্ষিন কুল জোড় একাকার।
সেত সাঙ্গ হৈলে হয় সভার সুসার॥
পার হয়া মার গিয়া লঙ্কার রাবন।
নলে সেসে কি হইব পবন নন্দন॥
যোদ্ধা হনুমান লজ্ঝিতে না পারে।
দুই হাথের গিরি ফেলে সাগরের নিরে॥
ফেলিতে পর্ব্বত দুটা গেল রসাতল।
রাম বলেন দেখ হনুমান মহাবল॥
নল পুতি মিছা ক্রোধ কর বাছা হনু।
কোন জন্য সেতু বান্ধে নল বির বিস্থু॥
নল না ছুইলে সে জলে না ভাসে পাথর।
নলেরে ছাড়হ ক্রোধ অঞ্জনা কোঙর॥
দর্প চুর্ন রাম চন্দ্র বিষ্ণু অবতার।
রাম বাক্য শহে হনু ঘুচে অহঙ্কার॥
হনুমান আনিল জত পর্ব্বত শেখর।
রাম আজ্ঞায় পরশএ নল বানর॥
ধারা তির্থ বহে জেন বরশান গঙ্গ।
হনুর খর্ব্বতেতে জাঙ্গাল হৈল সাঙ্গ॥

---

83. রামায়ন-সুন্দরাকাণ্ড

RAMĀYANA, SUNDARĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 17 × 6¼ inches. Folia, 1-53. Lines 9 on a page, leaving a blank space of about an inch square in the middle of each page. Appearance about 150 years, writing effaced and worn-out, in part. Incomplete. Place of find, East Bengal.

Fol. 3 rev.

রাত্রি দুই প্রহরেত নিসাচর চলে।
সাবহিতে সকল রহিবা সেই স্থলে॥
সাবহিতে থাকিলে পাইবা পরিত্রান।
বহুল সংকট তাথে সুর বলবান॥
সুবর্ন উদগিরি পর্ব্বতে জাও চলি।
ভাল মতে বিচার করহ সভে মিলি॥

বাল্মিকি জে মহামুনি তথা করে তপ।
বহু মুনিগনে মিলি তথা করে জপ॥
উদএ গিরি ফিরিয়া চাহিব বানরে।
তার পরে অন্ধকার নাহি দিবাকরে॥
উদগিরি জাইতে আসিতে একমাস।
এহার অধিক হইলে হইব সর্ব্বনাস॥
মাসের ভিতরে জদি ফিরিয়া নাহি আইসে।
সর্বংসে মরিব সব আপনার দোসে॥
কিত্তিবাস পণ্ডিতের অমৃত জেন বানি।
অদভুত গাহিল সাগর কাহিনি॥
রাবন দখিন দিগে সুগ্রিব জে জানে।
বড় ২ সেনাপতি সাজিল দখিনে॥
অঙ্গদ সাজিল তথা মন্ত্রি জাম্বুবান।
পবন নন্দন গেল বির হনুমান॥
গএ গবাক্ষ গেল গন্ধমাদন।
মৈন্দ দ্বিবিধ গেল সুসেন নন্দন॥

End: (Fol. 53 obv.)

নানা বর্ন্নে পর্ব্বত আনে হিঙ্গুল হরিতাল।
নানাগাছ ফালাইলা সাগরের জল॥
সমুদ্রের জল ফুটী ফটিক জে জলে।
বহু বর্ন্ন ধবল পাথর জে লাগিলে॥
নানারত্নমএ মানিক্য পাথর।
অনেক জতনে আনি বান্ধিল সাগর॥
দস জোজন ভাঙ্গি পর্ব্বত সিখর॥
জেন পর্ব্বত নল নিয়ে ধরে বামহাতে।
এত অপমান দিল সভার সাক্ষাতে॥
হনুমন্ত সঙ্গে দিল অতেক বানর।
সকল বানরে বহে গাছ জে পাথর॥
পর্ব্বত আনিয়া দেএ পবননন্দন।
সাগর বন্ধন করে ব্রহ্মার নন্দন॥
তিন দিন অবধি করে পর্ব্বত বরিসন।
সাগর বন্ধন হইল দস জে জোজন॥
চারিদিন দিয়া পঞ্চ দিন হইল।
জেনকালে হিমালএ পর্ব্বত আনিল॥
হনুমানে পর্ব্বত আনএ অস্তে ব্যস্তে।
হেলা করি নল নিয়ে [ধরে] বাম হাতে।

জোধ হইল হইল হনুমান জমের সমান।
পাড়িয়া আনিলনি জে পর্ব্বত চুড়াখান॥
* * পর্ব্বত নিয়ে লইল উপাড়ি।
হস্তি দিয়ে পগাএ ভরে শুনি গড়গড়ি॥

---

84. রামায়ন-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKAṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14 × 5 inches. Folia 1-42 marked by two sets of figures. Lines 12 on a page. Appearance, about 125 years old; discoloured. Incomplete.

End:

শুভক্ষনে জাত্রা করে সুগ্রিব নৃপতি।
রাজপরিসদে জায় মাথায় ধবল ছাতি॥
চতুর্দ্দোলে জায় রাজা চড়ি সুখাসনে।
চতুর্ব্বেদে আসির্ব্বাদ করয়ে ব্রাহ্মনে॥
মাঙ্গাবাদ্যে উত্তরিল রাম সর্ব্বগনে।
শুভ জাত্রা কর গোসাই জে আছে বিধানে॥
দুই প্রহর বেলায় উত্তর ফাল্গুনি।
শুভ জাত্রা করেন রাম চন্দ্র চূড়ামনি॥
গয় গবাক্ষ সরভ জায় বানর আগুয়ানে।
অনল সরভ জায় রাম দরসনে॥
সেত বানরের পিঠে রামচন্দ্র চড়ে।
ডাহিনে সুগ্রিব জায় বানর নিয়ড়ে॥
কুবলয় বানরের পিঠে লক্ষন চড়ে।
দখিন মুখে বানর কটক লড়ে ঘড়ে ২॥
তর্জ্জে গর্জ্জে বানর ছাড়ে সিংহনাদ।
পর্ব্বতের ফল মূলে খণ্ডি অ[ব]সাদ॥

85. রামায়ণ-সুন্দরাকাণ্ড।

RAMĀYAṆA, SUNDARAKĀṆḌA

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 16 × 5¼ inches. Folia 1, 11-12, 18-51, 53-55, marked by two sets of figures. Lines 9 on a page. Date, 1216 B. S. (1809 A. D.) Appearance, worm-eaten in part. Incomplete. Place of find, Calcutta.

Beginning :

তিনদিগে সিতার বার্ত্তা না পাইল বানর।
চিন্তাগুনে রামচন্দ্র সুগ্রীব বানর॥
দক্ষিনের বার্ত্তা জানিতে জতেক বানরে।
কটক লইয়া অঙ্গদ গেল দখিন সাগরে॥
তর্জ্জন গর্জ্জনে বানর ছাড়ে সিংহনাদ।
সাগর দেখিয়া বানর গনিল প্রমাদ॥
জল জন্তু সব্দ করে সাগরের জলে।
মৎস্য কুম্ভিরের জত দেখিয়া আস্ফালে॥
সাগর দেখিয়া বানরগনের হইল তরাষ।
মহাবির অঙ্গদ সভায় করিছে আশ্বাষ॥
বিসাদ না কর বানর বিসাদেতে মরি।
বিশাদ না করিলে হবে সর্ব্বকর্ম্মেতে তরি॥
সুখে নিদ্রা জাহ সভে সাগরের কুলে।
সাগর তরিতে চিন্তা কালি প্রাতকালে॥
এতেক বলিল জদি কুমার অঙ্গদ।
অঙ্গদের বোলে বানর হইল নিঃশব্দ॥
নিদ্রা জায় বানর সব রাত্রে সুখে রাতি।
প্রভাতে সকল বানর করিল যুগতি॥

End :

বিভিসনের বোলে রাম উঠিলেন সত্বর।
হনুমানের পৃষ্ঠে রাম করিলেন ভর॥
অঙ্গদের পিঠে চড়িলেন ঠাকুর লক্ষ্মন।
লঙ্কায় প্রবেশ কৈল জত বানরগন॥
গোধাইতে রহিল তখন প্রহর চেড়।
হেন কালে রাম লঙ্কায় করিলেন বেড়॥
সুবেল নামে পর্ব্বত আছে লঙ্কার ভিতর।
তাহাতে রহিলা রাম জতেক বানর।
কিস্কীবার রহিল পিত্র অদ্ভুতের খণ্ড।
প্রাতকালে আরম্ভ হইবে লঙ্কাকাণ্ড॥

Colophon :

ইতি সুন্দরাকাণ্ড সমাপ্ত হইল। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীভিতুরাম সরকার সাং মহিষডাঙ্গী পরগনে বালিহাটী মোং কলিকাতা সেন কপালি টোলার শ্রীযুত বেচারাম সরকারের দালানে বসিয়া পুথি সাঙ্গ তারিখ ১২ কার্ত্তীক বেলা ছয়দণ্ডের সময়, এ পুস্তক শ্রীগোহরি দত্ত সাং ০০ সন ১২১৬ সাল।

---

86. রামায়ণ-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14 × 5 inches. Folia 44-56. Lines 10 on a page. Appearance, about 100 years old; discoloured. Incomplete.

Begins with :

নিকসা নামেতে ছিল রাবনের মাতা।
সক্ষ্ সর্প দেখিয়া তেহঁ চিত্তে ভাবে বেথা॥
আপুনি আইল বুদ্ধি বিভিসনের ঘর।
ধর্ম্ম চরিত্র বাপু শুনহ উত্তর॥
অপর দলে রাবন রাজা নানাসুখ ভুঞ্জে।
পরদারে মত্ত হঞা সবংশেতে মজে॥
ধর্ম্ম অবতার সর্ব্ব সাস্ত্রেতে পণ্ডিত।
তুমি থাকিতে তোমার ভাই সবংশ পিড়িত॥

স্থির বান্ধা উদ্ধারিতে পাঠাইলেক চর।
সকল লঙ্কা বেড়াইল সভার বরাবর॥
বানর হঞা রাত্রি জোগে সভার ঘর ঢুকে।
সিতা সম্ভাসিল বানর না জানে কোন লোকে॥
রাক্ষসগন মারিঞা লঙ্কাপুরি পোড়ে।
এত রাত্র কৈল তবু সিতা নাহি ছাড়ে॥
চৌদ্দ সহস্র রাক্ষস একা রাম জিনে।
হেন দুসন মহাবির মারে কোন জনে॥
ভয় পাইক কহে শিঙ্গা রামের বিক্রম।
মানুস রূপে বুঝি বিনাসিতে আইল জম॥
হেন বির কোথাও নাই ত্রিভুবনের তলে।
একেশ্বর জে বির সকল কটক দলে॥

End :

শুভক্ষেনে শ্রীরাম লঙ্কায় দিলা ভর
সকল রাক্ষসের গায়ে কম্পে কৈল জর॥
সত জোজন দিঘল লঙ্কা তুল জোজন প্রসর।
লঙ্কাপুরি জুড়িলেক সকল বানর॥
হাটে বাটে ঘরে ২ সিগরে প্রাচিরে।
পথ বহিতে স্থল নাই জুড়িল বানরে॥
কীর্ত্তিবাস গাইল সুন্দরাকাণ্ডের কাহিনি।
লঙ্কায় প্রবেস করেন রাম চুড়ামনি॥
জেই জন সুনে শুনে শ্রীরাম পাঁচালি।
পুত্র বৃদ্ধি পাপক্ষয় বাড়ে ঠাকুরানি।

---

87. রামায়ণ-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia 16-29 marked by two sets of figures. Lines 12 on a page. Appearance, about 100 years old. Incomplete.

Begins with :

সিতা ছাড়ি রামচন্দ্রের অন্ত নাই মনে।
কিত্তিবাস গানে কৈল করুন কল্যানে॥
নিদ্রা হতে উঠি বসে রাজা দসানন।
নানা রাজবাদ্য বাজে সুনিতে সুলক্ষন॥
মধুপানে রাবন রাজা হইঞা কামাতুরি।
সিতাকে দেখিবার লড়ে সিতার অন্তপুরি॥
কার হাতে ধুপধুনা চন্দনের বাতি।
ডাইনে বামে শ্রীগনে চলে জালিএ দেউটি॥
দেব দানবের কন্যা পরম সুন্দরি।
তাহার রূপেতে আল করএ সর্ব্বরি॥
শ্রীগনে বেষ্টিত আইসে রাজা লঙ্কেসর।
তারাগনে বেষ্টিত জেন চন্দ্র সরোবর॥
হনুমান বলে রাবন আয়ে কেন আগুসার।
আজি জানিব সিতার কেমন বেবাহার॥
লুকি আঁখি রাবনের চতুর্দ্দিগে চাহে।
সিতার নিকট ছাড়িয়া ব[া]নর চলে গিয়া রহে॥
চলে গেল হনুমান জথা বিক্ষ যে প্রচুর।
বিক্ষের আড়েতে রহিল হনুমান চতুর॥
শ্রীগনে বেষ্টিত আইল রাবন সিতার সন্নিধান।
অলক বন দেখে রাবন দেব অধিষ্ঠান॥
কিংকিনির সব্দ করে নপুর ঝঙ্কার।
নানা বস্ত্র পরিধান নানা অলংকার॥
কার হাতে চামর ঢুলায় আর ভিঙ্গারে বারি।
গন্ধ তৈল পুষ্প কৈল দেউটি সারি ২॥

End :

ব্রহ্মচারি দেখিয়া রাক্ষস সব যায়।
গুরু গোসাঞ্র বলিয়া রাক্ষস প্রনমিল পায়॥
রাক্ষস বলে তোমার কমণ্ডলে আছে কি।
ব্রহ্মচারী বলে তির্থ জল রেখেছি॥
রাক্ষস বলেন গোসাঞ মোরে দেহ খাই।
সন্ন্যাসী বলেন তোমার্দ্দের কল্যান অ[া]মি চাই।
পঞ্চ তির্থে জল ঢেলা দিল সভার হাতে॥
তির্থ জল বলে সভে নিলেক কৌতুকে।
পরম আনন্দে সভে তুলে দিল মুখে॥
সকল রাক্ষস মেলি করে অনুমান।
কেহ বলে কি কারনে পাই মৃত্তের জ্ঞান॥
কেহো বলে জনা লাগে কেহ বলে তিত।
বুঝিতে না পারি ভাই তপস্বীর চরিত্র॥
মৃত খেএ রাক্ষস সব করে অনুমান।
তপস্বী বলে তোমা সভার হউক কল্যান॥

---

88. রামায়ণ-সুন্দরাকাণ্ড

RAMĀYAṆA, SUNDARĀKĀṆḌA

BY

KṚTTIVASA

Substance, country-made paper; 16 × 5¼ inches. Folia 1-5, marked by two sets of figures. Lines 9 on a page. Date 1234 B. S. (1828 A. D.) Appearance, mouse-eaten in part. Complete. Place of find, *Bankura*.

Beginning:

রামায় রামচন্দ্রায় ইত্যাদি—
সুন্দরাকাণ্ড উপদেস সুন করিয়া ভকতি।
ইহলোকে সুখ হয় পরলোকে গতি॥
বাপে পোয়ে পক্ষরাজ গেলেন উত্তর।
কটক লয়্যা অঙ্গদ গেলা দক্ষীন সাগর॥
'তজ্জে' গজ্জে' বানরকটক ছাড়ি সিংহনাদ।
সাগর পাথার দেখিয়া বানর গনিল প্রমাদ।
দীঘ বিদীগ নাই গগন মণ্ডল।
কল্লোল হিল্লোল করে সাগরের জল॥
জল জন্তু খলখলায় সাগরের পানি।
ত্রিভুবনের ছায়া জেন দেখিয়ে আপনি॥
বড় ২ ঢেউ আছে পর্ব্বত প্রমান।
সাগরের কুল জুড়িয়া বানরের দেয়ান॥
পর্ব্বত প্রমান ঢেউ আইসে জুড়িয়া আকাষ।
মহাবির অঙ্গদ দেন বানরে আশ্বাষ॥
বিসাদে বিক্রম টুটে বিসাদে সে মরি।
বিসাদে না দিলে মন সর্ব্বকার্য্যে তরি॥
আজি নিদ্রা জাহ বানর সাগরের কুলে।
আহার করিল সব বানর সকলে॥
নিদ্রা জায় বানর কটক সুখে রক্ষে রাতি।
প্রভাতে একোত্র হৈল সব সেনাপতি॥

End :

প্রভু রামের কির্ত্তনগুন হয় যথা তথা।
জোড় হস্তে হনুমান বির অবস্থ রহেন তথা॥
গোহর্ত্যা ব্রহ্মহর্ত্যা করে সুরাপান।
এমন পাপী মুক্ত হয় জপিলে রামের নাম॥
এমতি রামের নাম লহ বারে বার।
অন্তঃকালে কদাচ না জাবে জমদ্বার॥
অদ্ভুত অকথা কথা কিত্তিবাসের মুখে।
রামের নাম লইলে তাই ব্রহ্ম হত্যা খণ্ডে॥
জোড়হস্তে বন্দো হনুমানের চরন।
সংপুর্ন হইল সুন্দরাকাণ্ড রামায়ন॥

Colophon :

ইতি সুন্দরাকাণ্ড সমাপ্ত। *। *। পটনার্থে শ্রীরামতনু কর্ম্মকার সা° মদনমোহনপুর সন ১২৩৪ বার সর্ত্ত চৌত্রীস সাল তারিখ ১৮ ফাগুন লিখিতং শ্রীরাম নারায়ন পালিত সা° * * চাকলে বিষ্ণুপুর বেলা ডেড় প্রহরের সময়ে সমাপ্ত হইল। যথাদৃষ্টমিত্যাদি।

89. রামায়ন-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia, 1-23; marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 75 years old; discoloured. Incomplete. Place of find, Bankura.

End:

জাতি নাতি করে চুরি রেনেছে রাবণ।
সেই রামের দাস আমি পবননন্দন॥
শ্রীরাম চরন বলে যুদ্ধ করিছে।
অশক কাননে কালি প্রীতির হইয়াছে॥
মরনের দাএ কালি ঘুচাইল সিতা।
উর্দ্ধার করিয়া জার জনকদুহিতা॥
অক্ষয় কুমার বলে শুনরে বানর।
অস্ত্র বিনু নাই জানি রাবনকোঙর॥
মোর অস্ত্রঘাতে আর ইন্দ্র করে ডর।
মরন নিকট তোর হয়াছে বানর॥
সমির বিন্দিতে পারি অশস্ত্র করি হাতে।
বুঝিব যুদ্ধের জন বানের তেজেতে॥
কহিছে অঞ্জনাসুত শুনহ নিসাচর।
আজি জোদি বাচ তবে বুঝিবে সাগর॥

---

90. রামায়ন-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14½×5 inches. Folia, 1-69. Lines 9 on a page. Appearance, about 75 years old; mouse-eaten in part. Complete. Place of find, Bankura.

Fol. 42 rev:

দধিচি বানর কহে দাণ্ডারে বানর।
প্রবেশ না কর মোধুবনের ভিতর॥
বালির সিঞ্চিত বন সুগ্রিব পেএছে।
ভাঙ্গিতে মোধুর বন কে আজ্ঞা দিএছে॥
না শুনে বানররাজ অতি অবধ জাতি।
দধিচি উপরে তুলি মারে বাম লাথি॥
বজ্র চাপড় কেহ মারে তার গায়।
মোধুবন হইতে সেহ দৌড়িএ জায়॥
মালাবানে সুগ্রীবের নিকটে পড়িল।
পড়ারের জত চিহ্ন তাহারে দেখাল॥
মহারাজা বালির সিঞ্চিত মোধুবন।
বুদ্ধের আজ্ঞাতে দিএ ভাঙ্গে কোপিগন॥
হনুমান সঙ্গে তারা সাজ্ঞাইয়ে বনে।
বলিলে থাকিতে আইসে কোথাকে না মানে॥
শুনিএ শুগ্রীবের কত হইল আনন্দ।
হনুমান সঙ্গে কেন করিএছ দন্দ।
সিতাতত্ত্ব লএ আনে অঙ্গদের কাছে।
হরস হইজা কানন দান দিএছে॥
বন কোন ছুর হৈক অকিঞ্চিত কথা।
জে কথ করেছে শেষ মেটিক দণ্ডদাতা॥
আমারে প্রহার কোরুক একলক্ষ বার।
জয় ২ আজ্ঞাকারি হইব তাহার॥
শুনি দধিচির কত হইল আনন্দ।
এ অক্ত জানিনা বলেছি কত মন্দ॥

বেলা হইতে সুগ্রীব চলে শ্রীরামের পাস।
সুন্দরাকাণ্ডের কথা রচে কিত্তিবাস॥

---

91. রামায়ন-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 5$ inches. Folia, 1-12, 14-35, 37-59; marked by two sets of figures. Lines 10 on a page. Date 1264 B. S. (1857 A. D.) Appearance, worm-eaten and injured. Incomplete. Place of find, Bankura.

End:

কেহ বলে একবার সিরামের * * ।
* * মাঙ্ক লঙ্কা সমুদ্রে ডুবার॥
এই যুক্তি করিছেন জত কপিগন।
হেরিয়া আছএ সভে রামের বদন॥
সমুদ্র হইয়া বন্দ রাম হইলেন পার।
ঘেরিলেন কনক লঙ্কা কৌসল্যা কিস্বর॥
* * * *
সুন্দরাকাণ্ডের কথা সাঙ্গ এতদুরে॥

Colophon:

ইতি সন ১২৬৪ সাল তারিক ৬ পৌস বুধবার দিবসে বেলা সাড়ে তিন পর মধ্যে সমাপ্ত হইল। যথাদৃষ্টংমিতাদি। এই পুস্তক শ্রীসতুঘন সিংহ বস্থ। সাঃ হরিব (পু) রঞ্জি॥ ইতি।

---

92. রামায়ন-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKAṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 5$ inches. Folia, 1-16, 18-37, 39-60; marked by two sets of figures. Lines 9 on a page. Date 1268 B. S. (1862 A. D.) Appearance, worm-eaten and injured. Incomplete. Place of find, Bankura.

Fol. 22 rev:

জনক নন্দিনি কহে পবননন্দনে।
বেহার করিথাম জখন চিত্রকোটি বোনে।
মধুমাসে পবন বোহিছে মন্দ ২।
পুষ্পবনে মোধুপানে বুলে মোকরন্দ॥
বকুলে ব্যাপিত সব হয়্যাছে কোমলে।
কোকিল কল্লোল করে শুকসারি বলে॥
বন দেখি আনন্দ হইয়া রোঘুনাথ।
কাননে প্রেবেস কৈলা ধরি মোর হাথ॥
সপত্র সহিত্ব লয়্যা কদম্ব মঞ্জরি।
দিলাম রামের করে কত সুখ করি॥
গাঁথিয়া পুষ্পের মালা রাজিবলোচন।
দুজনে আনন্দ করি সেথা নাই লক্ষন॥
রবির তাপে ঘর্ম্ম বিন্দ পড়িছে বদনে।
সিলার উপরে গিয়া বোসিলাম দুজনে॥

End:

সাঙ্গহ রাক্ষস জত রজনি কালেতে।
জাঙ্গাল ভাঙ্গিয়া দেহ আমার আজ্ঞাতে॥
দিবা গেল রাত্রি গেল ফল জল খেএ।
নিদ্রা জায় বানর সব রাম শুন গেএ॥
তিনলক্ষ রাক্ষস তবে রাবন পাঠায়।
জাঙ্গাল ভাঙ্গিতে সব রাত্রিকালে জায়॥

যে পর্ব্বত আনিতেছে একটি বানরে।
একলক্ষ রাক্ষসেতে লড়াতে না পারে॥
রাত্রিকালে তান্দিলেক একটি যোজন।
রাত্রিসেস লঙ্কামুখে করিলা গমন॥

---

93. রামায়ণ-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia, 27-35; marked by two sets of figures. Lines 9-10 on a page. Appearance, about 50 years old; worm-eaten in part. Incomplete. Place of find, Bankura.

Begins with :

পাচ রত্ন ফল দিলে জনকের ঝি।
ক্ষুধার লাগসায় আমী সব খেয়াছি॥
এ ফলের বন কোথা দেহ দেখাইয়া।
ভক্ষন করিব অত্র উদর পুরিয়া॥
জানকি বলেন সুন শবননন্দন।
অতিসয় দুর্গম স্থান অত্রের কানন॥
বিশ্বকর্ম্মা মূল বান্ধে নানা রত্ন দিবা।
বরুন দেচএ বিক মেঘ আরম্ভিয়া॥
রবির তাপ নাহি বনে সুনিয়াছি কথা।
পাছে মলিন হয় অত্র তরুর পাতা॥
দুই হাজার রাক্ষস রক্ষক অত্র বনে।
অস্ত্র হাথে করি তারা থাকে রাত্রদিনে॥
ঐরি মাঝে একা তুমি জাইবে কেমনে।
পাঠাইতে আমার পত্যায় নাহি মনে॥
হনুমান বলে সুন জনকের ঝি।
শ্রীজিব করাছ তুমি তার চিন্তা কি॥
রাক্ষসে নাহিক ডর জনকদুহিতা।
মনের অধিক সুখ অত্র খাই মাতা॥
দেখাইয়া দিলা সিতা অত্রের কানন।
প্রনাম করিয়া চলে অঞ্জনা নন্দন॥

End :

শ্রীরাম চরণ বলে সাগর লাঘিলাম।
অসোক কাননে সিতায় সমাচার দিলাম॥
শ্রীজিব করিলা মোরে জনক নন্দিনি।
সুনহ আমার বাক্য লঙ্কার চুড়ামনি॥
অত্রবনে ধরা দিলাম তোমারে বুঝাতে।
আপন মঙ্গল চাহ রামে দেহ সিতে॥
চৌদ্দশে ঢাপাহরা লয়্যা জনকের ঝি।
চরনে স্মরন লোয়্যা বুদ্ধি বল্যা দি॥
মজাইবে লঙ্কাখান সিতা নাই দিলে।
এতেক সম্পদ বেটা মজাইবিতে হেলে॥
সুনিয়া রাবন হাসে চেঙ্গা বানর পানে।
অনেসেতে কত বেটা ডর নাহি মনে॥
পুত্র পোত্র পরিবার সেনাপতি সুখে।
অস্ত্রসহ লাগাইয়া আছেন চারিভিতে॥
কিছুমাত্র ডর বেটার নাহি একরত্ত।

---

94. রামায়ণ-সুন্দরাকাণ্ড, অঙ্গুরীসংবাদ।

RĀMĀYAṆA, SUNDARĀKĀṆḌA, AṄGURĪSAMBĀDA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia, 1-11; marked by two sets of figures. Lines 9 on a page. Date 1242 B. S. (1835 A. D.) Appearance worm-eaten in part. Complete. Place of find, Burdwan.

Fol. 1, obv :

লঙ্কার পাচির সর্ব্বরি জোজন প্রমান।
তাহার উপরে থাকেন বির হনুমান॥
কনক পুরি লঙ্কা দেখি পবন কোঙর।
চোতুদ্দিগে দেখে সব সনারুপার ঘর॥
সনা রুপার ঘর সব ফটিকের খুনি।
মোতিরের গাথে সব ঘরের ছাউনি॥
জেই দিগে চাহে সেই দিগে হরে মন।
আনন্দ পাইয়ে বির পবননন্দন॥
পাচিরে বসিয়া হনু করেন ক্রন্দন।
কোন দেসে পাব আমি সিতার দরসন॥
এক মাস হইল রাম বিদায় কৈলা মোরে।
কি বারতা কহিব গিয়া রামের গোচরে॥
তথা হনুমান আমি তথাই জিবন।
কি বলিয়া প্রবোধিব শ্রীরামের মন॥
সর্গ মর্ত্ত পাতাল খুজিলাঙ একে ২।
সিতা মাকে খুজিয়া না পাইলাম তিনলোকে॥
আগে গিয়া সুগ্রীব রাজার বধিব জিবন।
পাছু কুণ্ড সাজাইয়া মরিব হনুমান॥
এতেক বলিয়া বির করেন ক্রন্দন।
কোথা আছ সিতা মাতা দেহ দরসন॥
উদ্ধর হইয়া হনু করে নিরক্ষন।
হেন কালে দেখে বির অসোকের বন॥
কোকিলের কলোরব ভ্রমর ঝঙ্কার।
তা দেখিয়া আনন্দিত পবনকুমার॥
অসোকের বন দেখিয়া আনন্দিত মন।
ঐখানে পাইব সিতা মাএর দরসন॥

End :

জে রামা আনিঞা দিলে বাছা হনুমান।
ইহার তোলনা হয় প্রান দিতে দান॥
প্রানদান জদি দিবে কহি তব ঠাকি।
নিলবরন রামকে আর দেক্তে পাব নাই॥
তে কারনে প্রান দান না দিলাম তোমারে।
প্রান রক্ষা করিলাম রামকে দেখিবারে॥
ইহার তুলনা কিছু দান দিবে আমি।
আমার বরে চারি জুগ অমর হয় তুমি॥
দুই হাত তুলিয়া আমি তোরে দিলাম বর।
আমার বরে চারি জুগ হইলে অমর॥
কায় মন বাক্য জদি সতি সাদ্ধ হই আমি।
কায়মন বাক্য জদি রাম আমার হন স্বামি॥
অমর হৈলে বর দিলাম তুমি রামের দাস।
সুন্দরাকাণ্ড গাইল পণ্ডীত কীর্ত্তীবাস॥

Colophon :

ইতি অঙ্গুরি সংবাদ সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীগোরমোহন দাশ দস্ত সাকীন্ রাউত খণ্ড। ইতি সন ১২৪২ সাল তারিখ ১৮ ফাল্গুন পঠনার্থ শ্রীগোরমোহন নাপিত।

---

95. রামায়ণ-সুন্দরাকাণ্ড।

RAMĀYAṆA, SUNDARAKAṆḌA

BY

LAKṢMAṆA.

Substance, country-made paper; $9\frac{1}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia, 21-50. Lines 10 on a page. Appearance, about 175 years old; writing effaced in part. Incomplete. Place of find, Bankura.

Beginning:

মুখে হৈতে হনুমান বাহির হইয়া।
শুন্য পথে সুরেসাকে বলিছে ডাকিয়া॥
এখন আছহ কেন মেলিয়া বদন।
মুখে প্রবেসিলাম কেন না কৈলে ভক্ষন॥
হনুর বচন সুনি কহিলা গ মাতা।
তুমাকে বিদ্ধিতে মোরে পাঠাল্য দেবতা॥
তুমার বল বুদ্ধি জে জানিলাম হনুমান।
তুমী লঙ্কা জিনিবে মারিবে সেনাগন॥
এই বাক্য বলিয়া সাপিনি গেল ঘর।
হনুমান বির চলে সোয়ে করি ভর॥
হেন কালে সিন্ধু বলে মৈনাক পর্ব্বতে।
জাহরে বাছন হনুমানের সাথাতে॥
শ্রীরামের কায্য হেতু পবনকুমার।
লঙ্কায় চল্যাছে অর্ত্ত আনিতে সিতার॥
অতেব উঠিয়া জেতে বলিহে তুমায়।
তুমাতে বিশ্রাম করি জাবেন লঙ্কায়॥
সাগরের বাক্য সুনি হিমালয়সুত।
উঠিল সহস্র শিঙ্গ সর্ব্ববিভূসিত॥
নৈরাকার মুর্ত্তি এক তাহার উপরে।
ডেকা বলে জোড় হাথে হনুমান বিরে॥

End:

সিব পূজা কৈল রাম জাঙ্গাল উপর।
জার নাম সর্ব্ব লোক বলে রামেশ্বর॥

দেখিলে মুক্তিপদ পায় পাপের নির্ব্বান
মহাতির্থ সেই স্থান সভার প্রধান॥
বর দিয়া দেবগন গেলা সর্ব্বপুরি।
রাবন মারিতে রাম শুভ জাত্রা করি॥
হাথেতে কোদণ্ড রাম দুর্ব্বাদল শ্যাম।
হাথে ধনুর্ব্বান রামের বিচিত্র নির্ম্মান॥
সরমা রাক্ষসি কহে জানকির স্থান।
নগরে সুনিলাও লঙ্কায় আইলেন রাম॥
আর না কান্দিহ তুমি দুরে গেল দুর।
দিন চারি বৈ পাবে আপন ঠাকুর॥
উপমা দিতে নারি সকল অনুপাম।
রাবনবধের তরে লঙ্কায় আইলা রাম॥
শ্রীরামের কথা জেন অমৃতের ভাণ্ড।
এতদুরে সমাপ্ত হইলা সুন্দরা কাণ্ড॥

---

96. রামায়ণ-সুন্দরাকাণ্ড।

RAMAYAṆA, SUNDARĀKĀṆḌA

BY

RĀMRUDRA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 5$ inches. Folia, 4 by counting; marked by two sets of figures. Lines 10-11 on a page. Appearance, about 125 years old, injured in part. Incomplete.

Begins with fol. 8 rev.:

মঙ্গলদি আমি নারি দাসি কর্য্যা দিব।
তুমা প্রেমে বান্ধা বল হয়্যা রব॥
তবে কবে রামচন্দ্র পতি বর্ত্তমানে।
স্বামি ছেড়্যা কেমনে ভজিব গিয়া আনে॥
ইহা মনে কর আর রাম বাচ্যা আছে।
ক্ষুদ্র প্রাণি গহন বনে কোনখানে মর্যাছে॥

অথবা মরিল কোথা গাছো নাঞী পাঞা।
সাগরে খসিল কিবা সোকাকুল হৈয়া॥
যদি বা জিবীত আছে কোন পরকারে।
আমার হাথ হইতে তোমাকে নিতে নারে॥
তথা তার শিক্ষা কর শুন গো রূপসি।
মোরে ভজ্যা সুখ কর সিংহাসনে বসি॥
সাত সার করিয়া দিলাম তোরে আমি।
দানবে না নিতে পারে ইন্দ্রের ইন্দ্রানি॥
তেমন তোমারে আর নিতে নারে কেহ।
আজি হতে ছাড়হ রামের মায়া মোহ॥
জানকির অশ্রু ঝরে দুষ্টের কথায়।
উত্তর করেন সিতা "রামচন্দ্রে" পায়॥

---

97. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 15 × 4 inches. Folia, 71-73, 75-82, 85-90. Lines 8 on a page, having a blank space in the middle of each page. Appearance about 250 years old; discoloured. Incomplete.

Begins with:

সেনাপতি হনুমান অছিলা পাত্রকুলে।
রাজার কুশল এড়িয়া চাহ পাত্রের কুশলে॥
জম্বুবান বলে আমার বুদ্ধি নাহি ঘাটে।
হনুমান জিলে সভার প্রাণ দেওটে॥
বড় বড় বির সব হাঞ অচেতন।
আ সভার কুশলে তোমার নাহি প্রয়োজন॥
বড় বড় বানর পড়িলা ইন্দ্রজিতের বাণে।
হনুমান ঔষধ আনিলে সভে জিএ প্রাণে॥

বিভীষণ বলেন তুমি মহি জম্বুবান।
তোমা দেখিবারে আসিয়াছে বির হনুমান॥
জম্বুবানের চরণ হনুমান বন্দিল ভকতি।
আসিস দিয়া হনুমানে বলন্তি পিরিতি॥
রাম লক্ষ্মণ সুগ্রীব রাজ্যের প্রধান।
সকল কটকে হনুমান দেহ প্রাণদান॥
সাগর ডিঙ্গাইয়া উঠহ আকাসে।
হিমালয় পর্ব্বত জাহ ঔষধ উদ্দেশে॥
রিষভ পর্ব্বত হিমালয়ের পার।
কৈলাস পর্ব্বত জানে চন্দ্র আকার॥
এ ভিতে ঋষভ ও ভিতে কৈলাস।
দুই পর্ব্বতের মধ্যে ঔষধের বাস॥
তাহাতে ঔষধ দৈবে চারি জাতি।
দশদিগ আল করে ঔষধের জ্যুতি॥
প্রথমে ঔষধ আছে অস্থিসঞ্চারিনী।
দ্বিতীয় ঔষধ আছে বিশল্যাকরনি॥
তৃতীয় ঔষধ আছে মৃত্যুসঞ্জিবিনী।
চতুর্থ ঔষধ আছে সুবর্ণকরনি॥
চল কাটি হনুমান জাহ রাতারাতি।
চারি যুগ থাকুগ তোমার সেখ্যাতি॥

End:

চলিল মহি দিয়া অগ্র আর কার।
সুরঙ্গ বাহিয়া উঠে ভেজিয়া পাতাল॥
চতুর্দিগে বেড়িল লঙ্কা দেখি বানরগন।
তার মাঝে দেখে খুড়া বিভীষণ॥
দেখিয়া বিস্ময় লাগে মহির মনে।
বানর ভিতর কেনে খুড়া বিভীষনে॥
মহি বলে আগে করোঁ রাজা দরশন।
সকল জানিব আমি খুড়ার কারন॥
প্রবেশ করিল গিয়া রাজার ভিতরে।
স্ত্রি পুরুষে ধায় লোক মহি দেখিবারে॥
সংভ্রমে উঠিয়া রাজা মহি কইল কোলে।
মহি কোলে ভিজে রাজার চক্ষুর জলে॥
মহি বলে রাজা কেনে করিলে ক্রন্দন।
কোন প্রমাদ পড়িয়াছে কহত কারন॥

রাবণ বলে শাপ কর অবধান।
নর বানরে এত করে অপমান॥

---

98. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKAṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13½ × 5 inches. Folia, 53-74, 80-105. Lines 10 on a page. Appearance, about 225 years old; discoloured and injured in part. Incomplete.

Begins with:

অগ্নিবান এড়ে তবে রাবন মহাবল।
বরুন বান এড়িঞা রাম নিভাইল সকল॥
ব্রহ্মঅস্ত্র এড়েন রাম বজ্র হনুকে।
বজ্রাঘাত যেন বাজিল রাবনের বুকে॥
ত্রিভুবনের মধ্যে রাবনের কিছু করিতে নারি।
রামের বান বাজিলে বুলে চাকভাঁড় ঘুরি॥
ডাক দিয়া বলেন রাম কমললোচন।
ব্রহ্মার বরে তৌ জিনিলি ত্রিভুবন॥
তোর বানে পড়িল বড় বড় মহাবির।
প্রানে না মারিব আজি প্রাণ কর স্থির॥
আজি মাথা না কাটিব তোর কাটিব মাথার কেশ।
যেন স্থিপুত্র লঞা জাহ আজিকার রনের শেষ॥
রাজা লঞা রাবন রামের কথা শুনে।
অর্দ্ধচন্দ্র বান রাম জুড়িলেন গুনে॥
এড়িলেন বান রাম তারা যেন ছুটে।
অন্তরিক্ষে রাবনের দশ মুকুট কাটে॥
রাম রাম বলে কি রাজা নারে হয়।

* * * * * *

দশ মুকুট কাটিয়া রাবনের পাড়িল ভূমিতলে।
দশ ছাড়িঞা পালায় সকল রাক্ষস দলে॥
মুকুট সহিত কাটা গেল মাথার দশ পাগ।
তবু নিল শাইক রাউতকে দেখিলে নাহি লাগ॥
লঙ্কার ভিতর নাস্তায় রাবণ গেও অবসাদ।
সিংহাসনে বসিঞা রাজা গুনিল প্রমাদ॥

End:

এত শুনে যদি বলিল রানি মন্দোদরি।
প্রবোধ বচনে বলেন লঙ্কার অধিকারি॥
রাবণ বলে নাকান্দ নাকান্দ রানি না কর শোক।
রনে পড়িঞা বন্ধুলোক গেল স্বর্গলোক॥
জত ২ দিন পাঠাইলাঙ তারা ফিরিতে না জানে।
মাণ্ড যেন পড়ে গিঞা বানরের রনে॥
আমার বিক্রম রানি শুনিঞাছ কানে।
কোনজন সমুখ হবেক আমার বানে॥
স্বর্গ মর্ত্ত পাতালে জিনিল ত্রিভুবন।

---

99. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMAYAṆA, LAṄKAKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 17 × 5 inches. Folia, 49-94, 96-109. Lines 12 on a page, leaving a blank space of about an inch square in the middle of each page. Appearance, about 225 years old, mouse-eaten in part. Incomplete.

Begins with:

কেনে রথে কেনে অশ্বে কেনে মুকুটে কেনে মুকুটের হানে।
তিন হাতি হাতিয়া বুলে নাটাই যেন ঘুরিয়া বুলে।
তিন হাতি যোড়াএ বানর দেখিতে না দেখি।
ঘন পাকে বেড়ায় বির যেন চামলিঞা পাখি॥

শ্রীরাম লক্ষ্মন সুগ্রিবরাজ হাসে।
আকাষের দেবগনে লাগীল তরাসে॥
কিত্তিবাস পণ্ডিত কবিত্বে মোহাসয়।
লঙ্কাকাণ্ডে গাইয়া দিল নিল বীরের জয়॥
রাবন বলে বানরার দিষ্ঠ গমন।
চাহিতে চাহিতে বানরার না পড়ে নএন॥
তিলেক জদি দেখিতে পাও আখির নিমীসে।
বানে মারিয়া পাড়ো জেন ফেরিঞা না জাএ দেসে॥
অগ্নির নন্দন নীল বীর মায়ার নিদান।
পাতি নেউল হইয়া বেড়াএ স্থানে স্থান॥
নিলের বিক্রম জেন সিংহের প্রতাপ।
রাবনের মাথার উপরে করে প্রস্রাব॥
মকুটে চড়িয়া রাবনের মাথা ভরিল মুতে।
তিলক চন্দন রাবন রাজার ভাসিল তাতে॥
দেখিয়া বানর কটক দিলেক টিটকারি।
এই সে রাবন তুমি লঙ্কার অধীকারী॥
এক বানর অপমান করে কিছু করীতে নারি।
সুনিঞা কোপে জলে লঙ্কার অধীকারী॥
ধনুকে বান যুড়িয়া রাবন আছে সাবধানে।
দেখিতে না পাই বানরা থাকে কোন খানে॥

End:

তুমি জেন বীর জাহার আছে বিদ্যমান।
তাহার বাপে অপমান করে কেনে আন॥
* * লক্ষন মারিয়া খাণ্ডাঞা জদয়ের সাল।
তোমার প্রতাপে আমার বাড়ুক ঠাকুরাল॥
কিত্তিবাস পণ্ডিত কবিত্বে বিচক্ষন।
লঙ্কাকাণ্ড গাইল পিতা পুত্রে সম্ভাষন॥
শ্রীশ্রী রাম জয়।
এথা বসিলা শ্রীরামচন্দ্র করিয়া দেয়ান।
সুসেন বেজ বসিলা আর মন্ত্রী জাম্বুবান॥
শ্রীরামের বাম পাসে বসিলা অনুজ লক্ষন।
জোড় হাথে ডাণ্ডাইঞা আছেন পবননন্দন॥
বসিলান সুগ্রিব রাজা শ্রীরামের সাক্ষাতে।
পাত্র মিত্র বসিয়া আছেন করিয়া জোড়হাথে॥
এমন সময় আইলা রাজা বিভিষন।
জোড় হাথ করিয়া বলিলা * * ॥

100. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMAYANA, LANKAKANDA

BY

KṚTTIVASA.

Substance, country-made paper, $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 76-83 86-93. Lines 9 on a page. Appearance, about 225 years old. Incomplete. Place of find, Bankurā.

Begins with:

মহাঁদন্ত করে বির সংগ্রামে পসিল।
ভিড়া ভিড়ে ভাঙ্গিলেক কপাটের খিল॥
পুর্ব্ব দ্বারে হইল জেন সাগরে কলকলি।
পুর্ব্ব দ্বারে জায় রাক্ষস মহাতেজ বলি॥
বানর ভিতর গেলা করি ঠেলাঠেলি।
বানরে দেখিঞা রাক্ষস করে গালাগালি॥
ফল মুল খাস বানর কাছুটি পরিধান।
প্রান পুন করিঞা সাধসি কার মান॥
লাজ অপচয় নাহিঁ কার ডরে মরি।
দেসে গিঞা কেন নাকি দেখ আপন নারি॥
বানর বলে রাক্ষস তোরা আসিস গুটি ২।
রামলক্ষন কাজা আছুক বানরে না আটি॥
আপন মুণ্ড কাটি রাবন পুজে মহেশ্বরে।
কাটা মুণ্ড লাগে তার মহাদেবের বরে॥
রামের বানে কাটা গেলে না লাগিবে আর।
রাম বানে জানে এবে জোমের দুআর॥
রামের সিতা রামে দিব মজিল লঙ্কাপুরি।
বিভিসন লঙ্কার রাজা রানি মন্দোদরি॥
অহঙ্কারে রাবন জরে বোল নাহিঁ শুনে।
সংগ্রামে পসিলে সে পড়িব রামের বানে॥
আগু গালাগালি পাছু করি হানাহানি।
রাক্ষস বানর জুজে মরন না গনি॥
মদগুর মুসলের ঘাএ ভাঙ্গে মাথার খুলি।
নির্ঘাত আছাড় মারে ধরিঞা ২ চুলি॥
বানর কটক দেখি আথালিপাথালি।
রাক্ষসের বানে বানর পড়ে ঢলি ২॥

জাটি ঝগড়া পেলে টাঙ্গি খরসান।
মুদগুর মুসল পেলে চোখ চোখ বান॥
কপিল বানর গাছ পাথর উপাড়ে।
গাছ পাথর মারে বানর রাক্ষসেতে পড়ে॥

End :

বর্ম্ম নির্ম্মান জেন অঙ্গদের অঙ্গ।
মরনের ভয় নাঞি রোনে নাহিঁ ভঙ্গ॥
জে তোথা পালাঞ বানর রন নাহিঁ জিনি।
রন করি মরিলে থাকে জসের কাহিনি॥
দেব দানব পুত্র নতে দানবের নাতি।
আলা জস পরে দেহ বড় আক্ষে আতি॥
জিবন মরন নহে সরিরের বস।
রন করি মরি থাকে নাম আর জস॥
আমার বচন বারেক করহ অপেক্ষা।
এক চাপে করি মারি এই পাটাবুকা॥
আর জত রন করিলে রনে নাহিঁ গনি।
এ রন করিলে থাকে জসের কাহিনি॥
লঙ্ঘিতে নারিল কেহ অঙ্গদের বচন।

---

101. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper ; 14 x 5 inches. Folia, 94-284. Lines 10 on a page. Date 1020 B. S. which is doubtful ; it may be Malla Saka. Appearance, writing effaced and worm-eaten in part. Incomplete. Place of find, Bankura.

Fol, 103 adv.

দস অঙ্গুলে সোভে দস অঙ্গুরি।
প্রসাদ চন্দন পরে কুম কুম কস্তুরি॥
সর্ব্বাঙ্গে আর্থান লইয়া সর্ব্ব অঙ্গ ঢাকে।
রূপে বেসে ইন্দ্রজিত ত্রিভুবন মোহে॥
হুহুঙ্কার হানে বির নির্ভর ভরে।
সারথিকে ডাকে তরে রথ আনিবারে॥
এক হাথে ধরিয়াছে সর্ব্বাঙ্গে সাপুনি।
আর হাথে রথের তরে ডাকিছে আপনি॥
সাজাইয়া রথখান আনিল সর্ত্তর।
সঙ্গ্রামের অস্ত্র তোলে রথের উপর॥
সুমেরু পর্ব্বত জেন আছীলা গোসানি।
রথের চারিভিতে লাগে ঘোটা ২ মনি॥
হিরামন মানিকে গড়িল কুণ্ডল।
চারিভিতে সোভা করে ঢাকার মণ্ডল॥
কনক রচিত সোভে গজ মুকুতার ঝারা।
আথালি পাথালি সোভে সেত চামর।
সাজাইল রথ খান দেখিতে সুন্দর॥
রথের চালে সোভে মুকুতার ঝেচনি।
নিরমিল রথখান অপূর্ব্ব সাজনি॥
গুবাক সাপুড়া উঠে ভিঙ্গারের পানি।
সুবর্ণের ঘাগর রথের সন সনি॥

End :

আর জত বানর দেখিল নিজ পাসে।
নানা ধন দীয়া রাম সভাকারে তোসে॥
হইল লঙ্কার ভুক্তে আহার বাসান।
নানা দ্রব্য দীয়া তার সাধিলা সন্মান॥
ছোট বড় বানরের কত লব নাম।
সভাকারে সন্তোস করিলা প্রভু রাম॥
কিত্তিবাস পণ্ডিতের সকল গোচর।
নানা রত্ন দিয়া জারে পুজে গৌড়েশ্বর॥
রচিলেন রামগুন অমৃতের ভাণ্ড।
এতদুরে সমাপ্ত হইল লঙ্কাকাণ্ড॥
দেবা দেবির কন্না করন সভাতলে।
সরেস্বতি আরাধিয়া কিত্তিবাস বলে॥
শুক্লপক্ষ একাদসি সু[ভ] কাত্তিক মাস।
লঙ্কাকাণ্ড সাঙ্গ তথি কৈল কিত্তিবাস॥
কিত্তিবাস পণ্ডিত মুরারি ওঝার নাতি।
জার কণ্ঠে কেলি করেন দেবি সরেস্বতি॥

রামের চরিত্র জেই শুনে সাবধানে।
পাপ খণ্ডে পুত্র বৃদ্ধি হয় দীনে ২॥
কিত্তিবাসে বাখানিল মুনির পুরান।
জে জন শুনএ তার সর্ব্বতে কল্যান॥

Colophon :

ইতি লঙ্কাকাণ্ড সমাপ্ত। লিখিতং শ্রীগুরুচরন দত্ত। সাঃ পাত্রসাএর এ পুস্তক শ্রীমদন চন্দ্র দাসের সাঃ নিজ গ্রাম। সন ১০২০ সাল তারিখ ৩০ চৈত্র।

---

102. রামায়ন-লঙ্কাকাণ্ড।

RĀMAYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KRITTIVĀSA

Substance, country-made paper $13\frac{1}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia, 11-73 of which fol. 40 and 47 are wanting. Lines 9-10 on a page. Appearance, about 200 years old ; discoloured. Incomplete. Place of find, Bankura.

Begins with :

বিভিসনে দেখিঞা সে শ্রীরাম কৌতুকি।
লঙ্কায় রাজা বসিঞা তখন অভিসেকি॥
আছিলা বিভিসন তোমার ঘরে হিত।
বিপক্ষ সাস্তাঞা কার্য্য করে বিপরিত॥
মানুসের চুড়ামনি শ্রীরাম লক্ষ্মন।
রাক্ষসের চুড়ামনি রাজা বিভিসন॥
সুগ্রিব রাজাকে দেখ বানর চুড়ামুনি।
এই চারি বির রাজা ত্রিভুবনে গনি॥
এই চারি বির রাজা বানরের মাথা।
এক রামে লঙ্কা জিনিল অল্পের কথা॥
বানরের গর্ভে উপজিল জে বানর।
জেন দানবের পুত্র সংগ্রাম সাগর॥
বানরে ২ মেলিঞা কৌতুক দেখি।
লাফ দিঞা ধরিঞা পাড়এ বড় পাখি॥
মেঘ সঞ্চারিতে নারে গগন মণ্ডলে।
ধরিঞা ২ পাড়ে পৃথিবির তলে॥
পৃথিবি বিদার দেই বৌনি না ধরে টান।
বানর বিক্রম দেখি উড়এ পরান॥
বানর বিক্রম দেখি ত্রিভুবন কম্প।
চন্দ্র সুর্য্য উপরেতে দিতো চাহে ঝম্প॥
তোমাকে দেখিঞা গোসাঞি বড় অভিমানি
রসাঞা বোনের বাঘ কোন জনে আনি॥

End :

অজয় প্রতাপ রাজা সুজোর নন্দন।
ক্রোধে দুই আখি হৈলা এতাম্র লোচন।
পৃথিবিকে কম্পাইঞা খান্ধ রড়ারড়ি।
কুপিল নয়ন দুই জলন্ত দিউটি॥
ভাগিল রাক্ষস কটক ছাম্নু হতো নারে।
গালাগালি দিলে বির আপনা পাসরে॥
রাক্ষস বলে সুগ্রিব বেড়াসি বোনে ডালে।
বিক্রম না জান কিছু পৃথিবির তলে॥
ইতিন ভূবনে তোর বানর কোথা জিনে
মনস্ত আনিঞা কেনে ঘঁটালি রাবনে॥
সুগ্রিব বলেন বাদ নাহি কার সনে।
বানর বিক্রম বেটা কেহ নাঞি জানে॥
রাক্ষস উপরে মোর বিক্রম পরিক্ষা।
বানরের বিক্রমেতে নাহি পাবি রক্ষা॥

---

103. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKAKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13×4½ inches. Folia, 2-54. Lines 11 on a page. Appearance, about 200 years old; worm-eaten in part. Incomplete. Place of find, Bankura.

Begins with:

গাছ পাথর হাথে বানর হইছে পার।
লিখিবার কার্য্য থাকুক দেখিতে আপার॥
কটক ভাঙ্গি দিয়া ফিরে বিভিষন।
সুক শারন উপরে দৃষ্টী পড়িল তখন॥
রাক্ষসের মায়া সে রাক্ষস ভাল জানে।
চিনিঞা ত দুই চরে ধরে বিভিষনে॥
বিভিষনের বচনে বানর চুলে ধরে।
বিভিষনের বচন পায়্যা সকল বানরে মারে॥
ভাএর চর বলি কিছু না কৈল অপিক্ষা।
বানর হাঁকাইয়া কৈল গরুম আবস্থা॥
আপনার গুচ্ছ হিয়া জানাইবার তরে।
দুই চরে বান্ধিয়া নৈল রামের গোচরে॥
বসিয়াছেন রামচন্দ্র ত্রৈলোক্য ইশ্বর।
বামভিতে বসিয়াছেন সুগ্রিব বানর॥
চারিভিতে বসিয়া জত সেনাপতি গন।
পিতা পুত্রে দুইজনে জাঁতিছে চরন॥
সুমুখে লক্ষন বির চাপিয়াছেন বান।
সর্পের জিহ্বা জেন বান খরশান॥
বানের ভিতে লঙ্কার ভিতে চাহে ঘনে ঘন।
জেন বুঝি মজিল ইবে লঙ্কা ভুবন॥
কথোদুরে বন্দিআছে সুক শারন চর।
এই সমএ বিভিষন গনাইছে সর॥

End:

হনুমান মহাবির পাচির উপরে চড়ে।
কুম্ভকর্ন্নের সবির বির হাথে লঞা বেড়ে॥
সাগরের কুলে মারে দারুন আছাড়।
সাত দিনের পথ জুড়ি পড়িল সেতায়॥
সাগরে উথাল বান্দে মহত কুম্ভির।
অনেক ভাঙ্গিয়া পড়ে লঙ্কার পাচির॥
কুম্ভকর্ন্ন পড়িল হরিল পুরন্দর।
জয়ধ্বনি হৈল গগন উপর॥
লুকাইয়া ছিল বানর কুম্ভকর্ন্নের ডরে।
হাসিঞা হুয়াল্য মাথা রামের গোচরে॥
হাসিঞা বলেন রাম কম[ল] লোচন।
তুমা সভার পুন্নে পাব সিতারবদন॥
কির্ত্তিবাস পণ্ডিত কবিত্ত্ব বিচক্ষন।
লঙ্কাকাণ্ড গাইল কুম্ভকর্ন্নের নিধন॥

---

104. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13½×4½ inches. Folia, 197-256 of which fol. 255 is wanting. Lines 9 on a page. Appearance, about 200 years old, worm-eaten and injured. Incomplete. Place of find, Bankura.

Begins with:

আমারে চরন ছায়া নাহি দিব কবে।
পতিত পাবন তাঁর নাম ব্যর্থ হবে॥
তাহা সম দয়াবান না শুনি পুরানে।
মোর সম পাতকি নাহিক কোন খানে॥
দিন অকিঞ্চনের দয়াল দেখহরি।
যবন্ত লবেন প্রভু মোরে পারকরি॥
এইরূপে আপনা আপনি ভাবে মনে।
একান্ত করিঞা ভক্তি রামের চরনে॥
বুক বাঞা নয়ানে গানন্দ ধারা বহে।
পুলকে আর্দ্দুল কাহে কিছু নাহি কহে॥

মানসে যুগিল তন্থ রামের চরনে।
বাহ্যজ্ঞান সুবাহুর কিছু নাহি মনে॥
আনন্দ আলসে বিব দুই আঁখি মুদে।
হিদঅ সরোজ মাঝে দেখে রামচন্দ্রে॥
ধ্যান করি সুবাহু দেখেন অনুপাম।
জানকি সহিত রাম দুর্ব্বাদল শ্যাম॥
শ্রীবৎস কৌস্তভ হিদে বনমালা তথি।
মনমথ মথন মুরতি তন্থ জোতি॥
কিরিট কুণ্ডল কর্ণে পরি পিত বাস।
বিমল অঙ্গের আভা মুখে মৃদুহাস॥
মস্তকে ধরেন ছত্র ঠাকুর লক্ষন।
পুরতো মারুতি স্তুতি করে অনুক্ষন॥
জোড় হাথে চারিদিগে বেষ্টিত অমর।
লক্ষ্মি সরস্বতি অঙ্গে ঢুলান চামর॥
তম্বুর নারদ আদি জতেক গাএন।
নাচিতে নাচিতে গান রামের কির্ত্তন॥

End :

অর্দ্ধপ্রান গেল মোর ইন্দ্রজিত সনে।
নিশ্চঅ মরিব আজি তোমার মরনে॥
কেমনে করিব সর্ব্ব ভোগের বর্জ্জন।
সোক সহিবারে নারি হউক মরন॥
কোথা ছাড়ি জাহ মোরে লেহ নিজস্থানে।
ত্রিগন কান্দএ কত প্রবোধ বচনে॥
বাহি বিভা কৈলে দেব দানব দুহিতা।
কান্দএ সে সর্ব্ব কন্যা কুলে পতিব্রতা॥
অন্তঃপুরে থাকে সতে সন্তুসকে রাখে।
ক্ষুধা বিনে অন্ন জল কেহো নাহি দেখে॥
কোন পাপে মো সভার তেজিলে সন্তাস।
স্মরন করিঞা লেহ আপনার পাস॥
বিপরিত বুদ্ধি হএ মির্ত্যু সন্নিধানে।
সিতা চুরি করিলে রামের বিদ্যমানে॥

---

105. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14 × 4½ inches. Folia, 94-112. Lines 8 on a page. Appearance, about 175 years old; mouse-eaten and injured. Incomplete. Place of find, Bankura.

Begins with :

এক চাপে বানর আলা দেখিতে ভয়ঙ্কর।
কুম্ভকর্ন উপরে ফেলাএ গাছ পাথর॥
কোপিলরে কুম্ভকর্ন হাথে নিল শূল।
ডাহিনে বামে মারে বানর করিয়া নির্ম্মূল॥
বড় ২ বানর শূলে বিন্দি ২ পাড়ে।
শুখাইল বন জেন অগ্নিদিতো পুড়ে॥
রন করে কুম্ভকর্ন জিনিতে না পারি।
এক চাপে রাক্ষসে বানরে মারামারি॥
গাছ পাথর বানর করে বরিশন।
ঘোড়া হাথি সমেৎ মারন্তি রাক্ষসগন॥
কালান্তক জোম জেন রাক্ষসের বান।
বানর কটক কাটিঞা করে খান ২॥
কুম্ভেরে রাক্ষস কটক মুখে না রা কাড়ে।
কুম্ভকর্নের রন দেখিঞা অধিক বল বাড়ে॥
কুম্ভকর্ন বিক্রমে রাক্ষসে বাড়ে রঙ্গ।
বান সহিতে নারে বানর রনে দিল ভঙ্গ॥
বানর এড়ি বানর পালাঅ কুম্ভকর্নের ডরে।
লাম্প দিঞা উঠে কেহ পর্ব্বত উপরে॥
সাগরেতে ঝম্প জেন তিতলাউভাসে।
জে পালাতো নারে তাকে মারএ রাক্ষসে॥

End :

ডাক দিঞা বলে শুন শ্রীরাম লক্ষন।
আমাসনে তোমার জুঝিব কোন জন॥

আমা-সনে কোন বির জুঝিব নির্ভয়।
আগুসরি আমারে করুক পরিচয়॥
বিরদাপ বলে জেই তাকে আমি জানি।
আমা দেখি জে পালাবে তাথে নাহি গনি॥
কুপিল লক্ষন সেই ধনুকে টঙ্কার।
সুনিঞা অতিকার মোনে লাগিল চমৎকার॥
অতিকা বলেন সুন ঠাকুর লক্ষন।
•এসে ছাআল তুমি কি জানিবে রন॥
তুমি কি বলিব লোকে নব দেব।

---

106. রামায়ন-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 12 × 4½ inches. Folia, 65-83; marked by two sets of figures. Lines 12-13 on a page. Appearance, about 175 years old; worm-eaten in part. Incomplete. Place of find, Bankura.

Begins with:

সুগ্রিব অঙ্গদ ভট্ট : শ্রীরাম লক্ষন নষ্ট
নষ্ট রঘুবংসের তিলক।
তুমি মনে কর বিচার : রাম বিষ্ণু-অবতার
দুই কটকে হইল মহা-মার।
রামের কর প্রেতিকার : বানরে কর নিস্তার
তোমার জস থুলক সংসার॥
ঔসদ সেহ চারি জাতি : কটক জিয়াও রাতারাতি
তবে তোমার নাঁহিথ বিনাস।
শ্রীরামের আমি দাস : আমার কর উপহাস
আপন দোসে আপুনি হবে নাস॥
রাম লক্ষন অশুধি : ঔসধ কার বাণে রাখি
পর্ব্বত হইয়া মোরে ভাণ্ডে।
পর্ব্বত হৈল নৈরাস : লাচারি রচিল কিত্তিবাস
ভাঙ্গিয়া লইতে চায় মুণ্ডে॥ * *

পর্ব্বত দেখিয়া হনু না পাইল ডর।
উপাড়িয়া লইতে চায় পর্ব্বত সিখর॥
দুই হাথে ধরি হনু পর্ব্বত দিল নাড়া।
চল্লিস জোজন ছুড়িয়া উঠে পর্ব্বতের গোড়া॥
অনেক গাছ ছিণ্ডিল অনেক লতা পাতা।
নানা জাতি পক্ষ পালায় অনেক গজমাতা॥

End:

বাণের আগে বাণ্ডাইল কোঙর মেঘনাদ।
সর্ব্বাঙ্গ ভরিয়া পরে রাজপরিচ্ছদ॥
রাজ প্রসাদে বির হইল হসিত।
জজ্ঞ করিতে বসিলা কোঙর ইন্দ্রজিত।
কিত্তিবাস পণ্ডিত গান নির্ম্মল।
জে সুনে জে ভনে তার সর্ব্বত্রে কুসল॥ * । * ।
বিভিসন হনুমান করে অনুমান।
তুমি আমি চল জাব গৌড়ুরের স্থান॥
রাম লক্ষন জখন আছিলেন নাগপাসে।
তখন গোড়ুর গোছিলেন করিয়া আশ্বাসে॥
ইন্দ্রজিত বির ছুহে বান বরিসন।
পরাভব পাইলে আমায় করিহ স্তবন।
রথের সারথিকে পড়িল হাকার।
কুলদিপ গেলেন সাগর হয়্যা পার॥

---

107. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 12 × 5 inches. Folia, 2-17. Lines 10 on a page. Appearance, about 175 years old. Incomplete. Place of find, Bankura.

Begins with:

কীর্ত্তিবাস পণ্ডিত কবিত্ব চমতকার।
লঙ্কাকাণ্ড গাইল ওকা শুনিতে সুসার॥ *।

রাগ পটমঞ্জরি।

ছেড়িআ বৈকুণ্ঠ বাস বিষ্ণু ভক্তি পরকাস
প্রিথিবি মণ্ডলে আগমন।
শুক্লার পুত্র পিআ ভুহা কে চণ্ডাল হঞা
রূপ্ন পড়িলা চক্রসুদর্শন॥
ভুহা শিরে জড়া সোভা মালতির মালা গাভা
চৌডল কপাল ঝল মল।
রঞ্জিত অঙ্গাহুতি দশন মুকুতা পাতী
শ্রবনে দুলে মকর কুণ্ডল॥
সুবলিত করি শুণ্ড বাহু অতি প্রচণ্ড
বিরাজিত বলয়া কঙ্কন।
পরিধান পীত ধটী গলাএ রত্নের কাঁঠী
সর্ব্বগাত্রে চন্দন সুসোভন॥

—

108. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 239-249. Lines 9 on a page. Appearance, about 100 years old. Incomplete.

Beginning:

কোপে দস মুণ্ড তার কাটিলেন রাম।
নাহি যায় দস মুণ্ড তারে উঠে যন্ত্রণাম॥
দস মুণ্ড কাটা গেল রাম দসমুণ্ড দেখি।
মুণ্ড কাটিলে নাহিক মরে দেবতায় দুখি॥
এক সত একাসি বার কাটা গেল মাথা।
তবু রাবন বুকে নাহী পায় ব্যথা॥
মারিচ ধর ধুসণ রাম মারিল যে[ক] বানে।
হেন সব বান রাবন কিছু নহি মানে॥
যে[ক] বানে মারিল রাম বানর রাযা বালি।
হেন বাণ ছুড়িলা রাম হয়া কুতুহলি॥
প্রলয় রামের বান তারা যেন ছুটে।
রাবনের গায় যেন কাটা হেন ফুটে॥
রাত্রে নিদ্রা নাহি যায় দিনে যবগান।
রাম রাবনেতে যুদ্ধ দেয় তায় তাস॥
রাম বলেন মিতা শুন ধার্ম্মিক বিভিশন।
তিন প্রহর বেলা হইল না মরে রাবন॥
কোন যুদ্ধ করি মিতা বলহ উপায়।
সত্য করে বলহ মিতা কেমনে বধা যায়॥
রাম বলেন যদি হাজি মারিতে নারিব।
শিরাম বো * * নাম কোন গুনে ধরিব॥
বিভিশন বলে রাম নাহি জান তুমি।
ইহার বিত্তান্ত কথা ভাল যানি যামি॥
তিন জনে গেলাম মোরা তপস্যা কারন।
তপস্যা করিত মোরা ভাই তিন জন॥

End :

তত্রিবেরে সাগ্রাদিলা গদাধর।
সত্তে মে[লি] বিভিসনে কয় লঙ্কেশ্বর ॥
রঘুনাথের আগ্যা লক্ষিন কনজন।
বিভিসন রাজা হব লঙ্কাতে সোভন॥
তাল দিবা জগা ছিল জগা ২ বুনি।
বানর রাক্ষস শব বহিযাত আনি॥
শইত্ত কলসে বানে নানা তির্থের জল।
বানিগন বেড়িয়া গা[য়] জয় জয় মঙ্গল॥
হাথে দুর্ব্বা ধান্ত করি লঙ্কার ব্রাহ্মন।
বড় ২ ফাট পৈতা——বেদের বচন॥
লঙ্কার ব্রাহ্মনের ঘর কি কহিব গুটি।
লঙ্কার ভিতরে দিবা যাছে এক কটি।
রাক্ষসেতে গিত গায় বানরে করে নাট।
রাবনের সিংহাসন চড় দণ্ড ফাট॥
সিংহাসনে বিভিস[ন] শুভক্ষনে বৈসে।
ষ্মিগ্ধ জল লক্ষ[ন] ঢালে কলসে কলসে॥
স্নান করিল রাজা নানা তির্থ জলে।

---

109. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 145-152, 155, 159-196. Lines 9 on a page. Appearance, about 175 years old; worm-eaten and much injured. Incomplete. Place of find, Bankura.

Begins with :

এতৈক গাছের বাড়িতে রাক্ষস সত ২ পাড়ি।
পড়িছে রাক্ষস কটক জায় গড়াগড়ি॥
বিভিসন গদা মারে জাকে দেখে আগে।
বানরের চাপেতে রাক্ষস কটক ভাগে॥
ইন্দ্রজিতের বান কাটিআ লক্ষন আপনাকে রাখে।
হরিসে বানর কটক লক্ষন ফিরে দেখে॥
আকাসে থাকিআ দেখে জত দেব ঋসি।
লক্ষন ভিমুল বলিআ সভেই প্রসংসি॥
সাত বানে রথের ঘোড়া কাটিল লক্ষনে।
সারথির মুণ্ড কাটিআ পেলে চোখ বানে॥
রথ সারথি পড়িল ইন্দ্রজিত চিন্তে।
চারি বানর ধাএণ আইল আচম্বিতে॥
প্রমাথি সরভ গময় গন্ধমাদন।
চারি মহাবির ধায় বিপক্ষ দলন॥
লাম্ফ দিআ ঘোড়ার পিঠে চড়ে চারিজনে।
চারি ঘোড়া যইল চারি বিরের চাপানে॥
রথখান গুণ্ডা কৈল সকল বানর রনে।
বিরথি হইল ইন্দ্রজিত ঝুজে ভূমিতলে॥
ইন্দ্রজিত ভূমিতে লক্ষনের অভিলাস।
ভূমিতে ঝুজে ইন্দ্রজিত পায় পরিহাস॥

End :

নাজানি কপালে মোর কিবা আছে লেখা।
অরি পুত্র বলি পাছে নাহি দেন দেখা॥
সভে মাত্র ভরসা ঠাকুর সর্ব্বেশ্বর।
আপনে জানেন রাম সভার অন্তর॥
আমার বাসনা পুর্ন্ন করিবেন রাম।
সহজে বধিব মোরে করিআ সংগ্রাম॥
শুন্যাছি তাঁহার নাম পতিতপাবন।
আমারে দিবেন রাম চরনে সরন॥
অখিলপালক তিহো জ্ঞান দাতা গুরু।
জগজনে গায় নাম বাঞ্ছাকল্পতরু॥
তবে কি আমার বাঞ্ছা না হবে পুরন।
দিনে দআবান রাম কমললোচন॥

---

110. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMAYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia, 255-265. Lines 9 on a page. Appearance, about 150 years old; worm-eaten and injured. Incomplete. Place of find, Bankura.

Begins with :

তপবনে প্রজাপতিঃ রথে চড়ি শিঘ্র গতিঃ
আইল তপোবনের ভিতর।
কঠোর [ত]প দেখিঞা : মনে বড় তুষ্ট হঞাঃ
ব্রহ্মা বলেন মাগিঞা [লহ বর]॥
সংপুট করিঞা হাথঃ বলেন রাখসের নাথঃ
কুমার হৈই মাগি এই বর।
অখতির বন্ধু তুমিঃ এই বর [মাগি] আমিঃ
সত্য ২ করহ অমর॥
[ব্রহ্মা] বলেন দিব বরঃ শুন রাজা লঙ্কেশ্বরঃ
মারিতে নারিব অজ্ঞজন।
শুন রাজা দশাননেঃ আমার এই ব্রহ্ম বিনেঃ
নাহি হব তুমার মরন॥
ব্রহ্মার বাক্যে প্রতিতঃ রাবন হঞা হরসিতঃ
জোড় হাথে মাগেন সেবান।
ব্রহ্মা হঞা হরসিতেঃ অস্ত্র দিল তার হাথেঃ
বান লঞা করিল পয়ান।
বান লঞা হরসিতে : দিল মন্দোদরি হাথে :
জত্ন করি রাখ এই বান॥
যদি যাঞা কর হরি : জানি তার অন্তঃপুরিঃ
বান মাগি আন নারায়ন।
বিভিসনের বাক্য শুনি : রঘুনাথ বলেন বানি
আপুনি বান আন বিভিসন।

End :

বজ্র না সম্বরে বানি ঢুল নাহি বান্ধে।
মুক্ত কেসে বাহির হৈলা লঙ্কার বিরুদ্ধে॥
কার বোল নাহি শুনে গেলা রণস্থলে।
রাবন রাজাকে দেখি পড়ে ভুমিতলে॥
লাজ নাহি বাস লোটাইছ কার বানে।
রাম রূপেতে তোমাকে মারিল কোন জনে॥
মানুস হঞা নাহি হৈল মানুসের কায।
কার এক বানে পড়ে বালি মহারাজ॥
সপ্ত কেন নাহি জানি তুমার মরন।
কেমনে পাসরি সেই দেহ আলিঙ্গন॥
সকল কলার হৈল শ্রীরামের বানে।
ওঠিঞা প্রভু দেহ আলিঙ্গনে॥
তুমার বিক্রমে প্রভু কাঁপে পুরন্দর।
মানুসের বানে তুমি গেলে জমঘর॥
পিতা ময়দানব স্বত্তা [স্বা]মি লঙ্কেশ্বর।
এ তিন ভুবনে মোর কারে নাহি ডর॥
কি লাগিঞা মজে মোর এতেক সম্পদ।

---

111. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKAṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $14\frac{1}{2} \times 5$ inches. Folia, 1-3; marked by two sets of figures. Lines 9-10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning :

বন্ধ গেল সিন্ধু রাম চন্দ্র হৈল পার।
বানরে বেড়িল গিয়া লঙ্কার দুয়ার॥
চিন্তিত হইল রাবন রাজা শুনে মনে মনে।
শুক সা[র]ন দুই চরে ডাক দিয়া আনে॥
বন্ধু দিয়া শুক সারন ধায়া আগুসরে।
প্রনাম করিলা চর রাজদরবারে॥

রাবন বলে শুক সারন চরের প্রধান।
চত্যা যাঞা রামের সেনা মোর বিদ্যমানে॥
পাছ পাগরে বান্ধা গেল বাগর গোত্তির।
ত্রিভুবনে কেন কম্ম করে কোন বির॥

End :

পুর্ব্ব উপগার তাহা সোঁর মনে ২।
সাঁতি দিত্যা খেড়ালী বেটা তাহার কারনে॥
আনাইন বাবা নাহ সৌরে উপগার।
তাহার কারনে রাখি পাই নিস্তার॥
ছরে দুচ পাপ বৈরি না কর বাখান।
বচনের দোসে তোর বধার পরান॥
এতেক বলিয়া রাবা ক্রোদের কাবেসে।
প্রান লৈয়া শুক সারন পালায় তরাসে॥
রাবনের কাছে ছিল ভাই মহোদর।
জোড় হাত করী বলে শুন লঙ্কেশ্বর।
কহিল কথা নাহি জানে শুক শারন চর।

---

112. রামায়ন-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13¼ × 4¼ inches. Folia 4-99. Lines 9 on a page. Appearance, about 150 years old; worm-eaten and writing effaced in part. Incomplete. Place of find, Bankura.

Begins with :

বিভিসনের বোলে তারে বানরগন ধরে।
প্রান লেস করিলেক দুজনাকে মারে॥
প্রহারে জজ্জর হৈল শুক সারন।
চড় চাপড় মুষ্টকি মারিছে বানরগন॥
আপন প্রতিজ্ঞা রামে দেখাবার তরে।
দুজনাক রাখিলা বিভিসন লইল সঙ্করে॥
বসিয়া আছেন রাম তৈলকা সুন্দর।
দক্ষিন ভাগে বসিয়াছে শুগ্রিব বানর॥
বাম ভাগে বসি আছেন অনুজ লক্ষন।
সম্মুখে দাণ্ডাএ আছে পবননন্দন॥
জাম্বুবান অঙ্গদাদি কপিগন জত।
রামের সম্মুখে আছে নাম লব কত॥
হেনকালে দুই চর আনিল বিভীসন।
শুনিঞা দেখিতে ধায় জত কপীগন॥
শ্রীরামে দেখিয়া চর ধায়া আগুসরে।
সাক্ষাতবতারে রামে কৈল নমস্কারে॥
মরাইল দুইজন বিভসের হাতে আস।
জত কিছু কহে চর গদ গদ ভাস॥
তোমার চর চিহ্নিতে পারইলা দসানন।
ধরিয়া রাখিল মোরে রাক্ষস বিভিসন॥
লুকাইয়া আইলাও গোসাঞি হইলাও বিদিত।
বুঝিয়া কর সাস্তি জেহয় উচিত॥
চরের কথা শুনি রামের উপজিল হাস।
লঙ্কাকাণ্ড গাইল পণ্ডিত কিত্তিবাশ।

End :

নিভয় মরন বির যার যেন কয়।
মরনের ডর নাহি বলে না সেই জয়॥
বানরে ডাকিয়া কহে বালির নন্দন।
ভঙ্গ দিয়া পালাঅ তোমরা কিসের কারন॥
পালাইয়া গেলে ভাই মৃত্যু নাহি ছিনি।
জুঝিয়া মরিলে থাকে পৌরস কাহিনি॥
দেবদানবের সংগ্রাম দেখ অবতার।
বানর কুলে জন্মিয়া কেন কর দুরাচার॥
জত সব রাক্ষস মারিলে তারে নাহি গনি।
কুম্ভকর্ন মারিলে থাকে পৌরস কাহিনি॥

---

113. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 15×5 inches. Folia, 2-15. Lines 9 on a page, leaving a blank space of an inch in the middle of each page. Appearance, about 200 years old; discoloured. Incomplete. Place of find, East Bengal.

Begins with:

কান্দি কান্দি হনুমানকে ডাকে দয়ামএ।
সমএ কালে রামার হনু রহিল কথাএ॥
কিত্তিবাস পণ্ডিতে কহে কবি [ত্তি] ভুসন।
জিন মুক্তি হরি হরি বল সর্বজন॥
বহুরে থাকিয়া হনু বুজিল কারন।
রামের গোচরে যাসি দিল দর[স]ন॥
কি লাগি ডাকিছ মোরে প্রভু নারায়ন।
কোন কার্য্য [সাধিব] কহত কারন॥
পর্বত উপরে তুমি আয়ত যখন।
পাসান আনিয়া মোরে দেয়ত যখন॥
রামপদ ধুলি বির মাথে তুলি লৈয়া।
চলিলেক হনুমান রাম রাম বলিয়া॥

দোসা॥

জানেরে ২ রামের চরন বন্দিয়া॥
পর্বত উপরে বির দিল দরসন।
তিন * * পাসান থুইল কোনজন॥
তিন কোটী পাসান বির তিন থানে থুইল।
সকল পাসান বিরে লেঙ্গুড়ে জড়িল॥
কোটী পাসান বানি এড়িল[ু]কি কারন॥
পুনর্ব্বার হনুমান পর্বতে জাইয়া।
তিন কোটী পাসান বান্ধে লেঙ্গুড়ে বান্ধিয়া॥

End:

সর্ব্বের নায়ক তুমি দৈবের পালক।
আমি নারি কি কহিব তোমার সেবক॥
এক নিবেদন করি তোমার চরন।
সঙ্গে করি নেহ মোরে সেবিতে চরন॥
তবে তুষ্ট হইয়া শ্রীরাম নারায়ন।
রসিপতি হইয়া থাক লঙ্কার ভুবন॥
এহি মতে কথা বহু ছিল বিবরন।
রক্ষার বাকনি দৈয়া করিল গমন॥
ঐ জল ভরিতে হাসিল নারি পঞ্চজন।
তাহা, ছরে লকি দিল পাতাল ভুবন॥
তোমরা পাতাল পুরি কর গ্রিহ কাম।
হস্তে কর কড়ার কাম মুখে বোল রাম॥

---

114. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKAṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia, 76-91, 99-101. Lines 14 on a page. Appearance, about 125 years old; worn-out in part. Incomplete. Place o find, Bankura.

Fol. 77 obv.

অতিকা মাএর আগেঃ ডাক্কাএ বিদায় মাগেঃ
অপরাধ খেমগো জননি।
গর্ব্বেতে ধারন কৈলেঃ প্রসবিএ দুঃখ পাইলেঃ
পুত্র জগ্য না হইলাম আমি॥

পুত্র হব বিদিমতঃ পিত্যাদি সেবনে রতঃ
বিষ্ণু পদে পিণ্ড করে দান।
পুত্র ইচ্ছা এই হেতুঃ ভবার্ণবে বান্ধে সেতুঃ
সুখে বিষ্ণুলোকে পায় স্থান॥
আমী নন্দ পুত্র হয়াঃ তোমাকে জন্তনা দিয়াঃ
পুত্র হয়া নিলাম্ব জনম।
বলে ভাই বারে বারঃ আসি কিনা আসি আরঃ
• মাএ পোএ এই দরসন॥
মিছা দেহ মিছা মায়াঃ জলদে বিধুরে কায়াঃ
ভেবে দেখ কেহ কার নয়।
যার সে চরন রাঙ্গাঃ জাহাতে জন্মিল গঙ্গাঃ
হেন প্রভু করিগে আশ্রয়॥
তারে জে সরন করেঃ না জায় সমন পুরেঃ
বেদাগমের এই সে লিখন।
জে পায় রামের পাঃ মরন নাহিক তারঃ
তার সাখি খুড়া বিভিসন॥
বন্দিয়া মাএর পাএঃ অতিকা বনেতে জায়ঃ
অন্তরে ভাবিয়া নারায়ন।
দয়া কর কমল লোচন॥

There is another signature (ভণিতা) of Madhukantha, *vide* fol. 86 obv.

End :

বিভিসন বলে ভাই গো বলি তোমার ঠাই।
ছাড়িএ রামের পদ রাজ্যে কাজ নাই॥
রাক্ষস কুলেতে জম্ম ধর্ম্মকে বিচারি।
না হরি পরের ধন যার পরনারি॥
ত্রিভুবনে তোর বাপ হানে পরনারি।
তখনে জানিলাম বাছা গেল লঙ্কাপুরি॥
কত কত মুনির জে কুড়াইল সাপ।
লঙ্কাপুরি নষ্ট করিল তোর বাপ॥
একা রামে চৌর্দ্দ হাজার রাক্ষস সংহারে।
বানরে সাগর কোথা লংঘিবারে পারে॥
বানরে পোড়ায় লংকা কৈল ছারখার।
পরের বোল শুনি রাজা করে মহামার॥

সদত না বলে কিছ সময় পাইলে বলে।
এতদিনে লাগিল সাঁপ রাবনের কুলে॥
ত্রিভুবন জিনিতে তোমার বাড়িল প্রতাপ।
এই হেতু সদা তুমি কর মহাপাপ॥
ত্রিভুবনে শ্রী রাখিল তোমার বাপ॥

---

115. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia, 13-47, 69-138, 143-146, 164-192, marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 125 years old. Incomplete.

Begins with :

আমার সহায় সিন্ধু সর্ব্বলোকে জানে।
হেন সিন্ধু বন্ধ গেল মানুষের গুনে॥
বানর বলনে সভে শুনি এত বোল।
রাক্ষস কটক সভে করে মোহাগোল॥
বনে ডালে খুজি বোলে বোনের বানর।
হেন ভক্ষ্য বসে পালায় লঙ্কার ভিতর॥
নানা অস্ত্র ধরি সভে করিব সংগ্রাম।
ঝাকে ঝাকে বানরের বধিব পরান॥
বড় বড় বানরের গলে দিব ফাস।
ধরে রক্ত খাইব কামরে খাব মাষ॥
রাম লক্ষনে মাংস করি খানি খানি।
তোমারে রানি দিঞা দিব খাইবে রাগনি॥
জুদ্ধে করিবারে রাজা দিত প্রসাদ।
গুচাব মা বাপের মাস খাবার সাদ॥
তুমি রনে না জাহিব বলে থাক পাটে।
একা মেঘনাদেরে সমরে কেবা আটে॥

কুমার লইয়া রাজা করিচে মন্ত্রনা।
সাম্মুখে দাণ্ডাএ রাছে ছতিষ কুটী সেনা॥
এক এক সেনার হস্তে সহস্রেক জোড়া।
হস্তি পিছে নিহ্নজিত সহস্রেক ঘোড়া॥
সতো পদাতিক এক অশ্বেরে জোগান।
এতেক কটকে রাজা করিচে লেয়ান॥
রাবনের প্রতাপে কাঁপুচে বসুন্ধারা।
আজ্ঞাতে করিছে কাজ জত দেবতারা॥
চন্দ্রমা ধরিছে সিরে নবদণ্ড ছাতা।
সিদ্ধু পাঠে নিহ্নজিত রাপনি বিধাতা॥
মাগাকার হঞা হার গাথে পুরেন্দর।
নারদ বাজায় বিনে রাজার গোচর॥
আঙ্গানা মার্জনা করে পবন বরুন।
দ্বারে দুয়ারি হঞা রাছেন বরুন॥
বিহস্পতি বেদ পরে রাজার সভার।
উজর্ আসিঞা নিত্র করে কিন্নরে গিত গায়॥

End :

দেবের ইন্দর : দেব পুরন্দর :
যেন ইন্দ্র ছিনি।
সেই ইন্দ্রজিত সেহ মোহ করিলেন্তে
আমি বটী তাহার জননি॥
সুন মহাসয় : করি পরিচয় :
অহে তিনলোক নাথ।
লঙ্কার ইশ্বরি রানি মোন্দদরি :
তোমায় করিল জোড় হাথ॥
লঙ্কার ইশ্বর : নাম লংকেশ্বর
বৈরি নামে রাজা রাবন।
আমি তার ঘরনি মোন্দদরি রানি :
দেখিলাম তোমার চরন : ॥
সত্য আমি করি : করি হুথ চারি :
বের্থ নহে তুমার বচন।
দারুন বানে বধিলে আমার স্বামি
যেন বর মোরে দিলে কেনে॥
জম্মাইব বলিঞা : আসির্ব্বাদ দিলে কভু তাথা

* * * * *

---

116. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAÑKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13×4$\frac{3}{4}$ inches. Folia, 26-160; marked by two sets of figures. Lines 10-11 on a page. Appearance, about 125 years old; mouse-eaten in part. Incomplete. Place of find, Bankura.

Begins with :

আমাকে পাঠাইআ দিল রাম গদাধরে।
অবোধিঞা রাবন তোরে বুঝাবার তরে॥
গুণের সাগর রাম দোসের নাহি সন্ধি।
তাহার গুণ লোওরিআ বোনের পশু বন্দি॥
তৌহি সারের (?) গুণে তোকে সহোদর ছাড়ে।
মোর ঠাকুরের এমন গুণ বোনের বানর বেড়ে॥
রাজপুত্র হইআ আমি করিএ আরতি।
মস্তকে বন্দিআ করি রামের ভকতি॥
রাবন বলে অঙ্গদ তোর বড় অহঙ্কার।
জাতি বানর তুঞি শুনরে দুরাচার॥
বির বলিআ তোর বাপে কোন জুগে গুণে।
রাম মানুশ জাতি কেবা জানে শুনে॥
অঙ্গদ বলে আমার বাপে তোর না হয় স্মরণ ?
জাহার লেজের বন্ধনে হইলে অচেতন॥
ত্রৈলক্য পবিত্র রাম পাসরিলে কেমনে।
সুর্পনখার নাক কান জে কাটিলেক বানে॥
ঘরে বসিআ দেখ ভগ্নির কাটা নাক কান।
কেমনে পাসরিলে তুমি রাম গুণ ধাম॥
রাবন বলে অঙ্গদ শুন আমার উত্তর।
আমার বচন শুন গর্ব্ব পরিহর॥
রাবন বলে অঙ্গদ শুন আমার বচন।
ঘরপোড়া বানরের কিছু কহত কথন॥

End :

হনুমানের কথা শুনি সিতার হৈল হাস।
হনুমানের কথা শুনিয়া রাক্ষসি ত্রাস॥
রাক্ষসি মারিতে হনু হইলা সমাড়
ত্রাশে রাক্ষসি সব সিতার হৈল আড়॥
সিতা বলেন হনুমান মোর কর্ম্মফল।
রাক্ষসি মারিতে বির হইলা বিকল॥
রাবন রাজাকে ডরাঞা ছিল জেই কালে।
আমাকে খাইতে বুলে তাসভার বোলে॥
শুভদিন হইল এখন কেহ নহে আটা।
তিনমাস গাএ পড়ে দস্তে ধর্যা কুটা॥
মহাবল হনুমান বুদ্ধে বৃহস্পতি।
তোমার প্রশাদে কৈটিব নিস্কৃতি॥
শ্রীরামে জানাইহ আমার জত দুখ।
দশমাসে * * *

---

117. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

লক্ষ্মণের শক্তিশেল।

LAKṢMAṆER ŚAKTIŚEL.

BY

KṚTTIVASA

Substance, country-made paper; 14 × 4 inches. Folia, 1-6 marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 125 years old; mouse-eaten in parts. Incomplete. Place of find, Bankura.

Beginning :

৬৭ শ্রীশ্রীরামচন্দ্রায় নম॥ লঙ্কাকাণ্ড লিক্ষতে॥

রাম থাকিতে লক্ষনে রাবন বান এড়ে।
ধনুক পাতিয়া লক্ষন নানা বান জুড়ে॥
রাবনের মুখে দেখে মনর্সের মুণ্ড।
তিন বানে কাটিল লক্ষন করে খণ্ড ২॥
পাচ বানে এড়ে লক্ষন দেখিতে বিষলে।
সারথি রথ কাটিয়া পাড়ে ভূমিতলে॥
লক্ষনের বানে রাবনের রথ হইল নেড়া।
গদার বাড়িতে বিভিসন মারে রথের ঘোড়া॥
লক্ষন ছাড়ি বিভিসনের পানে রাবন চাহিল।
ময়দ শেলপাট রাবন তুলে নিল॥
বংস সব নষ্ট করে গোত্র না রাখে।
আজি বিভিসন মরে দেখুক সর্ব্বলোকে॥
বজ্র না সম্বরে রাবন চুল নাহি বান্ধে।
বিভিসন মারিতে সেল তুলে নিল কান্ধে॥
এড়িলেক সেল পাট দিয়া হুহংকারে।
রাবন বলে বিভিসনার নাহিক নিস্তারে॥
সেল দেখি বিভিসনের উড়িল জিবন।
সেএ গিএ দিল বির লক্ষনের স্বরন॥
সেল কাটিতে লক্ষন বির এড়ে তিন বানে।
তিন বানে সেল কাটি কৈল চারিখানে॥
বিভিসন রেখে কটকে দিল টিটকারি।
কুপিল রাবন রাজ লঙ্কার অধিকারি॥

End :

ছাড় ২ বলি সুর্জ্জ ঘন ডাক ছাড়ে।
সুর্জ্জের কোপ রহিতে সংসার পুড়ে॥
রামের কাজ্য জানিঞা গোসাঞি হইল দয়াবান।
সারথিকে বলে গোসাঞি কাহার উত্থান॥
জোড় হাথে সারথি বলে সুর্জ্জের গোচর।
পুর্ব্বকার আগুলিল গোসাঞি একটা বানর॥
কিছু সেই জন গোসাঞি কিছু সে আকার।
তেজিঞা ঘোড়া জাইতে নারে পুর্ব্ব দুয়ার॥
মোর রথ ঘুরাইল গগন মণ্ডলে।
ঘোড়াএ মারিব তাকে সারথিকে বলে॥
এতেক শুনিঞা হইলা পবনকুমার।
মাথা ছাড়ি হইল গিয়া সুর্জ্জের গোচর॥
অন্ধকার দুরে গেল দিবস প্রকাশ।
বানর রূপে করে হনু সুর্জ্জকে সম্ভাস॥
হনুমান বলে গোসাঞি তুমি কোন নাম ধর।
সত্য কথা কহ গোসাঞি আমার গোচর॥
গোসাঞি বলেন গগন * * *

---

118. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMAYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 15 × 5 inches. Folia 15 by counting. Lines 11 on a page. Appearance, about 125 years old; writing effaced in parts. Incomplete. Place of find, Bankura.

Fol. 21 obv.

বিভূনিন্দা বলী রাজায় না গেল সহন।
হাথে পায় গলায় তার করিল বন্ধন ॥
বাহির দ্বারেতে পড়্যা থাকে অনুক্ষন।
ক্ষুধায় তিলায় তার আকুল জিবন ॥
বলিত সতেক দাসি পরম সুন্দরি।
আচমন করিবারে জল শারি ২ ॥
তা সভার ভিতে রাবন এক বুঢ়ে চাহী।
রাবন বলে অন্ন মাগি সভাকার ঠাঞি ॥
রাবন বলে কের আইল ঠাকুরানিগন।
তারা বলে বন্দি বেটা ডাকে কি কারন ॥
কেন ডাক বলি সভে আইল গোচর।
রাবন বলে অন্ন দিয়া মোরে রক্ষা কর ॥
তারা সকল বলে কের শুন দশানন।
আঁঠা বই আর অন্ন না পাবে কখন ॥
সাত পাঁচ মনে রাবন কৈল অনুমান।
রাবন বলে সেই অন্ন অমৃত সমান ॥
তিন রাবন বই আর নাহি চারিজন।
সেই আঁঠাখাকা বেটা তুমি লহ মোর মন ॥
দাসির উচ্ছিষ্ট খাইলি পাইলি অপমান।
ধিক ২ থাকুক তোহ্মারের বাখান ॥
ব্রহ্মার বরেতে তুমি হয়্যা গেলি দীঢ়।
ধন জন লও কারো মাথু করো বীড় ॥
গরু ব্রাহ্মন খাইতে তোর ঠাঞি ২ থানা।
তোর ডরে তপ ছাড়িলে ভালো মনি জনা ॥
সিংহের হাথে পড়িলি পশু কিসের ভারি ভুরি
কাল সর্প ঘাঁটাইলে এড়াইতে নারি ॥

End:

Fol. 40 rev.

রথে হইতে রাবন নামিল ভুমিতলে।
বড়ি হাথে তুলিবারে চাহে বাহুবলে ॥
নাড়িতে না পারে লক্ষনের কলেবর।
মনে ২ যুক্তি ভাবে রাজা লঙ্কেশ্বর ॥
হিমালয় তুলিলাম আমি কৈলাস মন্দার।
ততোধিক দেখি এই মনুষ্য বেটার ভর ॥
দুরে থাকি দেখে তাহা পবননন্দন।
হামি থাকিতে লয়্যা জাবে ঠাকুর লক্ষন ॥
মহাকোপে হনুমান ধায় রড়ে রড়ু।
রাবনের মুখে মারে বজ্র চাপড় ॥

---

119. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 12 × 4½ inches. Folia, 84-100, 110-124 marked by two sets of figures. Lines 13 on a page. Appearance, about 125 years old; worm-eaten in parts. Incomplete. Place of find, Bankura.

Begins with:

দুইজনে গেল তবে গোড়ুর-দুয়ারে।
রাম ২ বলিয়া কান্দিছে উচ্চস্বরে ॥
বাহির হইল গড়ুর বিনতানন্দন।
জোড় হাথ করিয়া তবে কন বিভিসন ॥
বিষ বরিসনে যৈল শ্রীরামলক্ষ[ে]ন।
তে কারনে আইলাম মোরা তোমা দরসনে ॥
তিন দিন যেদিয়া জে করেন স্তুতি।

তিন বিরে চল জাই ইন্দের বসতি ॥
জদি ইন্দ্ররাজা অমৃত না দেয় সম্বায় হত্যা।
তবেত অমৃত কুম্ভ আনিব জিনিয়া ॥
তিন বির গেল তবে স্বর্গ দুয়ার।
অমরাবতি গেল জথা আছে পুরন্দর ॥
ইন্দ্র দ্বারে হনুমান উর্দ্ধস্বরে কান্দে।
পুটাঞ্জলি করিয়া ইন্দের চরন বন্দে ॥
পু * * * কান্দ কি কার[ে]ন।
রাম লক্ষন পড়্যাছেন বিশ বরিসনে ॥
হেন বেলায় রাম লক্ষনের কর হিত।
সকল কটক জিএ জদি * অমৃত ॥
* * বলেন চল তিনে সাক্ষাই গিয়া।
সকল কটক জিয়াইব অমৃত পান দিয়া ॥
লুকাইয়া দেন ইন্দ অমৃত কলসি।
পড়িল অমৃত তবে * * রাসি।
অমৃত লইয়া তবে এলা তিন জনে।
কটক উপরে করে অমৃত বরিসনে ॥
গড়ুর দ্ব পাখে করি দেলেন অমৃত।
অমৃতের ঘ্রানে বানর উঠে আচম্বিত ॥

End :

কোন মন্ত্র মন্ত্র নাহি আমার গিআনে।
ঔসদ আনিতে জান বির হনুমানে ॥
গন্ধমদন পর্ব্বত সর্ব্ব লোকে জানি।
তথী ঔসদ আছেন নাম বিস্বাল্যকরনি ॥
রাম বলেন শুন বাপু পবননন্দন।
ঔসদ আনিতে জাহ গন্ধমাদন ॥
হাবা বন্নে গাছ গোটা হারক্ক বন্নের লতা।
সোনার বর্ন্ন ফল তার সোনার বর্ন্ন পাতা ॥
হেন ঔসদ আন নাম বিস্তাল্য করনি।
ঝাট ঔসদ আন জাবত আছএ রজনি ॥
সিতল বাও লক্ষন ভাই পড়িল ভূমিতলে।

---

120. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×4½ inches. Folia, 1 to 48, of which fol. marked 4 and 26 are wanting. Lines 9-10 on a page. Appearance, about 125 years old; indicating writing by different hands; slightly injured. Incomplete. Place of find, Bankura.

Beginning :

শ্রীরামঃ ॥ ॥

বিভিসন রামের কাছে জোড় করে [হাথ]।
[আমা]র বিনয় শুন রঘুকুলের নাথ ॥
ইন্দ্রে[র] রথ বটে গোশাকি আমি ভাল জানি।
[স্বর্গে ইন্দ্রে]র রথ চড় গিআ তুমি ॥
ইন্দ্রের রথ রাবন রাজা জদি দেখে রনস্থলে।
রনস্থলে রাবন রাজার টুটিবা জার বলে ॥
রথের মাতুলি রাম করিলা প্রদক্ষিন।
রথে চড়ে রাম চন্দ্র সংগ্রাম প্রবীন ॥
সোনার টোপর পরে রাম হাথে শক্তি বান।
ডাহিন বামে বানর সব করিছে পয়ান ॥
সুগ্রীব অঙ্গদ চলে বানর মহাবলি।
কুমুদ কেশরি চলে গায়ে উড়ে ধুলি ॥
মহেন্দ্র দেবেন্দ্র চলে সরভ মহামতি।
কল্লোল করিল আসি কোটী সেনাপতি ॥
হনুমান বিভিসন দুই জাম্বুবান।
শ্রীরামের নিকটে তিন জনের পয়ান ॥
রাম জয় বলি বানর নড়ে ঘড় ২।
চৌবেড়া করিয়া সভে বেড়ে লঙ্কাগড় ॥
রাবন বেবাহ বলি ডাকে বানরগন।
তোমা লাগী রনে আইলা কোমললোচন ॥
গড়ের দ্বারে গাছ পাথর ফেলে কোটী [২]।
শুনিতে পাইলা রাবন বানের চটচটী ॥
সংগ্রামের বেস করে কুপীয়া রাবন।
কড়মড় করে ভুক্তি পাটি দসন ॥

End:

সাত সত্য নদি ছিল পৃথীবিমণ্ডলে।
শাত সত্য নদির জল আনিল বানর বলে॥
তিন কটী দেবের কন্যা আইল ততক্ষন।
গন্ধ পিঠাদি রামের গায় দেয় ততক্ষন॥
মুনিগন জল ঢালে মন্ত্র বিচার।
কন্যাগন জল ঢালে জয় ২ কার॥
জাম্বুবান হনুমান কেশরি পবশ।
রামের মাথায় জল ঢালে কলেশে কলশ॥
নেত্রের বশনে তুলিল গায়ে পানি।
পরিলেন রামচন্দ্র শুক্ল বস্ত্রখানি॥
সীতার বেশ করিল কত দেবতার নারি।
দেবের বেশে হইল সীতা অধীক সুন্দরি॥
বসিলেন রামচন্দ্র রত্ন সীংহাসনে।
বামেতে কোদণ্ড ধরি শব জানকি দক্ষিনে॥
রাম জয় ২ চতুর্দীগে ডাকে মুনি।
রামের কাছে নৃত্য করে ইন্দ্রের নাচনি॥
ব্রহ্মা যেজাইয়া দিল কনকপদ্ম। * *

---

121. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $14\frac{1}{4} \times 5$ inches. Folia 113-135. Lines 10 on a page. Appearance, about 125 years old; mouse-eaten and much injured. Incomplete. Place of find, Bankura.

Begins with:

গণে।
অতিকায় রন কিবা ছাগালের সনে॥
তোমাকে দেখিঞা আমার মনে বড় দয়া।
অহঙ্কার পরিহরি ছাড় সংগ্রাম মায়া॥
কোপে আমি বান জদি ছুড়িব ধনুকে।
বানের সঙ্গে চমৎকার লাগে তিন লোকে॥
আমার বানের তেজে ত্রিভুবন ভাঙ্গে।
হেন বান কেমনে মারিব ছাগালের অঙ্গে॥
আমার বানে পর্ব্বত নাঞি ধরে টান।
হেন জনার ঠাঞি আইলা হারাইতে প্রান॥
ধনুক বান এড়িঞা পালাহ ছাড় অহংকার।
আমার বান বাজিলে তোমার নাইক নিস্তার॥
হাথে মোর বান দেখ কন[ক] রচিত।
তোমার গাএতে ঠেকিঞা পীবেক শোনিত॥
সিংহের কাছেতে হস্তি নাঞি ধরে টান।
মরিবারে কেনে আইলে রাখহ পরাণ॥
লক্ষ্মণ বলেন ভাল মন্দ রণে পসিলে জানি।
জুদ্ধ করিঞা মরিলে থাকে জগের কাহিনী॥
কোন অস্ত্রে জুঝিবি বেটা দেখোঁ তোর বান।
কত শক্তি আছে বেটা কত শক্তি হান॥

End:

কান্দিঞা ২ বলে পবন নন্দন।
বিষ বরিষণে মইলা দেব নারায়ণ॥
কোন উপায় হবেক গোশাঞি কহ না আমায়।
কোন প্রকারে বানরের দেহ রক্ষা জায়।
এতেক বচনে বৈল পবন কুমার।
গরুড় বলিঞা ইন্দ্রের পড়িল হাকার॥
ইন্দ্রের হাকারে আইল কশ্যপনন্দন।
জোড় হাথে কৈল ইন্দ্রের চরণবন্দন॥
ইন্দ্র বলে শুন ভাই আমার বচন।
বিষ বরিষনে মৈলা রাম সকল বানরগণ॥
আমার বচনে ভাই করহ আহুতি।
শ্রীরাম লক্ষ্মণের ভাই কর অব্যাহতি॥
পাথে করিঞা লেহ অনেক অমৃত।
অমৃত লঞা লঙ্কাকে লড়হ ত্বরিত॥
প্রাতঃকাল হইলে বাচিতে নারিব বানর।
ধরিঞা ২ বানর গিলিব নিশাচর॥
এতেক বচন বৈল জবে সহস্রলোচন।

বাহিরা হইলা গরুড় সংপ্রজোজন ॥
হনুমান গরুড় রাক্ষষ বিভিসন।

---

122. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13 × 4½ inches. Folia, 17-25, 161-190, marked by two sets of figures. Lines 10 on a page. Date, 1204 B. S. (1798 A. D.). Appearance, injured in parts. Incomplete. Place of find Burdwan.

Begins with

সামন্ত লৈআ উঠে সুগ্রিব নৃপতি।
পিঠে ২ বানর উঠে জেন পক্ষবল।
তোলপাড় করে লঙ্কা জায় রশাতল॥
রাত্রি পোহাইআ আইশে অরুণ কিরণ।
রাক্ষশের বৃষ্ট পড়ে বানর দারুণ॥
রাত্রি প্রভাত হইল প্রাতকাল বেলা।
চারিদিগ চাপিআ হইল বানরের মেলা॥
দুরন্ত বানর সব নাহি দয়ামায়া।
দৃষ্টমাত্র দেখি মারে রাক্ষসের ছায়া॥
পাচির ভাঙ্গিআ সব খাইআ পুরাই।
দুরে থাকিআ সব রাক্ষশ ভেঙচাই॥
দুরে থাকিআ রাক্ষস মারে উকীচুকি।
দেখিআ বানর সব মারয়ে ভাবুকি॥
কিত্তীবাশ পণ্ডিতের কবির্ত্ত চমৎকার।
লঙ্কাকাণ্ডে গাইল গীত জেন মধুর ধার॥ * *
ভিতরে সোণার প্রাচির বাহিরে লোহার গড়।
গগন মণ্ডলে লাগে পাচিরের চুড়া॥
গড়ের উপরে লোহার কাটা দেখিতে বিশম।
লঙ্কাপুরি লঙ্ঘিতে আপনে নারে জোম॥

গড়ের ভিতর রাক্ষশ সব রহে ঘরে ঘরে।
দেখিআ বানর কটক হইল কাফরে।
গড়ের ভিতর সব কলকলি শুনি।
কোন দ্বারে কোন বির নিশ্চয় না জানি॥

End.

ছোট বড় বানরের কত কহিব নাম।
সভাকে সন্তোশ করিলা আপনে শ্রীরাম॥
কিত্তিবাস পণ্ডিতের সকল গোচর।
নানা বস্ত্র দিআ জারে পুজিল গৌড়েশ্বর॥
মঙ্গলকিরা ক্ষমি গাও ভাতে ২।
অশ্বোমেধিক ফাল হয় এই লঙ্কাকাণ্ডে॥
দেবাদেবি কল্যান করুন এই সভাতলে।
কিৰ্ত্তিবাস পণ্ডিত করিলা ভারতির বরে॥
জেন রামচরিত্র জেবা শুনে একমোনে।
পাপ খণ্ডে পুত্র বৃদ্ধি হয় দিনে ২॥
কিত্তিবাশ বাখানিল মুনির পুরাণ।
জে জন শুনে ভনে সর্ব্বত্রে কল্যান॥
কিত্তিবাশের কবির্ত্ত জেন অমৃতের ভাণ্ড।
এই হতো সমাপ্ত হএ গোথা লঙ্কাকাণ্ড॥

Colophon. ইতি লঙ্কাকাণ্ড পুস্তক সমাপ্ত। যথা-দিষ্টমিত্যাদি। লিখিতং শ্রীগদাধর দাস সাং কোটা। পাটক শ্রীগোবিন্দ রাম চন্দ্র সাং কোটা। ইতি শন ১২০৪ সাল আরম্ভ ৮ পৌষ সংপূর্ণ ২৫ মাঘ বেলা আড়াই পহরে সমাপ্ত হইল॥

CENTRAL LIBRARY

123. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA.

ইন্দ্রজিত-বধ।

INDRAJIT-BADHA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 nches. Folia, 2-20. Lines 9 on a page. Date, 1206 B. S. (1799 A. D.) Appearance, soiled. Incomplete.

Begins with:

প্রবোধিতে চলিলা নিকশা রাবণের মাতা ॥
না কান্দ ২ বল্যা বহুলতা করে।
পুত্রশোক লোচন দুই প্রবোধ করিবারে ॥
সুবাসিত জলে কৈল মুখ প্রক্ষালন।
তুলিয়া পুত্ররে বলে প্রবোধে বচন ॥
প্রথমে করিলা রামে মনয় পোষানে।
রাজা নষ্ট হইলা বির বাহুর মরনে ॥
বিরবাহু পুত্র ছীলা মুনির তপোবনে।
তপস্যা ছাড়িয়া যোইলা স্মরণে ॥
তোমার আদেশে বির জুঝিবারে আইল।
রাম শরে জুদ্ধ করি বিরবাহু মৈল ॥
পুর্ব্বেতে বুঝায় তোমায় বিবির বিধানে।
প্রহস্ত ইন্দ্রজিত তোমায় বুঝাইলা আনে ॥
চতুর্দিগে আগে পিছে দারুণ বানরে।
কি করিতে পার রাজা থাকি ঘরে ॥
অনেক কালের কথা পড়িয়া গেল মোনে।
সব দুঃখ পাশরিবে মহি জদি শুনে ॥
নানা মায়া জানে মহি মায়ার পুত্তলি।
হেলাতে তোমার রাখিতে পারএ সকলি ॥
নানা মায়া করিব মহি শ্রীরাম লক্ষণে।
মহি আইলে হব রাজা কার্য্য শোধনে ॥
সর্ব্বথা মহিরে রাজা করহ স্মরণ।
এ শোক সাগর রাজা করিব মোচন ॥
পাতালে আছেন মহি কাঞ্চন নগরে।
স্মরণ মাত্র আসিব মহি কনক লঙ্কাপুরে ॥
মেলানি করিয়া গেল মহিত রাবন।
বিপত্য পড়িলে মোরে করিহ স্মরণ ॥
ইহার অধিক আর বিপদ কি আছে।
ভাই পুত্র রাজা * * রাজ্য হারাও পাছে ॥

End:

রাম লক্ষণ মারিয়া ঘুচাও যে শোক আগুনি।
রাম লক্ষণ মরিলে সিতা ভজিব আপুনি ॥
রাবন পানে চাহে সিতা কাতর হয়া আখে।
রাবন বলে সিতা মোরে করিলে কটাক্ষে ॥
কটাক্ষ পুরিয়া রাবন নেউটিলা ঘরে।
সিংহাসন এড়ি ভুমে বৈসে মহাবিরে ॥
অভিমানে ধ্যান করে লঙ্কার অধিকারি।
ঘরে ২ কান্দে জত বির তাদের নারি ॥
কেহো বলে মৈল মোর ভাই সহোদর।
কেহো [বলে] স্বামি মৈল সংগ্রাম ভিতর ॥
কেহো বলে বন্ধুবান্ধব পড়িল জেয়াতি।
কেহো বলে পুত্র মোর পড়িল জোষ্ঠাপতি ॥
ক্ষয় জাওক সুর্পনখার মুণ্ডে পড়ুগ বাজ।
মোসভাকে রাণ্ডি করি সাধিল কোন কাজ ॥
সুর্পনখা রাণ্ডি হইল রাক্ষস বিনাসে।
লঙ্কা কাণ্ড রচিলা পণ্ডিত কিত্তিবাসে ॥

Colophon:

লিখিতং শ্রীরাম কল্প দে[ব]সর্ম্মা। পুস্তক শ্রীলক্ষি নারায়ণ চক্র। সন ১২০৬ সাল ১১ বৈসাখ।

124. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAÑKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{2} \times 5\frac{1}{2}$ inches. Folia 70, 73, 75, 102-106, 108-111. Lines 16 on a page. Appearance, about 100 years old; discoloured. Incomplete. Place of find, Bankura.

Begins with:

এড়িলেক পর্ব্বত রাবন মহাকোপে।
পড়িল সুগ্রিব রাজা পর্ব্বতের চাপে॥
অজ্ঞান হইল রাজা লোটায় ধরনি।
অতি বেগে কুম্ভকর্ণ ছটিছে আপুনি॥
দুই ভুজে বেড়িয়া রাজাকে ধর্য়া তোলে।
পাথারী করিয়া শিঘ্র নিুগে নিল কোলে॥
উরিল নবীন মেঘ উড়ে জেন ঝড়ে।
সুগ্রিবে করিয়া কোলে কুম্ভকর্ণ নড়ে॥
কাল * * * মহাবলি।
লঙ্কেশ্বর ভেটিব সুগ্রিব দিয়া ডালি॥
কুম্ভকরণের কোলেতে সুগ্রিব হইল বন্দি
সকল বানর গন উর্দ্ধস্বরে কান্দি॥
পরম্পর রামচন্দ্র শুনিলেন কানে।
সুগ্রিব হইল বন্দি বিসম সংগ্রামে॥
সুনিমাত্র রঘুনাথ পরান ব্যাকুল।
হনুমানে ডাকিছেন দয়ার ঠাকুর॥
প্রভু বলে রনস্থলে পরমাদ হইল।
বানরের চুড়ামুনি মরে ছেড়ে গেল॥
তোমা হেন বন্ধু আর বিদ্যমান যাছে।
দিবসে মানিক চুরি হল তব কাছে॥

End:

ধন্য ২ খুড়া তোমার সার্থক জিবন।
রাম চন্দ্র তোমারে করিল আলিঙ্গন॥
তোমার সমান সাধু নাহি ত্রিভুবনে।
দিবা নিসি দেখ তুমি প্রভু নারায়নে॥
হেনকালে এড়েন রাম অর্দ্ধচন্দ্র বান।
বিরবাহুর মাথা কাটি করে দুইখান॥
কন্ধে হইতে সেই মুণ্ড পড়ে ক্ষিতিতলে।
অবিরত মুখে তার রাম ২ বলে॥
কাটা মাথা হাতে তুলি নিল বিভিসন।
আহা মরি পুত্র বলি করেন ক্রন্দন॥
দৈইষ্টবে ২ হয় ইতিসয় মোহ।
হাতে মুণ্ড বিভিসনের চক্ষে বহে লোহ॥
মুকে মুক দিয়া কান্দে পন ২ স্বরে।
এতদুর হইল তোমার বাপার তরে॥
শ্রীরাম বলেন মীতা স্থির কর আখি।
বির বাহু বইষ্টবের মুণ্ড রাম দেখি॥

---

125. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAÑKAKAṆḌA

কুম্ভকর্ণের পালা।

KUMBHAKARṆER PĀLĀ

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 15×5 inches. Folia 65-67, 71-72. Lines 14 on a page. Appearance, about 100 years old; injured in parts. Incomplete. Place of find Bankura.

One *pada* composed by Dvija Kānurām appears at the last fol.

Begins with:

রাবনের ভবনে শ্রীরামের জয়।
দেবতা গন্ধর্ব ত্রিসী ডাকে দিয়া কয়॥
বসিল কোনও খাবি জিনিয়া সংগ্রাম।
অচেতন লক্ষনের হল দিন জানি॥

রামেকে প্রনাম কৈল কোটিও ধরনি।
মহানন্দে কোলে নিল রাম রঘুমনি॥
জয় ২ ধনি করে বানর সকল।
লঙ্কাপুরি কাঁপে যেন সমুদ্রের জল॥
কির্ত্তিবাস পণ্ডিতের কবিত্ব সুরঙ্গ।
প্রথম রনে মটুককাটা রাবনের ভঙ্গ॥*।
রাজসিংহাসনে রাজা বসিএ রাবন।
পাত্র মিত্রে বলে রাজা করুন বচন॥
আপনার পরাজয় মানিল আপুনি।
মহেশের বাক্য সর্ত্ত এতদিনে জনি॥
মহাদেব দরসনে কৈলাস শিখরে।
নন্দি নামে বারি তার দেখিলাম দুয়ারে॥
বানর আকৃত মুখ ধরে সে দুয়ারি।
তারে দেখী মনে আমী উপহাস করি॥
মোর উপহাসে নন্দি কোপে সচেতন।
অতি কোপে বলে মোরে দারুন বচন॥
বানর মুখ দেখিয়া করিলে উপহাস।
বানরের হাতে তোমার বংস হবে নাস॥
এক বোল মিথ্যা নহে জত বৈল নন্দি।
দৈববসে বানরর হাতে হইলাম বন্দি॥

End :

কান্দিতে ২ বলে : রাম কেনে বনে গেলে :
অজধ্যাকে না রাইলে যার।
দয়া ছাড়ি সর্ব্বজনে : বসতি করিলে বনে :
এতদিনে হল রাধান্তর॥
মনেতে ভরসা করি : আসাতে দৈরাস করি :
রহিলাম চোর্দ্দ বৎসর॥
জদি প্রভু [নে]শই এলে : সভাকার প্রান দিলে :
যশের ভাগী হইলে আপুনি।
অনল প্রবেস করি : কিবা বিস খেয়া মরি :
না রাখিব এ পাপ পরাণি॥
এত বলি দুটি ভাই : ভূমে গড়াগড়ী জায় :
প্রবধ করেন পাত্রগন।
উঠিয়া বসিলে যেনে : কহিতেন সর্ব্বজনে :
সুন ভাই নিদীর সপন॥

দুহে দুহামুখ হেরি : প্রেমজলে স্নান করি :
রাম বলে ছাড়েন নিশ্বাস।
কৃপা কর জনধাম : যার প্রিয় কাহ্নু রাম :
বন্দিয়া পণ্ডিত ক্রিত্তবাস॥

---

126. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAÑKĀKĀṆḌA

মহীরাবণের পালা।

MAHIRĀVAṆER PĀLĀ

BY

KṚTTIVĀSA.

Substance, Country-made paper; 14×5 inches. Folia, 2-19. Lines 9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Begins with :

কতবার করিব আমি সংগ্রামেতে জয়।
না জানি কোন দিন মোর হইব সংশয়॥
ইন্দ্রজিতার বাক্য শুনি বলিছে রাবন।
আগে হনুমান মার শ্রীরাম লক্ষন॥
হনুমান সভাকারে দেই প্রানদান।
সভাকার আগে মারিহ ধরগোড়া হনুমান॥
জত জত রাবন না লয় তার চিত্তে।
বাপের আজ্ঞা ইন্দ্রজিত না পারে লঙ্ঘিতে॥
সারথী সাজিল রথ সংগ্রামে গমন।
সংগ্রামের রথখান করিলা সাজন॥
রাজ আজ্ঞা পাইয়া বির [র]থে গিয়া চড়ে।
হাথী ঘোড়া রাট কটক গড়ে ঘড়ে নড়ে॥
কটকের পাএর ভরে কাপিছে মেদিনি।
ইন্দ্রজিতার নিজ বাদ্য তিন অক্ষহিনি॥

সহিগা সামন্ত বির ঝুঝিবারে নড়ে।
মাত্তা মন্দোদরি তখন যোনে পড়ে॥
ঝুঝিবারে জাই আমি বাপের অনুরোধে।
মাএ সম্ভাসিতে গেল দিন করি রোধে॥
উদ্দিসে মাএর চরনে করিল নমস্কার।
মাএ পোত্র দেখা লভিবেক পুনর্ব্বার॥
পুত্রেরে বিরোধ করি মন্দোদরি ভাসে।
লঙ্কাকাণ্ড গাইল পণ্ডীত কীর্ত্তিবাসে॥

End:

সিতা লাগি মজে মোর কনক লঙ্কাপুরি।
সিতারে কাটিতে জায় হাথে খাণ্ডা করি॥
অসোক বোনে সাতাইল রাজা দশানন।
রাবন দেখিয়া সিতা করিছে কন্দন॥
মহিরাবনেরে আজি করিলা নৈরাস।
আমারে কাটিয়া আজি করিবে বিনাশ॥
ইন্দ্রজিত পড়িলা আজি দেওরের বানে।
পুত্র সোকে আইসে রাবন কাটিবার মোনে॥
হনুমানের বাক্য কেন না সুনিলাম কানে।
পৃষ্ঠে করে লয়ে পুইত হনুমানের * স্থানে॥
হনুর কথা না সুনিলাম বিধী বিড়ম্বিত।
রাবন কাটিব মোরে কর্ম্মের লিখিত॥
করনা † করিয়া সিতা করিছে কুন্দন।
হেনকালে রাক্ষসী আইল একজন॥
অরবুন্দা নামে রাক্ষসী ধর্ম্ম অধিষ্ঠান।
দুই হাথ পসারিয়া বলে বিদ্যমান॥
বিশ্বশ্রবার পুত্র তুমি পোলস্তের নাতি।

---

* 'রঘুনাথের' হইবে।

† করুণা।

127. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

অঙ্গদের রায়বার।

ANGADER RĀYABĀR.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-16 of which fol. 2 and 5 are wanting; marked by two sets of figures. Lines 13 on a page. Appearance about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীরামচন্দ্রায় নমঃ॥
বান্ধা গেল সাগর কটক হৈলা পার।
দিনে ২ রাবনের টুটে অহঙ্কার॥
[চিন্তিত] হৈলা রাবন রাজা মনে ২ গুনে।
সুবক শারন দুই চরে ডাক দিঞা আনে॥
আইল ২ শুকশারন বুদ্ধির প্রধান।
রামের কটক চর্চ্চিলা আইল মোর সন্তান॥
গাছ পাথরে বান্ধা গেল সাগর যোজির।
ত্রিভুবনে হেন কর্ম্ম করে কোন বির॥
কোন বানে কটক তার বলও র[জ]নি।
কোন পথে কটক তার করিল উঠানি।
রাজার আগে মন্ত্রনা করও কোন জনা।
লঙ্কায় আসিয়া তারা কোথা দিল থানা॥
কোন ২ সাত্রে রাম কহেন কাহিনি।
শব তত্ত্ব জানিঞা ঝাট আইসহ আপুনি।
রাম লক্ষন বিভিশন সুগ্রিব ভূপতি।
শত্রু সামন্ত জানিহ রাজার সেনাপতি॥
রাজ প্রদক্ষীন করি চলে আনন্দিতে।
মায়া রূপে প্রেবেশিল কটকের ভিতর।
দেখা জোখা নাহি অন্ত দেখিলাম বানর॥

সাগরের দুই কুলে বানর অপার।
দেখিবার থাকুক দায় কে করে সুমার।
রাক্ষসের মাঝা রাক্ষস ভাল জানে।
ঘরের চর বলিয়া ধরিল বিভিশনে॥
ঘরের সেবক বলিয়া না করিল বেথা।
বানর হাতে দিএ করে সকল অবস্থা॥

End :

দিলা নানা আভরণ : আনি রাজ ভুষন :
শুগ্রিব দিলেন সভার আগে : ।
লক্ষন বিভিশন : কোল দিলা দুইজন :
প্রনাম করিল বির ভাগে : ।
অঙ্গদের রূপ দেখি : বানর হইল শুখি :
শতে এড়াইল জম ভয় : ।
রচিলেন কিত্তীবাস : অদভুত প্রকাশ :
অঙ্গদ জুবরাজের জয় : ।
রাম বলেন সোন বাছা বালির নন্দন।
কি মতে ভেটিলে তুই রাজ দশানন॥
কেমন দেখিলে লঙ্কা রাক্ষসের পুরি।
কেমন দেখিলে তুমি লঙ্কার অধিকারি॥
অপুর্ব্ব দেখিলাম গোসাই লঙ্কার গঠন।
অমরবতি দেখি জেন ইন্দ্রের ভুবন॥
জিজ্ঞাশা করিলে যদি প্রভু রঘুনাথ।
যেকে ২ কহি শোন জোড় করি হাত॥
প্রথম বিহঙ্গে গেলাম করি ফেলাফেলি।
দোষর বিহঙ্গে রাবন করে হুলাহুলি॥
ত্রিতিয় বিহঙ্গ গেলাম দেখি দশানন।
বোলে রাবন যে[ন]ডম্ভের কিরন॥
রাবন রাজাকে আর তত্থি দুলাম বিস্তর।
বসি কি লইঞা অ[া]র প্রভুর গো[চ]র॥
মাথার মকুট রাজার লইলাম আছাড়ে।
পুন লাফ দিএ উটি পাচির উপরে॥
এই লাফ প্রভুরাম রাবনের মোকুটখানি।
তোমার নিকটে আজ কি বলিব আমি॥
অঙ্গদের কথা শুনি পিত্তয় না জান রাম।
বিভিশনের কোলে ফেলে দিল মোকুট খান॥
বিভিশনে বলে মকুট রাবনের বটে।
আছাড় খাইঞা পড়ে রামের নিকটে॥
মাথার মকুট আনে ছোট নহে কাজ।
এত দিনে মজিল লঙ্কার মহারাজ॥
বানরের হাত লাগিল মাথার উপর।
এতদিনে নিশ্চয় মজিল লঙ্কেশ্বর॥
এতেক বলিয়ে কান্দে ধার্ম্মীক বিভিশন।
হাসিয়ে বলেন রাম কোমল লোচন॥
কি কারনে কান্দ মিত্র ধার্ম্মিক বিভিশন।
অকারনে কান্দহ তুমি কোন পি[ত] জন॥
আমার হাথে রাবনের দোষের লিখন।
* * * * *

---

128. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia 2-4, 6-38, 41-218 marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 150 years old; mouse-eaten, writing effaced in part. Incomplete. Place of find, Bankura.

Begins with :

রাজার চরণ চর বন্দিলেন মাথে।
রাজার আদেশে জায় কটক দেখিতে॥
* * সন্ধাইল বানর ভিতর।
দেখা * থানাই জত দেখিছে বানর॥
অনেক কটক যার হৈল দুই চর।
* * বুলে বানর ভিতর॥
* * শুক শারন ভাই দুইজন।
দুরে হতে দিঠেতে দেখিল বিভিসন॥

[রাক্ষসের] মায়া সে রাক্ষস জাতি জানে।
চিন্ন পায়্যা দুই চরে ধরে বিভিশনে॥
বিভিসনের বোলেতে বানর * * ধরি।
বিভিসনের বোলে তার নাসাচ্ছে[দ] করি॥
ঘরের সেবক বল্যা না করিল বেথা।
বানর * কৈল * * ॥
বিভিসনের বোলে ছুহে মারএ বানর।
বৃন্দন করিয়া নিল রামের গোচর॥
আপন মহত্ত বির জানাবার তরে।
রামের আগে চুইচর বান্ধা আগুসারে॥
কটকে যাছেন রাম ত্রৈলক্ষ সুন্দর।
* পাসেতে মৈত্র সুগ্রিব বানর॥
রাম পাশে বশিয়াছে অনুজ লক্ষন।
জোড় হাথে সম্মুখে আছেন বিভিসন॥
* * দুই চরে রামের গোচরে।
জোড় হাথে দুই পায় পুনিপাত করে॥

End.

এই মত কৌসলে [পরাস্ত] হইলা লক্ষন।
আনন্দে আপন স্থানে গেলা বানরগণ॥
ভক্ষভূজ্জা * * * সভাকারে।
চারি ভাই গেলেন আপন ঘরে॥
ভোজন সয়ন আদি নির্ব্বাহিত কর্ম্ম।
প্রাতকালে উঠিয়া সাধেন রাজ ধর্ম্ম॥
* * বসি জনক নন্দিনি।
পাদপদ্ম সেবা করেন উর্ম্মিলা ভগিনি॥
নিকটেতে বসিয়া অতেক রানিগণ।
বুধ ছুধ নানা * করেন শ্রবন॥
প্রভাতেতে নিত্য নিয়মিত কর্ম্ম।
সকলে করেন আসি নিজ ২ ধর্ম্ম॥
রাঘবের ধর্ম্ম নিজ দুখিতেরে দান॥

129. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14 × 5 inches. Folia 1-83 of which fol. 9 is wanting; marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 100 years old; mouse-eaten. Incomplete. Place of find, *Bankura.*

Beginning:

৭শ্রীশ্রীরাম শহায়॥ অথ অঙ্গদের রায়বার॥
একদিন উভয় সৈন্যের সমাবেশ।
পরস্পর কেহ কার নাই করে রেশ॥
শ্রীরাম বলেন জান দেখি বিভিসন।
কি কারন রন নাহি করে দসানন॥
বিভিসন বলে প্রভু কর অবগতি।
উভয় সৈন্যের সঙ্গে স্তব্ধ লঙ্কাপতি॥
তেঞি বিপক্ষের প্রতি নাই দেয় হানা।
নিশ্চয় জানিতে দুত পাঠাও একজনা॥
বিভিসন সহ রাম যুক্তি করি সার।
হনুমানে ডাকিয়া কহেন সমাচার॥
আইস বাছা হনুমান পবন নন্দন।
লঙ্কায় জানিয়া আইস কি করে রাবন॥
সভামধ্যে উঠিয়া কহিছে জাম্বুবান।
একবার গিয়াছিল বির হনুমান॥
জেই জাইবেক হনু লঙ্কার ভিতর।
হনুমানে দেখিয়া কুপিবে লঙ্কেশ্বর॥
মনেতে করিবে এই আইসে বারে বার।
ইহা বিনে রাম সৈন্যে বির নাই আর॥
দক্ষিন দ্বারেতে আছে অঙ্গদের থানা।
তাহারে আনিতে দুত জাউ এক জনা॥

End.

যে বিরে পাঠাই সব বানরের রনে।
সবে মরে ফিরে নাই আইসে একজনে॥

দিনে ২ টুটে বল মনে পাই লঙ্কা ।
নর বানর মেরে কেবা রাখে পুরি লঙ্কা ॥
স্বর্গেতে গন্ধর্ব্ব এক চিত্রসেন নাম ।
চিত্রাঙ্গদা কন্যা তার রূপেতে সুঠাম ॥
রাবন হরিয়ে তারে আনে লঙ্কাপুরি ।
পরম সুন্দরি কন্যা রূপে বিদ্যাধরি ॥
বিষ্ণুর বরেতে এক সন্তান প্রসবে ।
তাহার গুনের কথা কহি শুন সবে ॥
রাক্ষস ঔরসে জন্ম বিরবাহু নাম ।
দেবগুরু ভক্ত বড় সদা বলে রাম ॥
জন্মিয়া ব্রহ্মার সেবা করে নিরন্তর ।

---

130. রামায়ণ-লঙ্কাকাণ্ড ।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14 × 4½ inches. Folia 106-238. Lines 9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, *Bankura*.

Begins with

দেবের ভয় দুর কর বধিয়া রাক্ষসে ।
আনন্দে আমরা যেন থাকি নিজবাসে ॥
এত বলি দেবগন করিলা স্তবন ।
অন্তরে জানিল তাহা কমল লোচন ॥
হাথ পা কাটা গেল তবু নাহি বাধে ।
গড়াগড়ি দিয়া জায় রামকে গিলিতে ॥
দন্তেতে তুলিয়া নিল লোহার মুসল ।
মুসলে ঠেকিয়া পড়ে তিন কোটি বানর ॥
মুসল কাটিতে রাম পুরিল সন্ধান ।
নব বানে মুসল হইল খান ২ ॥

সর্ব্বাঙ্গ বাহিয়া তার পড়িছে স্রুনিত ।
বাণেতে সর্ব্বাঙ্গ ঢাকে ডাকে বিপরিত ॥
এতেক দুর্গতি হলা তবু নাহি পড়ে ।
পুনর্ব্বার রঘুনাথ ব্রহ্ম অস্ত্র এড়ে ॥
কাল দণ্ড যেন বান দেবগন পুরে ।
হিরা মুনি মাণিক বাণের মুখে সাজে ॥
এড়িবার কালে যেন সিংহের গর্জ্জন ।
বলিয়া উঠিলা অগ্নি ঠেকিল গগন ॥
রবি যেন জলয় আতে কি কহিব কথা ।
মুকুট সনে কাটিলেক কুম্ভকর্ণের মাথা ॥
উফরিয়া পড়ে মাথা পর্ব্বত প্রমান ।
মাথার চাপে তিন কোটি তেজিল পরান ॥
কাটা কন্ধ হনুমান পেলে রনস্থলে ।
দুই হাথ তুলিয়া পেলে সাগরের জলে ॥

End.

গদাটাঙ্গি এড়েন রাম মুসল মুদ্গর ।
মায়া রন করে রাবন রামের উপর ॥
কুড়ি হাথে রাবন রাজা অস্ত্র এড়ে ।
বরিষা কালেতে যেন বজ্রাঘাত পড়ে ॥
বানে বান নিবারিল রাম নারায়ন ।
হেন মতে দুই জনে করেন মহারন ॥
দিব্য অস্ত্রে রঘুনাথ সন্ধান করিল ।
রাবনের এক মুণ্ড কাটিয়া পড়িল ॥
আর মুণ্ড লম্ফদিয়া উঠিলা সেখানে ।
তা দেখিয়া রঘুনাথ ভয় পাইল মনে ॥
দুই মুণ্ড কাটিলেন হইয়া ক্রোধপর ।
আর দুই মুণ্ড তাহে উঠিল সত্বর ॥
তিন মুণ্ড কাটিলা রাম ধনুর্ব্বান হাথে ।
আর তিন মুণ্ড দেখিলেন আচম্বিতে ॥

---

131. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia, 72-83; marked by two sets of figures. Lines 14 on a page. Appearance, about 100 years old; discoloured. Incomplete. Place of find, Bankura.

Begin:

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥

ইঙ্গিতে তাহারে আমি করিব ভক্ষন॥
রাম বলেন না বুঝিঞা রাক্ষসের মন।
এখনি করিঞা স্তব এখনি এমন॥
কোপীঞা কোদণ্ড পুষ্ট নিল রঘুবর।
ধর্ম্ম সাক্ষি কৈল আর চন্দ্র দিবাকর॥
চাপ্যা ব্রহ্ম অস্ত্র রাম পুরিলা সন্ধান।
দেখিয়াত কুম্ভের উড়িল পরান॥
ব্রহ্মঅস্ত্র ছাড়েন রাম দেখেন দেবতা।
কুণ্ডল সহিত বিরের কাটিলেক মাথা॥
কুণ্ডল সহিত মাথা পড়ে ভুমিতলে।
মহাবির হনুমান মুণ্ড নিল কোলে॥
সাগরে ফেলিঞা মুণ্ড দিল হনুমান।
সাগরের মাঝে পড়ে পর্ব্বত প্রমান॥
দেবগনে রামে করে পুষ্প বরিসন।
আনন্দিত হঞা নাচে জত কোপীগন॥
রনজয় করিঞা বসিলা গদাধর।
বেষ্টীত বসিলা জত ভলুক বানর॥
কুম্ভকর্ন পড়িল দেখেন বিভিসন।
কান্দিতে লাগিল ধরা রামের চরন॥
শ্রীরাম বলেন মিতা না করিহ শোক।
সংগ্রামে পড়িয়া বির গেলা স্বর্গ লোক॥

End:

এত শুনি রামচন্দ্র শোকেতে আকুল।
মাথা কোলে নিল জেন কোমলের ফুল॥
বক্ষস্থলে করি মাথা আখি পানে চেঞী॥
স্তনমনে ধারা বহে মুখ বুক বেঞা।
প্রভু বলে মিতা তুমি কৈলে কোন কাজ॥
এ তিন ভুবন মাঝে হইল বড় লাজ॥
তোমার যে পুত্র সে মোর পুত্র জানি।
আপনি পুত্রের বধ করিলে আপনি॥
আহা মরি ২ বাছা কেনে আইলে রোনে।
তুমি জে মিতার পুত্র জানব কেমনে॥
তোমার পাপীঞ অন্তরে জন্মিল বড় দুখ।
ভাবিতে তোমার গুন ফাটে মোর বুক॥
পরিচয় দিল জদি মিতা বিভিষন।
তবে কেন লব আমি তোমার জিবন॥
অলক্ষে তোমার গুন পাসরিতে নারি।
কান্দেন করনাময় * মুণ্ড কোলে করি॥
প্রভু বলে বিভিষন কী কহিব বানি।
তোমা সম মিত্র জগতে নাহি গনি॥
স্বাক্ষাতে করিল নিজ পুত্রের বিনাস।
তোমার সাহস ধর্ম্ম ভজন বিশ্বাস॥
অপত্য সমান স্নেহ † নাহি ত্রিজগতে।
কুলের কোমল পুত্র মজালে স্বাক্ষাতে॥

* করুণাময়

† অপত্যস্নেহের তুল্য স্নেহ।

132. রামায়ণ-লঙ্কাকাণ্ড ।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVASA

Substance, country-made paper; 14×5 inches. Folia 57-71 marked by two sets of figures. Lines 12 on a page. Appearance, about 100 years old; Discoloured. Incomplete. Place of find, *Bankura.*

Beginning :

শ্রীশ্রী রাধাকৃষ্ণ ॥

সুমের করিঞা সির নিলেন গণাতে ।
পার্ব্বতি লইয়া সঙ্গে নাচে উর্দ্ধ হাথে ॥
অনাথের নাথ রাম কোমল লোচন ।
রামনামের মহিমা জানেন তিলচন ॥
সিঙ্গায় বলে রামনাম ডম্বুরে বলে হরি ।
পঞ্চমুখে পঞ্চনাম গান ত্রিপুরারি ॥
সিরেত কপালে সসধর : কণ্ঠিছে গরল :
পরিধান বাঘের ছাল ।
রামনাম বলিঞা : মত্ত হঞা :
বদন ২ বাজিছে গাল ॥
সিরে সুরধনি : পতিত পাবনি :
জটার মাঝেতে গঙ্গা ।
জগত জননি : মোনমহিনি :
গৌরি তুলে দেয় রঙ্গ ।
উচ্চস্বরে সভে মেলি ডাকেন শ্রীরাম ।
দেখিঞা আনন্দীত বড় হলা হনুমান ॥
পুষ্পরুপী নারাবির করেন নমস্কার ।
ফিরিঞা রামের টাঞী গেল পুষ্পকার ॥
বিরাসন করিঞা বসিলা ভগবান ।
প্রনাম করিঞা কথা কহে হনুমান ॥
জেঞা মাথা ফেলাইলাম বারানসের জলে ।
আপনি সঙ্কর মাথা রেখে নিল গলে ॥
কথা শুনে রামচন্দ্রের হইলা উল্লাস ।
লঙ্কাকাণ্ড গাইল পণ্ডীত কিত্তিবাস ॥

End :

বিলোসে অম্বর ধরে লক্ষন হইল
রামের চরন ধরি ভুমেতে পড়িল ॥
চার বার জিনিয়া কুমার ইন্দ্রজিত ।
সীতার নিকট আর হইয়া পুলকিত ॥
বাপের প্রনাম করি বলীছে উত্তর ।
ঘুচাইয়া আইলাম নর বানরের ডর ॥
সভাকে মারিয়া চারিদ্বারে কৈল জয় ।
সুখে রাজা ভোগ কর সীতা আর নাই ভয় ॥
পুত্রের বচন শুনি রাবন আহ্লাদ ।
নানাধন দিয়া পুত্র কৈল আসীর্ব্বাদ ॥
সীতিজা করিল রাজা লঞা সভাখণ্ড ।
রজনি প্রভাতে তোরে দিব ছত্রদণ্ড ॥
চলি গেল ইন্দ্রজিত সীতা নয়ছরি ।
রানী ২ গেল নিজ মন্দপুরি ॥
কিত্তিবাস রাখানিল বালমিক পুরান ।
শুনিতে রামের গুন সুধার সমান ॥
মিত্র কপী রাজ্জানিত রাছে জাম্বুবান ।
সভে তত্ত্ব করে বিভিশন হনুমান ॥

---

133. রামায়ণ-লঙ্কাকাণ্ড ।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVASA.

Substance, country-made paper; 16×5 inches. Folia, 1-35; Lines 9 on a page. Appearance, about 100 years old, worm-eaten and injured. Incomplete. Place of find, *Bankura.*

Beginning :

শ্রীশ্রীরামঃ । শরণং ॥ অথ লঙ্কাকাণ্ড লিখ্যতে ॥
সাগর বন্ধ করি রাম হৈলেন জদি পার ।
দেখিয়ে রাবন রাজা সভয় অন্তর ॥
বেরিয়ে রাবন রাজা ভাবি মনে ২ ।
শুক সারন দুই রাক্ষস ডাক দিয়ে আনে ॥

শুন বলি শুকসারন সৈন্তের প্রধান।
রামের কটক জদি আইল বিদ্যমান॥
দুত হয়ে বিরের কার্য্য কর লঙ্কাপুরে।
নর বানর আইল আমা বধিবারে॥
বন পশু বন জন্তু না চিনে রাবন।
তে কারনে আমা সহ করিবেক রন॥
কতো বানর আসিয়াছে শুগ্রিবের সনে।
*প্রেত্তোকে হেরিবে তুমি আপন নয়নে॥
কোন ২ সেনাপতি কার কিবে নাম।
কটক চর্চ্চিয়ে তুমি আইস মম ধাম॥
রাম লখন জানিবে শুগ্রিব বিভিসনে।
জত সৈন্যগনে জানিবে জনে ২॥
কোন স্থানে বক্ষে তবে নর আর,বানর।
কিরূপে আসিতে চায় লঙ্কার ভিতর॥
রার আজ্ঞা দুত তবে বন্দিলেক মাথে।
রাজাকে প্রেনাম করি চলিল ত্বরিতে॥
নিজ মুর্ত্তি তেজি বানর হইল তখন।
প্রেবেশিয়ে বানর মধ্যে দেখে বানরগন॥
সংর্থে নাহি পায় ঠাটি দেখিতে অপার।
নানা স্থানে বানর আছে সমুদ্রের ধার॥
কাল কাল বানর সব মেঘের আকার।
হেরিয়ে বানর মুর্ত্তি দুত চমৎকার॥

End,

রাবনের আজ্ঞা পায়ে জত রাক্ষসগন।
শক্তি অনুসারে সবে করিতেছে রন॥
বানরে বরিষে জত গাছ আর পাথর।
নখাঘাতে দন্তঘাতে মারে নিশাচর॥
বিরুপাক্ষ মদিরাক্ষ সমন সমান।
রথ চালাইয়ে রনে করিল প্রেস্থান॥
নানা অস্ত্র তুনেতে হাতেতে ধনুক বান।
বিধিমতে বরিষয়ে বান খরসান॥
আকর্য পুরিয়ে ছাড়ে লক্ষ ২ শর।
এক ২ বানেতে বিন্ধে দশ ২ বানর॥
নল নিল কুমুদ সম্পাতি আদিগন।
বানেতে আছন্ন কৈল হরিল চেতন॥
বিরূপাক্ষ নাম সেনা প্রলয় বদন।
রনে অকাতর হয়ে রাবন নন্দন।
শুগ্রিবেরে হেরিয়ে হানিল দুই বান।
বজ্র সলে বিন্ধে তার বজ্রের সমান॥
বজ্র সলে বান বিন্ধে তাহে নাহি মন।
পর্ব্বত আনিল ক্রোধে লইতে জিবন॥
রাক্ষসের বক্ষস্থলে পর্ব্বত হানিল।
রথ অস্ত্র সারথি সহিত চুর্ন কৈল॥
বিরথি হইয়ে বির কৈল পলায়ন।

---

134. রামায়ণ—লঙ্কাকাণ্ড, অতিকায়ের যুদ্ধ।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA, ATIKĀYER YUDDHA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia—99-128 marked by two sets of figures. Lines 12 on a page. Appearance about 100 years old; mouse-eaten in parts. Incomplete. Place of find, *Bankura*.

Fol. 99, obv.

নরান্তক ধায় তবে দিয়া গালা গালি।
বালিপুত্র হইয়া রামের করিশ নফরালি॥
রাম তোর বাপা কেমনে মেলি তার স্থানে।
ধিক ২ অঙ্গদ তোর দুখাই জিবনে॥
অঙ্গদ বলেন রে শুন রাবন নন্দন।
মোর পিতা মৈল তোর পাপের কারন॥
লক্ষিরে লইয়া আইল কিচকিন্ধা নগরে।
তোর বাপের পাপের গন্ধে মোর পিতা মরে॥
সাগর দিয়া পিতা আনিল সাগর পার গড়ো।
তোর বাপের পাপে গন্ধ সাগর গেল বন্ধ॥
সাগা * বিভা লাজ নাই আমরা বনের পশু।
তোমার মায়ের বিভা দিব কালি বা পরশু॥
বিভিসনেরে দিব কনক লঙ্কাপুরি।
রানি করে দিব তার রানি মন্দদরি॥
এত শুনি নরান্তক সেল নিল করে।
ঝাকন সেল নিল তবে অঙ্গদ মারিবারে॥

* সাঙ্গা।

ধনুকে জুড়িয়া শর ডাকে যায় ২।
সভে বলে অঙ্গদের না দেখি নিস্তার॥
আগুয়রি অঙ্গদ পাতিয়া দিল বুক।
ওই শেল মার রাম দেখোন কৌতুক॥
জত শক্তি হানিবে শেল তত শক্তি হান।
আমার সখা আছেন কেবল দুর্ব্বাদল শ্যাম॥
অঙ্গদ একচিত্তে স্মঙরে কমলনয়ান।
অঙ্গদের বুক হইল বজ্রের সমান॥

End.

রামের পাএতে লক্ষন করিল্য প্রনাম।
ব্রহ্ম অস্ত্র লয়্যা লক্ষন পুরিলা সন্ধান॥
ছাড়্যে দিল বান লক্ষন নিজ বাহুবলে।
কাটি শে রাবনের গেল গগনমণ্ডলে॥
বিভিসনে রাখিলেন রাম পদছায়া দিয়ে।
রণের মাঝে নাচে বানর রাম জয় দিয়ে॥
বিদ্যাধরে দিতেছে মঙ্গল হুলাহুলি।
রাবনের আগে নাচেন দিয়া করতালি॥
দেখিয়া রাবন রাজা ছাড়এ নিয়াস।
লঙ্কাকাণ্ড রচিলা পণ্ডিত কির্ত্তিবাশ॥
দেখিয়া কোপিল তখন রাজা লঙ্কেশ্বর।
আর শেল [দিল] রাজা জমের দোশর॥
মএদানবের জে শেল দিলেক কৌতুকে।
সেই শেল লয়্যা রাজা জুড়িলা ধনুকে॥
শেল দিল হনুমান দিয়্যা হুহুকার।
ভ বলে বিভিসনের না দেখি নিস্তার॥

—

135. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYANA, LAṄKĀKĀṆḌA.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13¾ × 4¼ inches. Folia 1-6. Lines 9 on a page. Appearance, about 75 years old; worm-eaten in parts. Incomplete. Place of find, *Bankura*.

Beginning:

শ্রীশ্রীরাধা কৃষ্ণ॥ রামচন্দ্রায় নম ২॥
রামায় রামচন্দ্রায় ইত্যাদি।
সুন্দর কাণ্ডে সুন্দর গীত সুন্দর কাহিনী।
লঙ্কাকাণ্ডে সুন ভাই সংগ্রামে হানাহানী॥
ভোগে ভাত না খায় রাবণ তিশাএ না খায় পানী॥
রাবন রাজা সুক সারন দুই চর ডাক দিয়া আনী।
তোরে বলো সুক সারন মন্ত্রির প্রধান।
রামের কটক চলি মোরে কর শন্নিধান॥
গাছ পাথরে বন্দ গেল সাগর ভিতর।
ত্রিভুবনে হেন কর্ম্ম করে কোন বির॥
শ্রীরাম লক্ষন সুগ্রীব বিভিষন জত শেনা পতি।
ভাল মতে চিনিয়া আইশহ দুই বেকতি॥
বল বুদ্ধি বিক্রম জানিহ রামমন্ত্রনা।
ভাল মতে জানিঞা আইশহ প্রতি জনা ২॥
রাজার আগে রাজ পাত্র থাকে কোন জনা।
লঙ্কার ভিতর শান্তাইঞা কোথা দেশী থানা॥
অলখিতে জাইহ আসিহ শর্ত্তর।
অবশ্ব জানী আইশ কতেক বানর॥
কোন জনা গোষ্ঠী আছে রাজার আগে।
শে সব শকল তত্ত্ব শুক সারনেত লাগে॥
রাজার আদেশে চর বন্দি চলে মাথে।
রাজা প্রদক্ষীন করি চলে চরিশ মনোরথে॥

End.

কোন জাতি উপজিল ব্রহ্মা চাহিল এক দৃষ্টি।
সুনরি বানরি হৈল দেবলোকের সৃষ্টী॥

বানরি শুজিয়া ব্রহ্মা শুইল আপন পাশে।
দেবগন আইল তোথা ব্রহ্মার সম্বাশে॥
বানরির রূপ দেখী দেবগন অভিলাশ।
ব্রহ্মার ডরে কেহো না করে প্রকাশ॥
ব্রহ্মার মন বুঝিয়া ইন্দ্র পুছেন শাদরে।
কোন জাতি স্ত্রীগোশাকি হেন রূপ ধরে॥
ব্রহ্মা বলেন তোমার তরে শুজিল বানরি।

---

136. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2}\times 5$ inches. Folia, 1-5, 8-10, 12-73, 75-150, 156-194 of which fol 146 is duplicate; marked by two sets of figures. Lines 10 on a page. Date 1265 B. S. (1859 A. D.). Appearance, worm-eaten. Incomplete. Place of find, *Baunrka.*

Beginning:

৭শ্রীশ্রীরামচন্দ্রায় নমঃ॥
রামং লক্ষ্মণ পূর্ব্বজমিত্যাদি—।
রামায় রামচন্দ্রায় ইত্যাদি—।
বন্দ হৈল সিন্ধু রামচন্দ্র হৈলা পার।
বানরে ঘেরিল গিয়া লঙ্কার দুয়ার॥
ফাপর হইয়া রাবন ভাবে মনে ২।
শুক সারন পাত্রে রাজা ডাক দিয়া আনে॥
শুক সারন বলি তোমরা মন্ত্রির প্রধান।
বানর কটক চড়িয়া যাইস সাবধান॥
গাছ পাথরে বান্ধা গেল সাগর গম্ভির।
ত্রিভুবনে হেন কর্ম্ম করে কোন বির॥
রাম লক্ষন বিভিসন শুগ্রিব সেনাপতি।
ভাল মতে জেন্না যাইস কত সেনাপতি॥
একে ২ জানিবে কাহার কত বল।
কটকের [বা]ল বৃদ্ধি বুঝিবে সকল॥

* * * জতেক মন্ত্রনা
কোন থানে কোন বির দিয়াছে থানা।
কেবা কোন বস্তু ধরে কার কিবা সেনা।
ফাচখিতে আসি পাছে বনে সেই হানা॥
রাজার কাছে রাজপাত্র কোনজন থাকে।
বিচার করিয়া মনে দেখিবে সভাকে॥
রাজার চরন মস্থি নিল মাথে।
রাজার আদেশে জায় কটক দেখিতে॥

End.

ঘুচিল দুখের দুখ রাম আগমনে।
আনন্দে ভাসিল সব পক্ষপক্ষগনে॥
শুষ্ক পুষ্প বিক্ষেতে ফুটিল * *।
* * মকরন্দ হইল আকুল॥
বসিষ্ট বামদেব সে কুলের পুরহিত।
সবাই আসিয়া করে পুরান সহিত॥
অপহরি * * * দিতে।
আনন্দ উৎসব সদা হয় অজ্জ্বাতে॥
হইল অজ্জ্ব পুরি বৈকণ্ঠসমান।
কিত্তিবাস কৈল লঙ্কাকাণ্ড সমাধান॥

Colophon.

ইতি লঙ্কাকাণ্ড সমাপ্ত। রামায়রামচন্দ্রায়
ইত্যাদি····························ইতি সন ১২৬৫
সাল তারিখ ৯ পৌষ বার বিরসপতি।
ইসাদ শ্রীমধুসূদন সিংহ বাবুর কিং।

CENTRAL LIBRARY

137. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 12×4 inches. Folia, 129-137, 139. Lines 9 on a page. Appearance, about 125 years old, worm-eaten. Incomplete.

Beginning :

তোরক্কে মাংসে বার করিব পিরিতি।
রাত্রিপ্রভাতে মরে যেন পঙ্কন জোষ্ঠাপতি ॥
মোর হাতে পড়িলে আজি পবননন্দন।
তোমাকে পাঠাব আজি জমের সদন ॥
প্রথমে শুর গর্জিত দোহুজে গালাগালি।
তেরজে মুটুকা মুটুকি চতুর্থে চুলাচুলি ॥
সেই গন্ধমাদন গাছা পাথর নাহি রহে।
দুই বিরের সংগ্রাম দুই বিরে সহে ॥
দুই বিরে পদভরে কাপেঞ মেদনি।
দুই বিরের মুখে বাহিরায় কোপ আগুনি ॥
দুই হাতি এক জেন লয়ে হানাহানি।
জল অন্ধ লয়া উঠে সাগরের পানি ॥
দুই বিরে ভেড়াভেড়ি কাএ গড়াগড়ি।
গাছা পাথর ভাঙ্গে সব শুনি মড়মুড়ি ॥
কেনেক উঠে কেনেক পাসে করে বেন্ধাবিন্ধি।
মহাবিক্রম হনুমান জানে রনের সন্ধি ॥
আকাড়ি করিয়া হনুমান কালনিমাকে ধরে।
মুখে রক্ত তুলিয়া কালনিমা মরে ॥
দুই ঠেঙ্গে ধরিঞা তাকে ভুমিতে আছাড়ে।
হাড়গোড় চুয়ার * পড়িল রাক্ষসে ॥
গোক্ষে বান্ধিঞা পাক বলায় আকাসে ॥
আছাড়া পেলি লয়া রাবনের পাসে ॥
রাবনের সমুখে পড়্যা হলা চুরমার।
পালাএ রাবন রাজ শুন্যা চমৎকার ॥

* চুরমার।

End.

অনন্ত বাশুকি বান সর্প মুক্তি ধরে।
ঝলকে ২ মুখে বিস জে উগারে ॥
তাল খাজুর গাছ জেন পড়এ ঝনঝনা।
রাবনের বানে মুচ্ছিয়া রাম পাসরে আপনা ॥
শ্রীরাম বান এড়ে নামে পত্নগান্ত।
সনার গরুড় পক্ষ হইল আচম্বিত ॥
গরুড় মুর্ত্তি হয়্যা বান উড়িয়া ২ বুলে।
রাবনের সর্পবান ধরিয়া ২ গিলে ॥
সর্পবান মিথ্যা হইল কুপিল রাবন।
রামের উপরে করে বান বরিসন ॥

---

138. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

কুম্ভকর্ণের পালা।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

KUMBHAKARṆER PĀLĀ

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 9¼×4¼ inches. Folia, 1-8; marked by two sets of figures. Lines 9 on a page. Date, 1239 B.S. (1832 A.D.) Appearance, worm-eaten in parts, Complete. Place of find, *Bankura.*

Beginning :

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ চরণং শরণং॥ অগ্রে জাতি ধনুক ধরিকৈঃ পুত্রগণিঃ দুর্ব্বাদল শ্যামঃ পশ্চাত গৌরকলেবরঃ কুলবধু............যোহিনি॥

অতিকায় শোকে রাবণ করেণ রোদন।
ভুমে লোটাইয়া কান্দে রাজা দশানন ॥
দশমুণ্ড মুড়িবার লোটায় ভুমীতলে।
স্ত্রী পুত্রগণ কান্দে রাজা আউদন্ড চুলে ॥
পুত্রশোকে কান্দয়ে লঙ্কার অধিকারি।
অচেতন হয়্যা কান্দে রানি মন্দদরি ॥
রাবন বলে লঙ্কা গেল শুন পাত্রগন।
কি জুক্তি করিব এখন বলরে বচন ॥

পাত্র বলে মহারাজা বলীয়ে তোমারে।
কুম্ভকর্ণে জাগাহ জাকু সমর করিবারে॥
যেতেক শুনিয়া তখন রাজা দশানন।
কুম্ভকর্ণে জাগাইতে আজ্ঞা দিলা ততক্ষণ॥
ছয় মাস নিদ্রা জায় একদিন জাগে।
অষ্টেক লঙ্কার ভক্ষা লাগে একদিনের ভোগে॥
হেন ভাই থাকিতে কেন ভাবিয়া শুনীয়া মরি।
কুম্ভকর্ণে চিয়ায় * মারুক সব বৈরি॥
এত আজ্ঞা কৈল জবে রাজা দশানন।
চতুর্দীগে ধাইল সব রাক্ষসের গণ॥
বড় ২ বির ধায় হাথে গণ্ডি স্বর।
বড় বড় রাক্ষস জায় কুম্ভকর্ণের ঘর॥
নানা জাতী সৈন জায় কত সত হাথি।
অসংক্ষ রাক্ষস চলে অসংক্ষ পদাতী॥

End :

কুম্ভকর্ণ পড়িলেক রাবনের বানে।
ভঙ্গ দিয়া চতুর্দিগে ধায় রাক্ষসগনে॥
বানর কটক উঠে জয় জয় কার।
রন জীনি রঘুনাথ কৈল আশ্বসার॥
শ্রীরাম রাক্ষসে সব বিবাদ দেখিয়া।
রঙ্কে রাক্ষসে বানর চলেন ভাসীয়া॥
রাম বলেন লক্ষন ভাই দুরন্ত রাক্ষস।
বিভিষনের বোলে আমী করিলাম সাহস॥
বলাবলী করিল রাম হরিস মনরথে।
সোকাকুলী রাক্ষস সব সাম্ভালা লঙ্কাতে॥
ভয় পাইক কহিল গীয়া রাবন গোচরে।
কুম্ভকর্ণ পড়িল বার্ত্তা সুন লঙ্কেশ্বরে॥
রত্নসিংহাসনে ছিলা রাবন পড়িলা ভূমীতলে।
পাত্রমীত্রগণ রাজার সিরে জল ঢালে॥
কিতিবাস পণ্ডিত কবিত্ত বিচক্ষণ।
লঙ্কাকাণ্ড শুনীলে হয় পাপ বিমোচন॥

Colophon.

ইতি সন ১২৩৯ সাল তারিখ ২০ কার্ত্তীক।

—

* চিয়াও, জাগরিত কর।

139. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMAYAṆA, LANKĀKĀṆḌA

অতিকায়ের পালা।

ATIKĀYER PĀLĀ,

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $12\frac{1}{4} \times 4\frac{1}{2}$ inches. Folia 1-14 of which fol. 7 is wanting. Lines 9 on a page. Date, 1110 B. S. (1703 A. D.). Appearance, Discoloured. Incomplete. Place of find, Bankura.

Beginning :

শ্রীশ্রীরামচন্দ্রায়॥

ভায়ের তরে রাবন রাজা কান্দিল বিস্তর।
সুধা বিধা ছাড়িয়া হৈল পরানে কাতর॥
বাপের কন্দনাতে পুত্রের বড় দুখে।
ত্রিসিরা বিক্রম করে বাপের সম্মুখে॥
বিস্তর তপ কৈলে অমর হৈবার তরে।
তুমারে এড়িয়া বিভিসন অমর ব্রহ্মার বরে॥
অমর হইল বিভিসন আপনার গুনে।
ব্রহ্মার প্রসাদে বির নানা সাস্ত্র জানে॥
সাস্ত্র অনুসারে চিন্তে আপনার হিত।
বিপদ পড়িলে বুদ্ধি হারায় পণ্ডিত॥
তুমাকে হবিক ব্রহ্মা তার গৌরব রাখে।
হেন জনের অপমান সভা-মধ্যে দেখে॥
জে হইল সে হৈল এখন কি করিতে পারি।
কাতর হইলে রক্ষা না জায় লঙ্কাপুরি॥
খাণ্ডার পাতি ধর তুমি পর্ব্বত কাটে।
দেব দানব গন্ধর্ব্ব তুমারে না আঁটে॥
অস্ত্র দিল তুমায় যত দানব বাজে।
তাকে অস্ত্র এড় তাকে কবচ দিয়া বাজে॥
এত অস্ত্র তুমি জে করিলে অবতার।
আজিকার সংগ্রামে আমা সভার ভার॥

End.

লক্ষন বির রামচন্দ্রে করিল প্রনাম।
আসির্ব্বাদ দিয়া তুসিলা শ্রীরাম ॥
হনুমান আসিয়া করিলা আলিঙ্গন।
সাগরের কলে করিল হনুমান অতিকার্তর্পন ॥
ভয় পাইক পলাইয়া তার রন সহিতে নারে।
অতিকা পড়িল বর্য়া শুনার লঙ্কেশ্বরে ॥
কিত্তিবাস পণ্ডিতের কবিত্ব মহাসয়।
লঙ্কাকাণ্ড গাইল সপ্তপের অন্ত ॥

Colophon.

ইতি সন ১১০১০ সাল তা ২০ ভাদ্র বারে শনিবার শুক্লপক্ষ দিতিয়া। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীছত্র সিংহ সাঃ ঠাকুর পাড়া বেলা আড়াই প্রহরে পুঁথি সমাপ্ত হইল।

---

140. রামায়ণ—লঙ্কাকাণ্ড, অতিকার পালা।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA
ATIKĀRPALA
BY
KṚTTIVĀSA.

Substance, country-made paper; 15 × 5 inches. Folia-I-15. Lines 10 on a page. Appearance, about 100 years old. Complete. Place of find Bankura.

Beginning:

শ্রীশ্রীরাম ॥
সোকের উপরে সোক হইলা চিন্তিত।
জুজিবারে আনিলা কোঙর ইন্দ্রজিত ॥
জত সেনাপতি জায় জুজিবার মনে।
বাহুড়িয়া নাই আইসে রামলক্ষনে ॥
অতবার জায় * পুত্র জুজিবার তরে।
রন জিনিএ তুমি আইল বারে ২ ॥
রাম লক্ষন দুই বান্ধিলে নাগপাসে।
মরিয়াছিলা দুই সেনা অমি পুত্র বাসে ॥
চারি দিগ চাপিয়া কর বান বরিসন।
চারি দিগে ঠাট মৈল শ্রীরামলক্ষন ॥
ভাগ্যে দুত ছিল বানর হনুমান।
মরিয়াছিল সভাকারে দিল প্রানদান ॥
তোমার সংগ্রামে কার নাহিক নিস্তার।
কত বার বানরের করিল প্রতিকার ॥
আর বার গিয়া তুমি রনে দেও হানা।
বাহুড়িয়া দেসে জেন না জায় একজনা ॥
বাপের কথা শুনি হইল চিন্তিত।
জোড় হাথ করি বলে কোঙর ইন্দ্রজিত ॥
বারে ২ মারি আসি শ্রীরামলক্ষন।
কোথা শুনিএাছি মরে পাইল জিবন ॥
মরিলে না মরে রাম পায় প্রতিকার।
হেন রাম কেমনে আজি করিব সংহার ॥
তোমার আজ্ঞা বাপা আমি না পারি লঙ্ঘিতে।
রামলক্ষন মরিবেক না লয় মোর চিত্তে ॥

End

বাপের দুলাল তুমি কোঙর মেঘনাদ।
সর্ব্বাঙ্গ ভরিয়া পরে রাজার প্রশাদ ॥
সর্ব্বাঙ্গ ভরিয়া পরে চন্দনের শার।
কণ্ঠের উপর পরে নানা রত্ন হার।
শোনার কুণ্ডল পরে শোনার টোপর ॥
ঠাঞী ২ নির্ম্মিং তাহে প্রবাল পাথর ॥
এক হাথে ধরিয়াছে সর গণ্ডিবান।
সারথিরে বলে ঝাট সাজ রথ খান ॥
মোনপবন জানে শেই রথের শুঠান।
সাজিয়া আনিল রথ শোনার নির্ম্মান ॥
রথখান সাজন করে রথের শারথি।
নানা রত্ন দিয়া রথ সাজাইল তথি ॥
কনক রচিত রথ মুক্তার সকারে।
চারিদিগে শোনার গাছ ফল ফুল ধরে ॥
চন্দ্র সূর্য্য জিনিয়া রথ অগ্নির প্রকাশ।
ইন্দ্রজিৎ সাজিল রনে গাইল কৃত্তিবাস

অতিকার পালা সমাপ্ত।

---

* যায়।

141. রামায়ণ—লঙ্কাকাণ্ড, তরণীর যুদ্ধ।

RAMĀYAṆA, LAṄKAKĀṆḌA TARAṆĪR YUDDHA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper : $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia 1-7 obv. and 193 marked by two sets of figures. Lines 11 on a page. Appearance, about 250 years old, discoloured and worm-eaten in parts. Incomplete. Place of find, Bankura.

Beginning :

৮৭ শ্রীশ্রীরামচন্দ্রায়নমঃ। তরণির যুদ্ধ ॥
কুম্ভ নিকুম্ভ পড়িল কুম্ভকর্ণের নন্দন।
সোকেতে আকুল রাজা বিসাদিত মন ॥
পাত্রমিত্র সনে রাজা করিলা যুগতি।
বিভিসনের পুত্র তরনি আনে সিঘ্রগতি ॥
রাজার আদেসে আইলা তরনি কুঁমার।
রাজার চরনে মাথা মুড়ায় তিনবার ॥
হাথে ধরিয়া রাজা বসাইল কোলে।
আইস ২ বলি মধুর বোল বলে ॥
রাজা বলে সুনহ তরনি কুঁঙার।
বড় আবস্থা কৈল নর বানর ॥
আছিল তোমার বাপ ভাই সহোদর।
সিতা দিতে বুঝাইল সভার ভিতর ॥
তার বোল না সুনিঞা হইলাঙ দুর্মতি।
পাত্র মিত্রের বচনে তারে মারিলাঙ লাথি
আপমান পাইল ভাই সভার ভিতরে।
আমারে ছাড়িয়া ভাই সাম্ভাইল নরে ॥
মানুস জাতি রাম তার লইল স[র]ন।
বিপক্ষে সাধায়া কৈল বংসের সংহারন ॥
জত ২ বির জাএ রাম মারিবারে।
কোন বির পুনরপি না আইল ঘরে ॥

End :

ধনজন সেষ জত পুত্র পরিবার।
দুই চক্ষু মুদিলে হয় সকল অন্ধকার ॥

এতেক প্রবোধ দিল কমল লোচন।
উঠিয়া বসিলা তবে রাজা বিভিসন ॥
বিভিসন বলে গোসাঞি তোমি নারায়ন।
আপনা না জান গোসাঞি তোমি কন জন।
কৃপাময় গোসাঞি পরম দয়াল।
কৃপা করি মইত্র কৈলে গোহোক চণ্ডাল ॥
তোমার গুণে বন্দি হইল বনের বানর।
তোমার গুনে বন্দ গেল অলংঘ সাগর ॥
আপনি করিবে লঙ্কার রাবন সংহার।
করিবে আপন গুনে সিতার উদ্ধার ॥

---

142. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

তরণীসেনের পালা।

TARAṆISENER PĀLĀ

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper ; $14\frac{1}{2} \times 5$ inches. Folia 1-23 of which fol. 2 is wanting. Lines 8-9 on a page. Appearance, about 150 years old ; discoloured. Incomplete. Place of find, Bankura.

Beginning :

৭ শ্রীশ্রীরামচন্দ্রায়নমঃ। ইতি তরনিশেনের
পালা লিক্ষতে ॥
পাত্র মিত্র বসি আছে রাজা দশানন।
আর কোন বির নাহি যুদ্ধের ভাজন।
জেহ বির জায় রাম সংগ্রাম ভিতর।
বাহুড়িয়া এক বির না আইল পে ঘর।
ত্রিভুবন জিনিনু আমি করিয়া সংগ্রাম।
নর বানরে করে মোর এত অপমান ॥
এমন প্রমাদ হব জানিব কেমনে।
এত দুঃখ হল মোর পিতার কারণে ॥

আপুনি বিষ্ণু রঘুনাথ তখনি জানি আনি।
তবে কেনে আনিব আমি তাহার রমনি ॥
কোন জনে পাঠাইব রনের ভিতর।
কোন জন মারিব আর নর জে বানর ॥
হেট মুণ্ড করি রাজা ভাবিছে মোনে মন।
তরনি সেন আছে বিভিশনের নন্দন ॥
চর পাঠাইয়া রাজা দিল ততক্ষন।
তরনিসেনে ডাক দিএ আনিল তখন ॥
রাজার বচনে চর করিল গমন।
তরনির কাছে গিএ দিল দরশন ॥
ওহে গোসাঞি তরনি সেন সুনহ বচন।
রাজা আজ্ঞা হইল তুমি করহ গমন ॥
রাজ আজ্ঞা তরনি সেন লইল মাথাথ।
আইল রাজার ঠাই জোড় দুই হাথ ॥

End:

বিভিশনে মুর্চ্ছা দেখি কমললোচন।
রাম বলেন বিভিশনে দেখহ লক্ষন ॥
রামের বোলে লক্ষন হইলা সাবধান।
লক্ষন বলেন আনহ হনুমান ॥
মুখে জল দিএ তার করায় চেতন।
শোকেতে আকুল রাজা মুদিত লোচন ॥
বুক বাহিয়া ধারা পড়ে নিশ্বাস ঘনে ঘন।
রাম বলেন পুত্রশোক বড়ই বিশম ॥
পুত্রশোকেতে পাছে মর বিভিশন।
পুত্র শোক সম ঘো[া]র নাহি ত্রিভুবনে ॥
আমার শোকেতে পিতা তেজিল জিবনে ॥
এত বলি রামচন্দ্র দেন গদাধর।
বিভিশনে দেই রাম প্রবোধ উত্তর ॥

---

143 রামায়ণ—লঙ্কাকাণ্ড,

RĀMĀYAṆA LAṄKĀKĀṆḌA

তরণীসেনের পালা

TARAṆĪSENER PĀLA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13 \times 4\frac{1}{2}$ inches. Folia. 1, 4—11; marked by two sets of figures. Lines 11 on a page. Appearance, about 150 years old, writing effaced. Incomplete.

Beginning:

কুম্ভ নিকুম্ভ পড়িল কুম্ভকর্ণের নন্দন।
শোকেতে আকুল রাজা বিসাদিত মন ॥
পাত্র মিত্র লৈয়ে রাজা করয়ে জুগতি।
বিভিশনের পুত্র রাজা আনে সিঘ্রগতি ॥
রাজার সন্মুখে দাণ্ডায় তরনি কুমার।
রাজার চরণে মাথা লোয় সাতবার ॥
অষ্টাঙ্গ লোটায় বির করিল প্রনতি।
রাজার সন্মুখে আছে জত সেনাপতি ॥
দেখিয়ে হরিশ হইল রাজা দসানন।
আইশ বলি বলে মধুর বচন ॥
হাতে ধরি রাজা তারে কোলে বসাইল।
সিংহাসনে বসাইয়া প্রসংসা করিল ॥
বিরচুড়ামুনি তুমি বিক্রমে বিসাল।
সংগ্রামের কালে তুমি বিপক্ষের কাল ॥
ইন্দ্রজিত সম তোমায় দেখি জে তরনি।
তোমার সমান বির না দেখি শুনি ॥
রাজা বলে শোনহ [ত]রনি মহাবল।
বড় সত্ত্ব কৈল মর (মোর) নর আর বানর ॥
রাম লক্ষন দুই ভাই রাজ্য না পাইয়ে।
তরসে করিল রাজা তাকে দেখিয়ে ॥

রাজ্য হৈতে দুর করি দিল তার বাপে।
রাজ্য বিয়োগে [শো]ই বেড়ায় বনস্থানে॥
সকল ছাড়িঞা হইল রাঘব তপসি।
রাজ্য না পাইয়ে রাম হইল বোনবাসি॥
তপসীর বেশ দুহার বেড়ায় বোনে ২।
সুর্প্প নখা ভগ্নির করিলা অপমনে॥
নাক কান কাটিল তার ভাই যে লক্ষন।
চৌদ্দ হাজার রাক্ষস মারে খরের দুশন॥

End :

এত বলি [বজ্রবান] জুড়িলা ধনুকে।
বজ্রলোম বাবে দিঞ শ্রীরামের বুকে॥
বুকে বান বাজিল তিলেক নাহি বেথে।
লাফ দিঞ বানর চড়ে তরনির রথে।
রাম বলেন দশানন দিতে কৈল চু[রি]।
তার পাছে [মজিল] কনক [লঙ্কাপুরি]॥
পরের লাগিয়ে প্রান দেহ মোর স্থানে।
পড়িলে আমার ঠাঁই না পাব [স্থানে]॥
[সিতের] [না] পেতে তোরা মরিবি সবংশে।
সভে মাত্র বিভিসন রহিবে রাক্ষসে॥
বিভিসনে করিব [রাজা লঙ্কা]র অধিকারি।
রাবনে মারিয়ে দিব রানি মন্দদরি॥
এত শুনি রঘুনাথ বলিলা বচন।
হাসিঞ তরনি সেন বলিছে বচন॥
রাবন মারিতে বির নাই ত্রিভুবোনে।
পৃথিবি সহিত শুনি রাইসে দেবগনে॥
রাবন তোমায় আমায় অনেক অন্তর।
জতেক অন্তর রাম নদি আর সাগর॥
রাবনে সাগর গনি তোমায় গনি নদি।
কেন রাবনে জিনিতে চাহ কেমন জোদ্ধাপতি॥
জতন্তুর অন্তর রাম সিংহ আর শ্রীগাল।

---

144. রামায়ণ—লঙ্কাকাণ্ড, তরণীসেনের যুদ্ধ।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

TARAṆĪSENER YUDDHA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 15×5 inches. Folia, 5-15, 15 marked by two sets of figurs. Lines 7 on a page. Appearance, about 100 yeares old, injured. Incomplete. Place of find, Bankura.

Begins with :

পক্ষ দেখ ছির প্রবেসে অন্তরে।
আহার বহিয়া দিব্য পাসে দিনে ২।
সেহ জন্ম নাহি পাসে মাতা পিতা।
অতএব শুতা ২ বল কেন তথা॥
আমি তব গর্ভে বাস হৈলাম অন্তরে।
তব আজ্ঞা লঞ জাই শ্রীরামদরশনে॥
প্রভু পাই পত্র দিয়া লহিব স্মরন।
সফল করিব বাজি তোমার জনম।
সরমা বলেন বাছা রনে যে জাবে।
জারে ভক্ত তারে বান কেমনে মারিবে॥
আমি জানি তোমারে কঠিন মহাসর।
পাছে তার শ্রীঅঙ্গ বিন্ধে কর জরজর॥
বির বলে পরাজয় রাম হব মোর ঠাঁই।
এজ্ঞানে মত মাতাপুত্র দেখা নাই॥
[তব]নি ব[লি]ছে মাতা ধরি তব পায়।
বিভুকালে প্রমঙ্গে রামের নাম লিখিতায়॥
শ্রীরামচন্দ্রের নাম লিখহ অঙ্গেতে।
সর্ব্বাঙ্গে লিখিলাম নাম * * লো মাতে॥
প্রভু রামের নাম জদি দেখহ মোপাতে।
তবে ত শ্রীরামের বান নারিবেক কাটিতে॥
সরমা বলেন রনে করহ পয়ান।
রনস্থলে তোমা * দয়া করিবে রাম॥
কিন্তু অভাগির বাক্য একবার রাখ।
জনমের মত একবার মা বলিঞ ডাক॥

End ;

শ্রীরাম লজ্জিত দেখে বলে দেবগন।
আবেস না কর প্রভু রনে দেহ মন॥
আইলেন ব্রহ্মা রামে করিতে সান্তনা।
আপুনি আইলেন কাল বনে দিতে হানা।
ব্রহ্মারে বলেন রাম ব্রহ্মশস্ত্র নিল।
বানের মুখেতে ব্রহ্ম আপুনি বসীল॥
বানের মুখেতে কাল বসিলা আপুনি।
পিতিজ্ঞা করিল প্রভু রাম রঘুমনি॥

---

145. রামায়ণ—লঙ্কাকাণ্ড, তরণীসেনের যুদ্ধ।

RAMAYAṆA LAṄKĀKĀṆḌA TARAṆĪSENER YUDDHA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14½ × 4½ inches. Folia, 1—4 marked by two sets of figures. Lines 10-12 on a page. Appearance about 100 years old; worn-out in parts. Incomplete. Place of find, Bankura.

Beginning:

*শ্রীশ্রীহরি॥
বিষ্ণু পুজা করিছেন তরনি বসিয়া।
ধ্যান জপে যাছে যোগে আনন্দে বসিয়া॥
তুলসির মালা কণ্ঠে বড়ি বুদ্ধিমতি।
হেন কালে রতিকার আইল সারথি॥
সারথির মুখেতে শুনিল বিবরন।
দেখ্যাছে রতিকা বির রামের চরন॥
বিরলে রামিহ যাছি এর কারনে।
শরির তেজিব গিয়া শ্রীরামের বানে॥
কিন্তু মোর মনেতে সন্দেহ বড় হয়।
মোরে কেন দয়া করিবেন মহাসয়॥
জন্মিলাম বৈরি গর্ব্বে রাক্ষসের কুলে।
মোরে স্থান দিবেন কেন চরন কমলে॥
জে হয় ভাগেতে রনে করিব গমন।
এত বলি চলে বির ভেটিতে রাবন॥
তনয় সোকেতে রাজা পড়িয়া ভুমিতলে।
মহাবির তরনি গেলেন হেনকালে॥
জনকের জেষ্ঠ ভাই রাজ্যের প্রধান।
রাজ রবহরে তাকে করেন প্রনাম॥

End:

ছড়িয়া জুগল পানিঃ বাক্য কুন রঘুমনিঃ
যামি দিন হি[ন] তরনি।
জন্মিনু রাক্ষসকুলেঃ নিজ পুর্ব্বপাপে[র] ফলেঃ
না জানিনু মহিমা তোমার।
তুমি অনাথের গতিঃ কৃপাকর রঘুপতিঃ
সেবা ** নরে কেবা জানে॥
কে জানে তোমার মর্ম্মঃ তুমি ধর্ম্ম তুমি কর্ম্মঃ
দয়া কর আপনার গুনে॥
তুমি মিন রুপ ধরিঃ উদ্ধারিলে বেদ [চারি]
ধরনি ধরিলে প্রষ্ঠোপর।
দন্তে ধরিলে খেতিঃ স্তম্ভপরে কৈলে স্থিতিঃ
বিদিত কস্যপ দুরাচার॥
ছলেতে বাউন হয়াঃ বলিরে ছলিলে গিয়া
ধরনি ধরিলে হাথে।
বলিরে ভণ্ডন করিঃ দিলে রসাতলপুরিঃ
দ্বারি হলে......

---

146. রামায়ণ—লঙ্কাকাণ্ড, তরণীর পালা।

RĀMĀYAṆA-LANKAKĀṆḌA, TARANĪR PĀLĀ

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 14¼ × 5 inches. Folia 5, 11-13, 15 marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 100 years old ; worm-eaten and writing effaced in parts. Incomplete. Place of find, Bankura.

Fol, 5, obv.,

পুষ্প আর রথ আনে তার অনুচর।
রথে চড়ি আকর পুরিয়া এড়ে শর ॥
পর্ব্বত ঘুরাইয়া রাজা নিবারিল বান।
পর্ব্বত ছাড়িল পুষ্প করিয়া সন্ধান ॥
তরনির বানেতে পর্ব্বত কাটা গেল।
লাফ দিআ সুগ্রিব তার রথেতে চড়িল ॥
রথে হইতে কেসে ধরি পাড়ে ভুমিতলে।
হইল দারুন জুদ্ধ দুই মহাবলে ॥

End :

চারিদিগে কোপিগন নাচিয়া বেড়ায়।
আনন্দে পুরিত হয়া রামগুন গায় ॥
কেহো বলে রাম ২ রাজিবলোচন।
শ্রীরাম রাঘব বলয়ে (?) রঘুর নন্দন ॥
ভগ্ন পক্ষ কহে গিয়া রাবন গোচরে।
তরনি পড়িল রাজা সুন লঙ্কেশ্বরে ॥
সুনিআ রাবন রাজা লাগিল কান্দিতে।
সিংহাসনে হইতে রাজা পড়ে অবনিতে ॥

---

147. রামায়ণ—লঙ্কাকাণ্ড, তরণীসেনের যুদ্ধ।

RĀMĀYAṆA-LAṄKĀKĀṆḌA, TARANĪSENER YUDDHA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 13 × 4 inches. Folia, 1-16 ; Lines 10-11 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find, Bankura.

Beginning :

অথ তরনির জুদ্ধ লিখ্যতে ॥
বিভিষনের শ্রীপুত্রের আনন্দিত মন।
ঘরে ২ বিরভাগের সদত ক্রন্দন ॥
আপনার বংশ রাজা নাসিলে একবারে।
বিভিষনের পুত্র যে রহিল কুশলে ॥
রাবন বলে বিভিষনের জদি নাগালি পাই।
শ্রীপুত্রের সঙ্গে জমপুরকে পাঠাত্তি ॥
মন্দোদরি বলে রাজা কি বলিলে তুমি।
আপনা রাখিতে রাজা নাত্তি জান কেনী ॥
আপনার পুত্রগনে করিলে নিধন।
শত্রুর পুত্র দেখ রাজা আনন্দিত মন ॥
বিভিষনের পুত্র তরনিশেন আন।
সংগ্রাম করিতে তারে দেহ সাজিদান ॥
সংগ্রামে পাঠাহ রাজা তরনি কোঙর।
তরনি জিনিব রাজা নর আর বানর ॥
তরনির বাণ আছে বিপক্ষের দলে।
পুত্রেরে দেখিয়া রাজা হইব বিকলে ॥
তরনি দেখিয়া রাজা হইব কাতরে।
বিভিষন রাজা মোর বংশ নাশ করে ॥
অতেক রাক্ষস ছিল লঙ্কার ভিতর।
একে ২ মরে সব পুত্র সহোদর ॥
বিরভাগের রানি সব কান্দিয়া বিকল।
সবেমাত্র দেখি বিভিষনের কুশল ॥
রাখা আগে বিভিষন রামের সেবা করে।
লঙ্কায় রাম আছে সঙ্গা পুত্র বাঁচাবারে ॥

End :

এত বলি বলিলা রাক্ষস বিভিষন।
রাম বলেন শুন ভাই প্রানের লক্ষন॥
তরুনিরে লঞা জাহ সমুদ্রের কুলে।
স্নান করাহ লঞা সাগরের জলে॥
অগোর চন্দন কাষ্ঠ আন ভারে ভার।
তরুনি লইয়া ঝাঁটি করহ শৎকার॥
রামের আজ্ঞায় তবে ঠাকুর লক্ষন।
লক্ষন বলেন শুন বাপু পবননন্দন॥
সাত সাগরের জল আন অগোর চন্দন।
সিগ্রগতি আনিলেন পবননন্দন॥
লক্ষন বলেন শুন অঙ্গদ জুবরাজ।
তরুনির কাটি কর্যা কর অগ্নিকাজ॥
লক্ষনের আজ্ঞায় অঙ্গদ যে তৎপর।
তরুনি লইয়া গেল দক্ষিন সাগর॥
চন্দন কাষ্ঠের চিতা করিলা নদিকুলে।
স্নান করাইল তির্থ সাগরের জলে॥
চিতায় শুয়াল্যা দিলে উত্তর সিয়রে।
অগোর চন্দন দিলা সকল শরিরে
রাম বলে বিভিষন করহ গমন।
আপনি করহ তরুনির অগ্নি পুয়োজন॥
পুত্র পুয়োজনে পিতৃপিণ্ড পুয়োজন।
পুত্র হইয়া করে বাপের তর্পন।
পুত্র হয়্যা পিতাকে লোক দেইত আগুনি।
পিতা হয়্যা পুত্রে পড়ায় কোথাহ না শুনি॥
মুখে অগ্নি দিয়া রাজা কান্দিতে ২।
ভস্মরাসি হইলা তরুনি পুড়িয়া অগ্নিতে॥
তরুনির শৎকার করিলা সর্ব্বজন।
কির্তিবাস রচিলা তরুনিবধ উপাক্ষন॥

---

148. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA LAṄKĀKĀṆḌA

বীরবাহুর পালা।

VIRVĀHUR PĀLĀ

BY

KRTTIVASA.

Substance, country-made paper; 14 × 5 inches. Folia 1-16 of which fol. 7 is wanting. Lines 10 on a page. Appearance, about 75 years old. Discoloured. Incomplete. Place of find, Bankura.

Beginning :

কান্দিতে ২ রাবন হইল চমকিৎ।
আর কি করিব মোর পড়িল ইন্দ্রজিৎ॥
কান্দে রাজা দশানন পুত্রের বিহনে।
অন্ধকার হইল আজি পুত্রের কারণে॥
দেবান্তক নরান্তক ত্রিসিরা কবন্ধ।
কি ছলিয়া গেল মোরে কি করি প্রবন্ধ॥
কান্দিতে ২ রাবন লোহে হইল পুর্ন।
ত্রিভুবন চিন্তা করে দেখে দুর্ন বর্ন॥
বিরবাহু তপস্তায় গেছে তপবোনে।
বিষ্ণুভক্তি বটে শেই রাবননন্দনে॥
নারায়ন বই তার চিত্তে নাহি আর।
তপবোনে তপ করে নাম করি সার॥
কহেন পৌলস্ত মুনি রাবন নন্দনে।
প্রমাদ পড়িল লঙ্কায় শুন বিবরণে॥
নর নরায়ন করে লঙ্কা লণ্ডভণ্ড।
আপুনি বিষ্ণু অস্ত্র করে রাক্ষস প্রচণ্ড॥
বিরভাগ পড়িল লঙ্কায় কেহ নাহি আর।
কেন বির নাহি রাবন তার মুখ চায়॥
লঙ্কায় বির নাহি ভাণ্ডারে নাহি ধোন।
আজি কালি ঠেকি আছে রাবন মরণ॥

End :

ধনুক নাহি কাটা গেল শ্রীরাম লজ্জিত।
অদ্ধ চন্দ্র বান রাম জুড়িলা তুরিত॥

আর বান জোড়ে প্রভু তারা যেন ছুটে ।
গুনের সহিত রাক্ষসের ধনুক কাটে ॥
রাম বলেন বিরবাহু তুমি বড় বির ।
তোর বানে বানর মোর কেহো নহে স্থির ॥
রাক্ষস বলেন মানুস বেটা খানিক রনে থাক ।
অত দুঃখ দিলি তার ভুঞ্জাব বিপাক ॥
রাক্ষসের কথা শুনি * * রাক্ষস ।
রামের কাছে থাকিয়া করে বান বরিসন ॥
বিরবাহু বান মারে লক্ষনের বুকে ।
বানের ঘাএ লক্ষ * * ঠে মুখে ॥
আইসে জায় হাস্ত গোটা পবনের গতি ।
লক্ষনেরে এড়ে জাঠা পবনের গতি ॥
জাঠা গাছ দেখি * *

---

149. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMAYAṆA LAṄKĀKĀṆḌA

মায়াসীতা।

MĀYĀSITĀ

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 12½ × 4½ inches. Folia 1-5. Lines 12-13 on a page. Appearance, about 125 years old. Discoloured. Incomplete. Place of find, Bankura.

Beginning:

অথ মায়াসিতার পালা লিখ্যতে ॥
জজ্ঞ করিতে বসিল কুমার ইন্দ্রজিৎ ।
জজ্ঞ সর্জ্জ লঞা রাক্ষস ধায় চতুর্ভিত ॥
রক্তপট্ট ভারে ২ আনিল বসন ।
রক্তকুসুমমালা রক্তচন্দন ॥
আতপ তণ্ডুল জব হনে * পৌঠী পৌঠী ।
ঘৃতে জোবড়ায়া হনে আপন বাহু কাটী ॥
খরশান কাতী দিয়া ছাগলের টুটী কাটী ।
মন্ত্র পড়িয়া অগ্নির উপর হনে কোটী ২ ।
রক্তচন্দন জত জোবড়ায়া ঘৃতে ।
দশ সহস্র ব্রাহ্মন হনএ চতুর্ভিতে ॥
তপ্ত কাঞ্চন জেন অগ্নির উঠে শিখা ।
মূর্ত্তি ধরিয়া অগ্নি ইন্দ্রজিতে দিল দেখা ॥
সাক্ষাত হইয়া অগ্নি হইল অধিষ্ঠান ।
কোপ করিয়া মেঘনাদে না দিল বরদান ॥
অগ্নি বলে নিত্য পূজা করিস কি কারনে ।
কেমতে মারিবে রাম আপুনি নারায়নে ॥
নারায়ন মারিতে বর কেবা দিতে পারে ।
আর অজের বেলা তুমি না দেখিবে মোরে ॥
অগ্নির কথা শুনিঞা বির ত্রাস অন্তরে ।
বিদায় হইয়া জায় জুদ্ধ করিবারে ॥
রথের স্তম্ভ বির ধরে দুই হাথে ।
লাফ দিয়া ইন্দ্রজিত চড়ে গিয়া রথে ॥
চন্দ্রমণ্ডল জেন মাথায় ধরে ছাতি ।
বনেতে প্রসিয়া জায় রথার পড়িনাতি ॥ *

End:

হনুমান বলে বেটা তোর বল চুরি ।
দেখাদেখি রণ করিলে পাঠাব জমপুরি ॥
চোরার বেটা চোরা লুঞী চুরি করিব রন ।
মোর ঠাঞী পড়িলি আজি নাহিক জিবন ॥
অস্ত্র ধরিতে নাঞী জানি হইলাঙ বানর জাতি ।
কে কারনে এতক্ষন তোর অব্যাহতি ॥
মল্লযুদ্ধ কর বেটা বোলা হনুমান ।
একটি চাপড়ে তোর বধিব পরান ॥
নিবেদন করিল গিয়া লক্ষনের কানে ।
অই দেখ ইন্দ্রজিত বিন্ধে হনুমানে ॥
অই দেখ মেঘবর্ণ বটগাছের তলা ।
উহার তলায় জজ্ঞ করে স্থান নিকুম্ভিলা ॥

---

* হনোহি, হনন করে ।

* পৌর ।

CENTRAL LIBRARY

150. রামায়ণ-লঙ্কাকাণ্ড, লক্ষ্মণের শক্তিশেল।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA, LAKṢMAṆER ŚAKTIŚEL.

BY

KṚITTIVĀSA.

Substance, country-made paper; 13¾ × 5 inches. Folia, 1-16. Lines 11 on a page. Date, it is evidently 1163 B. S. (1756 A. D.) and not 1063 B. S. as in the colophon. Appearance, discoloured. Complete. Place of find, Bankura.

Beginning:

৶৭ শ্রীশ্রীহরিঃ॥ শক্তিশেল॥
অহঙ্কে গর্ব্বে রাবন রাজা সেলপাট ধাকে।
সেলপাটের শব্দ শুনিঞা ত্রিভুবন কাঁপে॥
প্রেত ভুত পিচাষ কাঁপিলা বিদ্যাধর।
অষ্ট লোকপাল কাঁপে দেব পুরান্দর॥
সুর্য্য তেজ ছাড়িল অগ্নি যেন পুড়ি।
আকাসের তারাগন পালাএ রড়ারড়ি॥
সেলপাট নির্ম্মাইল ময়দানব রাজে।
জাহাকে সেলপাট এড়ে তাহাতে অবস্থ বাজে॥
এড়িলেক সেলপাট দিআ হুহুঙ্কার।
সেলপাট আইসে যেন অগ্নি অবতার॥
দশদিগ আলো করি আসিল পাট ছুটে।
ঝলকে ২ অগ্নি সেলের মুখে উঠে॥
সেল কাটিতে লক্ষন বির সতেক বান এড়ে।
সেলপাটের অগ্নিতে সতেক বান পোড়ে॥
দশদিগ আলো করি আইসে সেলপাট।
চিন্তেন শুনেন রামচন্দ্র না দেখেন বাট॥
মনে ত জানিল গোসাঞি সহিলা কুশল।
সেলপাট রহাইতে হাথ করি জুগল॥
দেবগঠন সেল তুমি যম্রে অধিষ্টান।
বারেক লক্ষন ভাইর দেহ প্রানদান॥
বাহুড়িআ জাহ তুমি রাবনের ঘরে।
ভাই দান মাগি দেব দেহ জোড় হাতে॥
জে দেব অধিষ্টান আছেন সেলের মুখে।
লক্ষন ভাই এড়ি পড়হ আমার বুকে॥
আপনি জম অধিষ্টান সেলের উপরে।
ডাক দিআ রামের তরে বলিছেন উত্তরে॥
আমার তরে রঘুনাথ কত করহ স্তবন।
লক্ষন নামে সেলপাট ছাড়িআছে রাবন॥
জাহার কাছে থাকি আমি তাহার হিতকারি।
লক্ষননামে সেল এড়িআছে তোমাকে কেন
মারি॥
রামের কাতর বোলে সেল নাহি থাকে।
নির্ভরে বাজিল সেল লক্ষনের বুকে॥
পড়িল লক্ষন বির পর্ব্বতের চুড়া।
সকল বান গায় পসিল বাহিরে রৈল গড়া॥

End:

মন্দে ২ চিন্তি আমি রাত্রি বিস্তর।
তবে পর্ব্বত তুলিআ আনিনু মাথার উপর॥
মাথাএ পর্ব্বত করিআ আকাসে করিনু উঠানি।
পথ নাঞি পাই দিগবিদিগ নাহি জানি॥
চারিভিতে চাহিনু লঙ্কার না পানু উর্দ্দেস।
আচম্বিতে নন্দিগ্রামে করিনু প্রবেস॥
ভরথ দেখান কারে আর ভত গ্রামখণ্ড।
তোমার ভাইকে ধরিয়া আছে ছত্রদণ্ড॥
কেন ভরথ আমাকে নেহালে আকাসে।
বিপক্ষ বলিআ বাটুল মারিল আমার উর্দ্দেসে॥
লোহার বজ্র বাটুল মারিল আমাকে।
পর্ব্বত সহিত ভুমিতলে পড়িলাঙ বানঘাতে॥
বুকে বাটুল বাজীল হইলাঙ অচেতন।
হেন বেলাঅ তোমার নাম করিলাঙ স্মরণ॥
পর্ব্বত সনে আমি পড়িলাঙ নিকটে।
সেখান সহিত দুই ভাই বৈসিল সিংহাসনের তটে॥

Colophon:

শক্তিসেল সমাপ্ত হইল। এ সব বিবরন শ্রীবাকারাম লিখিল। যথা দৃষ্টমিত্যাদি। শ্রীবাকারাম দাস সাং উআলা৷ ইকারা। শ্রীকরুণাময় রাজ কর্ম্মচারি শ্রীগোকুল সরকার সাং জিআড়া গ্রামের মণ্ডল শ্রীদআরাম ঘোস। সন ১০৬৩ সালের মাহ আসাড়ের ২৮ রোজ হইল। দুই প্রহর বেলাঅ সমাপ্ত।

151. রামায়ণ-লঙ্কাকাণ্ড, লক্ষ্মণের শক্তিশেল।

RAMAYAṆA, LAṄKĀKĀṆḌA, LAKṢMAṆER ŚAKTŚEL.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{2} \times 5$ inches. Folia 10, marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, about 100 years old; mouse-eaten and much injured. Complete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীহরিহর রামগোবিন্দ ॥ লঙ্কাকাণ্ড লিখতে ॥
রাম থাকিতে লক্ষনে রাবন বান এড়ে।
ধনুক পাতিয়া লক্ষন নানা বান জোড়ে॥
রাবনের মুখে দেখে মনত্তের মুণ্ড।
তিন বানে কাটি লক্ষন করে খণ্ড ২॥
পাচ বানে এড়ে লক্ষন দেখিতে বিখলে।
সারতিন মাত্তা কাটি পাড়ে ভূমিতলে॥
লক্ষনের বানে রাবনের রথ হইল নেড়া।
গলার বাড়িতে বিভিসন মারে রতের ঘোড়া॥
লক্ষন ছাড়ি বিভিসনের পানে রাবন চাহে।
অক্ষয় সেল কাটি রাবন তুলে নিল হাতে॥
বংশ নাশ করে দুষ্ট গৌরব না রাখে।
আজি বিভিসনে মারে দেখুক সর্ব্বলোকে॥
বন্ত না সম্বরে রাবন চুল নাহি বান্ধে।
বিভিসন মারিতে সেল তুলা নিল কান্ধে॥
এড়িলেক সেলপাট দিয়া হুহুংকার।
রাবন বলে বিভিসনার নাহিক নিস্তার॥
সেল দেখি বিভিসনের উড়িল জিবন।
যেএ গিয়া লইল বির লক্ষনের স্মরন॥
সেল কাটিতে লক্ষন বির এড়ে তিন বান।
তিন বানে সেল কাটি কৈল চারিখান॥
বিভিসন রাখা গেল কটকে টিটকারি।
কুপিল রাবন রাজা লঙ্কার অধিকারি॥

End.

সেল খসিল লক্ষনের প্রান জুড়াইয়া আইলে।
অবধারি খণ্ড যেন অমৃতের রসে॥
চক্ষু মিলি লক্ষন রামের পানে চাহে।
ফিরে ২ লক্ষন ঠাকুর কথা বাত্রা কহে॥
মরেছিলাম ভাই সঙ্গে করিলাম কাহিনি।
ভুমী দৈনে কোন ঘাটে আমী পিলাম পানি॥
লক্ষন লড় হইলা হয়া উর্দ্ধরোলে।
হিয়ার তাপ খণ্ডক ভাইএ কহিকোলে॥
কোন বিধা রামচন্দ্র তনু নাহি ছাড়ে।
মুক্তার পাঁথনি যেন চক্ষের লোহ পড়ে॥
কিত্তিবাস পণ্ডিতের কবিত্ত সাগর।
রাজখণ্ড দিয়া আরে তুলে গৌড়েশ্বর॥

Colophon.

ইতি শক্তিসেল সমাপ্ত হইল। ১৯ শ্রাবনে শনিবার ১ প্রহর বেলার সময়॥

There is a Signature (ভনিতা) of Madhu-kaṇṭha Vide fol. 3 rev.

---

152. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKAṆḌA

মহীরাবনবধ।

MAHIRĀVAṆA BADHA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13 \times 4\frac{1}{2}$ inches. Folia 1-19. Lines 12 on a page. Appearance, about 100 years old; worm-eaten in part. Incomplete. Place of find, Bankura.

Beginning:

৭শ্রীশ্রীরাম॥
লোকে কোণে জিজ্ঞাসা করিল দশানন।
কি আশ্চর্য্য কথা ইন্দ্রজিতের মরন॥

তবে বিদ্যুতমালি বলে করি জোড় হাত।
কহিতে সংকোচ করি রাক্ষসের নাথ॥
মাথা দিত্যা কাটা্যা আগ্যা কুমার নন্দন।
ভঙ্গ করিবারে তেহো করিল গমন॥
হেনকালে বিভিসন লক্ষ্মনের সনে।
হনুমানে সঙ্গে করি যাঙ্যা অজস্থানে॥
নির্ব্বান করিল অগ্নি বানর দুরন্ত।
যজ্ঞ নাস করি কৈল রাক্ষসের অন্ত॥
ভজ্ঞ পাট যাড় ভাঙ্গ্যা গেলে হনুমান।
তাহা দেখি ইন্দ্রজিত হৈলা কম্পবান॥
যজ্ঞ তেজি যুদ্ধ হেতু করিলেন মন।
হনুমান সঙ্গে যুঝে আইল্যা লক্ষন॥
অনেক সংগ্রাম কৈল লক্ষনের সনে।
কাতর হইল বির ইন্দ্রজিতের বানে॥
ইন্দ্রজিতের হস্তখান কাটীল্যা লক্ষন।
সুতিকে আনিতে বির করিল গমন॥
বিভিসন আগুলিত্যা আছে সে দুয়ার।
আসিতে না পাঙ্যা পথ কুমার কুমার॥
তবে যাউপথে বির করিল গমন।
আগুলিয়া আছে হনু পবননন্দন॥
হনুমান দেখি তার ভয় হৈল চিত্তে।
লঙ্কাকে আসিতে গেল পাতালের পথে॥
ব্রহ্মার নন্দন বির আছে জাম্বুবান।
আসিতে না পার পথ করে অনুমান॥

End.

রাবন নিধন হৈল্যা প্রিত পাই মনে।
বৈকুণ্ঠে থাকিতে নারি রামের বিহনে॥
এত বলি দেবগন গেল নিজ পুরে।
তাহা শুনি হনুমান হরস অন্তরে॥
অত আনিলেক নহি পুজার আয়োজন।
সেই দ্রব্যে দেবিরে পুজিল দুইজন॥
জোড় হাথ হয়্যা তবে কহিলা শ্রীরাম।
আজি হৈতে রামচণ্ডি হৈল তুমার নাম॥
রামের বচনে দেবি পরম সন্তোসে।
কাঞ্চন নগর তেজি গেলেন কৈলাসে॥
পৌরসি নামেতে ছিল মহির পাটরানি।

---

153. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKAṆḌA

MAHĪRĀVAṆER PĀLĀ

মহীরাবণের পালা।

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-10. Lines 12-13 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীহরি॥

গগন ছুড়িএ গড় দেখিতে বিপরিত।
গড় দেখিয়া বানরকটক হৈলা হতচিত॥
দেবদানবের শক্তি নাই আনের কিবা কথা।
দেখিয়া বানর সব হনুমানে নোঙায় মাথা॥
আপনে হনুমান রহিলা গড়ের দুয়ারে।
দুই ভাই কোলে করিব অঙ্গদ সুগ্রিবে রে॥
আগে পিছে বানর কটক সঙ্গে ২ ফিরে॥
গড়ের দুয়ারে হনুমান পবননন্দন।
গড় প্রবেসি[বারে] নারে কোন জন॥
নল নিল আদি করিয়া যত সেনাপতি।
সাবধানে গড়ে রহিলা শ্রীরামের সংহতি॥
সুগ্রিবের কোলে আছেন কমললোচন।
অঙ্গদের কোলে রহিলেন ঠাকুর লক্ষন॥
বড় ২ বানর রহিল গড়ের ভিতর।
রাম জয় বলিয়া ডাকে সকল বানর॥

বিভিসন বলে হনুমান তুমি সভার গতি।
আজি রাখিবে দুই ভাই তোমার সকতি॥
সাবধানে রাত্রি জোগাও যেথা বানরগন।
তথা মহি আইলা দেবির বন্দিয়া চরন॥
যেই দণ্ড করি কান্দে লঙ্কার [অ]ধিকারি।
রানি ভাগ নঞা কান্দে রানি মন্দদরি॥
পাত্র মিত্র সঙ্গ সামন্ত সভে চমকিত।
পাতাল হইতে মহি উঠিলা আচম্বিত॥

End:

রাথে ধরি দুই ভাই বসাইল সিংহাসনে।
গন্ধ পুষ্প দিয়া দেবিকে পুজ দুইজনে॥
বড় প্রত্যার্প দেখি জানে সর্ব্বজনে।
জেই বর মাগ দোহে পাইবে এখনে॥
নানা দ্রব্য দিয়া দেবির কর পুজা।
দেবির বরে হবে তুমি চক্রবর্ত্তি রাজা॥
পুষ্প দিয়া বর মাগ হইয়া প্রনাম।
মহারাজা হবে তুমি শুনহ শ্রীরাম॥
জাই জুই পুষ্প নিল কুন্দ আর নিলি।
নারেঙ্গ ছোলেঙ্গ নিল সিউলি পারুলি॥
অসোক কীংসোক নিল লবঙ্গ বকুনা।
সতদল মল্লিকা নিল কাঞ্চন বাগালোনা॥
ঝিটি ভুরটি নিল চম্প নাগেশ্বর।
বাসক পলাস কেয়া ওড় উপর॥

---

154. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

মহীরাবণের পালা।

MAHIRĀBAṆER PĀLĀ.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia 1-23; marked by two sets of figures. Lines 9 on a page. Date, 1239 B. S. (1832 A. D.) Appearance, discoloured. Complete. Place of find, Baukura.

Beginning:

৺শ্রীশ্রীকৃষ্ণ॥ অথ মহিরাবণের পালা॥
রামায় রাম চন্দ্রায় ইত্যাদি—
ইন্দ্রজিতার সোকে রাবন করএ রোদন।
ভুমে লোটাইয়া কান্দে রাজা দশানন॥
দশমুণ্ড কুড়ি বাহ লোটায় ভুতলে।
স্ত্রীপুত্রসে কান্দে রাজা আউদড় চুলে॥
পুত্র সোকে কান্দয়ে লঙ্কার অধিকারি।
অচেতন হয়া কান্দে রানি মন্দদরি॥
কুম্ভকর্ণ বির পড়িল নাহিক প্রতিত।
এখন মরিল সভা কখন পড়িল ইন্দ্রজিত॥
চরনে ধরিয়া বলি শুন নিবেদন।
স্ত্রীএর বাক্য রাখ রাজা প্রান বড় ধন।
বড় ২ রাক্ষস রাম মারিলেন রনে।
মনুষ্য নহেন রাম চিনিবে কেমনে॥
রামের পিতা রামকে দিয়া দৈসহ ভ্রমন।
মনুষ্য নহেন রাম দেব নারায়ন॥
পুত্রের বিহনে কিবা জিবনের সাধ।
তোর পাপে মরিল মোর কোঙর মেঘনাদ॥
রাজা বলে রানি মোরে বিস্তর না বল।
জত কিছু বল মোরে অধর্ম্মের ফল॥
বংস ক্ষয় করিয়া মোর কি কাজ জিবনে।
রাখী শুন বের্থ ইন্দ্রজীতার মরনে॥

সিতার নাথি মিত্র মোর পরাটে শিখন।
প্রানে কাতর নাতি হয়া পসিব মরন।
আর কিছু না বলিহ রানি মন্দদরি।
সংসারের লোক সব কর্ম্ম দোসে মরি॥
পাত্র মিত্র কান্দে আর কত বন্ধুগন।
হেটমুণ্ড করি কান্দে রাজা দসানন॥

End:

রাঘবের মায়া তুমি বুঝিতে না পার।
ধর্ম্মাধর্ম্ম না বুঝহ বনের বানর॥
পশু হয়া কেমনে বুঝীবে ধর্ম্মের উত্তর।
পরবুদ্ধি ধার্ম্মিকের অপমানকর॥
ধর্ম্মসিল হৈলে রত ধার্ম্মিকে বিশ্বাস।
পরকে বুঝাহ ধর্ম্ম লোকে উপহাস॥
হনুমান বলে তুমি না বল বিস্তর।
আপনা কে আমি আপুনি কুকর্ম্মর॥
জাম্বুবান বলে কিছু না বল বিভিসন।
পাতাল হৈতে উদ্ধারিলা শ্রীরাম লক্ষন॥
শ্রীরাম বলেন মিত্রা কর অবধান।
সহজে বানর জাতি স্থির হনুমান॥
সুগ্রিব বিভিসনে দুহে কৈল কলাকলি।
চতুর্দিগে পড়িল তখন বানর সিংহলি॥
রাম জয় করি ডাকে জত বানরগন।
নিদ্রা তেজি উঠে তখন রাজা দসানন॥
কিত্তিবাস পণ্ডিত কবিত্ত চমৎকার।
লঙ্কাকাণ্ড গাইল গিত সুনিতে সুসার॥

Colophon.

ইতি মহিরাবনের যুদ্ধ সমপ্ত॥ যথাদিষ্টমিত্যাদি—লিখিতং শ্রীপ্রানকেষ্ট দেবসর্ম্মা সাঃ বাড়িত খণ্ড॥ ইতি॥ সন ১২৬৯ সাল তারিখ ১৩ শ্রাবন ইতি।

—

155. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMAYAṆA, LAṄKĀKĀṆḌA

মহীরাবণের পালা।

MAHĪRĀBAṆER PĀLĀ.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $14 \times 4\frac{3}{4}$ inches. Folia, 1-14. Lines 11 on a page; Appearance, about 75 years old. Complete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীহরিশ্রী॥

সচিন্তিত রাবন সর্ব্বময় সংসার *।
সকলি সংহার হইল কেহ নাহি আর॥
মেরে এলে মানুষ তপসি পুত্র বাচে।
ডেকে বলে দুর্গে জেতে কোন বির আছে॥
জত ২ জোদ্ধাপতি শব হইল নাষ।
সব দিগ সর্ব্ব কেহ নাহি কহে তাষ॥
তাবিত তরসা মাত্র ভবানি শঙ্কর †।
* * কেহ নাই কথার দোসর॥
ভাবিতে চিন্তিতে কথা হইল স্মরন।
এক পুত্র বেচে আছে পাতালভুবন॥
নাম মহিরাবন কঙ্কনা পুরে বাষ।
মহেষ কাটিতে নারে জার মাথাকাষ॥
মাথার নিদান পুত্র বলে মহাবলি।
অধিষ্ঠান স্বহাস্য সদাই ভদ্রকালি॥
বিপত্তি বিনাষ কার্য্য করিলে স্মরন।
তখনি আসিবে এই আছে নিরূপন॥
দিগবিজএতে জবে জিনি রসাতল।
সেই দেসে জন্মীল পুত্র ধরে মহাবল॥
অচল সমান তার সরির প্রকাণ্ড।
সংসার জিনিতে পারে প্রতাপে প্রচণ্ড॥
দস মুণ্ডে ডাকে কোথা হৈলে বাছা মহি।
পিতা তোর প্রমাদে পড়িল কারে কহি॥

* মূলে 'সংসার সর্ব্বময়' আছে।
† মূলে 'ভাবিত', 'ভরসা', 'ভবানী' প্রভৃতি।

সহশ্র আসি রক্ষা করহ কনক।
মহিরাবণের মুণ্ডে পড়িল টনক ॥
আশন টলমল করে কাপে শব অঙ্গ।
বসে ছিল পূজায় ধ্যান হইল ভঙ্গ ॥

End :

বিভিষন বলে প্রভু তাথ যেন নাঞী।
হনুমান হতে যুঝিত কেহ নাঞী ॥
মম প্রান রবেঞী তোমার করে হিত।
নিতান্ত তাহাতে আমার না হয় দুখিত ॥
সিংহনাদ সব্দ করে যত কপিগন।
দশানন সকলি শুনিল বিবরন ॥
নিধন হইল মহি রাবন তনয়।
সমরে সাজিব আজি নাহিক নিশ্চয় ॥
এতদূরে পালা সাঙ্গ শ্রীরামকিত্তন।
কালি হবে লঙ্কাপতি রাবন নিধন ॥
কিত্তিবাশ পণ্ডিতে[র] জয় বুতপনে।
জাহার প্রশাদে লো[া]ক শোনে রামায়ন ॥

Colophon :

শ্রীরাম চন্দ্র মুখোপাধ্যায়কে আশীর্বাদ কর নারায়ন।
তোমাবৈই গতি নাই পতিত পাবন ॥

---

156. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

মহীরাবণের পালা।

MAHIRĀVAṆER PĀLĀ

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-14; marked by two sets of figures. Lines 10-11 on a page. Date, 1266 B. S. (1859 A. D.) Complete. Place of find, Bankura.

Beginning :

শ্রীশ্রীরামচন্দ্র জয়তী ॥ অথ মহীরাবনের পালা লিক্ষতে ॥
চিন্তাএ চিন্তিত রাজা বিবরাহুর লোকে।
রাম জয় বলে বানর চারি দারে ডাকে ॥
বানরের সীংহনাদে সেল বাজে বুকে।
বিদরে কপাত রাজা দর্প করে মুখে ॥
রাবন বলে কার আমী করিতে সংগ্রাম।
রাম লক্ষন মারিব সুগ্রীব হনুমান ॥
অঙ্গদ আদী মারিব জতেক কপীগন।
আপনার কণ্টক মারিব বিভিসন ॥
সারথিকে কহে রথ করহ সাজন।
হেন বেলা মন্দোদরি দিল দরশন ॥
কার বোলে কর তুমী বিক্রমের সাজ।
রনে কাজ নাই ঘরে থাক মহারাজ ॥
একে২ মজাইলে জত বিরগন।
নাগকন্যার পুত্রকে করহ স্মরণ ॥
নাগকন্যার পুত্র মহি নাম পাতালেতে ঘর।
মহি পুত্র আইলে তোমার ঘুচাইব ডর ॥
অনেক পাঠাইয়া মিতা বুঝ সমাচার।
যুদ্ধ নাহি দেয় করে কেমন প্রকার॥
রাম বানী শুনি ব্যস্ত হইলা রাজন।
হনুমান বলে রাজা ডাকে ঘন ঘন॥
আসি উপনিত হইল অঞ্জনানন্দন।
অষ্টাঙ্গে লোটায়ে করে রামের বন্দন॥
সুগ্রীব রাজন কহে শুন হনুমান।
পুনর্ব্বার লঙ্কাপুরি করহ পয়ান॥
যুদ্ধ নাহি দেও কেন রাজা দসানন।
অত পার জাইয়া তারে করিবে ভর্ৎসন॥
তোমা বিনা বির কেবা আছে এই স্থানে।
গলাগলি * দিবে তারে অত হয় মোনে॥
জাম্বুবান কহে ইহা করিয়া বিচার।

---

* গলাগলি।

192. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA,

BY

RĀMPRASĀD.

Substance, country-made paper; 13½ × 4¾ inches. Folia, 2-17; marked by two sets of figures. Lines 9-11 on a page. Appearance, about 75 years old; worm-eaten in part. Incomplete. Place of find, Bankura.

Begins with:

Fol. 2 rev.

রামকে কোলে লএ রানি আনন্দে ভাসিল।
গগনের বিধু যেন হাথ করে পেল॥
ভাসিয়া নয়ান জলে রামচন্দ্রে কয়।
মোর এক [ক]থা শুন কৌসল্যা তনয়॥
বর মাগি তোমারে জগুপি দেহ বর।
মোনের বাসনা পুর্ন্ন হয় রঘুবর॥
শ্রীরাম কহেন বাক্য বিমাতার প্রতি।
শাস্ত্রর বিধান নহে এহেন ভারতি॥
পুত্র হইএ কেবা মাকে দেয় বর।
বিমাতারে কহেন রাম জুড়ি দুটি কর॥
কেকৈ কহেন রাম আমি তোরে জানি।
কুলের কমল তুমি বংস চুড়ামুনি॥
হাস্য করি কহেন রাম কেকৈ মায়েরে।
কি বর মাগিবে মাতা কহত আমারে॥
কেকৈ কহেন রাম শুন মোর বানি।
বারেক ধরিব গর্ব্ভে হইব জননি॥
সুচন্দ্র বদনে বাপু মা বলিবে মোরে।
এই সে পরমবাঞ্ছা আমার অন্তরে॥
এত শুনি রামচন্দ্র কহেন মায়েরে।
পর জন্মে জন্ম লব জাইএ ত্রাপরে॥
নিকটে না রব না করিব স্তন পান।
কারাগারে পিতা মাতা রবে অবিশ্রম॥
দ্বাদশ বৎসর রবে বদ্ধ কারাগারে।
এত শু[নি] কেকৈই কহেন রঘুবরে॥

End :

এই বলি চিতা পাসে গমন করিলা।
রাম ২ বলি সতি চিতায় চাপিলা ॥
পতি হস্ত তুলিয়া আপুনি কোলে নিলা।
এসময়ে দশানন বলএ রাক্ষসে।
চিতাতে ঢালএ ঘিত কলসে ২ ॥
রাম কন হনুমান কোপিগন লঞা।
সত্ত্বে মেলি আয় পরিচার্জ্য কর গিয়া ॥
গোল চনারি কাজাতে বিলম্ব নহে জেন।
আজ্ঞা পাইআ বেগ্রাজে হনুমান করেতেন ॥

---

193. রামায়ণ-লঙ্কাকাণ্ড,

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

লক্ষ্মণের শক্তিশেল।

LAKṢMAṆER ŚAKTIŚEL.

BY

ŚIVARĀMA.

Substance, country-made paper ; 14 × 5 inches Folia 1-27. Lines 6 on a page. Date 1249 B.S. (1843 A.D.) Appearance, discoloured. Complete. Place of find, Bankura.

Beginning :

শ্রীশ্রীরাধাকৃষ্ণ ॥
মেঘনাদ নিপাত শুনিআ হুতমুখে।
দশানন মূর্চ্ছিত হইলা সেই দুখে ॥
কুড়ি চক্ষে জল ধারা অনিবার বয়।
শ্রবনের মেঘ জেন সদত বরসয় * ॥
হাহাকার হুঙ্কার ছাড়এ পুত্র সোক।
বিংসতি করেতে প্রহারএ নিজ বুকে ॥
অনুক্ষন রোদন করএ নরপতি।
তর্জ্জন করিআ বলে জোদ্ধাগন প্রতি ॥
ধিক ধিক তোদের জীবন অকারন।
ধিক গর্ত্তিবান তোদের ধিক রে জীবন ॥
এত সেনা অগননা এত জোদ্ধাপতি।
এ সব থাকিতে মোর এতেক দুর্গতি ॥
আর তোদের বিক্রমে নাহিক কীছু ফল।
আপুনি জাইব আজ সমর মণ্ডল ॥
ইন্দ্রজীত পুত্র জদি মরিল আমার।
কি সুখে লঙ্কাতে আমার মোর অধিকার ॥
নর আর বানরে করিল এতদুর।
এ সকল ঘটাইলা বিভিসনা কুর ॥
নিকুম্ভিলা দেবস্থ নাগের গোচর।
কেমনে জানিল কোপি মর্দ্দ্দক বানর ॥
ঘরভেদী হইল পাপিষ্ঠ বিভিসন।
তারে না মারিআ রাম না হবে বরুন ॥

End.

অতুল বিক্রম তোমার ব্রহ্মার নির্ম্মিত।
না শুনিলে মোর বাক্য গর্ব্বেতে মহিত ॥
তার মত অভিসাক * এই দীলাম তোরে।
নারীতের অস্ত্র হও সংসার ভিতরে ॥
অপুর্ব্ব মহত্ব ছিল অমের ভগনি।
আজি হইতে নারীতের হইলে নরুনী ॥
এত বলি গেলে সীপ দীলেন নারায়ন।
দুঃখীত হইলা সেল শুনিয়া বচন ॥
ধন্য ২ শ্রীরাম চন্দ্র কোপীগনে কয়।
সমাপীত হও কৈলে কৈসল্যা তনয় ॥
কেহ বলে শ্রীরাম মনর্ষ কভু নয়।
তা না হলে মীত লোকে কে কোথা বাঁচয় ॥
কেহ বলে দেখীআ না দেখে কোপীগন।
পাসানে পহরি জল হইল বন্ধন ॥

---

* বরষয়।

* অভিশাপ।

CENTRAL LIBRARY

এই মতে কোপীগন বাখানে শ্রীরাম।
সক্তিসেল বর্ন্নন করিলা শ্রীবরাম ॥

Colophon :

ইতি সন ১২৫৯ সাল তাং ১৭ মাঘ। লীখীতং শ্রীফকীর চন্দ্র মুখোপাধ্যায় বেলা চারিদণ্ড।

---

194. রামায়ণ—লঙ্কাকাণ্ড,

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

কালনেমির রায়বার।

KĀLNEMIR RĀYBĀR

BY

KĀŚĪNĀTH

Substance, country-made paper; 13¼ × 4¼ inches. Folia, 1-5, marked by two sets of figures. Lines 9 on a page. Date, 1259 B.S. (1853 A. D.). Appearance, discoloured. Complete. Place of find, Bankura.

Beginning :

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ ॥ অথ কালনিমার রায়বার ॥

হনুমান বলবান গন্ধমাদন জায়।
লঙ্কা হইতে সরগথে রাবন দেখিতে পায় ॥
বলে ঘর পড়াটাত [২] দেখি বিপরিত।
কি করি উপায় তখন ত্রাস পেএ রাবন
ডেয়া কালিমা ডাকায়।
বলে ভাই হেথারে এস ২ কাছে বস
আমার কেবল তুমি।
তুমার তরে রেখেছি ঘরে দেব কন্যা আনি।
জদি কাজটি করিতে পার [২] বচন ধর
কাজটী এসে করো।
ভুচ্ছ পসি ছোট তপসি পরানে এসেছি মরো।
বিধাতা বহাব হইলা [২] তুমি কিবল এই কর এখন।
রাত্তি গেলে উদয় হইলে মরিবে লক্ষন ॥
এতটুকুন বিসম দেখি [২] মৈলহ আখি চাহত
আকাসপানে।
ঔসধির তরে পবন তরে জায় গন্ধমাদনে ॥
জায় দেখ ঘর পড়াটী [২] মস্তক খেটা মায়া পাতগা
তুমি।
সরবরে স্নান করিতে যাবে কুম্ভিরিনি ॥
ছলা করে পাটায়া দিবে [২] কসার হবে কি কৈব
তুমার কাছে।
দেখেছি ভালে তোর কপালে রাজ পাট্টা রাছে।
কালনিমা কৈছে তখন (২) সুন দশানন সকল করিতে
পারি।
একটি কথা মনের বেথা ম্বরপরাকে নারি ॥
আর জা বলিবে তুমি (২) করিব আমি কোন চিত্রকথা।
এই খেনে আনিতে পারি দুই তপসির মাথা ॥

End.

রাবন মুছা গেল [২] ভুমে পড়িল জেন সনা মিলাল রাজে।
শ্রীগন সব জড় হয় দাত কপাটী তাজে ॥
কতক্ষনে চেতন পাইল্য [২] উঠে বসিল কপালে
মারে ঘা।
শ্রীগনকে ডেকে বলে কি হলো গো মা ॥
লক্ষন ধরো এল্য [২] এই হলা দুষ্টের মরন।
শুক্র বলে মারেবি[র] পব[ন] নন্দন।
গেল জথা গন্ধমাদন [২] পবন নন্দন মস্তকে লইয়া।
শ্রীরামের কাছে জায় ভয়েতে ভেটিয়া ॥
চলয়া দ্রুত গতি [২] মহামনি জেখানে সিরাম।
তখন ঔষধ আনিল কি হেব দুর্বাদল্য শ্যম ॥
(দুর্বাদল শ্যাম) ॥
তখন হনুমান কয় [২] জোড় করি রয় গীরি সুন্ধা থেল।
চিন্তি করিল রাবন ঘরে বসিল গুন্ধ আনি বাটিয়া দিল ॥
নাসিকা উপরে ঔসদ ধরে বাচিলা [ল]ক্ষনে।
তখন মুত্র হইলা [২] আরগ্য হইল্য গন্ধমাদনে ॥
রাম জয় ধনি বলিছে বানর পবন কৌতর রামকে
প্রণাম করে।
দুর্বাদলশ্যাম রাম কোল দিল তারে ॥

CENTRAL LIBRARY

কাসিনাথ বলে [?] রাম পদতলে কালনিমার রায়বার।
বাস মোর দক্ষিপুরে [?] আছি টেরে ভরসা রামের নাম।
ভজন নাই মোর দয়া করিবে বির হনুমান॥
আর জাটা রহিল পচার।

Colophon, :

ইতি কালনিমার রায়বার সমাপ্ত হইল। যথাদৃষ্ট মিত্যাদি। ইতি লিখিতং শ্রীদিগম্বর দাস কম্মকার সাকিম ভগলদিঘি। পটসি সর্ব্বাসর কর্ম্মকার সন ১২৫৯ সাল তারিখ মাঘ ২৫ চবিসে সনবার বেলা এক পহর।

There is a folium (last page) of another copy of the same manuscript collected with this one. The colophon gives the date 1259 B.S.; the copyist's name is *Digambar Karmakar* of *Bhagaldighi*.

---

195. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAÑKĀKĀṆḌA

অঙ্গদের রায়বার।

AṄGADER RĀYBĀR.

BY

DVIJA TULASĪ.

Substance, country-made paper: $14\frac{1}{4} \times 5$ inches. Folia, 1-7, Lines 10 on a page. Appearance, about 150 years old, discoloured and injured in part. Complete. Place of find Bankura.

Beginning :

পার্ব্বতি বলেন প্রভু কহ শুলপানি।
তার পর কি করিলা রাম রঘুমুনি॥
লঙ্কার দুয়ারে যদি গেলা কপিগন।
কহ কি করিলা তার রাজা দসানন॥
বিস্তারিয়া সেই কথা কহ শুলপানি।
অদ্ভুত অধিক প্রভু তব মুখে শুনি॥
হর কহে পার্ব্বতি শুনহ সাবধানে।
লঙ্কাপুরে উপনিত হইল কপিগনে॥
বানরের হুঙ্কার শুনিঞা দসানন।
ঝুকি করে ভূমে বস্যা তেজে সিংহাসন॥
দুই মন্ত্রিগন বলে চিন্তা কর কেন।
ওইজে দেখহ রাজা আইল কপিগন॥
মর্কট বানরে লয়্যা আল্যা লঙ্কাপুরে।
একেক রাক্ষষ খাব সতেক বানরে॥
মোদের নিশ্চিতি হেতু বিধাতার ভার।
বোনে হইতে ধরে বস্যা দিলেক [আহার]॥
এই হেতু কেন চিন্তা কর দসানন।
আনন্দে বানর মাংস করি ভক্ষন॥

End :

শ্রি রামের আগে কহে করিয়া বিনয়।
মোরে যদি আজ্ঞা দিতে হইয়া সদয়॥
তবে রাবনেরে পাঠাইতাঙ জমঘরে।
জানকিরে আন্যা দিতাঙ তোমার গোচরে॥
অযোচিত বাক্য বানে দগ্ধ কর্যা তারে।
দুর্দ্দ কর্যা অনেক বধিলাঙ নিসাচরে॥
সিংহাসন হতে ভূমে গেলা দসাননে।
বুকে বস্যা মুষ্টী ঘাত করিনু বদনে॥
তিলেক সময় নাই তুমার প্রসাদে।
দসটা মুকুট লয়্যা আল্যাঙ প্রমাদে॥
অঙ্গদের বাক্য শুনি রাজিবলোচন।
অঙ্গদে করিয়া কোলে দিলা আলিঙ্গন॥
আস্বাসিয়া বালিসুতে বসাল্য রাঘব।
রাম জয় সব্দ করে জত কপি সব॥
সিংহনাদ সব্দে কেহ করএ তর্জ্জন।
বির দর্প করে কেহ বাহু আস্ফালন॥
দ্বিজ শ্রিতুলসি কহে রাম পদ সার।
এতদুরে সমাপ্ত হইল রায়বার॥

Colophon :

শ্রীশ্রীরায়বার লিখতে। শ্রীগৌরাঙ্গ দাস লিখিতং শ্রীগৌরাঙ্গ দায়ক, সাং রাইপুর।

---

196. রামায়ণ-হনুমানের রায়বার ।

RAMAYAṆA, HANUMANER RAYBĀR.

Substance, country-made paper; 10 × 3¼ inches. Folia 1-5 marked by two sets of figures. Lines 7 on a page. Appearance, about 100 years old; worm-eaten in part. Complete. Place of find, *Bankura.*

Beginning:

শ্রীশ্রীহরিঃ ॥

হনুমানের মুখে রাম কয় সিতার কথা ।
নিশ্বাস ছাড়িয়া রাম হেট কৈল মাথা ॥
এলিল জটার ভার খসিল বাকল ।
লোটায়ে পড়িল প্রভু ধরনির তল ॥
রামের কন্দনা দেখি ঠাকুর লক্ষন ।
পড়িল ধরনি তলে হাথে ধরাসন ॥
তা দেখি সুগ্রিব রাজা রাম কৈল কোলে ।
অঙ্গদ আসিয়ে তবে লক্ষনেরে তোলে ॥
নল নিল আইল বড় করিয়া গর্জন ।
সুষেন আইল তবে ধনন্তরির নন্দন ॥
ধিরে ২ আইশে তবে জাম্বুবান বুড়া ।
নিকটে বসিলা জেন পর্ব্বতের চুড়া ॥
রামেরে বেড়িলা থাকে বড় ২ বির ।
কালান্তক জম জেন অজয় শরির ॥
কেহ বলে প্রভু তুমি না জান আপনা ।
কিসের লাগিয়ে এত করেছ ভাবনা ॥
নব দুর্ব্বাদল শ্যাম কমললোচন ।
অরুন নিন্দিত দুটী যে রাঙ্গা চরন ॥
কেহ বলে পর্ব্বত চাপড় করি চুর ।
কিসের লাগিয়ে এত ভাবিছ ঠাকুর ॥
কেহ বলে লম্ফ দিয়ে উঠিব আকাসে ।
পড়িব লঙ্কার মাঝে চক্ষুর নিমিষে ॥
চরনের ঘাতে লঙ্কা নিব রসাতল ।
আনিব জানকি তব চরনের বল ॥
অঙ্গদ বলেন প্রভু করি নিবেদন ।
কি কারনে চিন্তা কর রাজিবলোচন ॥

End:

রামের লাগিয়ে তুমি হইলে বর্দ্ধন ।
সবংসে মরিব তবে রাজা দসানন ॥
এক লম্ফে গেল জোড় রামের সাক্ষাতে ।
সম্মুখে রহিল বির করি জোড় হাথে ॥
হনু বলে রঘুনাথ করি নিবেদন ।
আপনা আপনি সাগর লইল বন্ধন ॥
নলকে আনিয়া প্রভু দেহ অনুমতি ।
সাগর বান্ধিতে সভে জাই শিঘ্রগতি ॥
এত শুনি রঘুনাথের আনন্দিত মন ।
হনুমানে উঠি রাম দিলা আলিঙ্গন ॥
সাগর বান্ধিতে সভে চলিলা ত্বরায় ।
এতদুরে হনুমানের রায়বার সায় ॥

Colophon: ইতি সমাপ্ত। হনুমানে পালা সায় হইল। ভাই সব হরি ২ বল। ইতি ॥

---

197. রামায়ণ-লঙ্কাকাণ্ড ।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

অঙ্গদের রায়বার ।

AṄGADER RĀYBĀR.

BY

KṚTTIVASA.

Substance, country-made paper; 9¾ × 6 inches. Folia 1-8, marked by two sets of figures. Lines 18 on a page. Appearance, about 50 years old; worm-eaten and injured. Complete. Place of find, *Bankura.*

Fol. 3 rev.

অঙ্গদ বলে শুন্ত কথা কহ ইন্দ্রজিতা ।
জতেক রাবন বংশেতে শতাই কি তোর পিতা ॥
তেজি তোর এত তেজ লাঘুক না মানিশ ।
এত বাপের তেজ নইলে ইন্দ্র বেন্ধ্যা আনীশ ॥
ধন্য রানি মুন্দদরি শাবাশ দি তোমাকে ।
এক জুবতি এতেক প্রতি ভাব কেমনে রাখে ॥

কোন বাপ [তোর] ঢেঙ্কির বেট খাইলা পাতালে।
কোন বাপ তোর বান্ধা ছিল অর্জ্জুনের অশ্বশালে॥
কোন বাপ তোর জয় জিনীতে গিয়াছিল দক্ষিণ্যা।
কোন বাপ তোর মান্ধাতার বনে দণ্ড কৈলা জিনে॥
কোন বাপ তোর ধনু ভাঙ্গিতে গিয়াছিল মিথীলা।
তুলিতে কৈইলাশ গিরি কেন বাপ তোর গেলা॥
কোন বাপ [তোর] অন্ধ হইলা জমদগ্নি তেজে।
মোর বাপে তোর কোন বাপকে বেন্ধেছিল লেজে॥
তোর বাপের পুরুশার্থক কৈইব আর কত।
তোর বাপের ভগনি হরে নিয়াছিল মোধুদৈত্ত॥
একে ২ কোহিলাম তোর শকল বাপের কথা।
এ শভাকে কাজ নাই তোর মোধি বাপ তোর কোথা॥

---

198. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA LAṄKĀKĀṆḌA

অঙ্গদের রায়বার।

AṄGADER RĀYBĀR.

Substance, country-made paper; 14 × 4¼ inches. Folia, 3-8. Lines 10-11 on a page. Appearance, about 150 years old; discoloured and injured. Incomplete. Place of find, *Bankura*.

Begins with.

একেক সৈন্যের হস্তি অর্ব্বুদে জোড়া।
হস্তির পিছে নিজোজিত শহস্রেক ঘোড়া॥
শত পদাতিক এক অশ্বের জোগান।
এতেক কটকে রাজা করিছে দেয়ান॥
রাবনের প্রতাপে কাঁপিছে বসুন্ধরা।
আজ্ঞা করিছে কর্ম্ম জত দেবতারা॥
চন্দ্রমা ধরাছে সিরে নবদণ্ড ছাতা।
সিদ্ধ পাঠে নিজোজীত আপনি বিধাতা॥

End:

তবুত অঙ্গদ বির নাহি জায় ছাড়া।
চড় মারা মাথার মকুট সব নিল কাড়া॥

বসিল পাছিরে বির সিংহনাদ করা।
বির দর্প করা বলে কে থাকে ত বারা॥
ত্রেতাযুগে আছে * * পাইয়া থাকে।
লঙ্কায় রাবন রাজা রাম নাহি কাছে॥
অঙ্গদ বলে বুঝিনু রাজা মহিমা তোমার।
বধতে আসি গিয়া রাম রাম আমার॥

---

199. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA,

কুম্ভকর্ণের নিদ্রা ভঙ্গ

KUMBHAKARṆER NIDRĀBHAṄGA

Substance, country-made paper; 9¼ × 3¼ inches. Folia 4 by counting. Lines 9 on a page, Date, 1226 B. S. (1820 A. D.). Appearance much injured. Incomplete. Place of find, Bankura.

Begins with:

কুম্ভকর্ণ বলে সুন রাজা দশানন।
অকালে আমার নিদ্রা ভঙ্গ * * ॥
কি লাগিয়া লঙ্কাতে বিপর্জ্জ হৈল এত।
কৈলাসে আসত্ত বিষ্ণু কে * * * ॥
কে দিল আনলে হাথ কে ধরিল ফনি।
পঞ্চম মঙ্গল কার * * * ॥
কে মোর * বধিল হাতি হরষ গায় মনে।
ইষ্ট মির্ত্ত পরিত্যাগ কৈল কোন জনে॥

End.

কুম্ভ বলে তারা কি করে বেড়ায়।
রাবন বলে দুই বেটা চোর না এড়ায়॥
কুম্ভকর্ণ বলে তারা তির্থ করি বুলে।
রাবন বলে কোন তির্থ সমুদ্রের কোলে॥
কুম্ভকর্ণ বলে তবে হবে রাজার বেটা।
রাবন রাজা বলে তবে তার মাথায় কেনে জটা॥

---

* মৃ (?)।

কুম্ভকর্ন বলে তবে হবে বেদ্যুত।
বানর রাজা বলে তবে গলায় কেনে সুত ॥
কুম্ভকর্ন বলে তবে হবে ব্রম্ভচারি।
রাবন রাজা বলে তবে সঙ্গে কেনে তার নারি ॥

Colophon.

ইতি ১২২৬ সাল ৬ ফাল্গুন।

---

200. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

কুম্ভকর্ণের পালা

KUMBHAKARṆER PĀLĀ

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 4, marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 75 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

৭শ্রীশ্রীকৃষ্ণ ॥ অথো কুম্ভকর্ন্নের পালা লিখ্যতে ॥
নিদ্রা হৈতে উঠিঞা বসিলা কুম্ভকর্ন।
সুবাসিত জল কেহো জোগাইছে পূর্ন ॥
কুম ২ কস্তুরি কেহো লেপে সর্ব্ব গায়।
কত সত সেনাপতি চামর ঢুলায় ॥
কুম্ভকর্ন জাগিল শুনিল লঙ্কেশ্বর।
সাক্ষাত হইতে রাজা চলিলা সত্বর ॥
কত লক্ষ অক্ষহিনি সেনাপতির সাথে।
উত্তরিল গিয়া কুম্ভকর্নের নিকটে ॥
কুম্ভকর্ন প্রনমিল রাবনের পায়।
বাহু পসারি বির কোল দিল তায় ॥
দুই ভাই একাসনে বসিয়া লঙ্কাতে।
মলয় পর্ব্বত জেন হিমালয় সাথে ॥
কম্ভুকর্ন বলে শুন রাজা দশানন।
আকালে আমার নিদ্রা ভাঙ্গিলা কি কারন ॥

কি কারনে লঙ্কাত্ম বিতথা দেখি এত।
কৈলাষে অমর সাথা কে করিল হেত ॥
শ্রীগুরুত্রাঙ্খনি কেবা হরিল নিশ্চয়।
কোন পাপি বলিল জে প্রেম শু[দ্ধ] নয় ॥
না করে নিনাদ কেনে কোকিল ময়ুরে।
নিত্য আসি নিনাদ করিল অন্তঃপুরে ॥
পেচকা পেচকি কেনে ডাকে সন্ধাকালে।
শকুনি গিধিনি কেনে উরে বৈসে চালে ॥

End:

রাবন রাজা বলে ভাই আমী নাঞি জানি ইহা।
সে সমুদ্রে জাঙ্গাল বান্ধ্যা পার হল্য গিয়া ॥
এত শুনি কুম্ভকর্ন চমকিত শুনে। *
কি'বোল ২ বলে সিন্ধু বান্ধ্যা গেল।
সতেক জোজন পথ সমুদ্রের জল ॥
মৈনাক পর্ব্বত জার নাহি পায় তল।
ডুবিল সোনের ভালা ভাসিল পাথর ॥
সমুদ্রের মধ্যে হল্য শ্রিগালের পথ।
অগাধ সমুদ্রে জলে পর্ব্বত ভাসিল।
এত[দি]নে জানিলাম জে যুদ্ধ হাসিল ॥
শুন্যা কুম্ভকর্ন বলে কাজ নাঞী মোর এথা।
জাহরে সকল প্রজা জার ইচ্ছা জোথা ॥
তোমার চরিত্র ভাই সব গেল জানা।
না জানি তোমর * * ॥

---

* জেন (?)

CENTRAL LIBRARY

201. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RAMĀYAṆA, LAṄKAKĀṆḌA

কুম্ভকর্ণের পালা।

KUMBHAKARṆER PĀLĀ.

Substance, country-made paper; $13\frac{3}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia, 100-103. Lines 9 on a page. Appearance, about 75 years old; discoloured. Incomplete. Place of find, Bankura.

Fol. 100, obv.,—

কটক ফিরাইয়া আনে বালির নন্দন ॥
এক চাপ হয়্যা আছে বানর বিস্তর।
কুম্ভকর্ণের উপর ফেলে গাছ যে পাথর ॥
গাছে ঠেকিয়া গাছ পাথর উকড়িয়া পড়ে।
দুই হাথে মুসল লয়্যা ধায় উভরড়ে ॥
বানর মারিতে তাঙ্ক হাথেতে মুসলে।
অনেক বানর মৈল লোটায় ভূমিতলে ॥
কুপিল কুম্ভকর্ণ বির হাথে নিল শুল।
অনেক বানর শুলে হইল নির্মূল ॥
বড় বড় বানর শুলে বিন্ধ্যা পাড়ে।
মুখে কাঠ মুতের সহিত যেন পোড়ে ॥

End:

সর্বাঙ্গ কুটিয়া বিরের রক্ত পড়ে স্রোতে।
আপনার রক্তে বির আপ্লুত হিতে ॥
উন্মত্ত হইল কুম্ভকর্ণ মহাবির।
তা দেখি বানর সব রনে নহে স্থির ॥
ভঙ্গ দিয়া পালাইল সকল কপিগণ।
প্রান লয়্যা গেলা যথা যেখানে লক্ষন ॥
ভয় পায় বানরগণ লক্ষনের স্থানে।

---

202. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ।

KUMBHAKARṆER NIDRĀBHAṄGA.

Substance, English-made paper; $9 \times 3\frac{1}{2}$ inches. Folia, 1-4 of which fol. 3 is wanting marked by two sets of figures. Lines 7 on a page. Date, 1216 B. S. (1809 A. D.); worn-out in part. Incomplete. Place of find, Bankura.

Beginning:

৭শ্রীশ্রীহরি।

নিদ্রা হইতে উঠিয়া বসিল কুম্ভকর্ণ।
সভাসিত জল কেহ ভুলাইছে পুর ॥
কুম কুম কস্তুরি কেহ লেপে সর্ব্ব গায়।
কত সত সেনাপতি চামর ঢুলায় ॥

End:

কুম্ভকর্ণ বলে তবে হবে যেন সুত।
রাবন রাজা বলে তবে পলায় কেন সুত ॥
কুম্ভকর্ণ বলে তবে হবে ব্রহ্মচারি।
রাবন রাজা বলে তবে সঙ্গে কেন নারি ॥

Colophon.

ইতি কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ সমাপ্ত ॥ পাঠক শ্রীমাধব গরাই সাং সিহর। স্বগ্রামে থইপা। সন ১২১৬ সাল, ১৪ পৌস।

---

203. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

তরণীর উপাখ্যান।

RAMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

TARAṆĪR UPĀKHYĀN.

Substance, country-made paper; 13 × 4½ inches. Folia 1-2, 13, 14 marked by two sets of figures. Lines 13 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

৶শ্রীশ্রীরামচন্দ্র॥ লঙ্কাকাণ্ড লিক্ষতে॥

অতি উর্দ্ধ লঙ্কার পাচির সোনার আয়তন।
করাইব চর্ণ রাজা কটক সহসন॥
দশদিন জলস্থল ভরিল বানরে।
বানরগন দেখি রাজা কাপিল অন্তরে॥
কতক কালে ক্ষয় করিব এতেক বানরে।
কোন বির কোথা রহে কার কোন গ্রাম॥
শুক সারনকে বলে কটক চিনাহ কার কিবা নাম।
বানর পরিচয় করিতে চাহে লঙ্কার নৃপতি॥
অঙ্গুলি তুলিয়া দেখায় সারন সেনাপতি।
রামসনমুখে শুগ্রীব রাজা দেখহ নৃপতি।
নিল বিরের সিংহনাদে কাপে বসুমতি॥
একস্যা নিল দেখ বানর গড়ে ২।
সোল সহস্র সেনাপতি বির লড়িলে লড়ে॥
অঙ্গদ জুবরাজ দেখ পর্ব্বত আকার।
শুগ্রিব দিল তারে সকল অধিকার॥
চন্দ্র জিনিঞা বিরের শরিরের জোতি।
গলে সোভা করে বিরের হার গজমতি॥
শ্বেত নামে বানর দেখ চক্ষের বন্ধান।
চন্দ্র জিনিঞা বানর বড় তাহার যোগান॥
চন্দ্র জিনিঞা বানর গড় চন্দন কেনে বাসা।
সংগ্রামে পসিলে বানর জিবনে ছাড়ে আসা॥
বিক্রমেতে সিন্ধু বানর যুদ্ধের সাগর।
শুগ্রিব সহিত কাজা শাখি তবে তারে ঘর॥
নামে পর্ব্বত পুরিক্ষা নামে পুরি।
বানরে আইল অধিকারি॥

End:

রাবন হরিল সিতে জনক নন্দিনি।
স্বয়ং বিষ্ণু রামচন্দ্র আমি ভাল জানি॥
হেন সিতে হরিঞা আনে পাপিষ্ঠ রাবন।
তার পাপে হইল মর বংসের নিধোন॥
রাম নারায়ন মুক্তি সিতে লক্ষী সতি।
সত্যবাদি সদাচারি রাম সত্য বাদি॥
হেন রামের রাবন রাজা আনিলেক মারি।
তার পাপে মজিল কনক লঙ্কাপুরি॥
রাবন রাজা আনিলেক খাইয়ে আপনা।
মর মুণ্ডে বিধি আজি পাড়িল ঝন ঝনা॥
কোথা গেল অরে পুত্র তরনি কোঙর।
তোমার বিহনে মর দহে কলেবর॥
উঠিঞা তরনি মোরে দেহ আলিঙ্গন।
তোমা না দেখিঞা মোর না রহে জিবন॥
অনেক বিনয় করি কান্দে বিভিসন।
দুই চক্ষু ঝোরে জেন বারার শাবন॥
পুত্র সোকে অচেতন হইল বিভিসন।
বিস্ময় হইল তবে জত বানরগন॥
কি লাগিঞা বিভিসন করেন রোদন।
কেবা মন্দ বলে তোমায় কিসের কারন॥
ঐ বির কেবা তোমার কহ সমাচার।
তোমার রোদনে বুক বিদরে আমার॥
আজি মেলি চাহে রাজা কি হলা বিষাদ।
কিবা দুখ * * * ॥

---

204. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

ইন্দ্রজিতের যুদ্ধ।

RAMAYANA, LAṄKAKANḌA

INDRAJITER-YUDDHA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 2-6. Lines 12 on a page. Appearance, about 175 years old; discoloured. Injured. Incomplete. Place of find, Bankura

Fol. 2, obv:

শরপত্র বোঝা ২ ছাইল মেদনী।
মন্ত্র পড়িআ তাহার উপর জালিল আগুনি॥
আতবত্তধুপ জব দাস্ত হনে পৌটী ২।
ঘৃতে ডাবড়াইআ হনে—বহিবার কাঠি॥
বশান কাটারি দিআ ছাগলের টুটি কাটে।
মন্ত্র পড়িআ অগ্নিতে হোমে খুটি ২॥
রক্ত বস্ত্র জত ডাবড়িআ ঘৃতে।
দশ হাজার ব্রাহ্মন হনে চারিভিতে॥
অগ্নির শব্দ হইল জেন মেঘের গর্জ্জন।
সাক্ষাত হইআ অগ্নি তারে দিল দরশন॥
অগ্নি বলে নিত্য পুজা করহ কি কারনে।
নিত্য বর তোরে আমি দিব কি কারনে॥
ইন্দ্রজিত বলে মোরে তাবস্থ দিবে বর।
রাম লক্ষন মারিআ রাবন না পাঠাও জমঘর॥
অগ্নি বলে বার্থ বর চাহ অকারনে।
কেমতে মারিবে রাম আপনি নারায়নে॥
শ্রীরাম মারিতে বর কেবা পারে দিতে।
আর বার জজ্ঞের রেখা না পারে দেখিতে॥
অগ্নির বোল শুনিআ ইন্দ্রজিত চিন্তিত অন্তরে।
বিদাই করিআ জায় জুদ্ধ করিবারে॥

End.

সন্ধান পুরিয়া রাম মারে রাবননন্দন।
ঢলিলা লক্ষন বির হইলা অচেতন॥
গাএর শালা কাটিআ লক্ষনের মাথার চৌপর।
সর্ব্বাঙ্গ বিন্ধিআ লক্ষনের করিয়া মুকল॥
লক্ষনের শরির মুকল বান বিভিশনে।
বানর কটক লইআ বিভিশন পালাইল রনে॥
বিভিশন বলিল বানর সাহসে কর ভর।
এক চাপ হইআ মার রাবন কোঙর॥
খড়্গ হইআ আমি ভাইপোএর মরন চাহি।
অলক্ষন অপকির্ত্তি রাম লাগিআ সহি॥

---

205. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RAMAYANA, LAṄKAKANḌA

লক্ষ্মণের শক্তিশেল।

LAKSMAṆER ŚAKTIŚEL

Substance, country-made paper; $14\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-12; marked by two sets of figures. Lines 9-10 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

৭শ্রীশ্রীরামঃ॥ লক্ষনের শক্তিসেল লিক্ষতে॥
কোথাকারে গেল তোমার ক[নক] লঙ্কাপুরি।
কোথা রাখিলে বাপু মাতা মন্দোদরি॥
আছিআ গাএর ধুলা রাবন গা তুলে।
তপ্ত তৈলে জল জেন দ্বিগুন উথলে॥
কুপিল রাবন রাজা কাপে থরহর।
কুড়ি পাটি দসন কড়িছে কড়মড়॥
সিতাকে দানিআ এত কৈল আ[খা]ন্দর।
মারিব সিতাকে আজি বলেন লঙ্কেশ্বর॥
মাগা সিতা কাটিয়া আমার ইন্দ্রজিত মরে।
সাক্ষেতে সিতাকে রাখিতে পারে।
অসক বনেতে ছুটে জেন আকাসের তারা।
হাথে খাণ্ডা তুলে নিল গজবেগের ধারা॥
ধাইল অসক বনে পবনের বেগে।
পাছে চলিল সকল মন্ত্রীভাগে॥

রাবন দেখিয়া সিতার উড়িল পরানি।
সিতাকে হানিতে রাজা তুলে খাণ্ডা খানি ॥
তাহা দেখি কাদেন সিতাঠাকুরানি।
আখিটি দেখিয়া জেন কাতর হরিনি ॥
পুত্রসোকে দসানন হৈয়াছে পাগল।
রাম রাপ প্র[া]ন মোর হরেছে নিসাচর ॥
নয়ান মুদেন সিতা জনক নন্দিনি।
অধমুখে ডাকেন চিন্তামুনি ॥
পুরবিম্ব রামামুর্ত্তি আছিল সংকতি।
বাহু প্রসারিয়া সে বুকায় লঙ্কাপতি ॥

End:

হনুমান বলে তখন জোড় করি হাথ।
আ[মা]কে পাঠাইল্যা দিলেন রঘুবংসের নাথ ॥
রাম নামে হৈল দসরথের নন্দন।
পালিতে সিতার সত্ রাম রাইল বন ॥
লক্ষন নামেতে ভাই সঙ্গে সিতা সে সুন্দরি।
লঙ্কার রাবন রামের সিতা কৈল চুরি ॥
সিতা হারাইয়া রাম ফিরে বনে বন।
সমুদ্র জল পার হলাম লএ বানরগন ॥
রাম রাবনে হৈল্য ঘোর মহা রন।
রাবনের সক্তি সেলে পড়েছে লক্ষন ॥
হনুমান নাম আমার পবন নন্দন।
এসে ২ খুজে বুলি ঔসুধ কানন ॥
আমিহ বনের পস্থ ঔসুধ না চিনি।
আমারে চিনিএ দেহে বিসাল্য করনি ॥

---

206. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

কালনেমির রায়বার।

KĀLNEMIR RĀYBĀR.

Substance, country-made paper; $14\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-4; marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 100 years old; Incomplete. Place of find, Bankura.

Beginning:

৭শ্রীশ্রীকৃষ্ণ ॥ অথো কালনিমার রায়বার লিক্ষতে ॥

হনুমান ঃ বলবান, ঃ
গন্ধমাদন যায় ঃ।
লঙ্কা হইতে ঃ সুন্ন পথে ঃ
রাবন দেখিতে পায় ঃ॥
বলে মর পোড়াটাত ২ দেখি বিপরিত ঃ
কি করি উপায় ঃ।
তখন ত্রাস পেএ্যা ঃ রাবন ভেএ্যা ঃ
কাল নিমে ডাকায় ঃ॥
বলে ভাই এখারে আজ ২ ঃ কাজ্যে বস্ত ঃ
আমার কেবোল তুমি ঃ।
তোমার তরে ঃ রাখ্যাছি ঘরে ঃ
দেব কন্যা আমি ঃ॥

End.

কতক্ষনে চেতন পাল্য ২ ঃ উঠ্যা বসিল ঃ
কপালে মারে ঘা ঃ।
শ্রীগণকে ডাক্যা বলে কি হল্য তোমার ॥
লক্ষন ধর্যা আন্য ২ ঃ এইত হল্য দুষ্টের দমন ঃ।
শুক্রবর্গে মারি বির পবননন্দন ঃ।
গেল জথা গন্ধমাদন ২ ঃ পবননন্দন ঃ মস্তকে লইয়া।
শ্রীরামের কাছে জায় ত্বরথে ভেটায়া ঃ॥
চল্যা জায় দ্রুতগতি ২ ঃ মহামতি ঃ জেখানে শ্রীরাম।
তখন ঔ[ষ]ধ আনিলা কহে দুর্ব্বাদল শ্যাম ॥

তখন হনুমান কয় : জোড় করি রয় : গিরিমুর্দ্ধা গেল: ।
চিহ্নিত করি নিল : রাবন ধরে দিল : ॥

---

207. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMAYANA, LAṄKAKAṆḌA

রাবণ-বধ।

RĀVAṆA-BADHA.

Substance, country-made paper ; 13½ × 4½ inches. Folia, 1-2 marked by two sets of figures. Lines 9 on a page. Appearance about 50 years old. Incomplete. Place of find, Bankura.

Beginnig :

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণরাবণবধ লিক্ষ্যতে ॥

লক্ষন বাচিল শুনি সক্তিসেল বানে।
সৈকে পড়্যা দসানন কান্দে রাত্রিদিনে ॥
কাল হয়্যা আইল মোর শ্রীরাম লক্ষন।
লঙ্কায় রহিল সঙ্খ্যা দেখি অল্পজন ॥
শুক সারনকে ডাকে রাজা কহিল তবে।
কহ ২ মহাপাত্র কোন বুদ্ধি হবে ॥
পাত্র বলে মহারাজা না দেখি উপায়।
অবসেস বির নাস্তি তোমার লঙ্কায় ॥
কিবা জুক্তি দিব রাজা মোহতেকে হয়।
বুঝিএ করহ কাজ চিত্তে জাহা লয় ॥
এতেক চিন্তিএ রাজা ভাবে নিরন্তর।
হেনকালে শুক্র আইলা রাজার গোচর ॥
শুক্রাচার্জ্জ দেখি রাজা আনন্দ অন্তরে।
বসিতে আসন দিল আপন গোচরে ॥
শুক্রার নিকটে রাজা নিজ দুঃখ কয়।
কহ ২ শুক্রাচার্জ্জ উপায় কি হয় ॥
ইন্দ্রজিত পুত্র মৈল রণে বিরগণে।
কেমনে বিনাস করিব শ্রীরাম লক্ষণ ॥
শুনিএ্যা কহেন শুক্র শুন মহারাজ।
আমি কহি শুন জাতে সীদ্ধি হব কাজ ॥

বারনসে আছেন প্রভু দেব ত্রিপুরারি।
তাহারে আনহ গিয়া বহু স্তবন করি ॥

End.

ইহা বুঝি বিরগনে দিয় দেহ পান।
কদাচ সঙ্কর জেন লঙ্কায় না জান ॥
এত শুনি কন রাম পবন নন্দনে।
বাউ বোন্তন মোর ডাকি বিদ্যমানে ॥
রাম বলেন বাছা সব কহিব তমায়।
দসানন সঙ্করা লঞা জায় ॥
হেন বুদ্ধি কর জেন না জানে মহেস
চিত্র দিয় বাছা স: দুর ক্লেস ॥
শুনি বাউ বোন্তন কহে দুই কর জুড়ি।
বিপত্ত সকলে প্রভু মোরা আছে পড়ি ॥
রাত্রদিন কান্দে প্র[া]ন রাবনের ভয়।
অবিরত এই চিন্তা চিত্ত স্থির নয় ॥
কোন মতে দুই জনি হয় নিপতন।
তোমা হইতে

---

208. রামায়ণ-উত্তরাকাণ্ড।

RĀMĀYAṆA, UTTARĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 16½ × 4 inches. Fol. 11-43, 51-114, 116-199 of which folium 148 is duplicate. Lines 8 on a page, leaving a blank space of about two inches square in the middle of each page. Date, 1502 śaka (1580 A. D.). Incomplete. Place of find, Bankura.

Begins with.

রাজা হৈঞা কেনে কর আপন অপমান।
এক এক পর্ব্বত তোমার সহযোজন ॥
পর্ব্বত থাকিতে চিন্তা করহ কি কারন।
তোমার প্রসাদে হৈল লঙ্কার সৃজন ॥

ক্রন্দন[ন?] রাখিল নারদ করিঞা যতন।
স্নান সন্ধ্যা করাইল করাইল ভোজন॥
চতুর্দ্দিগের পর্ব্বতকে পাঠাইল নিমন্ত্রন।
পাত্র মিত্র বন্ধুবান্ধব সকল পরিজন॥
তাঁহা সভাকে বলিহ আসিতে এখন।
আমার কার্য্যে সর্ব্ব করহ যতন॥
দিগে ২ দুত সব গেলাত ধাইঞা।
নানাদিগের পর্ব্বত সকল আইলা এক হঞা॥
ঘরে ঘরে পরিবার সকল নিয়োজিঞা।
লড়িলা পর্ব্বত সকল রাজ আজ্ঞা পাঞা॥
আজ্ঞা বহিঞা চলিলা সুমেরু সম্ভাষণে।
মলয়াদি পর্ব্বত রাজের অলঘ্য বচনে॥
চলিলা পর্ব্বত পশ্চিম পুর্ব্ব উত্তর দক্ষিণে।
সভাকে দেখিঞা সুমেরু হরসিত মনে॥
অগস্ত্যের কথা শুনিঞা হাসেন শ্রীরাম।
সভামধ্যে শুনিল পর্ব্বতের গুণগ্রাম॥
ভূত ভবিষ্যত বর্ত্তমান তোমাতে গোচর।
তোমার কথা শুনিতে মোর হরিষ অন্তর॥

End :

যেন কবিত্ব রচিল মুনি বাল্মীকি।
পুরান দেখিঞা কবিত্ব রচিল কিত্তিবাস কৌতুকি॥
শুনিলে পাপ খণ্ডে মনে বাড়ে কৌতুকে।
উত্তরকাণ্ড শোভা রচিল চির সুখ থাকে॥
সপ্তকাণ্ডের সার গাইল উত্তরকাণ্ডে।
শ্রীরামের চরিত্র শুনিলে সকল পাপ খণ্ডে॥
অনেক শক্তে ওকা করিত্ত করিল নির্ম্মান।
যে লোক শুনে ভনে তার সর্ব্বত্র কল্যান॥
শ্রীরামের চরিত্র শ্রবনে পাপের বিনাস।
উত্তরকাণ্ড সম্পূর্ণ গাইল কিত্তিবাস॥

Colophon : ইতি শ্রীবৎস পণ্ডিত শ্রীকিত্তিবাস বিরচিতং সুকবি সুমতি উত্তরকাণ্ড রচিতং। যথাদৃষ্টং লিখিতমিদং। শাকে ১৫০২। ইতি তারিখ ২৫ মাঘ শ্রীনরসিংহ সর্ম্ম সাক্ষর মিদং।

---

209. রামায়ন—উত্তরাকাণ্ড।

RAMAYANA-UTTARAKANDA,

BY

KRTTIVĀSĀ.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 133-151, 158-161 of which fol. 137 marked twice. Lines 12 on a page, leaving a blank space of about an inch square in the middle of each page. Date, 1009 B.S. (1602 A.D.). Appearance, writing effaced in part. Incomplete. Place of find, **Bankura.**

Fol. 133, obv.:

বলে ধরি আমরা লইল তার ঘোড়া।
যুদ্ধ করি সভা মারি বান্ধিলাঙ বুড়া॥
তারপর আইল অনেক বিরগন।
রাক্ষস বানর জত কে করে গনন॥
তার মধ্যে এক বির হনুমান নাম।
সেই যে বানরা বড় করিল সংগ্রাম॥
সব মুনিগনে তারে বলে হনুমান।
দুর্জ্জয় প্রতাপ বির বড় বলবান॥
মাঞানই অস্ত্রে তারে জবে কৈল বন্দি।
লইঞা তোমার নাম লোটাইঞা কান্দি॥
ইহা শুনি কৈল তার বন্ধন উদাস।
প্রান দান পাঞা বির বাক্য অবকাস॥
ইহা শুনি সিতা দেবি কান্দেন করুনে।
কি কাজ করিলে পুত্র বান্ধি হনুমানে॥
সেই যে বানর মোর দিল প্রাণ দান।
তোমরা দুভাই নহ তাহার সমান॥
জবে বন্দি ছিনু আমি রাক্ষসের ঘরে।
আমার উদ্দেশ কৈল তরিআ সাগরে॥
রামের অঙ্গুরি দিআ প্রবোধিল মোরে।
সবংসে করিল নষ্ট রাজা লঙ্কেশ্বরে॥
সেই হনুমান মোর বড় কৈল হিত।
যেন জনে বন্দি কর নহেত উচিত॥
তাহার বন্ধন শুনি প্রান মোর ফাটে।
ত্বরিতে আনহ তারে আমার নিকটে॥

নজ্ঞান তরিঞা আমি দেখি হনুমান।
ঘুচুক মনের দুখ জুড়াক্‌ পরান॥
বিসম সঙ্কটে মোর রাখিল জিবন।
তার সঙ্গে বাপু করাহ মিলন॥
শুনিঞা মায়ের কথা ভাই দুই জন।
করিলা গঙ্গাতে তার পাদে দরসন॥
আর জত আইল রাক্ষস কপিগনে।
সভাকারে বান্ধিঞা থুঞাছি তপোবনে॥
তার পাছু আইল অনেক রাজাগন।
আমাদের সনে সভে কৈল মহারন॥
বান্ধিঞা রাখ্যাছি বনে রাজা সতকোটী॥
কত ২ রাজা মৈল করি ছটফটী॥

End

তুমি ব্রহ্মা তুমি বিষ্ণু তুমি সে সঙ্কর।
তুমি সে গোসাঞি চারি বেদের ইশ্বর॥
নেত্রের অগোচর তুমি স্থুল সুক্ষ্ম।
বিচার অবিচার তুমি পাপ আর পুন্ন।
তুমি সৃষ্টি স্থিতি তুমি সে সংসার।
তুমি সে সকল গোসাঞি কেহো নাহি আর॥
তুমি জজ্ঞ তুমি দান তুমি জজন জাজন।
ত্রিভুবনের মাঝে তুমি সে ভজন॥
বিজ্ঞানে বিজ্ঞান তুমি তুমি সে মহাজোগি।
তুমি চারি [জুগে গো] সাক্ষি ভোগে মহাভুগি॥
ইন্দ্রের বচনে হাস্য হৈলা গদাধর।
তবে তবে রাক্ষস মারিলে না করিলে ডর॥
আমা বিদ্যমানে তোমার নাহি [অগচর]।
রাক্ষস মারিতে তুমি হৈলা সহায়॥
হাথ জোড় করি বলেন পাক সারন *।
স্তুতি শুনিঞা মোকে করিলেন আপন॥
সভেক গন্ধর্ব থুইলে আমার স্থানে।
* * * মোর বিদ্যমানে॥
সুখরে নাচন্তি গিত গায়ন্তি হরিষে।
দেবগনে নাট দেখে তোমার প্রসাদে॥
ইন্দ্রের বোল শুনিঞা গোসাঞি।
* * * * * ॥
* * * * * ।
* * সব দেবেতে মেলিঞা॥
চিত্ররথ নামে ধরে গন্ধর্ব অধিপতি।
বাপে পোয়ে মেলি রাধা করেন আকুতি।
* * * * ।
* * * * ॥
* * আদি গন্ধর্ব নাচন্তি হরিষে।
নানা সুরে গিত গায় [ধরি নানা বেশে]॥
* * * * ।
* * * * ॥
সর্গেতে তুষ্ট হইলা সব দেবগন।
অন্তরিক্ষে থাকি বলে বৃষভবাহন॥
[নৃত্যগিত] আবেশে বলে সুলপানি।
* * * * ॥
* * * * ।
গৌরি সঙ্গে হর রহিলা কুতুহলে॥
সকল দেবগনে প্রভু দিলা মেলানি।
ফিরসে নাইল প্রভু দেব চক্রপানি॥
* * * * ।
* * প্রভু লক্ষ্মিনারায়ন॥
কিৰ্ত্তিবাস পণ্ডিত ভনে রামের চরনে।
উত্তরা[কাণ্ড] হইল সাঙ্গ গিত রামায়নে॥

Colophon. যথাদৃষ্টমিত্যাদি—

তারিখ সন ১০০৯ সাল * * কাত্তিবার সাকিম খণ্ডঘোষ * * পাত্রনাবের.....................।

* পাক শাসন (?)

210. রামায়ণ—উত্তরাকাণ্ড।

RAMAYAṆA, UTTARAKAṆḌA

By

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13×4½ inches. Folia, 2-22, marked by two sets of figures. Lines 9 on a page. Date, 1072 B. S. (1665 A. D.). Appearance, worm-eaten in part. Incomplete. Place of find, Bankura.

Beginning:

নানা বাজ বাজ বাজে দুন্দুভে কাহাল।
পর্ব্বত প্রিথিবি কাঁপে সপ্ত পাতাল॥
তাহার গমনে বাজে রাজ নিসান।
রাজ বাজ সুনিঞা মুনির উড়িল পরান॥
মুনি সব বলে ভাই সাজিলা শ্রীরাম।
কোন বির সহিত রঘুনাথের সংগ্রাম॥
মুনি সব বলে দেখ পড়িল প্রমাদ।
শ্রীপুত্র গেল আর জিবনের সাদ॥
নড়িলা মুনি সব তপোবন ছাড়িআ।
মুনি সব ছাড়ি গেল রহিল লুকাইআ॥
কেহো বলে আর মোর রহিল গঙ্গামাটি।
কেহো বলে ঘরে রহিল তাম্রবাটি॥
কেহো বলে দেবার্চ্চনা না কৈলাঙ পুজা।
কেহো বলে ঘরে মোর রহিল কুসের বজা॥
কোন ২ মুনি রহিলা লুকাইআ তখন।
কেহো বলে দেখিব রক্ষ আজিকার রন॥
কোন মুনি বলে ঘোড়ার কাটিআ দেহ দড়া।
বাহুড়িআ জাউক রাম সুচুক ঝকড়া॥
কটক সহিতে রাম সরযু হইলা পার।
হাথে দুর্ব্বাধান্য লঞা মুনির আগুসার॥
রথে হৈতে নাম্বিলা রাম মুনির চরন বন্দে।
আসির্ব্বাদ দিলা মুনি পরম আনন্দে॥
রাম বলেন মুনির সেবা কৈলে কাজ্জা যাত।
মুনি হঞা তোমরা কেনে কর বৈরি ভাব॥
জপ তপ কর মুনি বৈস তপোবনে।
তপ নষ্ট হএ কোন কৈলে মনে ২॥
তোমা সভা রাখি মুনি মাথার উপর।
তোমা সভাকে কেমনে বলিব দুরাক্ষর॥

End:

হনুমান * * সিতার হরসিত মন।
সিতাএ প্রনাম করিআ করিল গমন॥
* কটকে গিআ মিলীল ততক্ষন।*
* * রামের বন্দিলা চরন॥
সভে বলে ধন্য ২ বির হনুমান।
কাহার ঠাই হয় কুণ্ডল পাইলা দান॥
* * * *।
আমি জানি তোমাকে যে কুণ্ডল দিলা দান॥
লক্ষন পানে চাহিআ জাম্বুবান হাসে।
উত্তরাকাণ্ড গাইল পণ্ডিত কিত্তিবাসে॥

Colophon:

যথাদৃষ্টমিত্যাদি। সন ১০৭২ সাল তাঃ ২৩ অগ্রাহন। বারে মঙ্গলবার। বেলা এক প্রহর থাকিতে সমাপ্ত হইল। তিথি শুক্লপক্ষী। পুস্তকমিদং শ্রীকন্দর্প মণ্ডল (?) ইতি। লিখিতং নিজেই॥ নিবাস কাজাজল গ্রাম। মকাম বড়কুড়া গ্রাম। সামন্তভূম॥

211. রামায়ণ-উত্তরাকাণ্ড।

RAMAYANA UTTARAKANDA

BY

KRTTIVĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{2} \times 5$ inches. Folia, 2, 4-6, 60-112, 114, 115, 117, 128-129, 139-145, 149-166 marked by two sets of figures. Lines 13 on a page. Date 1649 Śaka (1727 A. D.). Appearance, worn-out and injured; writing-effaced in part. Incomplete. Place of find, Bankura.

Fol. 6 obv.

পৌলস্ত্য হইতে হৈল রাক্ষ[স] প্রচার।
লঙ্কাপুরি পর্ব্বে * ছিল কার অধিকার॥
আগে কে বা আছিল লঙ্কাতে অধিকারি।
কেমনে রাক্ষস হইল মনে সন্দে[হ] করি॥
সে রাক্ষস এ রাক্ষসে কেবা বড় গুনি।
শুনি তোমা ঠাঁই তার পূর্ব্বের কাহিনি॥
কার বরে রাক্ষসের বাড়ে ঠাকুরাল।
কেমনে বিষ্ণুর বানে গেলত পাতাল॥
কি কারনে বাদ তারা কৈল বিষ্ণুসনে।
বিষ্ণুর বানেতে কেন না মরে পরানে॥
বিনয় করিআ রাম পুছেন উত্তর।
কাহা হৈতে রাক্ষস কহিবে মুনিবর॥
কির্ত্তিবাস রচিল উত্তর রামায়নে।
অগস্ত্য বলেন কথা রামচন্দ্র শুনে॥
অগস্ত্য বলেন কর্ত্তা সৃজিল আপনি।
সন্তোষে সৃজিল ব্রহ্মা অনেক পরানি॥

Fol. 89 rev.

১৬৪৯ সোন উন্থ সকায় জখন সকের উৎপত্তি।
তখন দ্বিজ রঘুনাথ লিখিলেন পুথি॥

End:

লাগিবে তোমার পাছু রাচার বিচার।
তোমা বিনে আমার কিসের অধিকার॥

অযোধ্যার রাজা * * ছত্র দণ্ড।
উত্তর কোশলে সুব রাজা প্রচণ্ড॥
একেক প্রমাদ সত্রুঘ্ন নাহি শুনে।
তাঁরে নাহি দেখি রাম মনে মনে গুনে॥
ভরথের বোলে সত্রু * * *।
* * মাথে কান্দে সত্রু ছাড়িয়া নিশ্বাস॥
দণ্ডবৎ প্রনাম পড়িয়া ভূমিতলে।
বার্ত্তা হেতু—বুঝা এ ভরথ রামে বলে॥
রাজ্যদণ্ড * * *।
সভাকার অভিলাস জানিবারে লাগে॥
রাম বলে কিবা দিলে * *।
জেই চাহ তাহা দিব বচন প্রমান॥

* * . *

তোমা বিনা আমাদের গতি নাহি আন॥
তোমার প্রসাদে ভোগ ভুঞ্জিল বিস্তর।
আমাদের প্রান পুত্র * *।

---

* পূর্ব্বে।

---

212. রামায়ণ-উত্তরাকাণ্ড।

RAMAYANA, UTTARAKANDA,

BY

KRTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia, 12-33, 55, 61-123. Lines 9 on a page, leaving a blank space of about an inch in the middle of each page. Appearance, about 175 years old, discoloured. Incomplete. Place of find, Bankura.

Beginning:

* * কুম্ভকর্ণের বাদ॥
একে কুম্ভকর্ণ শরির দেখিতে ভয়ঙ্কর।
দেবের নিস্তার নাহি যদি কুম্ভকর্ণ পায় বর॥
দেবের বোলে ব্রহ্মা করেন যুগতি।
ডাক দিয়া আনিল দেবি সরস্বতি॥

আমার চাহিত বর কখন চায় কুম্ভকর্ন ।
তুমি বসিহ নিদ্রা জাই হইয়া অচেতন ॥
এত শুনি ব্রহ্মা বুঝাইল বিশেষে ।
সরস্বতি তার কণ্ঠে করিল প্রবেশে ॥
ব্রহ্মা বলে কুম্ভকর্ন মাঙ্গিয়া লহ বর ।
সরস্বতি বলে নিদ্রা জাইব নিরন্তর ॥
সরস্বতির বচন শুনি ব্রহ্মা হইলা খুসি ।
রাত্রি দিবা নিদ্রা জাইহ না মিলিহ আঁখি ॥
সরস্বতি ছাড়িয়া গেলা স্বর্গ ভুবন ।
ততক্ষনে কুম্ভকর্ন নিদ্রায় অচেতন ॥
রাবন বলে ব্রহ্মা শ্রী শ্রীভিকো আপনি ।
বলের সনে কাট গাছ অপজয় কাহিনি ॥
দেবের পরিত্রান হউক তোমার প্রসাদে ।
কুম্ভকর্ন্না বর পাইলে হবেক প্রমাদে ॥

End;

সিতা বলে অগ্নি আমি করিব প্রবেশ ।
আমি মরিলে দুই ভাই কে করিব শেষ ॥
রঘুনাথের শোকে আমি তেজিব জিবন ।
কেমতে দেখিব আমি পুত্রের মরন ॥
তিন জন গেলা তখন জমুনার তিরে ।
তিন কুণ্ড পাতাইল জমুনার কুলে ॥
চন্দন কাষ্ঠ আনিঞা জালিল আনল ।
অগ্নি জলিয়া উঠে গগন মণ্ডল ॥
অগ্নি প্রবেশ করিবেন সোকাকুল তিনজন ।
চিত্রকুটে বাল্মিক মুনি করেন তর্পন ॥
চিত্রকুট পর্ব্বত সে জমুনার কুলে ।
মুনি তপ করে সেই জমুনার জলে ॥
এথা হইতে চিত্রকুট দুইমাসের পথ ।
এতদুর জমুনায় ভাসিয়া জায় * ॥

---

213. রামায়ণ—উত্তরাকাণ্ড,

RĀMĀYANA, UTTRAKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14 × 5 inches. Folia, 1-180, 182-215. Lines 9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

৺শ্রীশ্রীরামচন্দ্রায় নমঃ ॥

রাম রাজা হৈল চতুর্দ্দিগের মুনি শুনি ।
রামে আসির্ব্বাদ দিতে মুনির সাজনি ॥
চতুর্দ্দিগের মুনি আইলা হাথে দুর্ব্বাধান
শুভ বসে রঘুনাথে করিতে কল্যান ॥
দ্বারিকে আসিঞা কথা কহেন মুনিগন ।
কি করেন রাম কমললোচন ॥
মুনিগন বলেন দ্বারিহর জুগল ।
বসিতে আসন দেন পাদ্য অর্ঘ্য জল ॥
মুনিগন বলেন আসন দুরে লঞা জোহ ।
আমাদের সম্বাদ কাটি রঘুনাথকে কহো ॥
সিংহাসনে বসি আছেন শ্রীরাম সুন্দর ।
হেনকালে দ্বারি রামকে কহিল গোচর ।
রামের চরনে দ্বারি লোটাইল মাথা ।
জোড় হাথ করিঞা কহে মুনির্দ্দের কথা ॥
সাবধানে শুন গোসাই কমললোচন ।
চতুর্দ্দিগের মুনি আইলা তোমা সম্ভাসন ॥
তোমা সম্ভাসিতে আইলা পূর্ব্বদিগবাসি ।
আসি অরাকুত আগ্যা কুম্ভ যোহা ঋষি ॥
উতঙ্ক পতঙ্গ আইলা সিপিলা পরাসর ।
সাণ্ডিলা সমা বিজয় মুনি নিসাকর ॥

End:

চক্ষু ২ সজ্জ করি পুথিবিখান ফাটে ।
আইলে[ন] বসুমতি সিতার নিকটে ॥

ধরিয়া সিতার গলা কান্দিতে লাগিল।
তোমার কপালে মা এত দুঃখ ছিল॥
আইস ঝিএ ২ সিতা কান্দ্যা ২ বলে।
সিংহাসনে বৈসে দেখি সিতা করি কোলে॥
জেইমাত্র বাসুকি পাতাল প্রবেসে।
সেইকালে রঘুনাথ ধরেন সিতার কেসে॥
হাতে ধরি বাসুকি বসাল বামভিতে।
পুত্র কোলে সিতা রাম বসিলা একত্রে॥
জয় ২ ধ্বনি উঠে পৃথিবী আকাস।
উত্তর কাণ্ডের গিত গান কীর্ত্তিবাস॥

রামের পুত্র লবকুস। লক্ষনের পুত্র অঙ্গদ চন্দ্রকেতু।
ভরতের পুত্র অরুণ পুস্কর। শত্রুঘ্নের পুত্র রূপমোনহর।
শ্রীরাম চন্দ্রায় নমঃ। লিখিতং শ্রীজয় হরি দেবসর্ম্মা॥

There are two signatures (ভণিতা) of Prasād Dās vide fol. 201 obv. 211 rev.

---

214. রামায়ণ—উত্তরাকাণ্ড।

RĀMĀYAṆA UTTARAKĀṆḌA

By

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia 161-217 marked by two sets of figures. Lines 9 on a page. Appearance about 125 years old; worm-eaten and injured. Incomplete. Place of find, Bankura.

Begins with :

গুবাক নারিকেল দেখে আর কাটাল।
কদলির বনে রম্ভা আছে ভারে ভার॥
দেখিয়া লক্ষন ঠাকুর হইল কৌতুকি।
মুনির প্রসাদে তথা চরে মৃগ পাখি॥
ইন্দ্র সে আইতে নারে অন্যের কি কথা।
হেন বন লক্ষন দেখিয়া বুলে তথা॥
সিন্ধু পদ নামে পুরি তপোবন বৈসে।
রামের যজ্ঞের ঘোড়া সেই তপোবন প্রবেসে॥
বৃক্ষতলে খেলিছে সিতার দুই বালা।
মুনির বালক সঙ্গে গাএ রাঙ্গা ধুলা॥
মুনি মুক্তা প্রবাল গলায় সক্তে কাটা।
কেস নাহি মুণ্ডায় মাথায় পক্ক জুটী।
গাএ রাঙ্গা মাটী ছয়ার পরিধান বড়া।
হেন কালে আইল রামের যজ্ঞের ঘোড়া॥
দেখিয়া মুনির সিসু ছাড়ে চিৎকার।
ঘোড়াকে দেখিয়া ঘর পালায় যারা যাই॥
কোন সিসু রহিলে * * * কুসের সনে।
তাড়াতাড়ি করিয়া ঘোড়া বুলে তপোবনে॥
ইন্দ্রের ঘোড়া বলিয়া সঘনে ফিরে ডাক।
দুয়ারে আগুলি দিল * * * ।
আড় পাছু দুই ভাই দেখিতে সুন্দর॥
সামাইল ঘোড়া তপোবনের ভিতর॥

End :

রাবন হইতে দেবগন পাইল দুখসুখ।
দেবের বচনে তুমি আইলে মর্ত্তলোকে॥
মানুস হৈয়া রহিলে এগার সহস্র বর্ষের।
সকল সমপূর্ণ হইল সহস্র সর্ব্বের॥
বড় ২ রাজা সব হইল রাম কুলে।
তুলো দেখাক্ষি দিয়ে লঙ্কা জাই ছলে॥
স্বর্গ পুরি ছাড়িয়া তুমি আইলে মর্ত্তবাসে।
আপন ইচ্ছায় রাজ্য কৈলে অত পরিহাসে॥
রাম বলেন তোমার বোলে হরিস বাসায়।
আমার গমনে তার সকল সংসার॥
কোথা হইতে আইলাঙ কোথা করিব গমন।
অদ্ভুত তোমার বাকি * * ॥

CENTRAL LIBRARY

215. রামায়ণ-উত্তরাকাণ্ড।

RAMAYANA, UTTARAKANDA

BY

KRTTIVĀSA.

Substance, country-made paper; 16×5¼ inches. Folia, 1-136. Lines 10 on a page. Date, 1233 B. S. (1827 A. D.). Appearance, mouse-eaten in part. Complete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীরামচন্দ্রঃ ॥

রামং রত্নং মহং বন্দে চিত্রকূট কপোটকং।
কৌশল্যার সৰ্ব্বীসম্পদং জানকী কণ্ঠ ভূষনঃ ॥
শ্রীরামের কথা জেন অমৃতের কাণ্ড।
অবধান করি সভে সুন উত্তরাকাণ্ড ॥
ছয়কাণ্ড পুথী গাইল রামায়ন ভিতর।
সাতকাণ্ড, উত্তরাকাণ্ড অতি মনোহর ॥
ত্রৈলক্য বিজই রাম দুর্জ্জয় ধনুর্দ্ধর।
রাক্ষষ মারিয়া মুনির খণ্ডাইলা ডর।
মুনি ২ মেলিয়া কহে পরিচ্ছিন।
অযোধ্যাকে জান রামে করিতে কল্যান।
চতুর্দ্দিগে মুনি আইল রামের দুয়ারে।
দ্বারী ভিতরে গিয়া রামকে গোচরে ॥
তোমাকে দেখিতে আইল জত মুনি ঋষী।
দ্বারি ভিতরে গিয়া রামকে ত ভাসি ॥
উতঙ্গ মাতঙ্গ পিপ্পিল পরাসর।
মার্কণ্ড ভূগু মধবিজয় নিশাচর ॥
কৌস্তভ কাকুৎস্থ আইল কৌশিক কার্ত্তিক।
বাচস্পতি বৃহস্পতি আইল অন্তরিক্ষ।
ছুল বালকী মুনি আইল গুণগ্যানী।
আসিতেছে মুনি কত লেখা নাঞী জানি ॥
বৈশম্পায়ন সাত্মন সনক সনাতন।
ভচিশ্বর দৈত্যর প্রাগস্ত আগস্তন ॥
মেধামুনি মধুজানি গৌরী গোবর্দ্ধন।
বামব বশীষ্ঠ বামদেব সঞ্জিত চন্দন ॥
অঙ্গিরস বাচস্পতি শ্বেত প্রচণ্ড।
শেতকণ্ঠ নিলকণ্ঠ উগ্রমার্ত্তণ্ড ॥
তোমাকে দেখিতে আইল নবীন দীপ্ত বাশী।
আকৃতি প্রিকৃতি সে অগস্ত মহাঋসি ॥
আপ্রজ ভ্রাত সে প্রবন বলস্তরাজ।
জত মুনি অনন্ত মুনি সুমন্ত অর্ব্বরাজ ॥
বিষ্ণু শম্ভা গিন সম্ভা বিনন্দ বেদগর্ভ।
অষ্টাবক্র বিভট সেই শুক্র ভার্গব ॥
বিশ্বামিত্র জামদগ্নী কশ্যপ গৌতম।
জহ্নু বাহু কুসতনু মুনি সে দুর্ব্বম ॥

End:

ব্রহ্মা বলেন শুন প্রভু দেব গদাধর।
সান্তনক নামে স্বর্গ স্রিজিল পুরন্দর ॥
শ্রীরাম স্বঙরি প্রান ছাড়িব জে জন।
সান্তনক পুরে সেই করিব গমন ॥
সান্তনক নামে স্বর্গ বিষ্ণু পুরির দোসর।
তাহাতে থাকীব সব তোমার কিঙ্কর ॥
রামের অনুচর সব ব্রহ্মার কথা সুনে।
সরজুতে প্রান তেজিব শ্রীরাম স্বঙরনে ॥
ভলুক বানর সব সরজুজলে ভাষে।
শ্রীরাম স্বঙরনে সব গেল স্বর্গ বাসে ॥
দেবের দুর্গতি ভাই রাম অবতার।
অনেক জতনে ব্রহ্মা আজ্ঞা করিল প্রচার ॥
বাল্মিকের প্রসাদে সুনে সকল সংসার।
সুনিলে রামের গুন পুন্নের প্রচার ॥
রাম জম্মিতে ছিল সাটী সহস্র বৎসর।
তখন কবিত্ত করিল বাল্মিক মুনিবর ॥
কির্ত্তিবাসের প্রসাদে সুনিল সর্ব্ব দেবে।
উত্তরাকাণ্ড সংপূর্ণ রামের স্বর্গ বাসে ॥

Colophon:

ইতি উত্তরাকাণ্ড সমাপ্ত। যথাদৃষ্টংমিত্যাদি—ইতি ইহ পুস্তক শ্রীরামতনু কর্ম্মকারের, সাং মদনমোহনপুর লিখিতং শ্রীরামনারায়ণ পালিত, সন ১২৩৩ সাল তাং ১৭ ফাল্গুন।

216. রামায়ণ—উত্তরাকাণ্ড।

RAMAYANA, UTTARAKANḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 16×5 inches. Folia, 1-267. Lines 10 on a page. Appearance well preserved. Date, 1245 B. S. (1839 A. D.) Complete. Place of find, Midnapur.

Beginning.

৬৭ শ্রীশ্রীরামজী। অথ উত্তরকাণ্ড লীখ্যতে।০।

লঙ্কাকাণ্ড গাইল রামের জয়দণ্ড।
উত্তরকাণ্ড গাই শুন অমৃতের ভাণ্ড॥
সাতকাণ্ডের কথা শুন উর্ত্তর রামায়ণে।
উর্ত্তরকাণ্ড শুনীলে দেখা নাই সমন সনে॥
চিনী নবাত যেন ভাই খাও তাতে তাতে।
তাকে অধিক সুখ পাবে শুনীলে উর্ত্তরকাণ্ডে॥
চিনী নবাত খাইলে তখনী সুখ পায়।
উর্ত্তরকাণ্ড শুনীলে মনে আন নাই তায়॥
সাতকাণ্ডের কথা ভাই উর্ত্তরকাণ্ডে পড়ে।
উর্ত্তরকাণ্ড শুনীলে ভাই যমে নাই তাড়ে॥
ত্রৈলোক্য বিজই রাম মহা ধনুর্দ্ধর।
দুর্জ্জয় রাক্ষস মেরা মুনীর খণ্ডাইলা ডর॥
মুনী সব বলে রাম কৈলেন পরিত্রান।
অযোধ্যাকে যাব রামে করিতে কল্যান॥
চারিদিগের মুনী আইলা রামের দুয়ারে।
দুয়ারি কহিল গিয়া শ্রীরাম গোচরে॥
মাধব নামে দুয়ারি শ্রীরামে নোঙায় মাথা।
চারিদিগের ঋষি আসি শ্রীরামে কয় কথা॥
ঋষির কথা শুনা বলেন রঘুর নন্দন।
কোন ২ দেশের মুনী কৈলা আগমন॥
রামের আগে ঋষি কহে জোড় করা হাথ।
চারিদিগের মুনী আইলা শুন রঘুনাথ॥
তোমাকে দেখীতে আইলা পূর্ব্বদিগবাসী।
অগিস্ত অত্রা কিত্রি আর কৌশিলা মহাঋষী॥

End.

সরস্বতি পড়েন গোঙা পণ্ডিত বাখানে।
এক চিত্তে শুন সবে বাল্মিক পুরানে॥
ব্রাহ্মন শুনিলে পাবেন সতত মান পুজা।
ক্ষেত্রি হয়া শুনীলে হয় পৃথীবির রাজা॥
নানা ধনে পুর্ন্ন বৈশ্য করিলে শ্রবন।
শুদ্র শুনিলে ধন পায় পাপ বিমোচন॥
সবেতে বলীয়া এই রামায়ন সকলী।
সাতকাণ্ড রামায়ন করিলা পাঁচালী॥
কিত্তিবাস পণ্ডিতকে সরস্বতি প্রসর্ন্ন।
উত্তরকাণ্ড গাইল সাতকাণ্ড রামায়ন॥

Colophon. ইতি উত্তরকাণ্ড রামায়ন সংপুর্ন্ন। পুস্তক শ্রীহরেকৃষ্ণ গোস্বামী। সাকিম পাওগ্রাম। লিখিতং শ্রীগৌরাঙ্গ দাস সরকার সাং আগরা পরগনে বগড়ি। যথাদৃষ্টমিত্যাদি......ইতি সন ১২৪৫ সাল আশ্বেনি বিতারিখ ১২ ডেরা রোজ সনিবার বারুনী জোগ।

---

217. অদ্ভুত-রামায়ণ।

ADBHUT—RĀMĀYAṆA,

(শতস্কন্ধ রাবণবধ)

ŚATASKANDHA RĀVAṆABADHA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 13½×4¼ inches. Folia, 1-17; marked by two sets of figures. Lines 9 on a page. Date, 1254 B. S. (1848 A. D.). Appearance, mouse-eaten in part. Complete. Place of find, Bankura.

Beginning:

৭ শ্রীশ্রীদুর্গা॥ অথো উত্তরাকাণ্ডে সতকন্দ রাবনের
পালা লিখ্যতে॥

আনন্দেতে সিংহাসনে বসি নারায়ন ।
মুনির ঠাক্রি শুনেন রাম পুরাণ কথন ॥
রাম বলেন আর আমি না করিব রন ॥
বানেতে কর্জ্জর মোরে করেছে রাবণ ॥
রাম বলেন শুনহ অতেক মুনিগন ।
প্রিথিবিতে বির নাই সমান রাবন ॥
দশ মুণ্ড বিস বাহু বিংসতি লোচন ।
হেন রাবনেরে আমি বধেছি জিবন ॥
কুম্ভকর্ন বিরে আমি মারিলাম একসরে ।
অহংকার করি কহেন মুনির গোচরে ॥
মুনি বলে রাম কারে দেখায় বিরপোনা ।
রাবন হইতে বির আছে একজনা ॥
তব পিতা হরেছিল রাজা দশানন ।
পিতা উদ্ধারিলে তুমি বধিয়া রাবন ॥
জদি পিতা হরি নিত সতকন্দ রাবন ।
তবে তুমি না পারিতে ওহে নারায়ন ॥
রাম বলেন কহ গোসাঞী কোথা তার ঘর ।
কিরূপে জন্মিল সেটা কাহার কুমর ॥
মুনি বলেন রাম তোমার কহিয়া বিসেস ।
হেম কুট পর্ব্বতে থাকে আহলাদ দেস ॥
সেই দেসে বসি থাকে সতকন্দ রাবন ।
জেরূপে জনম্মিলা তাহা শুন বিবরন ॥
তার মা আছিল তার [মাতা মোহের] ঘরে ।
রূপে আল করে কন্যা এ তিন সংসারে ॥
প্রাত স্নানে গেলা কন্যা বির্জ্জ সরোবরে ।
হেন সময় সূর্য্য উদয় গগন উপরে ॥
কন্যা রূপে মোহ হয়্যা হইল অচেতন ।
দুই বাহু পসারিয়া মাগে আলিঙ্গন ॥

End :

মধুর সম্ভাসে রাম দিল আলিঙ্গন ।
নানা [মিষ্ট] অন্ন সব করিল ভোজন ॥
ডাকিয়া আনিলা রাম ভরথ সত্রুঘন ।
ব্রাহ্মনের দান দিলা মানিক রতন ॥
চারি [ভাই] বসি শুনে পুরান কথন ।
রাবনের জন্মাবধি শুনেন নারায়ন ॥
দিগজয়ি সকল কথা শুনিয়া শ্রীরাম ।
মনের উল্লাস রামের হইল বিশ্রাম * ॥
হনুমান বলে প্রভু বিদায় দাও মোরে ।
আজ্ঞি আমি জাব গোসাঞী লঙ্কার দুয়ারে ॥
সুগ্রীব বিভিসন আর মন্ত্রি জাম্বোবান ।
জোড় হাতে দাণ্ডাইলা বালির সন্তান ॥
বিদায় মাগেন সভে রামের চরনে ।
রাম বলেন দিন দুই চারি করহ বিস্রামে ।
রামের বচন কেহ লংঘিতে না পারে ।
অজুধ্যায় রহিল সব অতেক বানরে ॥
এইরূপে অজুধ্যায় রাজ্য করেন গুনমনি ।
রামেতে বসিয়া লক্ষি ঠাকুরানি ॥
এইরূপে অজুধ্যায় বেহার করেন রাম ।
এতদূরে সতকন্দ বধ হইল সমাধান ॥
কিত্তিবাস পণ্ডিতের মধুর বচন ॥
উত্তরাকাণ্ডে সতকন্দ হইল নিধন ॥
রামের চরনে জত বানর বিদায় মাগিল ।
এতদূরে সতকন্দের পালা সমাপ্ত হইল ॥

Colophon :

ইতি সতকন্দ রাবন বধ সমাপ্ত । ইতি সন ১২৫৬ সালের ৪ চৈত্রী বৃহস্পতিবার দিবসে[আ]রম্ভ । সমাপ্ত ৯ মঙ্গল বার দিবসে বেলা ডেড় প্রহর থাকতে সমাপ্ত । লিখিতং শ্রীইসান চন্দ্র ঘোষ ।

---

* বিশ্রাম ।

218. রামায়ণ-উত্তরাকাণ্ড।

RAMAYAṆA, UTTARAKAṆḌA,

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 15×5 inches. Folia, 1-40; marked by two sets of figures. Lines 9 on a page. Appearance, about 50 years old; worn-out in part. Incomplete. Place of find, Bankura.

Fol. 26 rev.

অগস্ত কহেন কথা আগে সিষ্টীল পানি।
পানি রাখিতে উপ্রীল ব্রহ্মা অনেক পরানি॥
প্রানিগন মেলিয়া গেল ব্রহ্মার স্থান।
কেন কৈলে ব্রহ্মা আমাসভার উপরান॥
ব্রহ্মা বলেন তোমরা পানিতে উৎপত্তি।
পানি পীয়া রাখ সভে করিয়া সকতি॥
কেহো বলে ভোখে সভে পানি রাখিতে নাপারি।
পানি খেয়া পানি রাখি পানিতে সাতরি॥
কেহো বলে অনেক সক্টেতে রাখি পানি।
খাইতে চাহিল কেহো রাখিবারে পানি॥
জে বলে পানি রাখিব সেহ হইল রক্ষা।
জে কহিল পানি খাব সেই হইল রক্ষা॥
জলদি নামে কন্যা জলদ রাজার দুহিতা।
কুম্ভ নামেতে সঙ্গ তাহে বিভাহিতা॥
দুজনা মেলিয়া জলে করেন বিহার।
হেতু প্রহেতু পুত্র জন্মিল তাহার॥
হেতু নামে রাক্ষস হইল রক্ষ অধিপতি।
প্রহেতু হইতে সব রক্ষের উৎপত্তি॥
উগ্রতপ কৈল প্রহেতু পবন তখন।
নারায়ন সেবি গেল বৈকুণ্ঠ ভুবন॥

End.

তপ করিয়া দৈখি তুই অস্তী চন্ডাল।
অমর নহিলি তোর কিসের অহংকার॥
আমরা অমর হইলা তপের প্রকাশে।
অমর নহ তুমি বড়াই কর কিসে॥

জখন তখন তোমার অবশ্য মরন।
মরন কালে আমার বাক্য করিবে স্মরন॥
ধন পাইয়া পুত্র পৌত্র বাড়ে বংসের তেজে।
অধম হইলে অধার্মীক সবংশেতে মজে॥
বাপ মা সবার ভাইপৌত্র না রাখি।
তোর ছার চন্ডালের মুখ নাই দেখি॥
হিত বুঝাইতে আমাকে কেন কৈলি রোষ॥

---

219. রামায়ণ—উত্তরাকাণ্ড।

RĀMĀYAṆA, UTTARĀKĀṆḌA.

লক্ষ্মণ ভোজন।

LAKSMAṆA BHOJAN

By

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2}\times4\frac{1}{2}$ inches. Folia, 1-8, marked by two sets of figures. Lines 10 on a page. Appearance, adout 125 years old; discoloured. Complete. Place of find, Bankura.

There is "Gaṅgār vandanā" by Madhukaṇṭha vide fol. 1 obv.

---

220. রামায়ণ-লক্ষ্মণ-ভোজন।

RĀMĀYAṆA,

LAKṢMAṆA-BHOJAN

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 15×5 inches. Folia, 1-10; of which fol 4 is wanting; marked by two sets of figures. Lines 8 on a page. Date, 1250 B. S. (1843 A. D.). Appearance, discoloured. Incomplete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীকৃষ্ণ॥ শ্রিত্তে রামচন্দ্রায় নম নমঃ॥
অথ লক্ষন ভোজন লিক্ষতে॥

আনন্দে বসিলা রাম লয়্যা পুত্রিগন।
হেন কালে আইল তথা অগস্ত্য তপোধন॥
সিতা রাম বসিলেন রত্ন সিংহাসনে।
সিরে ছত্র ধরেছেন আপনি লক্ষনে॥
মনি দেখি চারি ভাই প্রনাম করিল।
লক্ষনের গলে মালা মনিবর দিল॥
আসির্ব্বাদ কৈল মনি শ্রীরাম লক্ষনে।
দেখিয়ে বিষন্ন প্রভু রাম নারায়নে॥
কৈল ২ মনিবর কহি যে তোমারে।
আমাছেড়ে মালা তুমি দিলে লক্ষনেরে॥
মনি বলেন শুন রাম আমার যে কথা।
লক্ষন হইতে তুমি উদ্ধারিলে সিতা॥
লক্ষন করিল সেস কনক লঙ্কা জয়।
মহা মহা বিরে মাইল সমিত্রা তনয়॥
অতি সত্ত কথা এই কোমল লোচন।
অতেব মারিলে তুমি লঙ্কার রাবন॥
এত শুনি রামচন্দ্র হইলা চমৎকার।
মনিকে পুছেন কহ কারন ইহার॥
মনি বলেন শুন রাম কোমললোচন।
ইন্দ্রজিত অতিকা রাবন নন্দন॥
মেঘনাদে ইন্দ্রজিত তপস্যা করিল।
সেস মানে ইন্দ্রজিত তপস্যা করিল।
সহস্র বৎসর বির ব্রহ্মা আরাধিল॥

End:

সম্মুখে দেখেন রাম ব্রহ্মা ত্রিলোচন।
দুটী হাথে ধরিলেন কোমললোচন॥
ব্রহ্মা বলে বিষ্ণু প্রসাদ আনন্দে পাইলাম।
দরসন করি রামে পবিত্র হইলাম॥
প্রেম ভাবে তিনজন কৈলা আলিঙ্গন।
বিদায় হইয়া গেল ব্রহ্ম ত্রিলোচন॥
বানর রাক্ষস বাসায় গেল সর্ব্বজন॥
পাত্রমিত্র প্রজা গেলা আপন আশ্রম।
লক্ষনের ভোজনে চোপ্দ ভুবনের উল্লাস।
মোহ পায়্যা বিরচিল কিত্তিবাস॥

Colophon.

ইতি লক্ষন ভোজন সমাপ্ত। লিখিতং শ্রীগোরাচাঁদ দাস সাঃ কালিকাপুর পরগনে বালিসড়ি লাট বীরতা॥ ইতি—তারিখ ১৩ ভাদ্র ১২৫০ সাল।

---

221. রামায়ণ—উত্তরাকাণ্ড।

RĀMĀYAṆA, UTTARAKĀṆḌA

লক্ষ্মণ ভোজন।

LAKṢMAṆA-BHOJAN.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-5, marked by two sets of figures. Lines 12 on a page. Appearance, about 75 years old. Complete. Place of find, Bankura,

Beginning:

শ্রীরামের কথা যেন অমৃতের ভাণ্ড।
অবধান করি সভে শুন উত্তরাকাণ্ড॥

ছয়কাণ্ড পুথি গাইল রামায়ন ভিতর।
সাতাকাণ্ডে উত্তরাকাণ্ড অতি মোনহর॥
ত্রৈলক্য বিজই রাম ত্রজ্জয় ধনুদ্ধর।
রাক্ষসে মারিএ মুনির খণ্ডাইল ডর॥
মুনিগন বলে সভে পাই পরিত্রান।
অযোধ্যাকে জান রাম করিতে কল্যান॥
চারি দিগের মুনি আইল শ্রীরামের দ্বারে।
দ্বারি ভিতরে গিয়া রামকে গোচরে॥
তোমাকে দেখিতে আইল জত মুনি ঋষি।
পুর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিনে জত বসি॥
প্রথমে আইল গোসাঞি পুর্ব্বদিগ বাসি।
বসিত অবকুতি ভরন মহাঋসি॥
উতঙ্ক মাতঙ্ক পিপ্পিল পরাসর।
মার্কণ্ড গগ্ন বিজয় নিসাকর॥
কৌস্তব কাকুস্ত কৌসিক কাত্তিক।
বাচস্পতি বৃহস্পতি আইল অন্তরিক্ষ॥
হংস বাসকি মুনি আইল শুলপানি।
উদয় রাজ শ্রীবৎস বক্ষ দেলোয়ানি॥
তোমাকো দেখিতে পাইল পশ্চিম দিগের মুনি।
রুদ্রের অরে বলভদ্র বক্ষ দেভানিনি॥

End.

চৌদ্দ বৎসরের অর্দ্ধ ভুঞ্জেন কৌতুকে।
খাও ভাই বলি দিলেন লক্ষনের মুখে॥
অমৃত সর্করা জেন বড়ই সুস্বাদ।
লক্ষন ভোজন কৈল রামের প্রসাদ॥
ভোজন মণ্ডপে (?) উঠেন ভাই চারিজন।
কর্প্পুর সুভাসিত তাম্বুল করিল ভক্ষন।
রানিগন ভোজন করিল অবসেসে।
নর বানর ভোজন করে হরষ রাখসে॥
অবসেসে জানকি কিছু করিল ভোজন।
সুখে নিদ্রা জান সভে করিয়া সয়ন॥
কিত্তিবাস পণ্ডিতের মধুর বচন।
উত্তরাকাণ্ডে গাইল পিত লক্ষন ভোজন॥
রাত্রি প্রভাত হইল প্রভুস বিহান।
রত্ন সিংহাসনেতে বসিলা সিতারাম॥
সিরে ছত্র ধরিলেন ঠাকুর লক্ষন।
চামর ঢুলান সেবেন পবন নন্দন॥
ডাকাচুরি নাঞি রাজ্যে প্রজা সুনিতম।
রাম রাজ্য করেন এক সহস্র বৎসর॥

---

222. রামায়ণ—সীতার বনবাস।

RĀMĀYAṆA, SĪTĀRBANABĀS

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13¼ × 4½ inches. Folia, 1-4. Lines 12 on a page. Appearance, about 125 years old, worm-eaten and much injured. Incomplete. Place of find, Bankura.

Beginning:

পঞ্চমাষ গর্ব্ভ রহিলা সিতার উদরে।
সীতার হাথে ধরিয়া রাম বলেন সাদরে॥
গর্ব্ভবতি স্ত্রী হইলে খাইতে অভিলাষ।
কোন দ্রব্য খাইতে ইৎসা করহ প্রকাস॥
লাজে হেট মাথা কৈল্যা সিতা চন্দ্রামুখি।
কোন দ্রব্যে ইৎসা নাঞি জগতে জত দেখি॥
এক দ্রব্য খাইতে গোসাঞী হইয়াছে মন।
এক দিন মেগানি দিলে জাই তপোবন॥
নদির তিরে শ্রাদ্ধ করেন জত মুনিগনে।
আতপ তণ্ডুলের পরমান্ন খাইব মুনি পত্নির স্থানে॥

End:

আপনি পিতা আমার কাছে মাগিয়াছে মেলানি।
এক দিনের তরে বিদা[য় দেহ] রঘুমনি॥
এক দিনের দায় নাঞি দিলাঙ্গ জনমের তরে।
কথা কহিতে নারেন রামের দু নঞান ঝরে॥

* * সিতার মাঞী কহ রে লক্ষণ।
রঘুনাথের আজ্ঞায় তুমি চল তপোবন॥
শুনিঞা সিতার হৈল মনের উ[ল্লাস]।
ছল করি সিতায় লঞা দেহ বনবাস॥
রথ লঞা আছু সঙ্গে তুমহ সারথি।
আর যেন না জায় কেহ তাহার [সঙ্গতি]॥

---

223. রামায়ণ—উত্তরাকাণ্ড।

RAMAYANA, UTTARAKANDA

অশ্বমেধ পালা।

ASVAMEDHA PĀLĀ,

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13 \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-28. Lines 11 on a page. Appearance about 150 years old; writing effaced in part. Complete. Place of find, Bankura.

Beginning:

৬৭ শ্রীশ্রীরামঃ। অশ্বমেধ লিক্ষতে॥

যজ্ঞস্থান নির্ম্মাইতে রামের আদেশ।
অশ্বমেধের নিমন্ত্রণ পড়িল সর্ব্বদেশ॥
অনেক রাজাগন আইল পেয়া নিমন্ত্রণ। -
রাক্ষস বানর সঙ্গে ভরিব বিভিসন॥
বিচিত্র কারিকর আইল কর্ম্মেতে কুশল।
বিচিত্র চোতরা কৈল দেখিতে নির্ম্মল॥
নানা ধাতু রচিল বিচিত্র পুরিখান।
মনি মানিক হিরা পত্তেল বিচিত্র নির্ম্মান॥
পদ্মরাগ নিলমনি প্রবাল পাথর।
মরকতপল সব আগে গাঁথে থরে থর॥

জল স্থল ভেদ কেহ করিতে না পারে।
স্বর্ণ পতকা উচ্চ চোতরাউপরে॥
চোদিগ বেড়িয়া কৈল পুষ্পের উদ্যান।
পারিজাত জাতি যোতি মল্লিকা প্রধান॥
স্থানে ২ যোড়া করে শ্রীরাম কদলি।
কোকিলিনি সঙ্গেতে কোকিল করে কেলি॥
সারি শুক পক্ষ আলাপে কুতুহলে।
রাজ হংস কেলি করে নির্ম্মল সলিলে॥
যজ্ঞস্থান নির্ম্মান করিল নানারঙ্গে।
দেখিলে জুড়ায় আখি রসের তরঙ্গে॥

End.

আনন্দেতে বিরভাগ মুনির চরণ বন্দে।
আসির্ব্বাদ কিলা পরম আনন্দে।
ভরথ শত্রুঘন বন্দে মুনির চরন।
জোড় হাথে মুনির পায় নত হে লক্ষন॥
আসিস করিয়া বলেন বাল্মীক মহামুনি।
রাম স্থানে জাহ সভায় মিলাঙ মেলানি॥
চলিলা লক্ষন জেন পর্ব্বতের চুড়া।
চতুর্দ্দিগে সৈন্যগন মাঝে জজ্ঞ ঘোড়া॥
ঘোড়া লঞা গেলা সভে রাম বিদ্যমান।
লবকুষে হনুমানে কৈলা আলিঙ্গন॥
ভয়ে প্রণাম কৈলা বাল্মীকের পায়।
উত্তরাকাণ্ড গাইল পণ্ডিত কিত্তিবাস॥

---

224. রামায়ণ-উত্তরাকাণ্ড।

RĀMĀYAṆA, UTTARAKĀṆḌA

অশ্বমেধ যজ্ঞপালা।

AŚVAMEDH YAJÑAPĀLĀ.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×5 inches. Folia 1-30 of which fol. 12 and 28 are wanting. Lines 10 on a page. Date, 1217 B.S. (1810 A.D.) Appearance, worm-eaten and injured. Incomplete. Place of find, Bankura.

Beginning.

৭শ্রীশ্রীরাম চন্দ্রায় নমঃ॥
রামং লক্ষনং ইত্যাদি॥
অশ্বমেধ যজ্ঞ রাম করেন কুতুহলে।
হাসে অসংক্ষ দ্বিয়ের ঘটা রামের যজ্ঞসালে॥
বশীষ্ট অগস্ত্য বামদেব ভৃগুমুনি।
ভরদ্বাজ অঙ্গিরা ভূবনে আসে জানি॥
গর্গ বিশ্বামিত্র সংক্ষ জাবালী তপন।
দুর্ব্বাসা লোমশ আর শুক সনাতন॥
একে একে সভাকার কত লব নাম।
লক্ষ ২ মুনি যজ্ঞে করে শামগান॥
পৃথিবি মণ্ডলে জত মহিপালগন।
শ্রীরামের আমন্ত্রনে সভার গমন॥
ত্রজগত নাথের যজ্ঞের কিবা সোভা।
ক্রোটি ক্রোটি দিন করে একচিত্ত আভা॥
পুত্রের শরীর সভা তপস্বীর ঘটা।
বাকল বসন কিন কারো সিরে জটা॥
জোতিপুঞ্জ ঋসিগণ করে শামগান।
চামর করিয়া ফিরেন কমল নয়ান॥
বাজয়ে মঙ্গল বাদ্য জয় জয় ঘোসন।
স্বর্গে বিদ্যাধরি নাচে কিন্নর গায়ন॥
সয় ̍ সিতা বামে রাম আছেন নিরমিত।
সত্রুঘন ভরথ দ্বিজ সেবায় নিজোজিত॥

End:

নর্ত্তকি নাচএ সুখে যথ রাম রসে।
রাম নাম গানে নারদ প্রেমানন্দে ভাসে॥
সিংহাসনে সিতা রাম দেখে হনুমান।
জোড় হাথে সম্মুখে করে রাম নাম॥
নিতি ২ শুন সভে গান রামায়ন।
রামগুন চরিত্র সুধা সদা কর পান।
রাম জয় রাম জয় বলে জত সজ্জগণ।
শ্রীরামের পিরিতে [হরি ২ বল সর্ব্ব] জন॥
ত্যজি দিবা বল মুখে রামের কীর্ত্তন।
এতদুরে উত্তর কাণ্ড হইল সমাপন॥

Colophon,: ইতি শ্রী [উত্তর] কা[ণ্ডে] [অশ্বমেধ] জজ্ঞে]র প্রসঙ্গ সম্পুর্ন॥ সন ১২১৭ সাল লিখিতং শ্রীগদাধর রায়॥

---

225. রামায়ণ-উত্তরাকাণ্ড।

RĀMĀYAṆA, UTTARAKĀṆḌA

লবকুশের যুদ্ধ।

LAVAKUŚER YUDDHA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2}\times4\frac{3}{4}$ inches. Folia, 1-19. Lines 11 on a page. Appearance, about 200 years old; discoloured. Incomplete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীরামায় নমঃ॥
সিতাপতি * * *।
ভরথ সত্রুঘন বলি হৈলা দৈবগতি।
রথ লেগো রামের ঠাঞি আলা সারথি॥
রামের যাগে রহে সারথি জোড় করিআ হাথ।
মোর কথা শুন গোসাঞি রঘুবংসের নাথ॥

তোমা সম দুই ভাই অশ্ব সকাপন।
দুই ভাইকে বন্দি করিল ভাই দুইজন॥
এতেক শুনিঞা তবে কুপীলা শ্রীরাম।
কোপেতে রামের গাত্র নিকলে কাল ঘাম॥
রথ সারথি বলিয়া রামে পড়িল হাকার।
আনিয়া সাজন রথ জোগায় রথকার॥
রথেতে চড়িলা রাম শুনেন জাম্বুবান।
অষ্ট মন্ত্রি চলিল রামের আগুয়ান॥
চলিলেন রঘুনাথ বন্দিআ জজমান।
বসিষ্ট রহিল আর অষ্ট লোকপাল॥
রাম বলেন মুনি না ছাড়িহ অজস্থান।
দিনে ২ জজ্ঞ করিহ না করিহ আন॥
রথেতে চড়িলা রাম সরজু হৈলা পার।
Fol. 158 obv.

ঋষিরাজ বলে কিছু নহে কাজ আন।
রাম লক্ষ্মণ লঞা মুনি গেলা আপন স্থান॥
ভোজন লইল রাম শুমন্তের ঘরে।
রাজ ভোগে খুয়া খাইল দুই সহোদরে॥
সোনার পালঙ্ক দিল নিদ্রা জায় বলি।
সোনার খাটে পাড়িল পাট নেতের তুলি॥
সেন খাটে নিদ্রা জাএ দুই সহোদরে।
সয়ন শয্যা শুথে রাম সকল পাহরে॥
প্রভাত কাল হইল অরুন উদয়।
স্নান সন্ধ্যা করে রাম প্রভাত সময়॥
রাম লক্ষ্মণ দুই ভাই গেলা সরোবর।
স্নান সন্ধ্যা করিঞা আইলা দুই সহোদর॥
রাজা আদি করিঞা সকল মুনিজন।
হেন বেলা গেলা দুহেঁ শ্রীরাম লক্ষ্মন॥
স্নান করিঞা দুহেঁ গেলা রাজার কুমার।
পৃথিবি মণ্ডল হইল চন্দ্র সমান॥
মিথিলাপুরি আল কইল রামের চাদমুখে॥
মুনির পাসে বসিলা রাম রাম হাথে ধনুকে॥
রামের পাসে বসিলা লক্ষন সোনার পুতলি।
যেমন নিল মেঘে পড়এ বিজলি॥

End:

মঙ্গল সাঙ্গ করিঞা হরিস রানিগনে।
মুনির পদ্রি তুষ্ট কৈল রাজ অন্তরনে॥
রাজা রামকে অঙ্গুরি দিল সীতার রত্নমালা।
পুত্র বধু উরখিঞা গেলা বিয়ানসালা॥
সিংহাসনে বৈসে রাজা অজের নন্দন।
ভাণ্ডারিকে বলে আন বস্ত্র আভরন॥
রাজার আদেশে আনিল বস্ত্র রাভরন।
একে ২ সভাকে রাজা করে সমর্পন॥
আগে সমর্পিল রাজা অনেক ব্রাহ্মন।
তবে [সমর্পিল] রাজা জত বন্ধুগন॥
রাজাগন তুষ্ট কৈল রাজ অন্তরনে।
নট নর্ত্তক গাএন তুষ্ট হৈল রাজার দানে॥
জোদ্ধ পর সমর্পিল কুটুম্ব সহোদর।
সভাকে দেনানি দিঞা গেলা অন্তাস্তর॥
চারিপুত্র লঞা রাজা কৈল ভোজন পান।
মুখে তাম্বুল দিঞা গেলা সয়নের স্থান॥
এক ঘরে সুইলা রাম সীতা চন্দ্রমুখি।
রাম সীতা এক ঠাঞি সর্ব্বলোক সুখী॥
হরসিত্তা [হ]ইলা অনেক দেবগন।
এতদিনে জানিলাঙ সভে রাবন মরন॥
দসরথে রাইল জেমন সম্পদ শালি।
তেন মতে সভাপতির করুন বনমালি॥
শ্রীরামের কথা জেন অমৃতের ভাণ্ড।
এতেক বিস্তারে সাঙ্গ হৈল আদিকাণ্ড॥
আদিকাণ্ড সমাপ্ত করিল কিৰ্ত্তিবাস।
জেই জন সুনে তার সিদ্ধ অভিলাস॥

Colophon.

সাং পাঁচালের শুধা কণ্ঠ ঠাকুরের পুথি। পাঠার্থং দেবনাথ দেব শর্ম্মা। সন ১০৫৪ শাল। সকাব্দা ১৬৭১।

256. রামায়ণ—আদিকাণ্ড।

RĀMĀYAṆA, ĀDIKĀṆḌA.

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper ; 12¾ × 4½ inches. Folia 3, 6, 8-13. Lines 7 on a page. Appearance, about 200 years old, worm-eaten. Incomplete. Place of find, Bankura.

Fol. 3, obv.,

মুনিগণ বলে রাম তুমি সর্ব্বেশ্বর।
ব্রহ্মবংশে জন্ম তোমার বধিতে নিশাচর ॥
দশ সহস্র মত্ত হস্তি জত বল ধরে।
ততবল ছিল একা মারিচের শরিরে।
হেন মারিচ ভঙ্গ দিল তোমার অর্দ্ধবানে।
কেহ বলে গেল কেহ বলে ছিল প্রানে।
এমন প্রতাপ তোমার কমল নয়ান।
এক মুখে কহিতে নারি তোমার বাখান।
ধন্য করিয়া মান প্রভু এই বসুমতি।
জাহাতে বিহার বিহার তুমি করিলে ক্ষিতিপতি।
কৌসল্যা যুবতি ধন্য তুমা প্রসবিয়া।
অজোধ্যার প্রজা ধন্য তোমা রাজা পায়া ॥

Fol. 6, obv.,

মহাদেব দিল মোকে এই ধনুক খান।
এই গতি তুলিতে কেবা হয় বলবান ॥
ধনুক টানিয়া কেবা দক্ষিণ কাছে আনে।
এমন বলবান বুঝিয়া করিবে কন্যা দানে ॥
টানিবার কার্য্য থাকুক তুলিতে কেবা পারে।
আমার দায় নাই কন্যা সেই দিবা করে ॥

---

257. রামায়ণ—অযোধ্যাকাণ্ড।

RĀMĀYAṆA AYODHYĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper ; 13½ × 4¾ inches. Folia 10-20. Lines 10 on a page. Appearance about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning,

কোন কার্য্য বাপের আমি করিব পালন।
সেই কথা সত্যই মোরে কহ বি[ব]রন ॥
আছুক বাপের কার্য্য তোমার বচনে।
রাজ্য ছাড়োঁ প্রাণ ছাড়োঁ কি মোর জীবনে ॥
সরল অন্তর রামের কেকৈর পাপ হিয়া।
নিষ্ঠুর হইয়া কহে তিলেক নাহি দয়া ॥
দৈত্যের যুদ্ধে তোমার বাপ গাএতে জর্জ্জর।
তাহে সেবা করিলাঙ দিতে চাহিলেন বর ॥
আরবার বিস্ফোট হৈল তাহে কৈনু পুজা।
সেই দুই বর মোরে দিয়াছেন রাজা ॥
এক বরে ভরতেরে হৈল দণ্ডধর।
আর বরে তুমি বনে চৌদ্দ বৎসর ॥
দুই বাপের দুই বর আছে মোর ধার।
আমার শুনিয়া বাপে সত্যে কর পার ॥
মাথায় জটা ধরিয়া পরিবে গাছের বাকল।
চৌদ্দ বৎসর বনে থাকিবে খাইবে ফুলফল ॥
কেকৈর কথা শুনিঞা হৈল রঘুনাথের হাস।
তোমার আজ্ঞায় সত্যই যাই বনবাস ॥
কোন কার্য্য বাপের মোর করিলে মুক্তিত।
তোমার আজ্ঞায় সত্যই মোর হয়েত উচিত ॥
আছুক বাপের কার্য্য তুমি আজ্ঞা কর।
তোমার আজ্ঞা সত্যই মোর বাপ হইতে বড় ॥
তোমার প্রীত হয় বাপের সত্য পালন।
চৌদ্দ বৎসর বন যাইয়া রহিব গিয়া বন ॥

ভরতেরে সভাই তুমি কাঁটি স্নান দেখে।
ভরতে আমার কিছু নাহিক বিশেষে॥

End:

রাম বলেন কালি আসিয়া রহিলাঙ তোমার পুরি।
আজি রহিলে দুই রাত্রি মনে বিস্ময় করি॥
ভরত আসিয়া পাছে পায় দরশন।
কাঁটি পার কর মিতা না কর ক্রন্দন॥
গুহার বাড়িতে রাম রহিলা দুই রাতি।
বিদায় করিয়া রাম চলিলা শিঘ্রগতি॥
প্রাতঃকালে নৌকা গুহ করিল সাজন।
পার হৈয়া অকুলে উঠিলা তিনজন॥
মাকে মিতা আগে পাছে হইলা দুইবীর।
দুই ক্রোশ পথ যাও গঙ্গার তীর॥
রাম বলেন ভরদ্বাজ আছেন চিত্রকূটে।
আজি বাসা করিব গিয়া মুনির নিকটে॥
মুনি লৈয়া বসিয়াছেন মুনি ভরদ্বাজ।
তারাগণ মাঝে যেন শোভে দ্বিজরাজ॥
হেন কালে সেইখানে গেলা তিনজন।
তিনজনে কহিল মুনি * * ॥

---

258. রামায়ণ-অরণ্যকাণ্ড।

RAMAYANA ARANYAKANDA

BY

KRTTIVĀSA.

Substance, country-made paper; 14×4½ Folia, 1-28. Lines 11 on a page. Appearance badly damaged and mouse-eaten. Date 1180 (1774 A. D.). Complete. Place of find, Bankura.

On fol. 1. obv., there is a song in an almost illegible condition, with the *bhaṇitā* of Dvija Jagannāth:

রাধিকা ললিতা বলে শুন মোর বানি।
কাহে রাই বাসি এবে পাগলিনি॥
এ নাগর যখন তোমার কাছে রাই গেল।
তখন তোমার গরব যেছেছিল॥
কান্দিয়া নাগর বলে শুন মোর বানি।
একবার * * না কর দেখ কমলিনি॥
রাইবর আমি
* * * * *
দ্বিজ জগন্নাথ বলে শু[ন] মোর বানি।
অনেক বিলম্ব কর পাছে কমলিনি॥

The 1st folium is almost illegible.

Fol. 3 rev.

দুর্জয় ধনুক ছিল মোর বাপের ঘরে।
ত্রিভুবনে রাজা কেহ গুন দিতে নারে॥
রামচন্দ্র আনিল পিতা বিশ্বামিত্র ঋষি।
পথে আসিতে মারিল রাম তাড়কা রাক্ষসি॥
অহোল্যার করিল রাম সাপ বিমোচন।
কাখাসুরা মারিলেন জগতের রঞ্জন॥
রামচন্দ্র আনিল মুনি মিথিলা ভুবন।
ধনুক দেখিল তবে কমল লোচন॥
রবশিলায় রঘুনাথ পুরিলা সন্ধান।
সন্ধান পুরিতে ধনুক হৈল দুইখান॥
রাজাকে আনিল পীঞা সতানন্দ মুনি।
দুই পুত্র সঙ্গে করি আইলা আপনি॥
যেনা * বিভা করিলেন আপনে নারায়ন।
উর্মিলাকে বিভা করিলেন ঠাকুর লক্ষ্মণ॥
শ্রুতিকীর্ত্তি † মাণ্ডবি ছিল কুশধ্বজের ঘরে।
ভরত শত্রুঘন বিভা দিল নৃপবটে ‡॥
এই কহিলাম তোমার দরশন।
এই প্রকারে পালা প্রভু স্বামি নারায়ন॥
বসুন্ধরা বলেন মিতা শুনহ বচন।
তোমার অঙ্গেতে দেখ করিব করিব § যোজন॥

---

* জোয়া কর(?) † কুশকীর্ত্তি।

‡ দুপরকে (?) § Repeated through mistake.

CENTRAL LIBRARY

Fol. 15, rev.

আনন্দিতে প্রভু রাম যেড়ি দিল বান।
বান গোটা চলিল হঞা দৃষ্টিমান॥
যেড়িলেন বান গোটা তাহা কেন ছোটে।
বান গোটা যাসিঞা ত্রিশিরার মুণ্ড কাটে॥
পড়িল ত্রিশিরা বির পর পালা রেখে।
রামকে মারিতে জার হাথে করি রেথে।
খর বলে মানুষ বেটা কর অবধান।
পড়িলি আমার হাথে জাবি কনস্থান॥
মারিচ নন্দন আমি রাক্ষস অধিপতি।
মোর হাতে পড়িলে আজি পালাঞা জাবে কতি।
মরিবারে চাহিলে বাপের সত্য পালিবারে।
বাহুড়িঞা না জাবে ঘর অযোধ্যা নগরে॥
মানুষ বেটা রাম তোমে ধরা খেতে পারি।
ধরা খেতে পারি যেমন কলা বাড়ি॥
রামচন্দ্র বলেন কিবা বলরে রাক্ষস।
আমাকে না জান তোমি বলের * কর্কশ॥
আপনে যাইলাম মোরে কেহ নাহি জানে।
রাক্ষস বধিতে আমি জন্মিলাম আপনে॥
ইন্দ্রসম ঐশ্বর্য্য সর্ব্বলোকে কহে।
অধার্ম্মিকের ঐশ্বর্য্য কতক্ষন রহে॥
ঐশ্বর্য্য টুটিল তোর হিংসার কারনে।
ঋষি মুনি হিংসিঞা পড়িলি মোর বানে॥
তোর বাপ মারিচা তার সর্ব্বত্রে গতি।
মোর হাতে তার দেখ প্রান গেল কতি॥

Colophon:

লিখিতং শ্রীভবানিচরন দেব শর্ম্মা সাং গনেশ পুর। পাঠক শ্রীদেবিচরন * * সাং নন্দনগর। ইতি সন ১১৮০। তাং ১০ আষাঢ়। তিথি কৃষ্ণ পক্ষে সপ্তমি বার রবিবার তিত্তর পহর বেলে সমাপ্ত।

---

* বলরে।

259. রামায়ন-রঘুনাথের গয়াপালা।

RĀMAYANA,

RAGHUNĀTHER GAYAPĀLĀ,

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13×5 inches. Folia, 1-3. Lines 11 on a page. appearance, about 100 years old and mouse-eaten. Incomplete.

Fol. 2, rev.

রাম বলেন শুন ভাই অপূর্ব্ব কথন।
গয়াতে করিব বাপের শ্রাদ্ধ [তর্পণ ?]॥
* * ভাই শুন প্রভু হরি।
বোনের উপরে বোন দিতে আনী তরি।
স্থানে ২ তির্থ আছে শ্রীগীতি পুরানে।
তোমা লিয়া * * * ॥
গয়ার মাহাত্ম কিসে একেক বাখান।
পঞ্চম নরকে কিসে হয় পরিত্রান॥
কিসেতে মাহাত্ম্য হৈল বল ভগবান।
* * কথা শ্রীরাম সুধান॥
রাম বলেন শুন সিতা জনকনন্দিনী।
শুনহ লক্ষন ভাই অপূর্ব্ব কাহিনী।
শিষ্টিবির মধ্যে হাতি গয়া কেমে হৈল।
[গয়ার ?] মাহাত্ম কথা রামচন্দ্র কৈল॥
গয়াসুর নামে এক অসুর জন্মিল।
জন্মিতে শিষ্টিবিধান কাঁপিতে লাগিল॥

260. রামায়ণ—গয়াশ্রাদ্ধ।

RAMAYAṆA,

GAYA-ŚRADDHA.

By

KAVICANDRA.

Substance, country-made paper ; 12½×4½ inches. Folia, 1-7. Lines 10 on a page Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning :

৬৭শ্রীশ্রীরাম। গয়াশ্রাদ্ধ লিখ্যতে॥
শুকদেব বলে রাজা করহ শ্রবন।
কহিব রামের লিলা তাথে দেহ মন॥
রাম নাম শ্রবনে দুর্গম দেহ ধাম।
মুখ ভর্য্যা সদাই বলহ রাম নাম॥
কেন রাম নাম রাজা শুন একমনে।
ফিরেন দয়াল রাম দণ্ডকের বনে॥
সারা দিন বনে বেড়ান ভকত বৎসল।
আহার করেন মাত্র আর্য্যা বন ফল॥
একদিন রামচন্দ্র বস্যা বৃক্ষতলে।
লক্ষনে ডাকিয়্যা দয়াল রামচন্দ্র বলে॥
কি করিব ওরে ভাই কহেন লক্ষনে।
এখান ছাড়িয়্যা ভাই যাব অন্য বনে॥
শা তুন কৌসল্যাসুত শুন রামের কথা।
উঠিলেন রামচন্দ্র সঙ্গে লক্ষ্মণ সিতা॥
বসিল কানন তুমে হাথে ধনুশরে।
উত্তরিল দুই ভাই ফল্গুনদির তিরে॥
তটে হইতে চেয়া দেখেন ভকত বৎসল।
পবনের চেতে বহে হিল্লোল কল্লোল॥
কিবা সে বটের বৃক্ষ অতি সুশোভন।
তুলসীর মঞ্চ [সে]খা শুনি নারায়ণ॥
লক্ষনে বলেন রাম প্রভু রঘুবির।
এই খানে থাক ভাই প[ত্রের] কুটির॥

End :

ক্ষুধায় তৃষ্ণায় রাম বেড়ান গহনে।
সন্ধ্যা কালে বসিলেন তরুন হেলনে॥
বসিয়া রামের কাছে জানকী লক্ষন॥
মুখ হেরী মোহ পায়্যা কহে নারায়ন॥
পৃথিবি পরিপূর্ন ধান্য পৌষের মাসে।
সর্ব্বজিবে অন্ন খায় মনের হরিসে॥
মোরা তিন জনে কেন অন্ন নাঞী পাই।
ইহার উপায় বল শুন প্রানের ভাই॥
ব্রাহ্মনে না দান আমি দিয়ে সেই দিন।
অতএব তিনজনে অন্নেতে বিহিন॥
ক্ষুধায় পিড়িত ভাই দহে কলেবর।
রামকে প্রবোধ করেন সুমিত্রা কোঙর॥
দুষ্কপাপাত তোমার বাক্যে কহে নারায়ন।
কালি প্রাতে করাইব ব্রাহ্মন ভোজন॥
তুলিয়া বনের ফল ফুলের সহিতে।
অবশ্য করিব কালি উঠিয়া প্রাতেতে॥
এত বলি রামচন্দ্র করিল গমন।
ধনুর্ব্বান হাথে আগে ঠাকুর লক্ষন॥
দ্বিজ কবিচন্দ্র গায় রামের পুরান।
যেই শুনে রামের লিলা সেই ভাগ্যবান॥

Colophon : সমাপ্ত।

261. রামায়ণ—সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA SUNDARAKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-7. Lines 8 on a page. Appearance, about 150 years old; soiled. Incomplete. Place of find, Bankura.

Fol. 3, obv.

ইহার অধিক সক্তি নাহিক আমার।
আজ্ঞা কর ঝাপ দিব বেলোর কুমার॥
তারপর অঞ্জনা সিরে অঙ্গদ ডাকিল।
সমুদ্র লংঘিবার ভার তাহারে কহিল॥
জানকির বার্ত্তা আন সাগর লংঘিয়া।
কহিছে অঙ্গদ সিরে কৃতাঞ্জলি হয়া॥
জে আমার সক্তি সুন বেলোর নন্দন।
আমি লংঘিবারে পারি কুড়িটি জোজন॥
ইহার অধিক সক্তি নাহিক আমার।
আজ্ঞা কর ঝাপ দি বেলের কুমার॥
অঙ্গদ বলিছে ভার নারিবে লংঘিতে।
কে তোরে দিবেক ভার সমুদ্র লংঘিতে॥
তারপর কেসরি বানরে ডাকি আনে।
হনুমান পুত্র জার বিখ্যাত ভুবনে॥
রাবনের সেনাপতি অসংখ্য জার বল।
সাম্বভির পৃথিবি তাহার করতল॥
বালিপুত্র বলে সুন কেসরি বানর।
জানকির বার্ত্তা আন লংঘিয়া সাগর॥
কেসরি বলিছে সুন আমার বচন।
আমি লংঘিবারে পারি ত্রিরিশ জোজন॥
ইহার আধিক সক্তি নাহিক আমার।
ইহা বৈই নারিব আমি জলনিধি পার॥
অঙ্গদ বলিছে তবে নাহিক প্রয়োজন।
গবাক্ষ বানরে ডাকে বেলের নন্দন॥

জানহ দিতার ভর লঙ্ঘিয়া সাগরে।
আতি মর্দ্দে খ্যাতি রাখ বুধি রঘুবর॥
সে বলিল কৃতাঞ্জলী করি নিবেদন।
আমি লঙ্ঘিবারে পারি চল্লিশ জোজন
ইহার অধিক সক্তি নাহিক আমার।
এই নিবেদন করি বেলের কুমার॥

Fol. 7 obv.

সুমুদ্র হইয়া পার প্রেবেশী লঙ্কাতে।
পাচির উপরে বির বসিল ত্বরিতে।
সতেক জোজনা দির লঙ্কাপুরিখান॥
পাচিরে বসিয়া পুরি দেখে হনুমান॥
বসিছে রাবন রাজা রত্ন সিংহাসনে।
পুত্র পৌত্র বেষ্টিত সতেক বিরগ[ঃ]ন॥
চন্দ্র আসী রাবনের মাথায় ধরে ছাতা।
মালা লয়া পুরন্দর দাণ্ডাইয়া তথা॥
বৃহস্পতি বেদ পড়ে রাজার সভায়।
উর্ব্বসী আসি নির্ত্য করে তিম্বরি দিত গায়॥
শুগন্ধি মলয়া বাউ বহিছে পবন।
মন্ত্রির মন্ত্রনা করে দেবতা বরুন॥
ধনু হাতে আপুনি দুয়ারি দিবাকর।
নারদ বাজায় বিনা রাজার গোচর॥
অর্ষ্ট শ্যামা সমন বাতায় জোড়হাতে।
দেবতা তিত্রিস কোটী রাবন সভাতে॥
ইন্দ্রের অধিক সোভা দেখে * হনুমান।
রত্নময় পুরি সেই লঙ্কার নির্ম্মান॥ †

---

* মূলে 'হনমান' আছে।
† মূলে 'নির্মন' আছে।

262. রামায়ণ-সুন্দরাকাণ্ড।

RĀMĀYAṆA, SUNDARAKĀṆḌA

BY

KṚTTIVĀSA

Substance, country-made paper; 13½ × 4½ inches. Folia, 1-14. Lines 9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥ অথ রামায়ন সুন্দরাকাণ্ড॥

কীচি কীষ্কে হইতে আজ্ঞা করিলেন রাম।
মালাবানে থানা দীলা ভূকাকল সাম॥
বসিল বানর সব পবত বেরিআ।
বিরলাগে কহে সতে রামনাম নিআ॥
সেতুভূ চৌকিল সব গগন উপরে।
কেসরি গজ্জমে জেন হুঙ্কার বানরে॥
তথা বীর চথে বসি কৌসল্যা নন্দনে।
রামবীর্যে জাম্বুবান দক্ষীনে লক্ষনে॥
কোর জোড়ে সুগ্রীব দাণ্ডায় রাম আগে।
নল নিল কুমদ অঙ্গদ বির ভাগে॥
বাগে পোক্ষে পঞ্চবাজ্ঞ গেলেন উত্তরে।
কটক লইএ গেলা দক্ষিন সাগরে॥
সীতে অভাসনে গেলা রাঘবে সোদ্দিএে।
সুগ্রীব রাজার কাছে এ পীক্ষা করিএে॥
সপ্ত দিনে সপ্ত দিগ করিব ভূবন।
সপ্ত সগ সপ্ত পাতাল চৌদ্দটা ভুবন॥
ইতি মধ্যে জানকীরে অথাক্ষ পাইব।
সভাতে পীক্ষিআ সীতে বার্ত্তা এনেদিব॥
রাজা বলে সপ্তদিগে জদি হয় পার।
সবংসে মরিবেক সেহ নাহীক নিস্তার॥
পলাক্স পবত বান্দী দেক্সার সাগরে।
এই বাক্য কহ্যা রাজা দিলেন সভারে॥
মনে ২ অধিক গজ্জী ছুটিল বানর।
পবন আসনে ছুটে জেন জলধর॥
আকাস উ[প]রে ডাকে রাম জয়ধ্বনি।
হবিশ্বাস হয় জেন ডাক কদম্বিনি।
তারপর অঙ্গদে ডাকেন রঘুবর।
বির বংসে জন্ম তমরে বালীর কোঙর॥
করাঙ্গী দারুন কম্ম তমার পীত্যা বধ।
প্রানের অধিক তমায় বাসীএ অঙ্গদ॥ *
সরমা করহ পার সন্নাসন লক্ষ্যা।
সীতে অন্বেসন কর আমা পানে চেএে॥
সীতা[র] বীরহে আমার আকুল অন্তর।
সভার স্বরন নিলাম বুনরে বানর॥
হলায় জানকী হারা পঞ্চবটীর বনে।
ভিতযুগ দিবস রজনি পড়ে মনে॥

End:

পবভরে টলবল অসকের বন।
দেবীএে জানকি ছুটি মুদিল নয়ন॥
হনু বলে রাম আজ্ঞা করেনা তুন জনক ঝিআরী
লঙ্কাখানা মাথায় করো অজুধ্যা জেতে পারী॥
জুড়াল বিলম্ব মোর তমারে দেখিএে।
বৈইলক আমার কাছে পুত্র যুক্তি হএে॥
জে আজ্ঞা বলিএে বৈইসে পবন নন্দন।
কিত্তিবাস পণ্ডিতের জন্ম সুভক্ষন॥

ত্রিপদী।

বিরলে অসকবনে ধারা বহে দুনয়নে
কহীছেন জনক নন্দীনী।
উঠিল দারুন দুখ মনে পড়ে রাম মুখ
হিয়ে উঠে জলন্ত অগিনি॥
ওরে বাছা হনুমান জুড়াও আমার প্রান
শ্রীরাম বলিএে * * *।

263. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMAYANA-LANKAKĀṆḌA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 14×4½ inches. Folia, 1-16, 21-80. Lines 9 on a page, leaving a blank space of about an inch square in the middle of each page. Appearance, about 250 years old; Incomplete.

Fol. 3 obv. to 4 obv.;

সুগ্রীর তেজ ধরে বির অগ্নি যেন মূর্ত্তি।
বুড়া ভল্লুক বলে শভাকার অনুমতি॥
ব্রহ্মার পুত্র মহাবির ব্রহ্মজান।
হাসিয়া উর্দ্ধ্ব করে মন্ত্রি জম্বুবান॥
জৌবন কালের বল টুটিল বার্দ্ধকে।
জৌবন কালের কথা কহি শুন সর্ব্ব লোকে॥
বলি ছলিতে জখন গোসাঞি হইলা বামন।
তিন পায়ে ছড়িলেন এ তিন ভুবন॥
বুড়া বয়েসে সাগর ডিঙ্গাইতে নারি।
পচানই জোজন সাগর ডিঙ্গাইতে পারি॥
সতেক জোজন সাগর ডিঙ্গাইলে সিদ্ধ রামের কাজ।
পাচ জোজন লাগি আমি এত পাইল লাজ॥
এতেক জদি বলিলেক মন্ত্রি জম্বুবান।
অভিমানে রা না কাড়ে বির হনুমান॥
হনুমানের মউন দেখি অঙ্গদ কোপে জলে।
সাগর ডিঙ্গাইতে চাহে আপন বাহু বলে॥
একলাফে সাগর লঙ্ঘি জাইতে পারি লঙ্কা।
নেউটিতে পারো নারো তারে করো শঙ্কা॥
রাজ জোগে বাড়াইল বাপ না দিল পরিশ্রম।
তে কারনে না জানো বুঝি আপন বিক্রম॥
সাগর ডিঙ্গাইতে মোর নাহি সেনাপতি।
আপন বিক্রমে তর করিব সেখাতি॥

অঙ্গদের কথা শুনি জম্বুবান হাসে।
জত কিছু বল বাপু মোরে নাহি বাসে॥
বালি রাজার বিক্রম ত্রিভুবনে জানি।
তত বড় বিক্রম তোমার লোকেতে বাখানি॥
এক বারের ধানুক কাজ এক শত বার।
আসিতে জাইতে পার সাগর পাথার॥
তুমি গেলে কটকের নাহিক নির্ণয়।
রাজা হইয়া থাক তুমি রাখি আশ্রয়॥
তুমি মহাবির সর্ব্বলোকে জানি।
কটক থাকিত কেন জাইবে আপনি॥
তুমি কটকের মুল আমরা ডাল।
মুল থাকিলে ফলফুল পাই সর্ব্বকাল॥
গাছের পাত পড়ে ঝড় ভরে সহে।
ঝড়ে গাছ উপাড়িলে পল্লব না রহে॥
কত ২ জনে পুসিল তোমার বাপ।
কোন জন সহিবেক তোমার প্রতাপ॥
জত ২ বির তোমার ঘরের সেবক।
কত সেবক আছে তোমার কার্য্য সাধক॥
কেন সাগর লঙ্ঘিবে তুমি বানরের রাজ।
সেবক হইতে তোমার সিদ্ধ হইল কাজ॥
অঙ্গদ বলে কটকের করিমু বিচার।
এক জন না বলিল সাগরে হব পার॥

Fol. 68 rev. and fol. 69 obv.

রাবণে সিতা রামে দিলে কুশলে তরি।
রাম সনে বিবাদ ছাড় আমার বচন ধরি॥
রাবন বলে রামে জদি এত বড় ডর।
কি করিতে পারে রাম সুগ্রিব বানর॥
ত্রিভুবন সহায় করি রাম জদি আইসে।
তবু সিতা রামে দিতে মনে না আইসে॥
রাবনের বচনে বিভিষন মনদুঃখে হাসে।
সুন্দর কাণ্ডে গাহিল পণ্ডিত কির্ত্তিবাসে॥
রাবন বলে বিভিষন কারে তোরে ডর।
কি করিতে পারে রাম সুগ্রিব বানর॥
ত্রিভুবন সহায় করি রাম জদি আইসে।
তবু সিতা নাহি দিব তারে ভয় কিসে॥

বিভিসন জত বলে রাবন নহে শুনে।
মন্ত্রনা করিতে রাবন মন্ত্রি সব আনে॥
মান্তুসের কথা শুনি জ্বালে বিভিসনে।
কেন ভাই না থুইব আপন সদনে॥
অগ্নিতে পতঙ্গে অনেক অন্তরি।
বিক্রম করি পতঙ্গ অগ্নিতে পুড়িআ মরি॥
বিভিসন বাহির করি মন্ত্রণা কর সার।
রাবনের কথা শুনি সভায় চমতকার॥
জোড় হাথ করি বলে রাবন বিদ্যমান।
ত্রিভুবন জিনি রাজা তোমার বাখান॥
দেব দানব জিনিলে তুমি কৈলাস পর্ব্বত।
কুবের জিনি নিলে ধন বিদেত জগত॥
ময় দানব নামে রাজা ত্রিভুবন পুজে।
মন্দোদরি কন্যা দিয়া তোমার ডরে ভজে॥
বাসুকি তক্ষক করিআ যার জত সাঁপ।
তারা সহিতে নারে তোমার প্রতাপ॥
জাহার বিশ অগ্নিতে পাসার পুড়ে।
তোমার শব্দ পাইলে পাতাল পুরি ছাড়ে॥
ত্রিভুবন জিনি কইলে পঞ্চ আবস্থা।
মান্তুস বেটা রাম জিনিব কত বড় কথা॥
রাবন বলে শুন প্রহস্ত সেনাপতি।
কি করিতে পারে রাম প্রানের সকতি॥
পর্ব্বতের শুঙ্গ আর সাগরের কুলে।
বানর বলি না থুইমু পৃথিবি মণ্ডলে॥
চারিভিতে রাম দিআ লঙ্কাপুরি রাখি।
কারে ডর না করিহ সবে থাক সুখি॥
সেনাপতি সব বলে কারে মোর আশ।
সুন্দর কাণ্ডে গাইল পণ্ডিত কির্ত্তিবাস॥
সিংহনাদ করি বলে প্রহস্ত সেনাপতি।
কি করিতে পারে বানর প্রানের সকতি॥
একেশ্বর সাম্ভাইব বানর ভিতর।
বানে পুড়ি মারিব সকল বানর॥
বজ্রদন্ত রাক্ষস বলে দসন বিকট।
লোহার মুসল নিআ আছাড়ে নিকট॥
মুসলের শব্দ জেন ইন্দ্রের বজ্রাঘাত।
অন্তরে সন্তোস পায় রাক্ষসের নাথ॥

লোহার মুসল নিআ সাম্ভায়্যু বনে।
মাথা ভাঙ্গি রাবন মারিমু জনে জনে॥
ত্রিসিরা রাক্ষস বলে আমি আছি কিসে।
আমি থাকিতে কোন বেটা লঙ্কার ভিতর আইসে॥

---

264. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMAYAṆA, LAṄKĀKAṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 13×4½ inches. Folia, 5-10, 74-75, 84-85. Lines 10 on a page. Appearance about 250 years old. Incomplete.

Fol. 5, obv. ;—

ডর পায়্যা চর সে জিবনেঁ ছাড়ে আশ।
জত কিছু বলে সব গদ্ম ২ ভাস॥
তোমার কটক চর্চ্চিতে পাঠাল্য দশানন।
মারিঞা ধরিঞা মোরে আনে বিভিসন॥
মাথা রূপে আইমু হইল বিদিত।
আপনে বুঝিঞা কম্ম করহ উচিত॥
অনাথের নাথ সর্ব্বলোকের পরিত্রান।
তুমি ক্ষম দিলে মোর সর্ব্বত্র কল্যান॥
চরের বচন শুনি রামচন্দ্র হাসে।
পাত্র মিত্র হাসে জত বসিআছে পাশে॥
রাম বলে বানর সব চিন ভালে ২।
ভালমতে চিন জত আছে সভাতলে॥
বিভিসন আনে তোমা মারিবার মোনে।
কটক চিনাক নিআ সেই বিভিসনে॥
রাজ যেম থাম তুমি কর রাজকর্ম্ম।
তোমাকে মারিঞা আমি কি সাধিব ধর্ম্ম॥
শ্রীরাম বলেন আমি চর নাহিঁ মারি।
রাবনে বলিহ মোর বোল দুই চারি॥

CENTRAL LIBRARY

আপনা ইৎসাএ সুখ আপনার মনে।
মোর বোল শুন কিছু বলিহ রাবনে ॥
বিক্রম নারিঞা রাবন সিতা নিল ছলে।
নির্ভয় হইল পার সাঁগরের জলে ॥
সেই সে সাগর এবে আমি হলা পার।
এবে কোনজনা তার করিব নিস্তার ॥
কাটিআ ফেলাব তার দশ গোটা মুণ্ড।
গঙ্গাশঙ্খি খুলে জেন ছাতা নবদণ্ড ॥

End.

বিপরিত ডাক ছাড়ে শুনিতে কর্ণ ফ[া]টে।
নিদ্রা জাএ কুম্ভকর্ণ সুবর্ণের খাটে ॥
রাক্ষসের কোলাহল বাদ্যের নিনাদ।
এক সহস্র বাদ্য বাজে ফুকরে কাহাল ॥
গাছে পক্ষ না রহিল না রহিল বোনে।
ব্রহ্ম শাপে নিদ্রা জাএ কিছুই না জানে ॥
খাদ্য পিআ রাক্ষস কোন কহেণা রাজারে।
রাজ আজ্ঞা পায়্যা কেহ নানা মার মারে ॥
রাজার ভাই বলিআ কেহ না করিল ডর।
দুই হাথে তুলি মারে লোহার মুদ্গর ॥
নির্ঘাত মারএ কেহ না করএ শঙ্কা।
বাড়ির শব্দেতে কাঁপে কনক পুরি লঙ্কা ॥
জাগ ২ বলি কেহ দুই হাথে নাড়ি।
কাটি খাগড়া জালে সর্ব্বাঙ্গেতে ঢুকি ॥
কেহ গাএ কামড়াঅ কেহ চুলে টানে।
ব্রহ্মশাপ নিদ্রা জাএ কিছুই না জানে ॥
লঙ্কাপুরি * * * *।

---

265. রামায়ন-লঙ্কাকাণ্ড।

RAMAYANA LANKAKANDA

সীতার পরীক্ষা পালা।

SITAR PARIKSA PALA.

BY

KRTTIVASA

Substance, country-made paper; 13×4¼ inches. Folia, 1-12; Lines 9 on a page. Date, 1081 B. S. (1675 A. D.). Complete. Place of find, Bankura.

Beginning:

৭শ্রীশ্রীকৃষ্ণ ॥

জত দেবগন রামের করিল কল্যান।
সুগ্রিব রাজার দেব করিল বাখান ॥
হেন কালে মাতুলি মাগিছেন মেলানি।
হাসিয়া বলেন রাম মধুরস বানি ॥
ইন্দ্রে জানাইব মোর নমস্কার।
তাহার সংগ্রামে হইল রাবন সংহার ॥
রথ লয়্যা জাহ তুমি সর্গ ভুবন।
ইন্দ্রে বলিয়া কহিব আমার বচন ॥
সারথি বিদায় করি রামের হাস্য বদন।
বাহু পসারিয়া বানরে রাম দেন আলিঙ্গন ॥
বন্ধু বান্ধব তোমরা ছিলে জন্মান্তরে।
ত্রিভুবন জিনিতে পারি তোমাদের জোরে ॥
তোমাদের বিক্রমে হইল রাবন সংহার।
তোমাদের বিক্রমে হইল সীতার উর্দ্ধার ॥
একখানি সত্যে আমি আছি তোমাদের ধার।
বিভিসনে রাজ্য দিতে লঙ্কার অধিকার ॥
ত্রিভুবন ঘুসিবেক আমার কিরিতি।
বিভিসনে করিব আমি লঙ্কার অধিপতি ॥
সুগ্রিবেরে আজ্ঞা দিল রঘুর কুমার।
সভে মেলি বিভিসনে কর রাজ্যভার ॥

শ্রীরামের আজ্ঞা লক্ষে কোন জনা।
বিভিসনে রাজা করিতে পড়িল ঘোসনা॥
জাগ ২ দ্রব্য আন জথা ২ আছে শুনি।
রাক্ষস বানরে সব বাছিয়া ২ আনি॥
লঙ্কার আছয়ে দ্রব্য ত্রিভুবনের সার।
সুগন্ধি চন্দন পুষ্প আনে ভারে ভার॥

End:

রথে চড়িয়া রাজা দেবের বেস ধরি।
শ্রিরাম লক্ষন সিতা রাজায় নমস্করি॥
হাথে ধরিয়া দশরথ আপনে রথে তুলি।
দুই পুত্র সনে রাজা কৈল কোলাকুলি॥
বেন লহ ধরিয়া রাজা দিল আলিঙ্গন।
কোলে দিয়া বলে রাজা সরস বচন॥
রাজা বলে রাজতা না দিলাঙ কৈকৈ বচনে।
প্রান তেজিলাঙ তোমা তিনের বর্জনে॥
আজি সোক পাসরিলাঙ দিয়া আলিঙ্গন।
সর্গে জাত নাজি বাসি তোমা অদর্শন॥
তোমার মায়ের হইল সফল জিবন।
অষ্টক্ষন তোমা পুত্রের দেখিব বদন॥
তোমাতে ভকতি দেখি ভরথে বাখানি।
কৈকৈএর দোস মাজি দিএ তর্পন পানি॥
এত বলি পুত্রে কোলে দিল দসরথে।
পিতার পায় পড়িলা রাম করি জোড় হাথে॥
কৈকৈএ দিলেন বাপা সম্পাত্ত বচন।
ভরথের হাথের জল করিতে বর্জন॥

Colophon.

ইত্যাদি: পুস্তক শ্রীবলাই ঘোস সন ১০৮১ সাল তা° ৯ চৈত্র।

---

266. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA.

রাম রাবণের যুদ্ধ।

RĀM RĀVAṆER YUDDHA.

BY

RĀMNĀRĀYAṆA.

Substance, country-made paper; 13 × 4¼ inches. Folia, 1, 3-8. Lines 11 on a page. Date, 1081 B. S. (1675 A. D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 5 rev.

কপি ঠাট কাটকে কপিকুল মারি।
তপসি সো রোতে হৈ সর চাপ ডারি॥
ভবিষ্কর কাপাত কহা রাম যানে।
তনিকে সো নাই হনুমান আনে॥
হনুমান কান মেঁ কহে কা কনুটা।
তনিকে পড়ল না মন্ত্র ছুটা॥
হামারা সন্দেহ মন মাহ আয়েব।
কা জানি মন্ত্র বান কো লে আয়েব॥
রন বিচক্ষণ ছোরি ঘর আয়ে লৌটরি।
বান কো রাখো পাশ মরে কেহ না বোরি॥
সিতা বি বান কো মুখে স্তার দেনা।
কিয়া জানি মানুষ করে রাম লঙ্কা॥

End:

রঘুবির কহে সুন ভবিষ্কর মিতা।
বাঙ্গনকো জনাও না বুজে থাকি চিন্তা॥
চিন্তা না বুঝাও না জাও আরাত।
প্রনয়ন্ত করনে না টলে মোরে বাত॥
কপি কুল মহকুল করোনুট ভাই।
নগর মো দিয়াও মিতাকে দোহাই॥
করি নুট মহকুল কপিকুল আয়েব।
ভবিষ্কর বাঙৰ্ব্বপু কো বোলায়েব॥

দুগ চাম পর জায় চড়ে ভাই দোনো।
গগন মো মেঘগন বরিখে প্রগনো॥
শ্রীরামানন্দ পত্র রাত্যোদিন গাই।
শ্রীরাম চরিত্র সুধা রামনারায়ন বলাই॥

Colophon :

ইতি শ্রীরামরাবনের যুদ্ধ সংপুর্ন। সন ১০৮১ সাল মাহ বৈসাখ রোজ রবিবারে একপ্রহরে সংপুর॥

---

267. রামায়ন-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA.

অঙ্গদের রায়বার।

ANGADER RĀYABĀR.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 4$ inches. Folia, 1-10. Lines 9 on a page. Date, 1084 B. S. (1678 A. D.). Incomplete. Place of find, Burdwan.

Fol 1, obv. ;

শ্রীশ্রীকৃষ্ণ॥

সন ১০৮৪ সাল॥

Fol. 3 obv.

পবন হমন মানে মন্দ২ বয়।
পুর্নিমার চন্দ্র যাসি নিত উদয় হয়॥
নিদ্রা নাহি জায় জম রাবনের ডরে।
অনল শীতল হয় জদি রাজা করে॥
এসব বিভোগ রাজা কিছুই না দেখে।
নিরন্তর অন্তরে শ্রীরাম রূপ দেখে॥
খাইলে স্বাদ নাহি শ্রীরাম পরে মনে।
শুইলে সদাই রামে দেখএ স্বপনে।

আন বোল বলিতে রাজার মুখে সাক্ষাত রাম।
দুটি নয়ান মুদিলে দেখে দুর্বাদল শ্যাম॥
রাবন বলে সেতির তলে রাম হৈল কি।
এবার রামের হাতে কদাচিত জি॥
রাবন বলে সেতির তলে আপুনি নাহি হএ।
নর বানরে সাগর বান্ধে গাছ পাথর বএ॥
জা হয় নাহি তাই হএ আর বা কি হয়।
লঙ্কা অক্ষৌহিনি সেনা কোন কথের নয়॥
এতকাল তো সভাকে খাওয়াই রাজ ভোগে।
সুখির থানে কদ্ধা গত্যা না দিলি কোন যুগে॥
আপন পৌরুস রাখ ধর পান দে।
রাম লক্ষন দু বেটাকে বান্ধ্যা আন্যা দে॥
রাবনের বচনে দৈব কহিছে সেনাপতি।
আমরা থাকিতে তোমার কিসের দুর্গতি॥
পিতা গএ ক্রিয়া কর আনন্দিত মনে।
আমরা মারিয়া দি শ্রীরাম লক্ষনে॥
ত্রিভুবন সংহার কর্যা রাম জদি রাখে।
নারিব জিনিতে লঙ্কা তোমার বিদ্যমানে॥
এত শুনি মাথা নাম বন নাড়ে মাথা।
জে দিন হনুমান লঙ্কা পোড়াযা গেল সে দিন
ছিলে কুথা॥
ঘরেতে বসিয়া সভার বুঝিব বিবরনা।
বারেক রাখয়ে জদি পবন নন্দনা॥
বড়২ বানরে কুমরা গিলিবে ধরা২।
হনুমান যাইলো লঙ্কাপুরি রাখিবে কেমন কর্যা॥
বানর বল্যা ভয় না কর সে গুলা বনের পশু।
এক মুহুর্তে মার্যা দিব ধর পড়া না রাহুক॥
সে বেটা প্রধান তার কটকের সার।
সে যাইলে মহারাজা রক্ষা নাহি যার॥

End :

নব দুর্বাদল শ্যাম নৌতন তমাল।
দিব্য নাসিকা রামের চৌরস কপাল॥
কবলিত কুনাগ জিনিএ ভুজদণ্ড।
দক্ষিনে অক্ষয় তুন বামেতে কোদণ্ড॥
মাথায় জটার ভার রামের বাকল উর্ধাবি
বস্যাছেন রঘুনাথ বিরাসন করি।

হনুমান জাম্বুবান সুগ্রিব বিভিশন।
সমুখেতে স্তব করে এই চারিজন॥
হেন কালে ডাইলা তুথা বালের [ন]ন্দন।
সঘনে করিয়া রামের চরন বন্দন॥
লক্ষনের পদধুলি বন্দিলেন শিরে।
প্রনাম করিল শিরা গুঙ্কা মহাবিরে।
হনুমান প্রভিতি বির ছিলা যথা।
অঙ্গদকে সম্ভাসিল সভে উঠ্যা তথা॥
রাবনের মাথার মুকুট দিলা ডালি।
কহিল সকল কথা জত গালাগালি॥
গাট হৈতো ক'টে ধর্যা লেয়াছিলাঙ ফুং।
পশ্চাতে সকল কথা শুনিবে লোকের মুখে॥
তার জত মর্জাত্যা ছিল মর্জাদা সম্পুটে।
চুর করিয়া আনিল্যাঙ এই দেহ মুকুটে॥
প্রত্যয় না জান রাম অঙ্গদের বোলে।
সেই মুকুট লেয়া দিলা বিভিশনের কোলে॥
বিভিশন বলে রাম শুন রঘুমুনি।
রাবনের মুকুট বটে ইহা আমি জানি॥
আনন্দে হবধি নাত্তি প্রভু * *।

---

268. রামায়ন-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA LAṄKĀKĀṆḌA

খোট্টা অঙ্গদের রায়বার।

KHOṬṬĀ AṄGADER RĀYBĀR.

BY

KHOSĀL ŚARMĀ.

Substance, country-made paper; 13″ × 4½″. Folia, 1-4. Lines 9 on a page. Date, 1088 B.S. (1682 A.D.) Complete. Place of find Bankura.

Beginning.

৭শ্রীশ্রীকৃষ্ণ॥

সমুদ্র পার হোকে রাম খাপা হোকে বয়ঠা।
বুরুঁজোপর জি নিকলে মাঙ্গায় রাভন চেট্টা॥
জগদি জাম্বুবান পড়তে মুদ্রুরা জাকে শুকরা।
দস্তক পর মোহোর হোয়ে চোপদার ভেজো লোসরা॥
প্রভুজিকে বেমজি দেখকে খুতুর হোয়ে সফা।
বহন পানি কিত্তে বুস্বরত গড় তোড়ে কা গফা॥
ওয়াক ওলম্বর সিরপর সুন্দর বির বালিকা বেটা।
সোনো কানে মোতি খোলে তাহে পাল পাট্টা॥
বাবা অঙ্গদ সুখ্ সাথো সুনতো মেরি বাত।
রাভনাপ দস্তক হোয়ে তেরে হাওলাত॥
বহুত খুব করকে অঙ্গদ সিরপর দিয়া হাথ।
গর্দন পকড়কে নিকলাতে হুকুম হোয় রঘুনাথ॥
ফয়দানমে কুচ সরস্বাদ নাহি সিতা দেখ্নে যাও।
জর্দর দেখকে তবল্লার বাঙ্কো খবর লোক আও॥
জাড়ি কপটকে পড়ছো লঙ্কা জাকে ডারো ধুন।
লড়বড় সেঁ দর ডানিতাগা রাভন সুনকে শুম॥
রামতো বুঝা হনুমান আগা ভেজ
দিয়া রঘুনাথ।
রাভোঁ সবকো বোয়নে লাগা
সিরমে লেকে হাথ॥
আর ক্যা লেকাহে রাভন হনুমান ভি
আয়েগা।
রাভোঁ সবকো কাপড়া ছোড়কে
জিধর সেঁ ভাগেগা॥

End.

সুগ্রুব বিভিসন দোনো সাথে
আউর সবনা কা সুত।
হনুমানকা নাম সুনকে ভাগে জমদুত॥
সমুদ্রকা তিরে অঙ্গদ হাথ পাও পাখালি।
রামকো দক্ষিন করকে অঙ্গদ নিয়ে
চরন ধুলি॥
লঙ্কেশ্বরকা সিরকে মকুট রামকে সাত্রে রাখা।
সবেকা জো কুচ হকিগত রামকো দিয়া লেখা।
রঘুবির গম্ভির সুনকে হুয়ে হাস।
ভকত কে গত মুকুন্দরাম পুরায় মন কা আস॥
সনয়ে খোসাল সর্ম্মা আপকে অঙ্গদার।
অধমকো প্রভু কদম হুকুম হোয়ে
দরিয়া উতর পার॥

Colophon:

ইতি শ্রী খোট্টা অঙ্গদের রায়বার সমাপ্ত। এ রায়বার শ্রীমথুর মৃত্যে রায়ের সাকিম পাত্রসায়ের গোপিনাথপুর। ইতি সন ১০৮৮ সাল, তারিখ ২৮ কার্ত্তীক রোজ সোমবার তিথি শুক্লা সপ্তমি বেলা ত্রিতিয় প্রহরে লেখা হইল।

---

269. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA LAṄKĀKĀṆḌA

অতিকায়ের যুদ্ধ।

ATIKĀYER YUDDHA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $12\frac{1}{4}'' \times 4\frac{1}{4}''$. Folia, 1-15. Lines 10 on a page. Date 1081 B.S. (1675 A.D.) Complete.

Beginning:

৭শ্রীশ্রীকৃষ্ণ॥ অতিকা যুর্দ্ধ॥
অরবিন্দু বুঝায় রাজার বরাবর।
পাএর ধুলা ঝাড় চক্ষের পুছ জল॥
সংগ্রাম করিলে আছে জয় পরাজয়।
অতিকা পাঠায়্যা দেহ আপন তনয়॥
অক্ষয় কবজ ধরে দেবের অন্তকা।
রণে শুনে বিক্রমেতে বাখানে অতিকা॥
পণ্ডিতের পণ্ডিত বেটা বিরে মহাবির।
অধর্ম্ম নাহিক জানে পুত্রের স্থবির॥
মরনেতে ডর নাক্রি মনে নাহি লখা।
অতিকা রাখিবা দিব কনকপুরি লঙ্কা॥
ত্রিভুবন চমকিত হয় তার ডরে।
দৈবি না ধরয়ে টান কখন ধনুক ধরে॥
অতিকা ২ বলি ডাকে দশানন।
বাপের আগে দাণ্ডাইলা ধন্ন মানির নন্দন॥
মদন মুরতি বিরের নবিন যৌবন।
বাপের চরনে আসি করিল প্রনাম।
যুড়ি বাহু তুল্যা রাজা করিছে কল্যান॥
অতিকা বলেন বাপা হয়্যাছি অস্থকি।
লোহেতে পুড়িত কেন দেখি দুড়ি আঁখি॥
বিরভাগ না দেখিয়ে মোর বরাবর।
লঙ্কায় রাক্ষস কেন কান্দে নিরন্তর॥
রাবন বলেন বাছা শুনরে অতিকা।
বির শুন্ন হল্য মাত্র আমি আছি একা॥
দেবদানব গন্ধর্ব্ব না করিহ লখা।
নর বানরে বেড়িল কনকপুরি লঙ্কা॥
দশরথের পুত্র রাম অজোধ্যা প্রবেস।
বাপের সত্য পালিতে আইল বনবাস॥
অনুজ লক্ষন সঙ্গে সিতা ত রূপসি।
হাথে ধনুর্ব্বান ধরি মুর্ত্তি তপস্বি।
গাছের বাকল পরিধান সিরে জটা ধরে।
রাজা হয়্যা রাখী ছাড়িল সত মায়ের বোলে॥
পঞ্চবটির মুলে বৈসে গদাবৈরির তটে।
তোমার পিসি সুর্পনখার নাক কান কাটে॥

End:

হরিভক্তি পড়িয়া হরির পদতলে।
বাহু পসারিয়া রাম মুণ্ড কৈল কোলে।
রাক্ষসের কুলে বাপু করিলে উদ্ধার।
মুক্তপদ ঝাঁটি পাবে বৈকুণ্ঠ দুয়ার॥
বিভিসন কান্দিছে অতিকা কোলে করি।
কান্দিব তোমার বাপ মা ধন্ন মানি॥
শ্রিরাম বলেন শুন বাছা হনুমান।
অতিকার মাথা রাখ আমা বিদ্যমান॥
শ্রিরাম বলেন হয় কিবা দিব দান।
আর জন্মে অগ্রে ভাগে পাবে নিজ নাম॥
বিভিসন বলেন গোসাঞি অর নাক্রি লখা।
অতিকা পড়িল জনি জয় হল্য লঙ্কা॥
ভয়পাকি কর বার্ত্তা রাবন গোচর।
অতিকা পড়িল বার্ত্তা পায় লঙ্কেশ্বর॥

কিৰ্ত্তিবাস বাখানিল মুনির পুরান।
লঙ্কাকাণ্ড গাইল গিত অমৃত সমান॥

Colophon.

ইতি অতিকা কৃষ্ণা পাদা সমাপ্ত : সন ১০৮১ সাল।

---

270. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKAKĀṆḌA

বিভীষণের রায়বার।

BIBHISANER RĀYBĀR

BY

DVIJARĀM.

Substance, country-made paper; 14×5 inches. Folia, 1-7. Lines 8 on a page. Date, 1098 B. S. (1692 A. D.). Complete. Place of find, Bankura.

Beginning:

লঙ্কাপুরি দগ্ধ করি বির হনুমান।
সিতার বার্ত্তা লইঞা জান রামের বিদ্যমান॥
প্রভাতে বিমনা হইঞা বৈসে লঙ্কেশ্বর।
প্রণয় করিল একটা মরকট বানর॥
কাশরনে শব্দ দেখে পাতাল আকাশ।
মহা ঝড় বহে দশ নাকের নিশ্বাস॥
চিত্রের পুত্তলি যেন প্রানহিন কায়া।
ভূত ভবিষ্যতি ভাবে দেবতার মায়া॥
অধর্ম্ম হইল অস্ত সংক্রম আপার।
অচেতন হৈঞা ভত দেখে বিভিস্কার॥
হেনকালে উদ্ধরিল সৈন্য সেনাপতি।
পুত্র পরিবার হস্তি ঘোড়া রথ রথি॥
অরহুন্দ পায় আশি রাজাকে বুঝান।
রাজা দুর কর দুর্ভাবনা অত অভিমান॥
দেবতা ব্রাহ্মন গুরু হিংসা বড় পাপ।
সন্তত অজ্ঞান সত্ত্ব তাল বাড়ে তাপ॥

দশ হাজার দেবকন্যা স্বর্গ বিদ্যাধরি।
তারা হৈতে রামের সিতা কত বড় সুন্দরি॥
যে হল্য সে হল্য এখন সিতা দেহগা রামে।
নয় আর বার কিবা হবে যুঝিবে পরিনামে॥
রাবন বলে কোন বুদ্ধো সিতা দিতে বল।
এত যদি ভয় থাকে ত লঙ্কা ছাড়্যা চল॥
রাম লক্ষন দেখি আগে কত শক্তি তার।
বুঝ্যা পড়্যা শাস্তি দিব যে হএ তাহার॥
বৃদ্ধ মাল্যবান বলে শুন লঙ্কেশ্বর।
চারি বেদ পুরান পড়্যা হইলে বর্ব্বর॥
রাম না জান্যা সিতা আন্যা পাড়িলে কত পাক।
সাত্বিরসে মন ডুবাঞা শান্ত হৈঞা থাক॥
তোর গুরু শঙ্কর শঙ্করের গুরু রাম।
তার-সনে কন্দ্যা করয় সাধিবে কত কাম॥

End.

সন্তুষ্ট হইলা রাম বিভিসনের কথায়।
আর যত বানরগন সায় দিল তায়॥
বড় ২ বির সব করে সম্ভাসন।
তমগুন হৈঞা কিছু কহেন লক্ষন॥
সোপাত্রি রাক্ষসের মায়া তুমি পাশরিলে কেনে।
সুর্পনখার মায়া জান পঞ্চবটীর বনে॥
মারিচ মায়াপী হৈল হৈঞা মায়া মৃগী।
মুগির বেশে হর্যা নেবা লইল জানকী॥
তার ভাই আইল এবার কি করিতে চুরি।
দুষ্টের মিত্রতা বড় বিস্তর চাতুরি॥
বিভিসন বলে আমি দিব্য কর্য্যা কই।
রামের সপক্ষ বিনি আর কার নই॥
কলির শত পুত্র হই কলির রাজন।
কলির মধ্যস্থ হই কলির ব্রাহ্মন॥
এই কথা বিভিসন কহিল যেকালে।
মিত্র বিভিসন বল্যা রাম নিল কোলে॥
বিভিসনের রায়বার সমাপ্ত এতদুর।
দ্বিজ রাম রচিল নিবাস জয়রামপুর॥

Colophon:

ইতি বিভিশনের রায়বার সমাপ্ত। ইতি সন ১০৯৮ সাল। তারিখ ২ চৈত্র রোজ শোমবার।

---

271. রামায়ণ লঙ্কাকাণ্ড।

তরণীর যুদ্ধ।

RAMAYANA LAṄKĀKĀṆḌA

TARAṆIR YUDDHA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 13×4½ inches. Folia 10 rev, 11, 12, 13, 14, 15 rev, 17 rev, 18 rev. Lines 11 on a page. Appearance, about 225 years old ; injured and soiled. Incomplete. Place of find, Bankura.

Beginning.

রথের উপরে বির হইলা হচেতন।
রথ লইয়া সারথি পালাই তখন ॥
সংগ্রাম ছাড়িয়া জাইতে পথে কতদুরে।
সম্বিত পাইল বির রথের উপরে ॥
সম্বিত পাইয়া বির বলে সারথিকে।
রথ লঞা পালাইতে কে বলিল তোকে ॥
বিপক্ষের সঙ্গে তুমি করিয়া মন্ত্রনা।
আমারে লইআ আসি থাইয়া আপনা ॥
বিপক্ষে[র] ক্রোধে আজি কাটিব তোমারে।
নহে রথ চালাহ ঝাট সংগ্রা[ম] ভিতরে ॥
নহে বা তোমারে আমি আজি বা কাটিব।
নহে রথ চালাহ আমি সংগ্রাম করিব ॥
তরনির ক্রোধে সারথি কহে জোড় হাথে।
আমার বিনয় তুমি শু[ন] বিরনাথে ॥
পুত্র দারা ধন জন সব মিছা ধন্ধ।
সকল অসার রাজা মায়ার প্রবন্ধ ॥
জনম হইলে রাজা মরন আগে ধরি।
ত্রিভুবনে পালাইলে এড়াইতে নারি ॥
বিধির নির্ব্বন্ধ তাহা না জায় খণ্ডন।
আছিল রামের হাথে তরনির মরন ॥
সার্থক জিবন তার বৈকণ্ঠ ভুবন ॥

মির্থাকে ভাব রাজা মির্থা ভাব বেথা।
সোক ছাড়ি চল তোমি রাম লক্ষন বেথা ॥

---

272. রামায়ণ—লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA LAṄKĀKĀṆḌA.

অতিকায়ের যুদ্ধ।

ATIKĀYER YUDDHA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 14×4½ inches. Folia, 1-12. Lines 10 on a page. Date, 1103 B. S. (1697 A. D.). Complete. Place of find, Bankura.

Beginning :

রামং লক্ষণ পূর্ব্বজমিত্যাদি।
সুতত্রা বলাই সাথে — বন্দ প্রভু জগন্নাথে
দক্ষিন সমুদ্র কুলে স্থিতি।
অবতার নিলাচলে * — অক্ষয় বটের তলে
বিরাজিত কমলার পতি ॥
এ তিন ভুবন সার — তুলনা নাহিক তার
বৈকণ্ঠে সমান নিলাচল।
সেইখানে দামোদর — অবস্থিতি নিরন্তর
দরসনে জনম সফল।
অমল কমল দল — দুটি আখি ছল ২
পিতবস্ত্র গলে বনার মালা।
বনার মালা পট্ট ডুরি — কিবা সে সোভিত হরি
লর্লাটে মানিক করে আলা ॥
তিনজন চাপি রথে — বিজয় করেন পথে
কিবা প্রভুর বরসন মাধুরি।
পুণ্য রাসি আছে জার — সেইখানে গমন তার
অনিমিসে দেখে নয়ান ভরি ॥

* নীলাচলে।

সেত গঙ্গ ইন্দ্রদ্যুমন সিংহ পিঠে পিণ্ডদান
পিতৃলোকে উদ্ধার লাগিয়া ।
পঙ্কল রোহিনি কুণ্ডে পাপ ক্ষয় জাতে খণ্ডে
কাক গেল চতুর্ভুজ হয়া ॥
সম্মুখেতে হনুমান প্রভুরে করয়ে ধ্যান
নিকটে গরুড় মহাবির ।
দুয়ারে চন্দন কাষ্ঠ ত্রিভুবনের উৎকৃষ্ট
দরশনে পুলক শরির ॥
সেইস্থানে আসি হর অবস্থিতি নিরন্তর
হরির ভজনে দৃঢ়মতি ।
সমিপ বিমল তার চরণে করয়ে সার
দেবদ্বারে লক্ষি সরস্বতি ॥

End :

এত বলি জলে মুণ্ডে দিল বিসর্জ্জন ।
ছুটী হস্ত পাতিয়া তুলেন ত্রিলোচন ॥
সেই মুণ্ড সদাশিব গাথিয়া দিল গলে ।
মহাদেবের কণ্ঠে মুণ্ডে রাম ২ বলে ॥
হেথা হনুমান আইল রাম বিদ্যমান ।
বারানসের জলে মুণ্ডে দিলাম ভগবান ॥
ভগ্ন পাইক গেল লঙ্কার ভিতরে ।
অতিকা পড়িল রনে শুন লঙ্কেশ্বরে ॥
শুনিঞা রাবন রাজা হইল অচেতন ।
হা পুত্র বলিয়া রাবন করিছে রোদন ।
ওরে পুত্র অতিকা করহ সংস্কৃতি ।
পিতা পুত্র একুই স্থানে করিব বসতি ॥

Colophon.

ইতি অতিকার বধ্ সংপুর্ন্না । জথাদৃষ্টমিত্যাদি । ইতি সন ১১০০ সাল তারিখ ৭ পোষ । পঠনার্থে শ্রীবলাই চৌধুরি সাং মল্লুকরি । রোজ বুধবার । বেলা এক প্রহর ।

---

273. রামায়ণ-লঙ্কাকাণ্ড ।

RĀMAYAṆA, LAṄKAKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; 13 × 4½ inches. Folia, 1-54, 57-62, 64, 66-81, 84-150. Lines 10 on a page. Appearance, about 175 years old. Incomplete.

Beginning :

রামং লক্ষ্মণ পুর্ব্বজমিত্যাদি ।

পয়ার ।

মহামুনি বাল্মিকের বন্দিলাম চরণ ।
জাঁহার প্রসাদে পাপি তরিছে সমন ॥
তার কির্ত্তি রামায়ণ হইল প্রচার ।
কির্ত্তিবাস বুঝাইল জগৎ সংসার ॥
আদি কাণ্ডে রামের জন্ম বিভাহ সিতার ।
অজোধ্যায় বনবাস তেজি রাজ্যভার ॥
অরর্ণ্য কাণ্ডেতে সিতা হরিল রাবন ।
কিচকিন্দা কাণ্ডেতে হয় শুগ্রিব মিলন ॥
সুন্দর কাণ্ডেতে হয় সাগর বন্ধন ।
লঙ্কাকাণ্ডে উভয় পক্ষের মহারন ॥
উত্তর কাণ্ডেতে হয় কাণ্ডের বিশেষ ।
সিতা দেবি করিলেন পাতালে প্রবেস ॥
এই সুধাভাণ্ড সাতকাণ্ড রামায়ন ।
কির্ত্তিবাস পণ্ডিত করিল বিরোচন ॥

পয়ার ।

বান্ধা গেল সিন্ধু রামচন্দ্র হইলা পার ।
দিনে ২ রাবনের টুটে অহঙ্কার ॥
ফাফর হইল রাজা গনি মনে ২ ।
ছুই চর শুক সারণে ডাক দিয়া আনে ॥
শুন শুক সারন তোমরা বুদ্ধিমান ।
রামের কটক চক্ষি আইস মোর স্থান ।
পাথরেতে বান্ধা গেল সাগর গভির ।
ত্রিভুবনে হেন কর্ম্ম করে কোন বির ॥

জালমতে জানো বিভিসনের জে মতি।
একে ২ জান সব জোদ্ধা সেনাপতি॥
বলবুদ্ধি জান সব রামের মন্ত্রনা।
প্রথমে জানিহ সব প্রধান জনা ২॥
রামের সহিত থাকে কোন মহাবির।
লঙ্কায় আসিয়া কেবা রনে হবে স্থির॥
রাজার আদেস চর বন্দিলেক মাথে।
রাজা প্রদক্ষিন করি জায় মনোরথে॥
কপিরূপে সাম্বাইল বানর ভিতর।
লেখা জোখা নাই জত দেখিল বানর॥

Page 149 rev.

দাস আছে কেন চিন্তা কর প্রভু মনে।
থাকে জদি নিলপদ্ম আনিব এক্ষেনে॥
সর্গ্গ মর্ত্ত পাতাল ভমিয়া ভূমণ্ডল॥
একদণ্ডে যেনে দিব পদ্ম নিলোৎপল॥
বিভিষণ কন বির হনুমানের কাছে।
অবনিতে দেবিদহে নিল পদ্ম আছে॥
দস বছরের পথ হইব নিশ্চয়।
বির কহে আনি দিব নাহিক সংসয়॥
রামচন্দ্রে প্রনমিয়া বির হনুমান।
দেবি দহ উদ্দেশেতে করিল পয়ান॥
শ্রীরাম দেবিকে স্তব করিল।
হের মা নয়নের কোনে তাপিত তনয়ে তারিনি।
তপন তনয় তাক্ষন আসিত চিন্তানলে দহিছে প্রাণি।
পয়ার।
হনুমানে পাঠাইয়া পদ্ম আনিবারে।
শ্রীরাম করেন স্তব দেবি চণ্ডিকারে।
দুর্গা ২ হরা তারা দুর্গতি নাশিনি।
দুর্গা অসুর নিবিন্ধ গিরি নিবাসিনি॥

---

274. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RAMAYAṆA, LAṄKAKAṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{4}$ inches. Folia, 144, 153-154, 156-158. Lines 8 on a page. Appearance, about 175 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 144 obv.

* * ইন্দ্রজিত জুড়ে কোদণ্ডের চোটে।
চৌখবানে লক্ষনের সানা চৌপর কাটে॥
দুর্জ্জয় সবিরে জোড়ে দুই মহাবল।
বানের অগ্নিতে আকাস করে জলমল॥
অস্ত্র বরিষন করে মন্ত্রের সে তেজে।
দুই বিরে বান এড়ে দুই বিরে বাজে॥
রক্তে রাঙ্গা দুই বির দুই বিরের বানে।
চিত্র বিচিত্র জেন লিখন লেখনে॥
তিন প্রমান উঠি নাপ্তি রক্ত পড়ে সোঁতে।
আপনার রক্তে বির আপনি সে তিতে॥

End:

জনকরূপে আসিব বসিষ্ঠ পোরহিত।
বিশ্বামিত্র রূপ হব কখন পাত্র মিত্র॥
ভরথ রূপে আসিব কখন সত্রুঘন।
মায়া করিঞা রাবন আসি ভুলিব লক্ষন॥
নানা মায়া করিঞা আসিব যদি নিসাচর।
তাহাতে সতর্ক হবে পবন কোঙর॥
চারি প্রহর রাখি শ্রীরামে করিঞা জতন।
প্রভাত হইলে মারিব যদি সে রাবন॥
সভারে রহিলা রাম কমল লোচন।
লঙ্কাকাণ্ড গাইল কিত্তিবাস বিচক্ষন॥

---

275. রামায়ণ-লঙ্কাকাণ্ড ।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

অঙ্গদের রায়বার ।

AṄGADER RĀYBĀR

BY

KAVICANDRA.

Substance, country-made paper ; 13×4½ inches. Folia, 3-11. Lines 9 on a page. Date, 1261 B. S. (1855 A. D.). Incomplete.

Fol. 3 obv.

অঙ্গদ বলেন গোসাঞী এবা কোন কথা ।
নখে ছিড়ে এক্ষা দিব রাবনের মাথা ॥
তোমার ঐ মুখের আদি আজ্ঞা জদি পাই ।
লঙ্কাপুরি মাথায় তুল্যা অজধ্যাকে জাই ॥
শ্রীরাম বলেন বাপু দুরন্ত রাক্ষস ।
হটংকারে তারে তুমি না কর সাহস ॥
করিবেক অনেক মায়া রাক্ষসের সুত ।
সর্ব্বর্ত্তে সাবধান বাছা হবে মোর পুত ॥
অঙ্গদ বলেন গোসাঞি তুমি জার নাথ ।
কোটী ২ রাবন তারে কিসের দিকপাত ॥
যে অভয় চরন পুজে তার ভয় নাই ।
তোমার নাম করি তর্য্যা আসি কত ঠাই ॥
সন্তুষ্ট হইল রাম অঙ্গদের বোলে ।
অবযুক্ত হয়্যা বাছা আসিহ কুসলে ॥

End :

রাম বলেন সুন বাপু বালোর কুমার ।
ভুবনে এসব কির্ত্তি রহিল তোমার ॥
লেখা করি সুনে জেবা অঙ্গদ রায়বার ।
সত্রু ভয় নাই হয় সুন সর্ব্ব নর ॥
রসিক জনার মন শুনিলে আনন্দ ।
রায়বার রচনা করিল কবিচন্দ্র ।

Colophon :

ইতি রায়বার সম্পূর্ণ পঠক শ্রী * *
সন ১২৬১ সাল তাং ২৬ কার্ত্তীক ।

---

276. রামায়ণ-লঙ্কাকাণ্ড ;

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-ma'e paper ; 14½×5 inches. Folia, 35-74, 87-97, 99-101, 103-113, 117-172. Lines 10-12 on a page. Appearance, about 125 years old. Incomplete.

Fol. 35 obv.

রাম লক্ষনের [শির] তোমায় দিব ডালি ।
চিরকাল নিত্য লয়া তুমি কর কেলি ॥
রাবন বলেন বাপ্ জায়ে জিন হনুমান ।
ত্রিভুবনে বির নাহি তাহার সমান ॥
আর সব বান[র] বল সব বানরে পারি ।
সেই বেটা হনু হচ্ছে লঙ্কাপুরির বৌরি ॥
জে আজ্ঞা বলিয়া দুটি হাথ দিল মাথে ।
হনুমানের মাথা আনি জোগাব সাক্ষাতে ॥
নানা অভরন সব সাজে দলবল ।
উরমান ঘাগর ঘন্টী করে ঝলমল ॥
কটিতে কিং কিং বাজে পিঙ্গল পাটের দড়া ।
গুলারি করিয়া বান্ধে মানিক ছড়া ॥
দুই পায়ে পরে সোনার নুপুর ।
নানা আভরন পরে হার * * ॥
সারথি জানেন ভাল সংগ্রাম গমন ।
আনিল সারথি রথ করিল সাজন ॥
রাজার পায়ের ধুলা বন্দিলেন মাথে ।
কুম্ভ নিকুম্ভ চাপিলেন দুই রথে ॥

দুই বির রনে জখন করিল সারনি।
মাথার উপরে উড়ে শকুনি গিধিনি॥
চারি দিগে ডাকে বুলে কাল বর্ত্তের পেঁচা।
বিনা মেঘে দেব গর্জ্জে রকত সেচা ২॥
সারথির হাথে হতে খসিল পাঁচনি।
উলায় কেস করা ভিক্ষা মাগিছে জোগিনি॥

Fol. 135 rev.

আমি রহিলাঙ সুখ ভোগে ভাই গেলেন বন।
তেকি আমাকে ইঙ্গিত করিয়া হাসিলা লক্ষন॥
গুহক ভাবেন মোর পাপের নাহি লেখা।
চণ্ডাল জাতি আমি রাম আমার সখা॥
সালুক পানি ফল নেন জোড় করি পানি।
এই লাগি হাস্তাছেন লক্ষন গুনমনি॥
মোনে ২ ভাবেন ধার্ম্মিক বিভিসন।
ভাইকে বধিয়া আমি নিলাঙ সিংহাসন॥
সিতার উদ্ধার করি রাজা হৈলাঙ সে।
এই ইঙ্গিত করি বুঝি বির লক্ষন হাসে॥
সুগ্রিব বলেন আমি হৈ পশু জাতি।
আমা সঙ্গে মিতা করিলা অখিলের পতি॥
রামের নিকটে হয় আমার আধীন।
ইহার লাগিয়া বুঝি হাস্তাছেন লক্ষন।
জাম্বুবান ভাবেন আমি জাতিতে ভলুক।
মন্ত্রি করি রাম মোরে বসান সমুখ॥
সকল কথা রঘুনাথ আমাকে জিজ্ঞাসি।
ইহার কারন হৈআছে লক্ষনের হাসি॥
তার পর অঙ্গদ ভাবেন মনে মন।
বুঝি আমার তরে হাসিয়াছে লক্ষন॥
বিনি অপরাধে রাম মোর পিতা মারি।
হাসিলা লক্ষন আমি রামের সেবা করি॥
হনুমান বির তখন ভাবেন মনে মন।
প্রায় বুঝি আমার তরে হাসিলা লক্ষন॥
আমা বই রঘুনাথের মোনে নাই আন।
কোন কার্য্য হৈলে বলেন আয় হনুমান॥
মনে ২ ভাবেন কৌসল্যা ঠাকুরানি।
আমার লাগিয়া হাসিল বাছা * * ॥

---

277. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{2}\times5$ inches. Folia, 1-47. Lines 10-11 on a page. Appearance, about 175 years old. Incomplete.

Beginning:

পাঁচকাণ্ড গোথা গাইল নানা রাগ ভাসে।
লঙ্কাকাণ্ড গাইব বন্দিয়া কৃত্তিবাসে॥
সুস্বরে গাইব ভাই সুইন্দের নাট।
সুখ মোক্ষ গায়কের জিবনের বাট॥
সুন্দর কাণ্ডে সুন্দর গীত সুন্দর কাহিনি।
লঙ্কাকাণ্ডে বিরে ২ হানাহানি॥
বন্দ গেল সাগর শ্রীরাম হৈলা পার।
চিত্তে শুনে রাবন রাজা টুটে অহঙ্কার॥
কাতর হইআ রাজা মনে ২ গুনে।
শুখ সারন দুই চর ডাক দিআ আনে॥
আইল বলি শুখ সার[ন] মন্ত্রি প্রধান।
রামের কটক চড়্যা আইল মোর স্থান॥
গাছ পাথরে বান্ধা গেল সাগর গভির।
ত্রিভুবনে হেন কর্ম্ম করে কোন বির॥
রাম লক্ষন সুগ্রীব বিভিসনের প্রকৃতি।
ভাল মতে জানিহ তার সব্ব সেনাপতি॥

End:

রাজ সভা ভাঙ্গিল মোর শুন্ন হৈল বুক।
বন্ধুবান্ধব কান্দে সব বৈরি কৌতুক।
কোথা গেল ভাই মোর দেব ত পৃথিবি।
দুই ভাই এক ঠাঁঞি কহিব পিরিতি॥
ধার্ম্মিক বিভীষন মোরে দিল দাগ।
তথির কারনে পাঙ এত বড় তাপ॥
বিভীষন ছিল মোর সুখের সারথি।
রাজলক্ষি ছাড়ে মোর তারে মারিয়া লাথি॥

কোড়ি আখি বাহিয়া পড়ে কোড়ি লোহের ধারা।
রাজার ক্রন্দনে কান্দে কুমার তুনিয়া ॥

---

278. রামায়ণ-লঙ্কাকাণ্ড।

RĀMĀYAṆA, LAṄKĀKĀṆḌA

কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ।

KUMBHAKARNER NIDRĀBHAṄGA

Substance, country-made paper; 12 × 4¼ inches. Folia, 1-5. Lines 9-10 on a page. Date, 1249 B. S. (1843 A. D.). Complete. Place of find, Bankura.

Beginning:

অথ কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ লিক্ষতে।
নিদ্রা হৈতে উঠিঞা বসিল কুম্ভকর্ণ।
গোত্তানিতম কেহ জোগাইছে পুন ॥
কুম্ভ ২ কস্তুরি সদা যোগে শর্করা খাদ্য।
কত শত সেনাপতি চামর ঢুলায় ॥
দুত মুখে এ কথা শুনিঞা নরপতি।
ভাইকে কহিতে গেলা আপন দুর্গতি ॥
রাজাকে দেখিঞা কুম্ভকর্ণ মোহাবির।
সম্ভ্রমে উঠিঞা তার পদে দিলা সির ॥
একাসনে দুইজনে বসিলা লঙ্কাতে।
দুই পর্বত যেন হিমালয়া মাঝে ॥

End:

যেন সিন্ধু বান্ধিল যে বানরগন লঞা।
পুত্রি[ব]কে করিল মিতা বালিকে বধিঞা ॥
যেন বিরের কুমি হঠিঞা এনেছ নারি।
একারনে গেলরে কনক লঙ্কাপুরি ॥
সকল বির গেল আর আমি গেলে হয়।
সীতা পুত্রের মুণ্ড লঞা করহ বিজয় ॥

অহংকারের বাট বঝ না চিনি আপনা।
ইহার লাগি তোমার ভাই গেল বিরগনা ॥

Colophon.

ইতি সন ১২৪৯ সাল তাং ২৪ শ্রাবন। ভিমজাপি রণে ভঙ্গ ইত্যাদি।

---

279. রামায়ণ—হনুমানের রায়বার।

RĀMĀYAṆA,

HANUMĀNER RĀYBAR

Substance, country-made paper; 9¾ × 3¼". Folia, 1, 6. Lines 7 on a page. Date 1198 B.S. (1792 A.D.). Incomplete. Place of find, Bankura.

Beginning:

বন্দো প্রভু জগন্নাথে, সুভদ্রা বলাই সাথে
দক্ষিন সমুদ্র কূলে স্থিতি।
অবতার নিলাচলে অক্ষয় বটের মূলে
বিরাজিত কমলার পতি ॥
ই তিন ভুবনে যার তুলনা নাহিক আর
বৈকুণ্ঠ সমান নিলাচল।
সেই স্থানে দামুদর অবস্থিতি নিরন্তর
দরসনে জনম সফল ॥
নিল চক্রে যে দেয় ধ্বজা সেই প্রিথিবির রাজা
বিধি তারে করে জোড় হাথ।
সে জনার নাই অর্থ ধন্ত তার কর্ম্মাকর্ম
যে জন দেখএ জগন্নাথ ॥

End:

নলকে আজ্ঞা মহারাজা দেহ অনুমতি।
সাগর বান্ধিতে সবে যাই শিঘ্রগতি ॥
এত শুনি রঘুনাথের আনন্দিত মন।
হনুমানে উঠি রাম দিল আলিঙ্গন ॥

সাগর বান্ধিতে * * রায়।
এতদুরে হনুমানের রায়বার হৈল সায় ॥

Colophon :

ইতি হনুমানের রায়বার সমাপ্ত। লিখিতং শ্রীজগন্নাথ বিশ্বাস। সাং পাত্র সায়র। ইতি সন ১১৯৮ সাল তাং ১৭ মাঘ রোজ রবিবার তিথি পুনিমা।

---

280. রামায়ণ—উত্তরাকাণ্ড।

RAMAYAṆA, UTTARAKAṆḌA

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper ; 16″ × 4″ Folia 44-50. Lines 8 on a page, leaving a blank space of about an inch square in the middle of each page. Appearance, about 275 years old ; Incomplete.

Fol. 44 rev.,

মুনি রাজাতে দেখা হৈল দুইজন।
দুইজনের বান বরিষন সহে দুইজন ॥
নানা বান এড়ে মুনী মন্ত্র স্মরনে।
বানে ফুটিঞা রাজা মোহ গেলা রনে ॥
ভূমিতে পড়িঞা রাজা হৈঞা অচেতন।
রাজাকে এড়িঞা পালায় সকল সৈন্যগণ ॥
কথোক্ষনে রাজা পাইলেন সম্বিত।
সারথি রথ যোগায় ত্বরিত ॥
লাফ দিঞা অর্জ্জুন রাজা রথে গিঞা চড়ে।
সহস্র হাথে সহস্র বান ধনুকে যোড়ে ॥
একবারে এড়ে রাজা পাঁচ সত বান।
মুনীর গায়ের সাজ্জা টোপর করে খান খান ॥
খান খান করিঞা পেলে সাজ্জা টোপর।
সর্ব্বাঙ্গে ফুটিলা মুনি হৈলা জর্জর ॥
সর্ব্বাঙ্গে ফুটিঞা মুনি হারাইল সম্বিত।
মুনী এড়িঞা কেত্রীগন পালায় চারি ভিত ॥

পালায় ক্ষেত্রীগন সান্ধাইল তপোবনে।
দেখা সম্বরিঞা মুনী পাইল চেত[ে]ন ॥
আপনা সম্বরিঞা মুনি রথে উপর চড়ে।
অর্জ্জুন রাজার উপর মুনী নানা অস্ত্র এড়ে ॥
ব্রহ্ম অস্ত্র এড়ে মহা গুনী।
রাজার কটক পোড়াইঞা করে ভষ্মরাশী ॥
বরুণ বান রাজা করিল অবতার।
নিভাইল আগ্নবান হৈল জলাকার ॥
নিজ মায়া ধরে রাজা সহস্র অর্জ্জুন।
সেই মায়াতে রাজা হৈলা অদর্শন ॥
সহস্র বাহুতে বান বর্ষে ধনুকে দিঞা চড়া।
সহস্র কাটিঞা পেলে রথের অষ্ট ঘোড়া ॥
ব্রহ্ম অস্ত্র এড়ে রাজা সহস্র অর্জ্জুন।
সর্ব্বাঙ্গে ফুটিঞা মুনী হৈলা অচেতন ॥
সহস্র হাথে মুনিকে মারিল গদার বাড়ী।
পড়িলা যমদগ্নি মুনি যায় গড়াগড়ি ॥

End

শুনিঞা পুত্রের বোল রেনুকা ব্রাহ্মনী।
ধন্য ধন্য করিঞা তুষ্ট রামকে বাখানী ॥
চিতার উপর বসিঞা পুত্রে দিল আশির্ব্বাদ।
প্রতিজ্ঞা সত্য রহিল বাপু তোমার প্রসাদ ॥
মনের সুখে সুখে রেনুকা পুত্রে দিলা বর।
সূর্য্য সমান তেজ হৈহে তোমার কলেবর ॥
সতি পতিব্রতা স্ত্রী সত্যে করে ভর।
স্বর্গে রায়া করে আউঠ * কোটি বৎসর ॥
স্বামী সনে অনুমরনে মরে যেবা স্ত্রী।
দেবের রথে চড়িঞা জাএ স্বর্গপুরী ॥
তাহার উপর যমার নাহি অধিকার।
স্বর্গলোক যাইতে পড়ে জয় জয়কার ॥
তোমার দিক্ষা থাকিবেক মা মর্ত্তভুবনে।
সতী স্ত্রীর গতি নাহি স্বামী বিহনে ॥
স্ত্রী হঞা স্বামির সেবা কে আন নাহি জানে।
জন্ম পুণ্য ধর্ম্মপাত্র লোকে তাকে বাক্ষানে ॥

---

* সাড়ে তিন।

স্বামি সনে মরে কে মি আপন সাহসে।
দুই কুল উদ্ধারে সে চৌদ্দ পুরুষে॥

---

281. রামায়ণ—উত্তরাকাণ্ড

RAMĀYAṆA, UTTARĀKAṆḌA

অশ্বমেধ যজ্ঞ পালা।

ASVAMEDHA YAJNA PĀLĀ

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-35. Lines 9 on a page. Appearance, about 250 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 7 obv.

ব্রহ্ম অস্ত্র ছাড়িয়া প্রভু বধিলেন লঙ্কেশ্বর।
ই তিন ভুবনের প্রভু গুচাইলে ডর॥
চারি যুগে কৈলে প্রভু সাগরের কির্ত্তি।
হেন জন বিসাদ করে নহেক উচিত॥
পরম হরিসে আজ্ঞা কর তেজ সব চিন্তা।
সেই দুই ছাবালে বান্ধি আনি দিব এথা॥
করে মোরে বর দিল দেবি উগ্রচণ্ডা।
বজ্র চাপড়ের ঘাএ তার মস্তক করিব গুণ্ডা॥
ব্রহ্ম অস্ত্র পাইলাঙ আমি ব্রহ্মার সে বরে।
ছাবাল সকতি আর কি করিতে পারে॥
ত্রিভুবন আইসে জদি আনিব এথারে।
কুবের বরুন যদি সহায় হয় তারে॥
রাম বলেন কুমার ধরিয়া আন মোর বিগ্নমানে।
মন্দ না বলিহ কিছু মুনির নন্দনে॥
হনুমান বলে ইন্দ্রজিত জিনিল ত্রিভুবনে।
হেন ইন্দ্রজিত পড়িল লক্ষনের বানে॥
হেন লক্ষন বন্দি করিল মুনির কোঁঙর।
ত্রৈলোক্য ভিতর বির নাহি তাহার সোসর॥
সংগ্রামের মুর্ত্তি ধরিল পবন নন্দন।
উচে প্রমান হৈল বির সতেক জোজন॥
সুসেন সম্পাতি নড়িল বানর কিসরি।
সত বলি বানর সঙ্গে প্রমাতি-মহাবলি॥
বড় ২ বির পড়িলা পর্ব্বত প্রমান।
ছত্রর কটক লয়্যা নড়িলা হনুমান॥
উপাড়িয়া নিলগিরি পর্ব্বত সিখর।
হাতে পর্ব্বতে গেলা জোধা দুই সহোদর॥

End:

সিতা বলেন হনুমান কর স্নান দান।
মোর প্রিহে তুমি আজি কর ভোজন পান॥
লব কুস সঙ্কেতে চলিলা হনুমান।
ভাগিরথির তিরে গেলা করিতে স্নান দান॥
তিনজন স্নানে নাম্বিলা ভাগিরথি জলে।
কথোক্ষন থাকিতে পার ডুব দেখি জলে॥
লব কুসের মন বুঝিবারে হনুমান।
জলেতে ডুবিয়া হনু ধরিল ধেয়ান॥
ধ্যানেতে বসিয়া হনু জোগে দিল মন।
জোগাসনে বসি ভজে শ্রীরামচরন॥
কুস বলে লব ভাই শুনহ বচন।
জলেতে ডুবিল বানর * * *।

---

282. রামায়ণ—উত্তরাকাণ্ড।

RAMAYAṆA, UTTARAKĀṆDA.

পাতালে রাবণের যুদ্ধ

PĀTĀLE RĀVAṆER YUDDHA.

BY

KṚTTIVĀSA.

Substance, country-made paper; $9\frac{1}{2} \times 3\frac{1}{2}$ inches. Folia, 1-9. Lines 7 on a page. Date, 1262 B. S. (1856 A. D.) Complete. Place of find, Bankura.

Beginning :

৺৭ শ্রীশ্রীকৃষ্ণ ॥

অথো বলিরাজার সঙ্গে পাতালে রাবণের যুদ্ধ লিখ্যতে।
অর্ম্মপুরি জিনিবারে চলিল রাবণ ॥
অর্ম্মপুরি নাম তার পাত্যালে বৈসে।
সৈন্য সঙ্গে দশানন তাথাকারে আইসে ॥
দেবের নির্মান পুরি রতনে ভূসিত।
দেখিয়া রাবন রাজা হইলা বিস্মীত।
আগুন চাতর দেখে রত্ন ঘর দ্বার।
ঝল মল করে জেন রত্ন অবতার ॥
সুবর্ণের গাছ সব সুবর্ণের পাতা।
জিনিএগ অমরাবতি অর্গের কি কথা ॥
সেনাপতি পোহছে পাচির জানিবারে।
বিহঙ্গে ২ বির সাক্ষার ভিতরে ॥
দুওারে প্রহরি নাই লোসর একজোন।
দেখিল পুরুস এক রবির কিরণ ॥
রত্নময় আস পড়িআছে চারিভিতে।
প্রবাল মুকুতা খাঁয়া অপুর্ব্ব দেখিতে ॥
পবন বাহিতে বাজে চৌদিগে কিংকিনি।
আসিয়া প্রহস্ত বলে রাবনেরে বানি ॥
জে দেখিলাম কর্ম্ম ওহে শুন লংকেশ্বর।
এমত সর্ম্পত্তি নাহি ত্রিথিবি ভিতর ॥
বক্ষে ২ আমি গেলাম দুওারে।
দুওারে দেখিলাম মাত্র একটী পুরুস বরে ॥

Fol. 8 obv.

হেনকালে ব্রহ্মা আসি বলিল বলিরে।
আমার সর্ম্মান রাখ ছাড় লংকেশ্বরে ॥
বলিরাজা বলে প্রভু জে আজ্ঞা তোমার।
ছাড়িব রাবনে তুমি কর আপনার ॥
এত বলি গেলা ব্রহ্মা আপন সদনে।
বলিরাজা গেল জথা কান্দিছে রাবনে ॥
দেখিয়া বলিরে রাবন কহিছে কাতরে।
কৃতাঞ্জলি পুটে বলে মুক্ত কর মোরে ॥
মোর প্রাণদান দেহ বলি নৃপবর।
ত্রিথিবিতে নাহি কেহো তোমার দোসর ॥
কাতরাথে বলিরে কহিছে দশানন।
খাচা হইতে রাবনেরে করিল মোচন ॥
জোড় হাথে দশানন করে নিবেদন।
তোমার সমান বির নাহি ত্রিভুবনে ॥

Colophon :

ইতি পাতালে বলির জুর্দ্ধ সোমাপ্ত ॥ লিখিতং শ্রী * * মোহন বিস্বাস সাং পাত্রসাএর সন ১২৬২ সাল তারিখ * * ১৯ * * ॥

---

283. রামায়ণ।

RĀMĀYAṆA,

BY

FAKIRRĀMA.

Substance, country-made paper; $13 \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-10. Lines 9-12 on a page. Date, 1008 B. S. (1602 A. D.) Complete. Place of find, Bankura.

Beginning :

নম বন্দ হনুমন্ত বলবন্ত শান্তি।
শতাসক্ত গতিলক্ষ বিগরিত বিরলক্ষ অরিকাঞ্চ
হনি কল্প রণকল্প তেজি ॥

জবধির সিন্ধুকাল শমকণ্ঠ অতি বাণ শরতাপ
স্থবিশাল ত্রিভুবন ভেদি।
লোকত্ত শরতাপ শরচণ্ড শরতাপ আসমান ক্ষেদি ॥
জবরাম রঘুবির রণচণ্ড রনধির রণকন্দ হলসির
সিতা হরিঞ।
তব রির হনুমন্ত হলহার বলবন্ত ভোজন
সপ্ততপন্ত সিন্ধু তরিঞ ॥
উলটাই তত্র।গে বধ কিন্ত বিরভাগ নিকপুঞ্জ
ধরি আগ লঙ্কা জালাঞা।
বৈদেহি লাহমিক অঙ্গোরি মানিক লক প্রভূজিক
নজর লক আঞা ॥
দেঅকে সিতা তর্ক বাহুগাছ পরবর্ত বাঙ্কি
ভোজন গর্ত ভলধিম লজ্জে।
কপিঠাট চিত সাথ অঙ্গুরার সাংগ্রমাত
লজ্জেমে তৈলাত রঘুনাথ সঙ্গে।
লছমন্ত জেত গেল শিরাসক্তিসেল হনুমান তব
গেল গন্ধর্ব্ব সিমা।
পথমাজে আনিত সরমিত পরনাম পথতির
গলভিত রবি কালনিমা ॥

End :

বলে হাত লাগাঅকে সেথো।
তুছ হনুমন্ত কিরেথ।
হঁঞরাম কোন হোঞ।
নাহি জান সম্পর্ক লোহে ॥
ভক্তি সিতা কহকে চোরি।
তোম লেআ লঙ্কাপুরি ॥
রাম দেখেত বা কোতক।
ক্যাকর রাখো লঙ্কা ॥

Colophon :

লিখিতং শ্রীহরি দেবশর্ম্মা পাঠক শ্রীদত্ত দাস বন্দ্যোপাধ্যা। কথাদুই দ্বিত্রাদি। সন ১০০৮ সাল তারিক ১০ মাঘ।

---

284. রামায়ণ, শিবরামের যুদ্ধ।

RĀMĀYAṆA,

ŚIVARĀMER YUDDHA.

BY

LAKṢMAṆA.

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia, 1-10, Lines 9 on a page, Date, 1105 B. S. (1699 A. D.). Complete. Place of find, East Bengal.

Fol. 1, rev.

শিবরামের যুদ্ধ লিক্ষতে।
ভরদ্বাজে কহিল বাল্মিক মহামুনি।
অবধান কর বাপু অদ্ভুত কাহিনি ॥
সিতার সোকেতে রামচন্দ্র পড়্যা দুক্ষে।
অশ্রু বহে লক্ষনের বাক্য নাঞি মুক্ষে ॥
ধারা বয়্যা পড়ে জল যুগল লোচনে।
বিদরিঞা জায় হিয়া চাইতে রামের পানে ॥
মহাঘোর বিপদে সহায় মাত্র নাঞি।
রাজার কুমার বলে পড়্যা দুই ভাই ॥
পালিতে বাপের সত্য কানন নিবাসি।
দারুন বিধির চক্রে হারালাঙ রূপসি ॥
জগত ইশ্বর হয়্যা লভিঞা জনম।
নারদ মুনির সঁগে আপনাকে ভ্রম ॥
আরন্য অখিল পতি অস্ত্র নিবারন।
বিনয়ে করেন বোধ শুমিত্রা কুমার ॥
ধরা তেজি উঠ প্রভু রাজীবনয়নে।
নাঞি কেহো অন্যায় সঙ্কট মোর বনে।
আপন বুদ্ধি বোধমান মোর মন রাখ।
কে নিলেক কোথা সিতা তর্ক করা দেখ ॥
এত বল্যা ধর্য়া তুল্যা মুখে দিল জল।
চাঁদমুখে মুছে দিল বাকল আচল ॥
প্রবোধ মানিল প্রভু লক্ষনের ভাবে।
পা তুলিয়া গড়িবান ধরিলেন তবে।

অগ্রেতে রঘুবর পশ্চাতে লক্ষন।
চলিলেন চারিদিগ করি বিলোচন॥
কথোক্ষনে উত্তরিলা গঙ্গা নদির কুলে।
বসিলেন দুই ভাই অস্তত্ত বিক্ষতলে॥
সম্মুখে কামুখ রাখি বুকে দিয়া ঠেস।
শোকে দগ্ধ দয়া নিধি মোহেতে আবেস॥
তাহাতে দারুন ক্ষুধা লাগাছে পিপাসা।
কদাচিত দুই এক কহে মিস ভাসা॥
বুঝিঞা রামের ভাব বলেন লক্ষন।
বন ফল আনিব কিছু করিবে ভক্ষন॥

End :

দুরে হৈতে দিষ্টি হয় শ্রীরাম লক্ষনে।
লুকায় বৃক্ষের আটে ভয় পায়্যা মনে॥
পঞ্চ বানর সঙ্গেতে দেখা হাত উঠা।
কে দুজন আইল গিরে দিষ্টি কর্য়া॥
দুই সত কি আত্মজা বধ হনুমান।
একটি গৌর একটি দুর্ব্বাদল শ্যাম॥
জটাভার মাথায় গাছের বাকল পর্য়া।
দুজনায় ধনুক দুটী দুই কান্দে ধর্য়া॥
শিবুত লক্ষনে গান অপুর্ব্ব কথন।
শুনিলে অধম [যত্ত] পাপ বিমচন॥
হরি ২ বলিয়া সভাই ভান ধর।
শ্রীশ্রীরাম বান্দিবন গাহিবেক ইহার উত্তর।

Colophon :

ইতি সিবরামের যুদ্ধ সমাপ্ত। লিখিতং শ্রীকমলা কান্ত নাপিত পাঠক শ্রী * * * * * ২৪ কার্ত্তিক সন ১১০৫ সাইরক রোজ লক্ষীবার।

---

285. রামায়ণ।

RĀMĀYAṆA

BY

RĀMANĀRĀYAṆA.

Substance, country-made paper ; 9¼" × 4¼". Folia 13 (by counting). Lines 9-10 on a page. Appearance, about 125 years old. Incomplete.

Fol. 2 obv.

মৃগচাম পাড়ি রাম কুড়্যার দুয়ারে।
কুতুহলে গাথা খেলে লইঞা সিতারে॥
বসি অন্তরালে ধনুশরে ঠাকুর লক্ষন।
মনে খুসি কৃষ্ণ দেখি খেলার গর্জ্জন॥
হেন বেলে বনে বুলে স্বর্ননখা নারি।
দেখি রামে কাম বানে দগ্ধ নিসাচরি॥
দুরে থাকি রামে দেখি ভাবে মনে ২।
বলে হেনরূপ কেন তপ বসি কেন বনে॥
আমী নিসাচরি কত মায়া ধরি ফিরি তিন পুরি।
কোথায় নাহিক দেখে দেখি হেন রূপের মাধুরি॥
দেখিতে কামেতে হত হইলা মহিত।
মাগি মনকরি বেশ ধরি আইলা ত্বরিত॥
মায়াসিনি রাক্ষী বেনি মানবির মালে।
হেন বেশ ধরে বনী করে মুকুতার মালে॥
পরে কপালে সিন্দুর বিন্দু শোভে তার তলে।
হেন মেঘের তলে রবি জলে ইন্দু কথা কোলে॥
মাথী কর্জ্জন উর্দ্ধগ করি পরে নয়নেতে।
সে কুল হক্য দেখে আক্য করে হুর্জা দুতে॥
তার বস্ত্র আদি ইন্দুমুখি সুন্দর অধর।
কমডের কুম্ভ কোক জিনি পয়োধর।
নানা বেশ করি বেস সাজিলা রূপসী।
হেন স্বর্গ হৈতে অবনিতে আইলা উর্ব্বসী॥
শুনাবাসী জিনি হাসী আসী দিল দেখা।
বধুবিরে দুই করে চক্ষু করি বাকা॥

স্তুনতি যুবতি অতি দেখি রূপবতি।
নানা মত চিন্তাযুক্ত হৈলা সিতা সতি॥
হেনকালে রাম বলে বচন মধুর।
নিবেদন শিতা মন শুনহ ঠাকুর॥

End :

রাত্তর কে পুত মজুত শুজুবর্ণে চড়কে
আশু রবি মানকে পর।
করমে চাপ প্রতাপর্ণে হাকরা কশকে
ঝাঁক সমর প্রখর॥
দানবকা ডাক কড়াকে কড়াক বরছিকে
ভেলে উঠাএ ঘড়ে।
তলত্তা বনে কর রাচ্ছসকে চর বানরকে
পর সবজার পড়ে॥
রাকশ কেতাক গুমায়কে ঝাঁক বাঘর
কোহাক প্রতাপ কিয়া।
দেখকে ঘুম উখাড়কে ঢুমঢুম শেঁদুম
উঠার দিনয়া॥
রাকশে কে দল প্রবল উর্দ্ধল আনন জেত্ত
আগং দিয়া।
গন্ধর্ব কুমার রাকশকো মার কুমার ২
সেরাস্তা দিয়া॥
কের ঘুমসে ঘোড় ছাটি চপেট শমেটকে
জবরাকশ দলে।
রাশমানকে পর অমর কে

---

286. রামায়ণ।

RÁMÁYAṆA

BY

HARICARAṆA.

Substance, country-made paper; 13¼" × 4½". Folia, 1, 4, 5, 7, 8, 9. Lines 11 on a page. Appearance, about 175 years old. Incomplete. There is a *bhaṇitā* of Madhukaṇṭha, vide fol. 1.

Beginning ;

বন্দিব অঞ্জনা তন, অসীম তাহার গুণ।
বির অনন্ত বিক্রম নাম হয়॥
যরা ভ্রমে সিশুকালে দিনাকর ধরিল বলে
জেন গরাসিল অর্দ্ধ তনু॥
জয় ২ বন বির বির মহাবল।
